বর্দ্ধমান চক[illegible] [illegible]পুর মহিষাদল প্রভৃতি রাজন্যবর্গের পৃষ্ঠপোষিত ও
অনুমোদিত বঙ্গের একমাত্র দৃক্‌গণিতৈক্য এবং বিবিধ বীজ বিশোধিত
সন ১৩৩৬ সালের

বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা।



সূর্য্যসিদ্ধান্ত-সম্মত—
৺মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহোদয়ের সারণানুসারে বিশেষজ্ঞ পণ্ডিতগণের দ্বারা গণিত।
পণ্ডিত প্রবর শ্রীযুক্ত দিগিন্দ্রনাথ কাব্য-ব্যাকরণ-জ্যোতির্‌তীর্থ ও
পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত প্রফুল্লনাথ জ্যোতিরত্ন কর্ত্তৃক গণনা পরিশোধিত।
পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ বিদ্যারত্ন ও শ্রীযুক্ত অনাথনাথ স্মৃতিভূষণ কর্ত্তৃক ব্যবস্থাপিত।
পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত কৃষ্ণকুমার বিদ্যাসাগর ও
পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত রামরত্ন বেদান্তরত্ন কর্ত্তৃক ব্যবস্থা সংশোধিত।
গোপীবল্লভপুর মঠস্থ পণ্ডিতাগ্রগণ্য শ্রীশ্রীগোপীবল্লভানন্দ দেবগোস্বামী ও
নস্করপুর নিবাসী পণ্ডিত শ্রীযুক্ত তারাপ্রসাদ ন্যায়রত্ন কর্ত্তৃক বৈষ্ণবব্যবস্থা সংশোধিত
স্মার্ত্তশিরোমণি মহোপাধ্যায় পণ্ডিতাগ্রগণ্য শ্রীযুক্ত দক্ষিণাচরণ স্মৃতিতীর্থ ও
মহামহোপাধ্যায় স্মার্ত্তশিরোমণি পণ্ডিতবর্য্য
শ্রীযুক্ত কৃষ্ণচরণ তর্কালঙ্কার কর্ত্তৃক সংশোধিত ও ব্যবস্থাদি পরিশোধিত।

সম্পাদক—শ্রীযুক্ত শরৎকুমার মিত্র, বি-এল।
সহকারী সম্পাদক—শ্রীযুক্ত চন্দ্রশেখর সিদ্ধান্তবিনোদ।
তত্ত্বাবধায়ক—শ্রীযুক্ত হরিদাস বসু এম্-এস-সি।
প্রকাশক—শ্রীযুক্ত জ্যোতিষচন্দ্র গঙ্গোপাধ্যায়।

राजर्षिकल्पद्विजोत्तमचञ्चलाधिपतये ।

शरच्चन्द्रोभूपो जनहितरतो धार्मिकः सत्यसन्धो
विनिद्रः कर्त्तव्ये वितरति मुदा मुक्तहस्तो वरेण्यो ।
विधत्ते यो म्लानिं विमलयशसा शारदीं चन्द्रलेखां
तमव्याद्दीनेशः प्रसरतु सदा तस्यकीर्त्ति र्विशाला ॥

श्रीमन्महाराजकाशिमबाजाराधिपतये ।

ज्ञानार्च्चि र्विमलं न मोहतमसा यस्यानुविद्धं क्षणं
धीरस्य व्यसने तथा मदकणाघ्रातात्मनः सम्पदि ।
मैत्री प्रीतिमतश्च धर्म्ममनसः साधोस्कृपालोः स्तुता-
विन्दो नन्दिवंशतिलको जीव्यात स दोषग्रामणिः ॥

श्रीमन्महाराजाधिराजवर्द्धमानाधिपतये ।

आर्त्तत्राणविधावकातरतया यत्कीर्त्तिरुद्गीयते ।
भूपानां शिशुनापि तुङ्गयशसां येनान्वयोमण्डितः ॥
जागर्त्ति प्रकृतौ श्रुतौ च सततं योवर्द्धमानेश्वरः ।
आयुस्तस्य विवर्द्धतां सुखधनं सर्व्वस्य शर्म्मास्पदम् ॥

পুরাতন পঞ্জিকার নিয়মাবলী ।

সন ১২৯৭ সন হইতে ১৩৩৫ সন পর্য্যন্ত সংক্ষিপ্ত পঞ্জিকা বাহির হইবে। ইহাতে গ্রহস্ফুট তিথ্যাদি প্রভৃতি সকল বিষয়ই এবং কোষ্ঠী প্রস্তুত করিবার উপযোগী সকল উপকরণই থাকিবে। ৫০০ পাঁচশত নির্দ্দিষ্ট গ্রাহক তালিকাভুক্ত হইলেই মুদ্রণ কর্ম্ম আরম্ভ করা হইবে। নিম্নলিখিত নিয়মানুসারে যাহারা গ্রাহক শ্রেণীভুক্ত হইবেন বর্ত্তমানে কেবল মাত্র তাহারাই সংক্ষিপ্ত পুরাতন পঞ্জিকা পাইবেন।

১। তালিকা ভুক্ত গ্রাহক ভিন্ন সংক্ষিপ্ত পুরাতন পঞ্জিকা কাহাকেও দেওয়া যাইবে না।

২। গ্রাহক সংখ্যা পূর্ণ হইলেই গ্রাহকগণকে পঞ্জিকা প্রতি ॥০ আট আনা অগ্রিম জমা রাখিতে হইবে। পঞ্জিকা সম্পূর্ণ হইলে তাহা ফেরৎ দেওয়া হইবে।

৩। প্রত্যেক গ্রাহককে প্রথম হইতে সম্পূর্ণ লইতে হইবে। কেবল মাত্র কোন নির্দ্দিষ্ট বৎসরের পঞ্জিকা কাহাকেও দেওয়া হইবে না।

৪। পুরাতন পঞ্জিকার মূল্য মায় ডাক খরচ প্রতি বর্ষ ॥০ আট আনা।

৫। মূল্য অগ্রিম দেয় অথবা ভিঃ পিঃতে পাঠান হইবে।

গ্রাহক হইবার জন্য পঞ্জিকার সম্পাদক মহাশয়ের নিকট স্পষ্টাক্ষরে নাম, ঠিকানা (পোষ্ট অফিস) সহ আবেদন করুন।

নমো গণেশায়।

বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা।

১৩৩৬

নমো গণেশায়।

তুচ্ছাশাতমসা হতেন্দ্রিয়গণাভীতাংশ্চ ধর্ম্মক্রিয়া,
হন্তৄন্ ভিন্নমতীন্ বিধুয় তরসা পঞ্জী সমুদ্ভাসতাম্।
সত্যৈকাশ্রয়সর্ব্বগর্ব্ববিজয়িন্যদ্ধা বিশুদ্ধাঙ্কিভিঃ,
জীব্যাসুঃ পরিপোষকাঃ সহ গণৈস্তস্যাশ্চিরং সজ্জনাঃ ॥ ১
ধর্ম্মাধর্ম্মপদং খপুষ্পপদবৎ স্বার্থেন হীনং কিমু?
নোচেদ্ধর্ম্মকৃতে প্রতার্য্য সরলান্ কেঽধর্ম্মসিদ্ধাশ্রয়াঃ।
হত্বা বিশ্বমহো যদা নরহরৌ যাস্যন্তি নির্দ্দোষতাং,
কামং নাস্তিকচক্রবক্রমতয়ো নৃত্যন্ত্বলং সাধবঃ ॥ ২
শ্বস্তস্যাত্ত মম ব্রতস্থিতি বরং চিত্রং সহন্তে কথং,
সর্ব্বত্রৈককৃতয়া চকাস্তি গণনা বঙ্গে হন্ত! সা দ্বিধা।
একত্বং সুবিধায় তত্র সুমতং দত্ত্বা পরং ত্রায়তাং,
অদ্যৈকাদশি মাতুরন্নমশনং শশ্বদ্ধরে বার্য্যতাম্ ॥ ৩
প্রত্যক্ষ্যা-গণনাদৃতা-স্মৃতিবিধে রন্যত্র-যে-বাদিনেহে
প্রত্যক্ষং গণিতাগতং গ্রহমহো-নো রোচয়েযং- কথম্?
প্রত্যক্ষা গ্রহণে তিথৌতু নহি সা জ্যোতি ন বদ্ধাখিলো
পক্তা জ্ঞানাথনা জয়স্ত বিদুষাং চিত্রং যশস্তং বচঃ ॥ ৪
তিথিস্ত্বশুদ্ধা গ্রহণং তু শুদ্ধং
বিচিত্র বিত্তেয় মনর্ত্তা লভ্যা
বিরোধ্যমানা স্তু বিদন্তি নো য
স্তত্রেশ্বরী কাকরূণানুমেয়া ॥ ৫
রাজামাত্য জলেন্দ্রহস্তিগণনা মাত্র প্রতাপস্তুতিঃ
কর্মদ্রব্যলিপিঃ প্রলোভন কথা কাংশ্চিচ্চমৎকুর্ব্বতে
যদ্দেশান্তরশুদ্ধি গর্ব্বশিখরং চাস্পষ্ট বাক্যংহি তৎ
ব্যামোহস্তিমিরং বিভাতি ন কদা সূর্য্যে সতাং মানসে ॥ ৬।

বিশুদ্ধ পঞ্জিকায়াং সর্ব্বপঞ্জিকাতিরিক্ত প্রত্যক্ষ বিষয়া যথা—

ক্রান্তিং খেটযুতিং ত্রিভান্তরগতিং পাতাস্থতিং ভাততিং
চন্দ্রাস্তোদয় সংহিতং গুরুভৃগোর্যা সায়নার্ক স্থিতিং
অন্যাসাধ্য কৃতিং প্রদর্শন চনা কালস্ফুটাংশবৃতিং।
লগ্নাবৃত্তি ততিঞ্চ সর্ব্বগুরুতাং লব্ধোহপি দুঃখং হতা।৭
বিশুদ্ধ পঞ্জিকামেতাং বহু গূঢ়ার্থ দর্শিনীম্
অনুগৃহ্নন্তু গুণিনো গুণ দোষ ভিদাদৃশঃ ॥ ৮

শ্রীতারাপ্রসাদ ন্যায়রত্ন।

১। তুচ্ছ আশারূপ তিমির হেতু, শিথিলেন্দ্রিয় অতীত ধর্ম্মক্রিয়া নাশক ভেদবুদ্ধিবিশিষ্ট ব্যক্তিদিগকে বেগে বিদূরিত করিয়া যথার্থতঃ সত্যই যাহার একমাত্র আশ্রয় সর্ব্বগর্ব্ব জয় কারিণী দৃষ্টি দ্বারা বিশুদ্ধা এই পঞ্জিকা শোভা পাউক ; তাহার পরিপোষক সজ্জনেরা স্বজনের সহিত দীর্ঘজীবী হউন।

২। ধর্ম্ম এবং অধর্ম্ম পদ কি আকাশপুষ্প পদের ন্যায় স্বার্থ হেতু হীন হইল ? নচেৎ ধর্ম্মের জন্য সরল লোকদিগকে প্রতারিত করিয়া কে অধর্ম্ম সিন্ধুর আশ্রয় লইত ? অহো বিশ্বকে নাশ করিয়া নাস্তিক চক্রবক্রমতিরা যখন নরহরি বিষয়ে বস্তুতঃ নির্দ্দোষিতা লাভ করিবে তখন সাধুরা অতিশয় নৃত্য করিবেন।

৩। কল্য তাহার ব্রত অদ্য আমার ব্রত এই অদ্ভুত চিত্র লোকেরা কেমনে সহিতেছে। সর্ব্বত্রই গণনা এক ; কেবল বঙ্গে দ্বিধা, সেই বিষয়ে সুমতি দিয়া একত্ব স্থাপন করিয়া ধর্ম্মকে রক্ষা কর। হে ভগবান একাদশী অধিকারে মাতার অন্নভোজন বারণ কর।

৪। কেহ কেহ বলেন বিশুদ্ধ পঞ্জিকা প্রত্যক্ষ গণনা হইলেও তাহা জন্মলগ্নাদি বিচার স্থলে ব্যবহৃত হউক, স্মৃত্যুক্ত কার্য্যে প্রাচীন গণনা লওয়া আবশ্যক। ইহার উত্তর এই যে, প্রাচীন গণনানুসারে প্রাপ্ত গ্রহণ কালে (চন্দ্র রাহুগ্রস্ত না হইলেও) তাঁহাদের দান শ্রাদ্ধাদি করা উচিত (প্রাচীন গণনানুসারে প্রাপ্ত কালে গ্রহণ হয় না ইহা বিপক্ষেও লিপিবদ্ধ স্বীকৃত) বিশুদ্ধ পঞ্জিকাপক্ষ হইতে বঙ্গীয় পঞ্জিকা-সমস্যা মুদ্রিত করিয়া এবং সেই সালের পঞ্জিকায় বচন ও উপপত্তির সহিত ইহা সর্ব্ব সম্মুখীন করা হইয়াছে !

তিথি অশুদ্ধ থাকিবে গ্রহণ প্রত্যক্ষ লইব, বলিলে এই অলৌকিক পাণ্ডিত্য ভূয়োভূয়ঃ প্রশংসনীয় !

৫। তিথি অশুদ্ধ রাখিয়া গ্রহণ শুদ্ধ (প্রত্যক্ষ) হইবে এই অদ্ভুত বিদ্যা মনুষ্য পড়াইতে পারে না, পড়িতেও পারে না। বুঝাইলেও যাহারা না বোঝেন, না বুঝাইলে বা যাহারা বোঝেন এস্থলে (যথাক্রমে) ঈশ্বরের অত্যন্ত নিগ্রহ ও অনুগ্র অনুমান করা যায়।

৬। রাজা মন্ত্রী, জলাধিপতি দিক্‌হস্তিগণনা মাত্র (অন্য কোন বিষয়ে নহে) জনিত প্রশংসা, ষষ্ঠি পূজাদির ফর্দ্দ, সুবচনীর পালা পঞ্জিকার কলেবর বৃদ্ধি করিয়া ব্যক্তিবিশেষকে আকৃষ্ট ও চমৎকৃত করে প্রত্যক্ষ প্রমাণ না দিয়া দেশান্তর শুদ্ধির আড়ম্বর ও তদ্রূপ। সূর্য্য তুল্য সুপ্রকাশ সুশিক্ষিত চিত্তে কোন কুহকান্ধকার স্থান পায় না।

বিশুদ্ধ পঞ্জিকায় লিখিত সর্ব্ব পঞ্জিকাতিরিক্ত প্রত্যক্ষ বিষয় কতক উল্লেখ করা যাইতেছে।

৭। গ্রহগণের পরস্পরের সংযোগ ত্রিভান্তর, ষড়ভান্তর, পাত, উচ্চ, স্বচ্চ, নীচ স্বনীচ, রবির সন্নিকৃষ্ট বিপ্রকৃষ্ট স্থলে অবস্থান, কিরণের হ্রাস বৃদ্ধি, কালাংশ গতি, স্ফুটাংশ গতি, সায়ন সংক্রান্তি, অপূর্ব্ব কৌশলে রচিত লগ্ন নির্ণয় সারণী, চন্দ্রক্রান্তি রবিক্রান্তি, চন্দ্রের অস্ত, উদয় কতক খণ্ডা এবং বহু বহু দুর্ব্বোধ্য বিষয়ের সমাধান করিয়া, প্রতিবর্ষে নূতন বিষয়ে অগ্রসর হইয়া সর্ব্বশ্রেষ্ঠত্ব লাভ করিয়াও স্নেহের অভাবে বিলুপ্ত হইতে চলিল।

৮। উল্লিখিত প্রত্যক্ষ বিষয়ে অসামঞ্জস্য জানিতে পারিলে সাদরে উত্তর দিতে সমুৎসুক উত্তরোত্তর অতি গূঢ়ার্থ নির্ণয়ে প্রবৃত্ত এই বিশুদ্ধ পঞ্জিকা সদাশয়গণের সস্নেহ দৃষ্টি প্রতীক্ষায় রহিল।

ভূমিকা।

ইচ্ছাময়ের ইচ্ছায় ১৩৩৬ সালে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা চত্বারিংশৎ বর্ষে পদার্পণ করিল। এই সুদীর্ঘ কালেও ইহার উদ্দেশ্যে সফল হইল না বঙ্গীয় তাবৎ পঞ্জিকাই পূর্ব্ববৎ অসংস্কৃত রহিয়া গেল, জনসাধারণও সংস্কারের পক্ষপাতী হইলেন না; এমন কি, শিক্ষিত সমাজেরও সামান্য কয়েকজন মাত্র পঞ্জিকা সংস্কার বিষয়ে চিন্তা করিয়াছেন ও তাহার আবশ্যকতা উপলব্ধি করিতেছেন। এতদিন ধরিয়া বিশুদ্ধ পঞ্জিকা কথায় না বলুক কার্য্যতঃ দেখাইতেছে যে রাঘবানন্দসারণী প্রসূত যে তিথি বাজার চলন পঞ্জিকাসমূহে লিখিত হয় তাহার সহিত গগণের সূর্য্য চন্দ্র সংস্থানের সম্বন্ধ নাই; নিরন্তর মানমন্দির প্রত্যক্ষিত রবি-শশীর স্ফুট হইতে গণিত তিথি অন্যবিধ। কিন্তু সে দিকে দৃষ্টি আকর্ষিত হইতেছে না; আমরা প্রতিপদকে কখন পূর্ণিমা কখন দ্বিতীয়া বলিতেছি, আমাদের সপ্তমী পূজা হয়ত অষ্টমীতে বিহিত হইতেছে, আমাদের সন্ধিপূজা কালভ্রষ্ট হইয়া কোথায় চলিয়া যাইতেছে, আমরা তজ্জন্য উদ্বিগ্ন হইতেছি না। এই শোচনীয় উদাসীনতার কারণ অনুসন্ধান করিলে দেখা যায় যে জটিল পঞ্জিকাতত্ত্ব আপামর সাধারণের আয়ত্বাধীন না হওয়াতেই এই বিভ্রাট ঘটিয়াছে। লোকে দেখিতেছেন যে বিশুদ্ধ সিদ্ধান্ত হইতে বিভিন্ন হইলেও বিবিধ পঞ্জিকা প্রকাশিত হইতেছে ও বাজারে চলিতেছে, এবং বহু পণ্ডিত সে পক্ষ পোষণ করিতেছেন। সুতরাং তাঁহারা মনে করেন যে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা একদা ভ্রমপূর্ণ না হইলেও অন্যান্য পঞ্জিকার তিথ্যাদিও এক প্রকারের সত্য। সূর্য্যচন্দ্রোদয়াস্ত বা তদনুরূপ বিষয়াবলীর পরীক্ষা দ্বারা পঞ্জিকার সারবত্তা নিরূপণের ক্ষমতা ও উৎসাহ সকলের নাই। একমাত্র গ্রহণ সন্দর্শনই সর্ব্বসাধারণের করতলস্থ, তাহা দ্বারাই ইহারা পঞ্জিকা পরীক্ষা করিয়া থাকেন। গ্রহণের স্পর্শ মোক্ষকাল দৃষ্টির সহিত মিলিলেই বুঝিলেন যে পঞ্জিকার অপরাপর বিষয় অব্যবহার্য্য নহে। তাঁহারা ঘুণাক্ষরেও সন্দেহ করেন না যে পঞ্জিকার গ্রহণটি নাবিক পঞ্জিকার উপাদানে বেসেলের নিয়মে গণিত অথবা নাবিক পঞ্জিকা হইতে গৃহীত; ইহার সহিত পঞ্জিকার অপরাপর অংশের সম্বন্ধ নাই। ইহা তাঁহাদের ধারণাতেই আইসে না যে বাজার চলন পঞ্জিকা সমূহের গ্রহণের দৃকসিদ্ধি তৎ তৎপঞ্জীর বিশুদ্ধতার সাক্ষ্য না হইয়া বরং অশুদ্ধতাই প্রতীয়মান করে। যাহা হউক যাঁহারা পঞ্জিকাতত্ত্বে প্রবিষ্ট হইতে পরাঙ্মুখ, যাঁহারা তাদৃশ কষ্ট স্বীকার করিতে প্রস্তুত নহেন, তাঁহাদের হস্তে আমরা পঞ্জিকা সংস্কারের সংক্ষিপ্ত ইতিহাস অর্পণ করিতে বাসনা করি।

অর্দ্ধ শতাব্দী অতীত হইল, পশ্চিম ভারতের কয়েকজন জ্যোতির্ব্বিদপণ্ডিত পঞ্জিকার ভ্রম উপলব্ধি করিতে পারিয়াছিলেন। পঞ্জিকার সূর্য্যচন্দ্রগ্রহণ দৃকসিদ্ধ না হওয়াতে সন্দেহ করিয়া তাঁহারা ইউরোপীয় জ্যোতিষ চর্চ্চা করিলেন এবং ইউরোপীয় পঞ্জিকার সহিত দেশীয়পঞ্জিকার তুলনা করিয়া বুঝিলেন যে ভারতীয় জ্যোতিষ শাস্ত্রের ও ভারতীয় পঞ্জিকার সংস্কার আবশ্যক। সম্প্রতি ইউরোপীয় পঞ্জিকার সাহায্যে দেশীয় শুদ্ধ দৃকসিদ্ধ পঞ্জিকার প্রণয়ন সঙ্কল্প করিলেন এবং ভবিষ্যতে জ্যোতিষ সংস্কার তাঁহাদের উদ্দেশ্য রহিল। পুনার কেরোপান্ত এবং কাশীর বাপুদেব শাস্ত্রী এই দুই পণ্ডিত সংস্কৃত দৃক্‌সিদ্ধ পঞ্জিকা প্রকাশ করিতে এবং স্ব স্ব বিদ্যালয়ে ছাত্রগণকে দৃক্‌সিদ্ধ জ্যোতিষ গণনা শিক্ষা দিতে লাগিলেন। অবশ্য সকল সংস্কারের ন্যায় পঞ্জিকা সংস্কারেরও বিরোধী দাঁড়াইল। বাপুদেব শাস্ত্রী

মহাশয়ের সর্ব্বোত্তম ছাত্রই তাঁহার বিরুদ্ধাচরণ করিলেন। কমলাকর নামক গ্রন্থকারের বচনের উদ্দেশ্যবিরুদ্ধ অর্থ করিয়া এই মত চালাইলেন যে পঞ্জিকান্তর্গত কতকগুলি বিষয় অশুদ্ধ থাকাই উচিত। ইনি যথার্থ জ্যোতিষশাস্ত্রজ্ঞ সুতরাং প্রচলিত পঞ্জিকাই শুদ্ধ একথা বলিতে তাঁহার সাহস কুলাইল না, তাঁহার শাস্ত্রজ্ঞান তাঁহার অভিরুচিকে শাসন করিল; তিনি বলিলেন অশুদ্ধতাই গ্রহণীয়, শুদ্ধত্ব পরিবর্জ্জনীয়। যাহা হউক বাপুদেব শাস্ত্রী মহাশয়ের পঞ্জিকা বৎসর বৎসর প্রকাশিত হইতে লাগিল; এবং পুনা ও কাশীর মধ্যবর্ত্তী নানা নগরে সংস্কৃত পঞ্জিকার অভ্যুত্থান হইল। সুদূর বঙ্গদেশের চিন্তাস্রোতেও সন্দেহোর্ম্মি বিচলিত হইয়া উঠিল।

ন্যূনাধিক চত্বারিংশৎ বৎসর পূর্ব্বে তেলিনী পাড়ার জমিদার মনমোহনবাবু নাবিকপঞ্জিকা হইতে তিথি গণনা করিয়া দেখিলেন যে পঞ্জিকাসমূহে লিখিত তিথ্যন্তগুলি সমস্তই অল্পাধিক ভ্রমযুক্ত। এই কথা তিনি সংবাদ পত্রে প্রকাশ করিয়া সাধারণের সম্মুখীন করিলেন। সংবাদপত্র পাঠ করিয়াই হউক বা স্বাধীনভাবেই হউক এই ঘটনার দুই এক বৎসরের মধ্যেই সংস্কৃত কলেজের প্রিন্সিপাল তীক্ষ্ণ প্রতিভাশালী মহামহোপাধ্যায় মহেশচন্দ্র ন্যায়রত্ন মহাশয় পঞ্জিকায় মনোনিবেশ করিলেন এবং বিপুল শাস্ত্রালোচনার পর পঞ্জিকা সংস্কারে বদ্ধপরিকর হইলেন; একপক্ষে তিনি দেশ পর্য্যটন করিয়া বিবিধ সংস্কারকদিগের সহিত সাক্ষাৎ করিতে লাগিলেন অপর পক্ষে বিরুদ্ধবাদী পণ্ডিত মণ্ডলীর নিকট আপত্তিসমূহ ও তৎপ্রতি হেতু আহ্বান করিলেন।

আহ্বানের ফলে পণ্ডিত-মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় নানা আপত্তি উত্থাপিত করিয়া পুস্তকাকারে প্রকাশ করিলেন। মহামহোপাধ্যায় এই সমস্ত আপত্তি খণ্ডন করিলেন। এদিকে সংস্কৃত কলেজ ভবনে পুনঃ পুনঃ সভা আহূত হইতে লাগিল ও আন্দোলন চলিতে লাগিল। পঞ্জিকাকারগণ একটু চিন্তিত হইয়া পড়িলেন। অবশেষে কলেজ ভবনের শেষ সভায় স্থির হইল যে একটী কার্য্যকারী কমিটী সংগঠিত হইয়া সংস্কার কার্য্যের ভার লইবেন।

এই কমিটির সংগঠনে বিলম্ব ও তৎপরতার অভাব দেখিয়া বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার প্রতিষ্ঠাতা পণ্ডিতশ্রেষ্ঠ মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় ১২৯৭ সালে তাঁহার নিজ পঞ্জিকা প্রকাশ করিলেন। অতি অল্প সংখ্যক লোক এই পঞ্জিকার স্বপক্ষ হইলেন, বিপক্ষদল বিরুদ্ধাচরণ করিতে লাগিলেন। পাণ্ডিত্যাভিমানী অনেকেই পুস্তিকা লিখিলেন; কিন্তু সকল পুস্তক ও সকল প্রবন্ধই মহেন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের পুস্তকমূলক। নূতন কথা কেহই বলিতে পারিলেন না। মহেন্দ্র বাবুর খণ্ডিত আপত্তির পুনরুক্তি ভিন্ন কাহারও কোন সম্বল দেখা গেল না। তাহা হইলে কি হয়? সাধারণ লোকে তত্ত্ব বুঝেন না। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা অনাদৃত হইয়াই রহিল। কিন্তু সূর্য্য চন্দ্রের গ্রহণ বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকারই দৃক্‌সিদ্ধ হয়, বাজার চলন পঞ্জিকার হয় না এই অবস্থা কয়েক বৎসর চলিল। সাধারণের দৃষ্টি বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায় আকৃষ্ট হইতে লাগিল। সাধারণ পঞ্জিকাকারগণ অনন্যোপায় হইয়া অবশেষে নাবিক পঞ্জিকার আশ্রয় লইলেন; তদবধি তাঁহাদের গ্রহণ মিলিতেছে।

এদিকে সর্ব্ব ভারতীয় সংস্কারস্রোত প্রবলতর হইয়া উঠিল। ইংরাজী ১৯০৪ সালের শেষ কয়দিন বম্বে সহরে জগৎগুরু শ্রীশঙ্করাচার্য্যের সভাপতিত্বে এক বিরাট সভা আহূত হয়। ভারতবর্ষের তাবৎ প্রদেশ হইতে প্রতিনিধি স্বরূপ জ্যোতির্ব্বিদগণ উপস্থিত হয়েন। বাঙ্গালাদেশের নয়জন পণ্ডিত বম্বে সহরে গমন করেন। সপ্তাহ কাল বিতণ্ডা বিবর্জ্জিত বিচারের পর যে মীমাংসা হইল তাহা কয়েকটী প্রশ্ন সমাধানের আকারে মুদ্রিত ও প্রকাশিত করা যায়।

বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা বম্বে পঞ্চাঙ্গ সংস্কার সভার সমাধান সমূহের সম্পূর্ণ অনুযায়ী। সেইজন্য তথাকার প্রশ্ন ও সমাধান সাতটী নিম্নে সন্নিবেশিত হইল।

বম্বে সভার সমাধান।

প্রথম প্রশ্ন। পঞ্জিকা গণনা করিতে সূর্য্যের বৎসরের পরিমাণ কতদিন কত দণ্ড কত পল ইত্যাদি স্বীকার করিতে হইবে? এবংসূর্য্য ভিন্ন অন্য গ্রহের গতিমান (যেমন এক দিনের গতি) কিরূপ স্বীকার করিতে হইবে?

উত্তর। সূর্য্যসিদ্ধান্তোক্ত বর্ষমান স্বীকার করিতে হইবে। সূর্য্যাতিরিক্ত গ্রহ গতিতে বেধোপলব্ধ বীজ (যন্ত্রাদির দ্বারা গ্রহ গতির পরীক্ষা করিয়া যে অন্তর পাওয়া যায় তাহা) সংশোধন করিয়া লইতে হইবে।

দ্বিতীয় প্রশ্ন। বৎসরে অয়নগতির মান কি স্বীকার করিতে হইবে?

উত্তর। সূর্য্যসিদ্ধান্তোক্ত সূর্য্যের বর্ষমান স্বীকার করা হইয়াছে তদনুসারে বর্ষে অয়ন গতি কিঞ্চিৎ অধিক ৫৮ বিকলা হইবে। তাহাতে যদি বেধস্থলে বৈগুণ্য উপলব্ধি হয় তাহা হইলে বেধোপলব্ধ বীজ সংস্কার করিয়া গ্রহণ করিতে হইবে।

তৃতীয় প্রশ্ন। অয়নাংশ ভিন্ন ভিন্ন মতে ১৮ হইতে ২৩ অংশ পর্য্যন্ত পাওয়া যায়। গ্রন্থারম্ভকালে অয়নাংশ কত স্বীকার করিতে হইবে?

উত্তর। আমাদের গ্রন্থারম্ভকাল শকাব্দ ১৮২৬ হইতে ২২ অংশের অধিক ও ২৩ অংশের কম অয়নাংশ স্বীকার করিতে হইবে।

চতুর্থ প্রশ্ন। আরম্ভস্থান (ভগণাদি) কি স্বীকার করিতে হইবে?

উত্তর। ক্রান্তিবৃত্তে আরম্ভস্থান অয়নাংশ অনুসারে সচল ও নিশ্চল দুইই স্বীকার করিতে হইবে, পঞ্জিকার সায়নসংক্রান্তি ও নিরয়ণ সংক্রান্তি দুইই দেখাইতে হইবে। অয়নারম্ভদ্বয় প্রত্যক্ষ সিদ্ধ হইবে।

পঞ্চম প্রশ্ন। দৃক্ প্রত্যয়ের জন্য বেধোপলব্ধ নব্য-সংস্কার গ্রহণ করা যাইবে কি না?

উত্তর। দৃক্ প্রত্যয়ের জন্য যে যে বিষয়ে সংস্কার আবশ্যক সে সকল বীজ সংস্কাররূপে গ্রহণ করিতে হইবে।

ষষ্ঠ প্রশ্ন। তিথি কিরূপে সাধন করিতে হইবে?

উত্তর। স্ফুটচন্দ্র ও স্ফুটসূর্য্য হইতে তিথিমান সিদ্ধ করিতে হইবে। স্থূল ও সূক্ষ্ম উভয় রীতিতেই গ্রন্থে দেখাইতে হইবে।

সপ্তম প্রশ্ন। কোন্ মধ্য রেখা স্বীকার্য্য।

উত্তর। উজ্জয়িনীগতা মধ্যরেখা স্বীকার্য্য।

বলা বাহুল্য যে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা বম্বে সভার সমাধান সমূহের সবিশেষ অনুবর্ত্তী। অবশ্য এই পঞ্জিকা সভার অধিষ্ঠানের চৌদ্দ পনর বৎসর পূর্ব্ব হইতে চলিতেছিল কিন্তু সৌভাগ্যক্রমে ইহার প্রতিষ্ঠাতার বিবেচনার সহিত বম্বে সভার সম্মতি একেবারে মিলিয়া গেল সুতরাং বিনা পরিবর্ত্তনে পঞ্জিকা সভার সমাধান অনুযায়ী হইল। যেরূপেই হউক বিশুদ্ধ সিদ্ধান্তপঞ্জী বম্বে সার্ব্বজনীন বিরাট সভার মতের অনুরূপ এই কথা আমরা সাধারণকে জানাইতে চাই।

বম্বে বিরাট সভার পর মান্দ্রাজ প্রেসিডেন্সির স্থানে স্থানে উজ্জয়িনীতে এবং অপরাপর নগরেও সভা সমিতি হয়। সকল সভাতেই পঞ্জিকা সংস্কার অত্যাবশ্যক বলিয়া স্থিরীকৃত হয়। বঙ্গদেশে আর বিশেষ কিছু হইল না; বিশুদ্ধ সিদ্ধান্ত পূর্ব্ববৎ অনাদৃত ভাবেই চলিতে লাগিল তবে ধীরে ধীরে শিক্ষিত সমাজের চিত্ত আকর্ষিত হইতে লাগিল। এইরূপে প্রায় দশ বৎসর কাল অতীত হইলেও আজ বার বৎসর পূর্ব্বে বঙ্গীয় ব্রাহ্মণ সভা জানিতে পারিলেন যে প্রচলিত পঞ্জিকা সমূহ

ভ্রান্তির আকর। সভা পঞ্জিকাতত্ত্ব অনুসন্ধানে প্রবৃত্ত হইয়া ১৩২২ সালে দুর্গাপূজার পূর্ব্বে পঞ্জিকাকারদিগকে আহ্বান করিয়া তাহাদের মুখে শুনিলেন যে প্রচলিত পঞ্জিকাসমূহ ভ্রান্ত এবং সেই ভ্রান্ত পঞ্জিকাপক্ষীয় একজন প্রবীণ গণক বিশুদ্ধ সিদ্ধান্তের বিশুদ্ধির কথা উল্লেখ করিলেন। সভা কিন্তু সে বিষয় শুদ্ধ না করিয়া বিশুদ্ধ সিদ্ধান্ত অপরিবর্ত্তিত বা কোনরূপে পরিবর্ত্তিত ভাবে লওয়া যাইতে পারে কিনা সে বিচারে প্রবৃত্ত না হইয়া অথবা প্রচলিত ভ্রান্ত পঞ্জিকাসমূহ কিরূপে সংশোধন করা যাইতে পারে তাহার অনুসন্ধান না করিয়া এই সিদ্ধান্তে উপনীত হইলেন যে তাবৎ পঞ্জিকাই ভ্রান্ত বলিয়া স্থির করা এবং পঞ্জিকা ভ্রান্তি বিষয়টী আমূল আলোচনা ও অনুসন্ধান করা বিবেচকের কার্য্য হইবে। অর্দ্ধশতাব্দী পশ্চাদ্গামী হইলে যে বিজ্ঞতা প্রকাশ পায় তাহাই সভা দেখাইতে কৃতসঙ্কল্প হইলেন। সভায় যে জ্যোতির্ব্বিদ কেহই ছিলনা এবং যথার্থ প্রাচ্য প্রতীচ্য শাস্ত্রজ্ঞ জ্যোতির্ব্বিদ নির্ব্বাচনের ক্ষমতাও তাহাদের মধ্যে কাহারও ছিল না এ কথা একদা বিস্মিত হইয়া কলিকাতা বিশ্ববিদ্যালয় কলিকাতা জ্যোতিষ সমিতি, বিশ্ব বিদ্যালয়ের গণিত সমিতি বা অপর কোন যথার্থ পণ্ডিত সঙ্ঘের সহায়তা অনাবশ্যক বিবেচনা করিয়া পঞ্জিকার সূর্য্যোদয়াস্তাদি পরীক্ষণীয় বিষয়াবলম্বনে বিশুদ্ধতা নিরূপণের চেষ্টা না করিয়া, বাজার চলন তাবৎ পঞ্জিকা যে বিশুদ্ধ সিদ্ধান্তের অনুকরণে নাবিক পঞ্জিকাবলম্বনে গ্রহণ গণনা সম্পাদন করে একথা নিশ্চিত জানিয়া বিশেষজ্ঞ পঞ্জিকাকার মহাশয়গণের সুদীর্ঘ সন্দর্শনোদ্ভূত অভিজ্ঞতা উপেক্ষা করিয়া স্থির করিলেন যে সূর্য্য সিদ্ধান্ত অনুসারে কতিপয় গ্রহণ গণনা করিয়া দেখিবেন সে সকল দৃক্‌সিদ্ধ কি না। আমাদের বিদ্যাবুদ্ধি সভা হইতে একান্ত হীন বলিয়া বুঝিতে পারি নাই এবং এক্ষণেও বুঝিতে পারিতেছি না যে এই গ্রহণ গণনার কি উদ্দেশ্য। বিবেচ্য বিষয় হইল পঞ্জিকা সমূহ ভ্রান্ত কি না। সূর্য্যসিদ্ধান্ত অনুযায়ী গ্রহণগণনায় কি নিষ্পত্তি হইবে? বঙ্গীয় পঞ্জিকা সমূহে কস্মিনকালেও সূর্য্যসিদ্ধান্ত অনুযায়ী গ্রহণ গণনা হয় নাই। পূর্ব্বে রাঘবানন্দ, ভারতী প্রভৃতির গ্রন্থানুসারে হইত এক্ষণে বেসেলের নিয়মে হয়। সূর্য্যসিদ্ধান্ত অনুসারে গ্রহণ গণনা করিয়া কাহার পরীক্ষা হইবে, আর এককথা এই যে বিগত গ্রহণগণনার ফল দৃক্‌সিদ্ধ হইল কি না কিরূপে জানা যাইবে? কালের স্রোত কি ব্রাহ্মণ সভার সম্মানের জন্য উজান বহিবে? যাহা হউক সমাজের শীর্ষ, বিদ্যা বুদ্ধির আকর পূজ্যপাদ ব্রাহ্মণ সভা উপযুক্ত বা অনুপযুক্ত পাত্রকে দিয়া পনরটি গ্রহণ সূর্য্য সিদ্ধান্ত অনুযায়ী গণনা করিয়া বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার সহিত গণিত ফল মিলাইয়া সিদ্ধান্ত করিলেন যে সূর্য্যসিদ্ধান্তানুযায়ী গণনা ভ্রষ্ট। তাঁহাদের মনে রহিলনা যে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার সহিত তুলনা করিলে যদি তদেতর গণনার শুদ্ধাশুদ্ধি নিরূপিত হয় তবে তাঁহারা কার্য্যতঃ স্বীকার করিলেন যে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা ভ্রমপ্রমাদশূন্য। সভা নিজ কার্য্যের গূঢ়ার্থ বুঝিতে না পারিলেও সাধারণের নিকট আমাদের বিশেষ আবেদন এই যে তাঁহারা বিষয়টি সম্বন্ধে চিন্তা করেন। পাণ্ডিত্যাধিক্যে বিষয় বুদ্ধির কিঞ্চিৎ হ্রাস হয় একথা সর্ব্ববাদীসম্মত। পাণ্ডিত্যপূর্ণ পূজ্যপাদ ব্রাহ্মণ সভা বিশুদ্ধ সিদ্ধান্তের সহিত তুলনায় তদেতর গণনার অশুদ্ধি বুঝিয়াছেন, তাহাতে কি সহজ বুদ্ধিতে এই কথা আইসে না যে বিশুদ্ধ সিদ্ধান্তের বিশুদ্ধতার প্রতি তাঁহাদের অচল বিশ্বাস? যাহার গণনার সহিত বিভিন্ন হইলে অপর গণনাকে অশুদ্ধ বলিয়া স্থির করা যায় তাহার বিশুদ্ধি নিঃসংশয়। যাহা হউক অর্দ্ধশতাব্দীর পুরাতন কথা ব্রাহ্মণ সভা নূতন করিয়া জানিলেন। এবং সর্ব্বপঞ্জিকাই সমভাবে ভ্রষ্ট এই স্থির বা কল্পনা করিয়া সারণী প্রস্তুত করিতে কৃতসঙ্কল্প হইলেন। সারণী বিরচন কি দুঃসাধ্য, কত সময়াপেক্ষী তাহার ধারণার অভাবে বা হিন্দুর পূজাদি সময়ের অভ্রান্ত নিরূপণের আবশ্যকতার প্রতি ঔদাস্য বশতঃ আপাততঃ

কি হইবে তাহার কোন সুমীমাংসা করিলেন না। সারণী সংগঠিত হইবে এই কথাই রহিল। সভার ব্যবহারে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা বিচলিত হইল না; ভাবিল যে সভা নিজ জ্ঞান বুদ্ধি অনুসারে ভালই করিতেছেন আর দৃক্‌সিদ্ধ সারণী প্রস্তুত পঞ্জিকা বিশুদ্ধ সিদ্ধান্ত হইতে বিশেষ বিভিন্ন হইবে না বাক্যতঃ না হইলেও কার্য্যতঃ সে পঞ্চাঙ্গের আদর হইবে। 'যেহপ্যন্য দেবতা ভক্তাঃ যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ তেহপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্।'

ইহার পর কয়েক বৎসর উল্লেখোপযোগী কোন কার্য্যই ব্রাহ্মণ সভা করিলেন না। অবশেষে মহামহোপাধ্যায় গুরুচরণ তর্কদর্শন তীর্থ মহাশয়ের উদ্যোগে মাননীয় মহারাজা সার মণীন্দ্র চন্দ্র নন্দী কে সি এস আই মহাশয়ের বিপুল অর্থ সাহায্যে হাইকোর্টের মাননীয় জজ সার আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে ১৩২৭ সালের আশ্বিনমাসে বঙ্গের সর্ব্ববিভাগ হইতে আহূত পণ্ডিত মণ্ডলীর এক সভা হইল। সভায় নিরূপিত হইল যে পঞ্জিকা সংস্কারার্থ উপযুক্ত সারণী প্রস্তুত হইবে এবং উপনীত ব্যক্তিগণ নির্ব্বাচনে সারণী সংগঠকগণের নাম লিপিবদ্ধ করা হইল। তদবধি এ পর্য্যন্ত বিষয়টি আর অগ্রসর হয় নাই।

বলা বাহুল্য যে সারণী প্রস্তুত হইলে এবং সে সারণী দৃক্‌সিদ্ধ প্রতিপন্ন হইলে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা তারই অনুবর্ত্তী হইত। সে আনন্দের দিন সমাগত হইবার কোন আশা নাই দেখিয়া বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা রাঘবানন্দের সচল আদিবিন্দুর পরিবর্ত্তে ১৩৩৬ সাল হইতে স্থির বিন্দু গ্রহণ করিল। যাহা হউক অপাততঃ পঞ্জিকান্তর্গত বিষয়াবলীর স্বরূপ সাধারণকে জানাইবার জন্য কয়েকটী কথা নিম্নে প্রদত্ত হইল।

বর্ষমান- বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা এতাবৎকাল সূর্য্যসিদ্ধান্তোক্ত বর্ষমান ব্যবহার করিতেছিল। এই বর্ষমান ৩৬৫·২৫৮৭৫৬ দিন সম্বলিত, প্রকৃত নিরয়ন বর্ষমান ৩৬৫·২৫৬৩৬১ দিনে সম্পাদিত হয়। সুতরাং ১৩৩৬ সাল হইতে প্রকৃত বর্ষমান ব্যবহৃত হইল।

আদিবিন্দু—সিদ্ধান্ত শাস্ত্রে আদিবিন্দু হইতে যাবতীয় গ্রহসংস্থান নিরূপিত হয়। কিন্তু বৃত্তের আদি অন্ত নাই; যে কোন বিন্দুই তাহার আদিরূপে কল্পিত হইতে পারে। ভচক্রের যে কোন বিন্দুকেই আদিরূপে গ্রহণ করা যাইতে পারে। সেইজন্য আদিবিন্দুর নির্দ্দেশ আবশ্যক। পাশ্চাত্য জ্যোতিষে ক্রান্তিপাত বিন্দু আদিবিন্দু রূপে গৃহীত হয়। ভারতীয় জ্যোতিষের আদিবিন্দু বিভিন্ন। পণ্ডিত সংহতির একত্রিত হইয়া সেই আদিবিন্দুর নির্ব্বাচন করা যুক্তিযুক্ত। নতুবা একের নির্ব্বাচনে দোষ দেখাইতে অপরের বিশেষ অসুবিধা হয় না। এইরূপ মনোভাবেই বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা এতাবৎ কাল অপেক্ষা করিতেছিল এবং যথাসাধ্য বিশিষ্ট পণ্ডিতগণের উপদেশ অনুসরণ করিয়া চলিতেছিল কিন্তু এই সুদীর্ঘ কালেও পণ্ডিত মহোদয়গণ আদিবিন্দু নির্ব্বাচনে সচেষ্ট হইলেন না দেখিয়া বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকাকারগণ বহু চিন্তা করিয়া সিদ্ধান্ত শাস্ত্রের নির্দ্দেশ ও তদনুকূল বিগত ১৩২৫ সালের ১৮ভাদ্র তারিখে সার আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের বাটীর সমিতির আদেশানুযায়ী * এতাবৎকাল ব্যবহৃত রাঘবানন্দের সচল আদিবিন্দুর পরিবর্ত্তে ১৩৩৬ সাল হইতে স্থির বিন্দু নির্ব্বাচন ও গ্রহণ করিয়া যাবতীয় গ্রহাদি সংস্থান নিরূপণ করিতেছেন।

---

*সারণী সমিতির প্রথম অধিবেশন সন ১৩২৫।১৮ ভাদ্র

উপস্থিত সদস্য—

স্যার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গুরুচরণ তর্কদর্শনতীর্থ, শ্রীযুক্ত রাজকুমার সেন, শ্রীযুক্ত আশুতোষ মিত্র, শ্রীযুক্ত রাধাবল্লভ জ্যোতিস্তীর্থ,

সৌরমাস—"রাশি সংক্রমণাৎ সৌর দশান্তশ্চান্দ্রমাসকঃ ॥" আদিবিন্দু হইতে আরম্ভ করিয়া ভচক্রের ত্রিশ ত্রিশ অংশ মেষাদি এক এক রাশি। প্রত্যেক রাশিতে সূর্য্যকেন্দ্র আগমনে এক এক সংক্রান্তি হয়। উপরোল্লিখিত স্থির আদিবিন্দু হইতে পরিদৃশ্যমান ত্রিশ অংশ অন্তরে সূর্য্যকেন্দ্র আসিলে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার জ্যৈষ্ঠ মাস-প্রবর্ত্তক সংক্রান্তি লিখিত হয়. ৬০ অংশ অন্তরে আসিলে আষাঢ় প্রবর্ত্তক সংক্রান্তি লিখিত হয় এবং এইরূপে দ্বাদশটী সংক্রান্তিই লিখিত হইয়া থাকে।

তারিখ।—মাসের দিন সংখ্যার নাম তারিখ। মাস কিন্তু পূর্ণদিন সংখ্যায় সংঘটিত হয় না। প্রত্যেক মাসের মানেই দিনাংশ বা ভগ্ন দিবস থাকে। জ্যোতিষে ও ধর্ম্মকার্য্যের মাস ভগ্ন দিবস সম্বলিত। কিন্তু এইরূপ মাস সামাজিক ব্যবহারে চলে না। দিনমধ্যে মাসান্ত হইলে বিষয়কর্ম্মের অসুবিধা হয় বলিয়া ব্যবহারিক মাস পূর্ণ দিন সংখ্যক। যথার্থ জ্যোতিষিক সময় ধরিয়া ভিন্ন ভিন্ন দেশে প্রচলিত ভিন্ন ভিন্ন নিয়মানুসারে পূর্ণ দিন সংখ্যা নিরূপিত হয়। তারিখ নিরূপণের প্রচলিত নিয়ম প্রয়োগের ফলে বাজার পঞ্জিকার তারিখের সহিত বিশুদ্ধ তারিখে কখন কখন বিভিন্নতা দৃষ্ট হয়। সেইজন্য প্রতিদিন বিশুদ্ধ তারিখের পর বন্ধনী মধ্যে প্রচলিত তারিখ দেওয়া হয়। (প্র১৩) অর্থে বুঝিতে হইবে প্রচলিত তারিখ ১৩ই; (প্র২০) প্রচলিত তারিখ ২০শে।

সূর্য্যোদয়াস্ত।—হিন্দুদিগের জ্যোতিষগ্রন্থে সূর্য্যের মণ্ডল অর্দ্ধোদিত হইলেই সূর্য্যোদয় এবং অর্দ্ধাস্তমিত হইলেই সূর্য্যাস্ত বিবেচনা করা বিধি। স্মৃত্যাদি অন্যান্য

শ্রীযুক্ত জগদ্দুর্ল্লভ স্মৃতিতীর্থ, শ্রীযুক্ত কুলচন্দ্র জ্যোতিরত্ন, শ্রীযুক্ত উপাধ্যায় ঝাঁ ও শ্রীযুক্ত ধীরানন্দ কাব্যনিধি।

চিত্রা নক্ষত্রের কদম্বসূত্রীয় স্ফুট হইতে ১৮০ অংশ দূরে আদিবিন্দু স্বীকার পূর্ব্বক সারণী প্রস্তুত করিতে হইবে।

Take such an initial point that the longitude of spica may be 180° degrees.

Initial time will be midnight.

মধ্যরেখা উজ্জয়িনী হইতে গৃহীত হইবে।

(স্বাক্ষর) শ্রীগুরুচরণ তর্ক দর্শনতীর্থ (স্বাক্ষর) শ্রীআশুতোষ মুখোপাধ্যায়।
সম্পাদক। সভাপতি।

৫ই আশ্বিন তারিখের সারণী সমিতির দ্বিতীয় অধিবেশনে শ্রীযুক্ত রাধাবল্লভ জ্যোতিস্তীর্থ, শ্রীযুক্ত প্রবোধচন্দ্র সেন গুপ্ত, শ্রীযুক্ত নরেন্দ্রকুমার মজুমদার ও শ্রীযুক্ত আশুতোষ মিত্র মহাশয়ের উপস্থিতিতে স্থিরীকৃত মন্তব্য সমূহ।

১। ১৮৪০ শকাব্দের নিরয়ণ সংক্রান্তি দিবসে উজ্জয়িনীর অর্দ্ধরাত্রে চিত্রার সায়নস্ফুট ও সারণী গৃহীত তাৎকালিক অয়নাংশ যথাক্রমে ২০২।৪২।৪০·৬৫ এবং ২২।৪২।৪০·৬৫

২। উক্ত সংক্রান্তিকাল ১৮৩৯ শক ৩০শে চৈত্র শনিবার অপরাহ্ণ ৪ ঘটিকা ১৪ মিনিট ২১·৮৬ সেকেণ্ড (উজ্জয়নী সময়)। দিনের দশমিক ০·৬৭৬৬৪।

৩। নিরয়ন বর্ষমান ৩৬৫·২৫৬৩৬ দিন।

৪। সারণী প্রণয়নার্থ আবশ্যকীয় লোক পুস্তকাদি সম্বন্ধীয় প্রস্তাব পরে প্রেরিত হইবে। এই কার্য্য ভার শ্রীযুক্তবাবু নরেন্দ্রকুমার মজুমদারের উপর ন্যস্ত হইল।

(স্বাক্ষর) শ্রীআশুতোষ মিত্র।
সভাপতি।

শাস্ত্রেও এই বিধান গ্রহণ করা হইয়াছে। পুরাকালে সূর্য্যোদয় হইতে সময় নির্দ্ধারিত হইত; আজকাল যেমন আমরা দেখি ঘড়িতে কটা বাজিয়াছে, সেইরূপ পূর্ব্বে দেখা হইত সূর্য্যোদয় হইতে কত দণ্ড কাল অতিবাহিত হইয়াছে। এই অতিবাহিত কাল নির্ণয়ের উপযুক্ত যন্ত্রও তখন ছিল, এবং প্রত্যহ অর্দ্ধোদিত সূর্য্য মণ্ডল দেখিয়া যন্ত্র টি চালাইয়া দেওয়া হইত। গগন মেঘাচ্ছন্ন হইলে দুই তিন দিন যন্ত্রটি অনবরত চালান হইত, এবং কোন দিন উদয় দেখা গেলে পুনরারম্ভ করা হইত। এক্ষণে এই যন্ত্রের পরিবর্ত্তে ঘড়ী ব্যবহৃত, সুতরাং ঘড়ীর যে সময়ে প্রকৃত সূর্য্যোদয় হয় পঞ্জিকায় তাহা লিখিত না থাকিলে এই ঔদয়িক ভ্রম সমস্ত দিন চলিতে লাগিল। এ সম্বন্ধে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা ভ্রমশূন্য। এই পঞ্জিকায় উল্লিখিত সূর্য্যোদয়াস্ত কলিকাতার কোন দর্শনোপযোগী স্থান হইতে পরীক্ষা করিলেই বিশুদ্ধ বলিয়া প্রতিপন্ন হইবে। উপযুক্ত ক্ষিতিজে অর্দ্ধোদিত সূর্য্য দর্শন করিয়া পঞ্জিকায় লিখিত কালানুসারে ঘড়ী মিলাইয়া দিলে সে ঘড়িতে কয়েক সেকেণ্ডের অধিক ভ্রম থাকিবে না।

একথা জিজ্ঞাস্য হইতে পারে যে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার সূর্য্যোদয়াস্তে আদৌ ভ্রম থাকিবে কেন? কয়েক সেকেণ্ডের ভ্রম উপেক্ষার বস্তু হইলেও তাহার অস্তিত্ব প্রশংসনীয় নহে। উপেক্ষণীয় ভ্রমই বা কেন থাকিবে? এ প্রশ্নের উত্তর এই যে, এ প্রকারের ভ্রম অপরিহার্য্য। সূর্য্যোদয়াস্তের কাল বায়বীয় অবস্থার উপর নির্ভর করে এবং ভবিষ্যতে সেই অবস্থা কিরূপ হইবে তাহা নিরূপণের কোন বৈজ্ঞানিক প্রথা আজিও আবিস্কৃত হয় নাই। সুতরাং তদবস্থা সম্বলিত অংশ একটা মধ্য অবলম্বনে গণনাই আধুনিক পাশ্চাত্য জ্যোতির্ব্বিদমণ্ডলের অভিমত। ইংলণ্ডে এই মধ্য ৩৫ কলা লওয়া হয়, আমেরিকার বোষ্টনে ৩৪ কলা, ফ্রান্সে ৩৩ কলা গ্রহণ করা হয়। কলিকাতার অবস্থা পর্য্যালোচনা করিয়া আমরা বিশুদ্ধ পঞ্জিকায় ৩০ কলা ব্যবহার করিয়া থাকি। ইহাতে বায়বীয় অবস্থানুসারে কয়েক সেকেণ্ডের প্রভেদ হইতে পারে।

আর এক কথা এই যে অক্ষাংশ ভেদে উদয়াস্তের অল্পাধিক প্রভেদ হইয়া থাকে। সমগ্র কলিকাতায় অক্ষাংশ ন্যূনাধিক ১০ কলা পরিবর্ত্তিত হইতেছে। সুতরাং যে অক্ষাংশ অবলম্বনে গণনাই করা হউক সময় বিশেষ কলিকাতার বিভিন্ন অংশে উদয়াস্ত গণনার সহিত অল্পাধিক বিভিন্ন হইবে। এ ক্ষেত্রেও ভ্রম—যদি ইহাকেও ভ্রম বলিতে চাহেন—অপরিহার্য্য। আমরা ২২।৩৫ অক্ষাংশ লইয়া গণনা করিয়া থাকি।

চন্দ্রোদয়াস্ত।—বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায়, সূর্য্যের ন্যায় চন্দ্রের ও অর্দ্ধবিম্ব উদিত ও অস্তমিত হইবার সময় চন্দ্রোদয় ও চন্দ্রাস্ত বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে; এই উদয়াস্ত অপেক্ষাকৃত স্থূলভাবে গণিত কিন্তু ইহাতেও এক মিনিটের অধিক ভ্রম থাকিবার সম্ভাবনা নাই।

হিন্দু জ্যোতিষগ্রন্থে গণনার নিয়ম থাকিলেও পঞ্জিকায় চন্দ্রোদয়াস্ত দেওয়ার প্রচলন নাই। কিন্তু এই নৈসর্গিক ব্যাপার পঞ্জিকা বিভ্রাটের সময় বিশেষ আবশ্যক ও বিবেচ্য বিষয়। সূর্য্য, চন্দ্র, রাহু ও বিষুববিন্দুর সংস্থান যথাযথ নিরূপণের উপর চন্দ্রোদয়াস্ত নির্ভর করে। যে পঞ্জিকায় চন্দ্রোদয়াস্ত প্রত্যহ যথাসময়ে সংঘটিত হইতে দেখা যায় তাহার সূর্য্যাদিসংস্থান ভ্রমশূন্য। শুধু ইহাই নহে। সূর্য্যচন্দ্রের অন্তরাংশই হিন্দু জ্যোতিষের তিথি। যদি অভ্রান্ত তিথি যথার্থই ধর্ম্মকার্য্যানুষ্ঠানের কাল নির্ণায়ক হয় তবে বিশুদ্ধ উদয়াস্ত প্রতিপাদিত রবি-শশী-সংস্থানমূলক বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা তিথি অপরিহার্য্য।

মধ্যে মধ্যে পঞ্জিকায় তিন চারি দিন চন্দ্রের উদয় বা অস্ত দেওয়া থাকে না

সে সময়টি প্রায়ই অমাবস্যার সন্নিহিত। সেইজন্য ভ্রম হইতে পারে যে, সে কয়েক দিন চন্দ্র দৃষ্ট হইবে না। কিন্তু তাহা নহে। চন্দ্রোদয়াস্ত পঞ্জিকার ভ্রমশূন্যতার প্রমাণ মাত্র, কোন আবশ্যক বিষয় নয় বলিয়া মধ্যে মধ্যে ছাড়িয়া দেওয়া হয়।

চন্দ্রোদয়াস্ত সন্দর্শনেচ্ছু মহোদয়গণের নিকট নিবেদন এই যে অনেক সময় ক্ষিতিজ সন্নিধ্যে ধুমাভ বাষ্প থাকাতে উদয়া যথাযথ দেখা যায় না। সূর্য্যবিম্ব এই ধুম ভেদ করিয়া দেখা যায় কিন্তু পূর্ণিমাসন্নিহিতের তিথিতে চন্দ্র সেরূপ দেখা যায় না।

দিনমান ; মুহূর্ত্ত।—সূর্য্যের অর্দ্ধবিম্ব প্রকাশ কাল হইতে অর্দ্ধবিম্বের অদর্শনকাল পর্য্যন্ত দিনমান বলিয়া পঞ্জিকাতে নির্দ্দিষ্ট হইয়াছে। স্মৃতিতে ব্যবহৃত দিনমান এই ;—তেজঃ পরিহানিরূষা ভানোরর্দ্ধোদয়ং যাবৎ অর্দ্ধাস্তময়াৎ সন্ধ্যা ব্যক্তীভূতা ন তারকা যাবৎ। রবিবিম্বের অর্দ্ধাস্ত গমনকাল হইতে গগনমণ্ডলে তারকা বিকাশ পর্য্যন্ত সন্ধ্যানামে অভিহিত ও নিশাবসানে নক্ষত্ররাজির বিমলিন হওয়ার আরম্ভ হইতে সূর্য্যবিম্বের অর্দ্ধোদয় কাল পর্য্যন্ত উষা। উষা ও সন্ধ্যার মধ্যবর্ত্তী কাল দিনমান বা দিবা। ইহার পঞ্চদশাংশ মুহূর্ত্ত। সুতরাং মুহূর্ত্তের পরিমাণ প্রত্যহই বিভিন্ন। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায় দিনমানের অব্যবহিত অধোদেশে তৎপঞ্চদশাংশাত্মক মুহূর্ত্তের পরিমাণ লিখিত থাকে।

সহজ বুদ্ধিতে মনে হয় যে ছয় মাস দিনমান ৩০ দণ্ড হইতে ন্যূন হইবে এবং ছয় মাস তদপেক্ষা অধিক হইবে, বিষুবদ্বয়ে অর্থাৎ বৎসরে যে দুই সময়ে রবিক্রান্তি শূন্য হইবে তখন দিনমান ও রাত্রিমান সমান হইবে। কিন্তু বাস্তবিক তাহা হয় না। ভূবায়ু দ্বারা সৌরকর বিচলিত হওয়াতে সূর্য্যের বিম্ব উদয়াস্ত উভয় সময়েই ৩০ কলা আন্দাজ উৎক্ষিপ্ত হয়, ইহার নাম বিম্বোৎক্ষিপ্তি। বায়ুমণ্ডলের অভাবে যে সময় সূর্য্যোদয় হইত বাস্তবিক তাহার পূর্ব্বেই সূর্য্য দেখা যায়, উদয়কাল ক্ষিপ্রীকৃত হয়। এবং সেইরূপ অস্তকাল বিলম্বিত হয়। সুতরাং তাবৎ সম্বৎসর ধরিয়া প্রত্যেক দিবসের দিনমান দীর্ঘীকৃত হয়। ফলে দিনমান ৬ মাস হইতে কিঞ্চিৎ অধিক সময় ৩০ দণ্ড অপেক্ষা দীর্ঘ এবং ৬ মাস হইতে কিঞ্চিৎ ন্যূন সময় ৩০ দণ্ড হইতে হ্রস্ব, এবং উত্তরায়ণান্তর্গত বিষুবের দুই তিন দিন পূর্ব্বে চাক্ষুষ সমরাত্রি দিবা সংঘটিত হয়।

রবিক্রান্তি।—রাশিচক্রে ভ্রমণ করিয়া সূর্য্যদেব ছয়মাস বিষুববৃত্ত বা নাড়ীবলয়ের উত্তরে ও ছয়মাস তাহার দক্ষিণে অবস্থান করেন। এবং এই বলয় হইতে তাহার অন্তরকে ক্রান্তি বলে। ক্রান্তি অনবরত পরিবর্ত্তিত হইতেছে। কেননা সূর্য্য নিরন্তর উত্তর বা দক্ষিণ অভিমুখে গতিশীল। বস্তুতঃ বিষুববৃত্তের উত্তরে বা দক্ষিণে যতদূর যাইবার যাইয়া, তিনি পুনরায় প্রত্যাবৃত্ত হন ও বিপরীত মুখে চলিতে থাকেন। সূর্য্যের উত্তরাভিমুখে ছয় মাস চলনের নাম উত্তরায়ণ ও ছয়মাস দক্ষিণাভিমুখে অগ্রসর হওয়ার নাম দক্ষিণায়ন। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায় দৈনন্দিন স্ফুটমধ্যাহ্নিক সূর্য্যক্রান্তি দেওয়া থাকে এবং এই ক্রান্তি উত্তর কিম্বা দক্ষিণ তাহাও নির্দ্দিষ্ট থাকে।

কালসমীকরণ।—সূর্য্যক্রান্তির পরেই কালসমীকরণ সন্নিবেশিত হয়। সূর্য্যঘড়ী ও সাধারণ ঘড়ীর প্রভেদাঙ্কের নাম কালসমীকরণ। ভাস্করাচার্য্যের জ্যোতিষগ্রন্থে এ বিষয়টি বিষদরূপে বুঝান আছে। এবং ইংরাজি সকল জ্যোতিষ পুস্তকেই ইহার বিস্তারিত বিবরণ আছে। সূর্য্য নাড়ীবলয়ে ভ্রমণ না করিয়া রাশিচক্রে ভ্রমণ করেন এবং রাশিচক্রেও তাঁহার গতি সমভাবে নহে। এতদুভয়কারণজনিত ফলসমষ্টিকে

কালসমীকরণ নামে অভিহিত করিয়া পঞ্জিকায় প্রদত্ত হইয়া থাকে। পঞ্জিকালিখিত অঙ্ক স্ফুট মধ্যাহ্নের জন্য হইলেও সমস্ত দিবস তাহার ব্যবহার চলিতে পারে অর্থাৎ সমস্ত দিবস কালসমীকরণ অপরিবর্ত্তিত থাকে মনে করিয়া কার্য্য করিলে ভ্রম অতি সামান্যই হইবে। অঙ্কের পূর্ব্বে বন্ধনীর মধ্যগত যে যোগ বা বিয়োগ চিহ্ন থাকে তদনুসারে প্রক্রিয়া করিলে স্ফুটকাল বা সূর্য্য ঘড়ীর সময় হইতে সাধারণ ঘড়ীর সময় পাওয়া যাইবে এবং বিপরীত প্রক্রিয়া করিলে সাধারণ ঘড়ীর সময় হইতে সূর্য্য ঘড়ীর সময় আসিবে।

লগ্ন—পূর্ব্বক্ষিতিজসংলগ্ন রাশিচক্রের অংশকে জ্যোতিষশাস্ত্রে লগ্ন কহে। সাধারণতঃ উক্ত সংলগ্ন অংশ যে রাশির অন্তর্ভুক্ত সেই রাশিকে লগ্ন বলা যায়। অতএব সূর্য্যোদয়াস্তকালে রাশিচক্রের যে বিন্দুদ্বয় পূর্ব্বক্ষিতিজ সংলগ্ন হয় তাহাদের অবস্থানভুক্ত রাশিদ্বয়ের নাম উদয়লগ্ন ও অস্তলগ্ন। রশ্মিবক্রীভবন হেতু উদয়াস্তকালে সূর্য্যবিম্ব স্থানচ্যুত দেখা যায়; সেইজন্য কখন কখন উদয়ের অষ্টম লগ্নে অস্ত হয় এবং অবস্থাবিশেষে সূর্য্য-ভুক্তরাশি ক্ষিতিজ সংলগ্ন হইবার পূর্ব্বেই উদয় হইয়া থাকে। বিশুদ্ধ গণনায় এইরূপ হওয়া বিজ্ঞানবিরুদ্ধ নহে।

লগ্নসম্বন্ধে আমাদের দেশে এরূপ জ্ঞান ও বুদ্ধিবিপর্য্যয় উপস্থিত হইয়াছে তাহাতে বোধ হয় বিষয়টি একটু বিশদ ভাবে আলোচনা করা যুক্তিবিরুদ্ধ হইবে না। ভচক্র বা নক্ষত্রচক্র একবার ঘুরিতে যে সময় লাগে তাহাই নাক্ষত্র দিন; সূর্য্য সিদ্ধান্ত লিখিতেছেন, “ভচক্র ভ্রমণং নিত্যং নাক্ষত্রং দিনমুচ্যতে।” এই দিন আমাদের ব্যবহারিক সাবন দিন (বা কুদিন) হইতে বিভিন্ন, কারণ ব্যবহারিক দিন সূর্য্যোদয়ের উপর নির্ভর করে এবং সূর্য্য ভচক্রে স্থির নহে, অনবরত পূর্ব্বাভিমুখে অপসৃত হইতেছে। সেই জন্য ভচক্রে একবার ফিরিয়া নাক্ষত্র দিন পূর্ণ করিলেও সাবন দিন পূর্ণ হয় না, একটু বিলম্ব লাগে। অপর কথা এই যে নাক্ষত্র দিবস সাবন দিবসের ন্যায় ষাট দণ্ডে বিভক্ত। একথাও সূর্য্যসিদ্ধান্তে আছে যথা “নাড়ীষষ্ট্যা তু নাক্ষত্রমহোরাত্রং প্রকীর্ত্তিতম্।” সুতরাং সাবন দণ্ডের ন্যায় নাক্ষত্র দণ্ডেরও অস্তিত্ব আছে, তবে তদুভয় পরিমাণে বিভিন্ন।

আমরা লগ্নমান বলিয়া পঞ্জিকায় যাহা লিখি তাহা নক্ষত্রমানে হওয়া উচিত; কেননা তাহা হইলে সেইরূপ ষাট দণ্ড অতিবাহিত হইলে ভচক্র একবার ঘুরিল একথা বুঝা যাইবে। লগ্নমান প্রত্যেক রাশির উদয় কাল, রাশি নক্ষত্র সমষ্টি মাত্র তাহার উদয় কাল নাক্ষত্র পরিমাণে প্রকাশ হওয়া যুক্তিযুক্ত, বৈজ্ঞানিক ও শাস্ত্রসম্মত। ভাস্করাচার্য্য স্বয়ং লিখিতেছেন “অক্ষোদয়া হি” অর্থাৎ রাশির উদয় কাল নাক্ষত্র। পাশ্চাত্য পঞ্জিকায় প্রত্যেক দিন দিবা দ্বিপ্রহরের সময় তখনকার নাক্ষত্র ঘণ্টাদি (sidereal time) কত তাহা দেওয়া থাকে, আমাদের পঞ্জিকাতেও উদয়কালের ও অস্তকালের নাক্ষত্র ঘণ্টাদি দেওয়া অবিকল সেই পদ্ধতির অনুরূপ। প্রভেদ এই যে যাম্যোত্তরবৃত্তে (in the meridian) বিষুববিন্দু আসিলে ইউরোপীয় পঞ্জিকায় নাক্ষত্র দিবস আরম্ভ হয় এবং তখন হইতে নাক্ষত্র হিসাবে ঘণ্টাদি গণনা করা হয়, আর আমাদের দেশের মেষের আদিবিন্দু ক্ষিতিজ সংলগ্ন হইলে নাক্ষত্র দিন আরম্ভ হয় এবং তাবৎ দণ্ড এই সময় হইতে বরাবর গণনা না করিয়া মধ্যে মধ্যে নাম পরিবর্ত্তন করা হয় এবং উদয় ও অস্ত কালের নাক্ষত্র দণ্ডাদি লিখিত হয়। পাশ্চাত্য পঞ্জিকায় মাধ্যাহ্নিক নাক্ষত্র ঘণ্টাদির যে বৈজ্ঞানিক আবশ্যকতা ও অর্থ আমাদের পঞ্জিকার ঔদয়িক বা অস্তকালীন লগ্নভুক্তের সেই বৈজ্ঞানিক আবশ্যকতা ও অর্থ। ভাস্করাচার্য্যের লগ্নপ্রকরণ আলোচনা করিলে বিষয়টি আরও হৃদয়ঙ্গম হইবার সম্ভাবনা।

সূর্য্যসিদ্ধান্তের নিয়মও অবিকল সিদ্ধান্ত শিরোমণির ন্যায়। বস্তুতঃ ভাস্করাচার্য্য সৌর পুস্তকের প্রতিধ্বনি করিয়াছেন। রাঘবানন্দ আবার সেই কথারই ভাবান্তর করিয়া বিদগ্ধতোষিণীতে লিপিবদ্ধ করিয়াছেন।

বঙ্গদেশে পঞ্জিকা প্রকাশের আরম্ভ হইতেই নিরয়ণ লগ্নমান ও দৈনিক নিরয়ণ ভুক্তি দিবার পদ্ধতি চলিয়া আসিতেছে। এই মান ও ভুক্তি নাক্ষত্র। ইঁহাদের সাহায্যে লগ্ন আনয়ন করিতে হইলে ইষ্ট দণ্ডাদিকে নাক্ষত্র মানে পরিবর্ত্তিত করিয়া ঔদয়িক লগ্ন রাশির ভোগ্য দণ্ডাদি ও পর পর রাশির লগ্নমান বাদ দিয়া যাইতে যাইতে যখন আর বাদ যায় না তখন অবশিষ্ট দণ্ডাদিকে ত্রিশ গুণ করিয়া সম্মুখীন রাশির লগ্নমান দ্বারা ভাগ করিলে প্রাপ্ত অংশাদি লগ্ন হইল। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার উদয় লগ্ন ও লগ্নমান লইয়া এইরূপে লগ্ন আনয়ন করা যাইতে পারে। ইষ্ট দণ্ডাদিকে নাক্ষত্র করিতে, উপযুক্ত সারণী ব্যবহার করিলে চলে, তাৎকালিক রবি সাধন করিলেও চলে, এ নিয়ম অবিকল ভাস্করাচার্য্যের ন্যায়, কেবল লগ্নমান নিরয়ণ হওয়াতে সূচনায় অয়নাংশ সংযোগ, ও অন্তে বিয়োগ এই প্রক্রিয়ার আবশ্যক হয় না।

কিন্তু কি ভাস্করাচার্য্যের নিয়ম, কি চলিত নিয়ম উভয়ই শ্রমসাধ্য ও সামান্য স্থূল। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার নিজ সারণী ও নিয়মে অল্পায়াসে সূক্ষ্মতর লগ্ন সাধিত হয়।

গ্রহ বা গ্রহস্ফুট।—সিদ্ধান্তশাস্ত্রে গ্রহ শব্দের অর্থ গ্রহাবস্থান (longitude)। এই অবস্থান যথাযথ, এই কথা প্রকাশ করিতে হইলে স্পষ্টগ্রহ বা স্ফুটগ্রহ শব্দ ব্যবহার হয়। কখন কখন স্ফুট গ্রহ শব্দের পরিবর্ত্তে গ্রহস্ফুট শব্দের ব্যবহার হয়, এবং স্ফুটশব্দ অবস্থান (longitude) অর্থে প্রয়োগ হয়। রবি, চন্দ্র প্রভৃতি নামও সময়ে সময়ে তৎ তৎ গ্রহের স্ফুট (longitude) অর্থবাচক। যেমন মঙ্গল অর্থ মঙ্গলগ্রহের স্ফুট। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায় যে রবিচন্দ্রাদি তাবৎ গ্রহস্ফুট দেওয়া থাকে সে সমস্ত নিরয়ন অর্থাৎ পূর্ব্বোল্লিখিত আদিবিন্দু হইতে নির্দ্দিষ্ট ও রাশিঅংশ কলা পর্য্যন্ত দৃক্‌সিদ্ধ। ১৩১৫ সালের ও তৎপূর্ব্ব যাবতীয় পঞ্জিকায় গ্রহস্ফুট ৫।৫৩ পাঁচটা তিপান্ন মিনিট কলিকাতা সন্ধ্যা সময়ের দেওয়া আছে, ১৩১৬ সালে ৫।৪৪ পাঁচটা চুয়াল্লিশ মিনিটে পরিবর্ত্তন করা হয়। ১৬।১৭।১৮।১৯।২০ এবং ২১ সালের পঞ্জিকায় সন্নিবেশিত গ্রহস্ফুট সন্ধ্যা পাঁচটা চুয়াল্লিশ মিনিটের। ১৩২২ সালের গ্রহস্ফুট ১ বৈশাখ হইতে ১৬ পৌষ পর্য্যন্ত ৫।৪৪ পাঁচটা চুয়াল্লিশ মিনিটের এবং ১৭ পৌষ হইতে পুনরায় ৫।৫৩ পাঁচটা তিপান্ন মিনিটের গ্রহস্ফুট দেওয়া আছে। কলিকাতার যে স্থানীয় সময় ব্যবহৃত হয় তাহা আলিপুরের মানমন্দির অনুযায়ী। এই মানমন্দিরের দেশান্তর গ্রীনউইচ হইতে ৫ ঘণ্টা ৫৩ মি ২১ সে। ৫টা ৫৩ মিনিটের গ্রহস্ফুট বাস্তবিক ৫।৫৩।২১ এর জন্য অর্থাৎ গ্রীনউইচের মাধ্যাহ্নিক। ১৩৩২ সাল হইতে ঔদয়িক গ্রহস্ফুট দেওয়া হইতেছে।

পঞ্চাঙ্গ।—বার তিথি নক্ষত্র যোগ করণ নামধেয় পঞ্চ অঙ্গ বিশিষ্ট বলিয়া পঞ্জিকার অপর নাম পঞ্চাঙ্গ। এই পঞ্চ অঙ্গের মধ্যে তিথি ধর্ম্মকার্য্যের উপযোগিতা হিসাবে সর্ব্বশ্রেষ্ঠ, তৎপরে নক্ষত্র এবং তদনন্তর যোগ। বার করণ অপেক্ষাকৃত নিকৃষ্ট। ভারতীয় সিদ্ধান্ত জ্যোতিষ অনুসারে তিথি নক্ষত্র যোগ ও করণ সূর্য্যচন্দ্রের স্ফুটের (longitude) উপর নির্ভর করে। এ সম্বন্ধে কোন মতদ্বৈধ নাই। যাবতীয় সিদ্ধান্ত গ্রন্থেই সংজ্ঞা ও সাধন প্রণালী পরস্পর অবিরুদ্ধ। সৌরাদি সিদ্ধান্তের সংজ্ঞানুসারে সূর্য্যচন্দ্রের বিশুদ্ধস্ফুট (longitnde) অবলম্বনে, বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার তিথ্যাদি সাধিত হয়।

তাবৎ সিদ্ধান্ত গ্রন্থেই তিথ্যাদি সাধন এই একই প্রণালিতে এবং সেই প্রণালী

হইতে, বুঝা যায় যে, তিথ্যাদি রবিচন্দ্রের স্ফুট ঘটিত বস্তু। তিথি রবিচন্দ্রের অন্তর হইতে, নক্ষত্র চন্দ্রের স্ফুট হইতে এবং যোগ রবিচন্দ্রের স্ফুটের যোগ হইতে উৎপন্ন "ব্যর্কেন্দোর্ব্যোমচরাদ্রবিশশিযোগাচ্চ তিথিভযোগাঃ স্যুঃ।" মহা সিদ্ধান্ত। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা প্রত্যেক তিথি ও প্রত্যেক নক্ষত্রের আসন্ন কাল চলন বা অনুপাত দ্বারা নিরূপণ করিয়া পুনরায় তাৎকালিক রবিচন্দ্র সাধন করে এবং তাহা হইতে সূক্ষ্ম তিথিনক্ষত্রান্তকাল গণনা করিয়া থাকে। কিন্তু যোগের সময় অনুপাত সাধিত কালই গ্রহণ করে; করণ ও তিথি হইতে অনুপাত দ্বারা নিরূপিত হয়। চন্দ্রের রাশি প্রবেশ আবার তাৎকালিক চন্দ্রের অবলম্বনে সাধিত।

শাস্ত্রে তিথি নক্ষত্র সম্বন্ধে অনুপাত প্রয়োগ ব্যবস্থা থাকিলেও যথাসাধ্য সূক্ষ্মতা সম্পাদন সিদ্ধান্তের উদ্দেশ্য বহির্ভূত নহে। তদভিন্ন যে সময়ে অনুপাত চালন লিপিবদ্ধ করা হইয়াছিল তখন চন্দ্রের গতির জটিলতা আবিষ্কৃত হয় নাই। তখন মান্দং কর্ম্মৈকমর্কেন্দ্বোঃ এই পর্য্যন্ত জ্যোতিষ শাস্ত্র অগ্রসর হইয়াছিল। এক্ষণে চন্দ্রের বহুবিধ সংস্কার আবিষ্কৃত হইয়াছে, সুতরাং অনুপাত সাধিত তিথিও তাৎকালিক সূর্য্যচন্দ্র সাধিত তিথির বিভিন্নতা অপেক্ষাকৃত বিপুলায়তন হইয়াছে সুতরাং অনুপাত অপেক্ষা শ্রেষ্ঠতর প্রণালীর আবশ্যক হইয়া পড়িয়াছে। চন্দ্রের সংস্কারাধিক্য বশতঃ যেমন তিথিমানে সপ্তবৃদ্ধি দশক্ষয় পরিদৃষ্ট হয় সেইরূপ সূক্ষ্ম প্রণালীতে তিথিসাধন অপরিহার্য্য হইয়াছে। উভয়ক্ষেত্রেই আমরা সিদ্ধান্ত শাস্ত্রের উদ্দেশ্যানুরূপ সত্যাভিমুখে অগ্রসর হইতেছি।

কোন উপকরণে ও কি প্রণালীতে আমাদের পঞ্চাঙ্গ সাধিত হয় তাহা যথাসাধ্য দেখাইলাম। সংক্ষেপে এই বলা যাইতে পারে যে নাবিক পঞ্জিকা হইতে বিশুদ্ধ গ্রহ সংস্থান সংগ্রহ করিয়া সূর্য্যাদি সিদ্ধান্ত গ্রন্থের সংজ্ঞা অনুসারে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা বিরচিত।

শ্রীচন্দ্রশেখর শুকুল সিদ্ধান্ত বিনোদ, সহসম্পাদক।
(মৃত্যুঞ্জয় ঔষধালয়) হালসি রোড কানপুর।

বর্ণানুক্রমিক সূচীপত্র।

অশোক ষষ্ঠী ২ বৈশাখ, চৈত্র ২২।
অশোকাষ্টমী ৩ বৈশাখ চৈত্র ২৩।
অখণ্ড দান দ্বাদশী ব্রত অগ্রহায়ণ ২৮।
অগস্ত্যার্ঘদান ভাদ্র ২৯।
অঘোর চতুর্দ্দশী ব্রত ভাদ্র ১৭।
অনন্ত চতুর্দ্দশী ব্রত আশ্বিন ১।
অন্নকূট কার্ত্তিক ১৭।
অপরপক্ষারম্ভ আশ্বিন ৩।
অপরাজিতা পূজা আশ্বিন ২৭।
অম্বুবাচী প্রবৃত্তি আষাঢ় ৭।
অম্বুবাচী নিবৃত্তি আষাঢ় ১১।
অরণ্য ষষ্ঠী ২৯ জ্যৈষ্ঠ।
অষ্টনাগ পূজা শ্রাবণ ১০।
অরন্ধন ভাদ্র ৩১।
অর্দ্ধরাত্রি পূজা ৩ বৈশাখ, আশ্বিন ২৪ চৈত্র ২৩।
অশূন্যশয়না দ্বিতীয়া ব্রত শ্রাবণ ৭।
অক্ষয় তৃতীয়া ২৮ বৈশাখ।
অক্ষয় নবমী কার্ত্তিক ২৬।
আকাশদীপদান আশ্বিন ৩০।
আমর্দ্দকী ব্রত ফাল্গুন ২৮।
আমন্ত্রণাধিবাস বৈশাখ ২ আশ্বিন ২৩ চৈত্র ২১।
আরোগ্য সপ্তমী ব্রত মাঘ ২৩।
আলোকামাবস্যাব্রত ভাদ্র ১৮।
ইতুপূজা কার্ত্তিক ৩০।

ইতু বিসর্জ্জন অগ্রহায়ণ ৩০।
উত্থানৈকাদশী কার্ত্তিক ২৮।
উমা চতুর্থী ২১ জ্যৈষ্ঠ।
উদিচ্যাঙ্গপূজা শ্রাবণ ২।
উল্কাদান কার্ত্তিক ১৬।
ঋষি তর্পন ভাদ্র ৪।
ঋষি পঞ্চমী ভাদ্র ২৩।
কপিলমুনি দর্শন পৌষ ৩০।
কলিযুগাদ্যা ফাল্গুন ১।
কার্ত্তিকেয় ব্রত ও পূজা কার্ত্তিক ৩০।
কাত্যায়ণী ব্রতারম্ভ কার্ত্তিক ২৩।
কাত্যায়নীব্রত অগ্রহায়ণ ২।
কাম্যত্রিলোচন পূজা জ্যৈষ্ঠ ১৮।
কুলিয়ার পাঠ পৌষ ১১।
কুক্কুটী ব্রত ভাদ্র ২৫।
কৃষ্ণার্চ্চন মাঘ ২০।
কৃষ্ণের পবিত্রারোপণ শ্রাবণ ৩১।
কৃষ্ণের রাসযাত্রা অগ্রহায়ণ ১।
কৃষ্ণের দোলযাত্রা ফাল্গুন ৩০।
কেতু সঞ্চার ৩০ চৈত্র (১৩৩৫)।
কৈলাস পূজা ২৮ বৈশাখ।
কোজাগরী লক্ষ্মী পূজা কার্ত্তিক ১।
কৌশা অমাবস্যা ভাদ্র ১৮।
খুন্তীর মেলা অগ্রহায়ণ ২৪।
গঙ্গাপূজা ২৮ বৈশাখ। আষাঢ় ২।
গণেশ পূজা মাঘ ২০।
গন্ধেশ্বরী পূজা জ্যৈষ্ঠ ৯।
গুরুপূর্ণিমা শ্রাবণ ৫।
গুহষষ্ঠী অগ্রহায়ণ ২২।
গো পূজা ভাদ্র ২৬।
গোশালা পূজা ভাদ্র ২৬।
গোপাষ্টমী কার্ত্তিক ২৫।
গোবিন্দ দ্বাদশী ফাল্গুন ২৭।
গোবর্দ্ধন পূজা কার্ত্তিক ১৭।
গৌরী ব্রত কার্ত্তিক ২৬।
গৌরী পূজা অগ্রহায়ণ ৩০।
গৌরাঙ্গ দোলযাত্রা চৈত্র ১০।
গজচ্ছায়া আশ্বিন ১৪।
ঘণ্টাকর্ণ পূজা ফাল্গুন ৩০।
চর্পটাষষ্ঠী ভাদ্র ২৪।
চন্দন যাত্রা বৈশাখ ২৮।

চণ্ডীর দোল চৈত্র ৭।
চড়কপূজা ৩০ চৈত্র।
চম্পকচতুর্দ্দশীব্রত আষাঢ় ৭।
চতুর্দ্দশশাক ভক্ষণ কার্ত্তিক ১৫।
চাতুর্ম্মাস্য ব্রতারম্ভ আষাঢ় ৩২
শ্রাবণ ২৫ অগ্রহায়ণ ১।
চাতুর্ম্মাস্য ব্রত সমাপন কার্ত্তিক ২৯।৩০
অগ্রহায়ণ ১।
চিত্র গুপ্তপূজা কার্ত্তিক ১৮।
চৈত্র মন্বন্তরা বৈশাখ ১০।
জগন্নাথদেবের স্নানযাত্রা আষাঢ় ৮।
জগন্নাথদেবের রথযাত্রা আষাঢ় ২৪।
জগন্নাথদেবের পুনর্যাত্রা আষাঢ় ৩২।
জগদ্ধাত্রী পূজা কার্ত্তিক ২৬।
জয়ন্তীযোগ ভাদ্র ১১।
জন্মাষ্টমীব্রত ভাদ্র ১১।
জহ্নু সপ্তমী জ্যৈষ্ঠ ১।
জাহ্নবী পূজা ১ জ্যৈষ্ঠ।
জামাই ষষ্ঠী ২৯ জ্যৈষ্ঠ।
জিতাষ্টমী আশ্বিন ১০।
জীমূতবাহন পূজা আশ্বিন ১০।
ঝুলনযাত্রারম্ভ শ্রাবণ ৩০।
ঝুলনযাত্রা সমাপন ভাদ্র ৩।৪।
তপ্তমুদ্রাধারণ শ্রাবণ ২।
তালনবমীব্রত ভাদ্র ২৭।
ত্রিলোচনাষ্টমী জ্যৈষ্ঠ ১৮।
ত্রেতাযুগাদ্যা কার্ত্তিক ২৬।
দধ্যোদনোৎসব পৌষ ২৮।
দশরথ ব্রত কার্ত্তিক ৫।
দশহরা আষাঢ় ২।
দধি সংক্রান্তি পৌষ ৩০।
দ্বিপান্বিতা কার্ত্তিক ১৫।
দুর্গাষষ্ঠী আশ্বিন ২৩।
দুর্গাপূজা আশ্বিন ২৪।
দুর্গানবমী কার্ত্তিক ২৬।
দুর্ব্বাষ্টমী ভাদ্র ২৬।
দ্যূতপ্রতিপদ কার্ত্তিক ১৭।
দ্বাপরযুগাদ্যা ভাদ্র ১৬।
দেবীর বোধন আশ্বিন ১১।২২
দেবীর ধূনন ভাদ্র ৩১, আশ্বিন ১৪।১৬।
দেবীর রথ আষাঢ় ২৪।
দেবীর রাসযাত্রা বৈশাখ ১০।

দেবীর দোল ফাল্গুন ৩০।
দেবীর মঞ্চযাত্রা জ্যৈষ্ঠ ৮।
ধর্ম্মঘটব্রত চৈত্র ৩০।
ধ্বজারোপণ ১ বৈশাখ।
ধর্ম্মরাজ পূজা ২৩ জ্যৈষ্ঠ।
ধাত্রীব্রত কার্ত্তিক ২। অগ্রহায়ণ ১।
নন্দোৎসব ভাদ্র ১২।
নন্দাস্নান চক্রতীর্থে চৈত্র ১৭।
নবম্যাদি কল্পারম্ভ আশ্বিন ১১।
নবরাত্রি ব্রতারম্ভ আশ্বিন ১৭।
নষ্টচন্দ্র ভাদ্র ৭।৮।২১।
নষ্টচন্দ্র দোষ শান্তি ভাদ্র ৭।
নাগ পঞ্চমী শ্রাবণ ১০।
নীলপূজা চৈত্র ২৯।
নৃসিংহ চতুর্দ্দশী ব্রত জ্যৈষ্ঠ ৭।
প্রহ্লাদপূজা জ্যৈষ্ঠ ৭।
পবিত্রারোপণ শ্রাবণ ৩১।
পর্য্যসনপর্ব্বারম্ভ ভাদ্র ১৫।
পার্ব্বতী পূজা ভাদ্র ২২।
পাষাণচতুর্থী ব্রত ২৭ জ্যৈষ্ঠ।
পাষাণ চতুর্দ্দশী ব্রত অগ্রহায়ণ ৩০।
পার্শ্বৈকাদশী ভাদ্র ২৯।
পার্শ্বপরিবর্ত্তন ভাদ্র ৩০।
পিপাতকী দ্বাদশী ব্রতং জ্যৈষ্ঠ ৬।
পুষ্যাভিষেকযাত্রা পৌষ ৩০।
পূপাষ্টকাশ্রাদ্ধ পৌষ ৮।
পৌষ পার্ব্বণ পৌষ ৩০।
প্রবোধিনীকৃত্য কার্ত্তিক ২৮।২৯।
প্রতিপদাদিকল্পারম্ভ ১৭ আশ্বিন।
ফলহারিণী কালিকা পূজা জ্যৈষ্ঠ ২৩।
ফুং দোল জ্যৈষ্ঠ ৯।
বকপঞ্চক কার্ত্তিক ২৮।
বগলা পূজা শ্রাবণ ১৮। অগ্রহায়ণ ১৪।
বরদা চতুর্থী মাঘ ২০।
বরাহ দ্বাদশী মাঘ ২৭।
বলিদৈত্যরাজ পূজা কার্ত্তিক ১৭।
বসন্ত পঞ্চমী মাঘ ২০।২১।
বহ্ন্যুৎসব ফাল্গুন ২৯।
বাসন্তী পূজা বৈশাখ ৩। চৈত্র ২২।
বামন দ্বাদশী ভাদ্র ৩০।
বারুণী যোগ চৈত্র ১৩।১৪।
বিষ্ণু পূজা জ্যৈষ্ঠ ৭।

বিজয়াদশমী বৈশাঃ ৫ আশ্বিঃ ২৭ চৈঃ ২৫
বিজয়া মহাদ্বাদশী ভাদ্র ৩০।
বিষ্ণু পঞ্চক ব্রত কার্ত্তিক ২৩।
বিনায়ক ব্রত মাঘ ২০।
বিধান সপ্তমী ব্রত মাঘ ২৬।
বলরাম রথযাত্রা ফাল্গুন ১।
বিবস্বৎ সপ্তমী আষাঢ় ২৯।
বিপত্তারিণী ব্রত আষাঢ় ২৫।২৯।
বিশ্বকর্ম্মা পূজা ভাদ্র ৩১। পৌষ ২৫।
বীরাষ্টমী ব্রত আশ্বিন ২৫।
বুদ্ধ পূর্ণিমা জ্যৈষ্ঠ ৯।
বৃহস্পতির সঞ্চার বৈশাখ ২৯।
বৈকুণ্ঠ চতুর্দ্দশী কার্ত্তিক ৩০।
ভগীরথ পূজা ২৮ বৈশাখ।
ভীষ্মাষ্টমী মাঘ ২৪।
ভীষ্মতর্পণ মাঘ ২৪।
ভীষ্ম পঞ্চক কার্ত্তিক ২৮।
ভূত চতুর্দ্দশী কার্ত্তিক ১৫।
ভ্রাতৃদ্বিতীয়া কার্ত্তিক ১৮।
ভৈমী একাদশী মাঘ ২৭।
মনসা পূজা আষাঢ় ২। শ্রাবণ ১০।৩১
মন্থান ষষ্ঠী ভাদ্র ২৪।
মনোরথ দ্বিতীয়া ব্রত আষাঢ় ২৪।
মঘাত্রয়োদশী আশ্বিন ১৪।
মহালয়া আশ্বিন ১৬।
মহানবমী আশ্বিন ২৬।
মহাষ্টমী আশ্বিন ২৫।
মান চতুর্থী আশ্বিন ২০।
মাকরী সপ্তমী মাঘ ২৩।
মদন ত্রয়োদশী বৈশাখ ৮। চৈত্র ২৮।
মদনভঞ্জী বৈশাখ ৯। চৈত্র ২৯।
মহানন্দা মাঘ ২৫।
মাংসাষ্টকা শ্রাদ্ধ মাঘ ৭।
মিত্র সপ্তমী অগ্রহায়ণ ২৩।
মৃগনেত্রা প্রবৃত্তি অগ্রহায়ণ ২৩।
মৃগনেত্রা নিবৃত্তি অগ্রহায়ণ ৩০।
যমদীপদান কার্ত্তিক ১৪।
যম, যমুনা, যমদূত পূজা কার্ত্তিক ১৮।
রটন্তী চতুর্দ্দশী মাঘ ১৪।
রম্ভা তৃতীয়া ২৭ জ্যৈষ্ঠ।
রক্ষা পঞ্চমী ভাদ্র ২৩।
রক্ষা বন্ধন ভাদ্র ৪।

রাখী পূর্ণিমা ভাদ্র ৪।
রাধাষ্টমী ব্রত ভাদ্র ২৬।
রামচন্দ্রের জন্মোৎসব বৈশাখ ৪ চৈত্র ২৬
রামচন্দ্রের বিজয়োৎসব আশ্বিন ২৭।
রাসযাত্রা অগ্রহায়ণ ১।
রুক্মিনী দ্বাদশীব্রত জ্যৈষ্ঠ ৬।
লক্ষ্মীপূজা ভাদ্র ২০। কার্ত্তিক ১।১৫।১৬। পৌষ ১৮।২৫ চৈত্র ২০।২৭।
লক্ষ্মী ও অলক্ষ্মী পূজা কার্ত্তিক ১৫।১৬।
লক্ষ্মীবিজয় আষাঢ় ২৭।
ললিতা সপ্তমী ভাদ্র ২৫।
লুণ্ঠনষষ্ঠী শ্রাবণ ২৫।
ব্রহ্মপুত্রস্নান বৈশাখ ৩।
শক্রোত্থান ভাদ্র ৩০।
শয়নৈকাদশী শ্রাবণ ১।
শঙ্কট চতুর্থী চৈত্র ৪।
শাকাষ্টকাশ্রাদ্ধ ফাল্গুন ৮।
শ্রবণ দ্বাদশী ভাদ্র ৩০।
শিবরাত্রি ব্রত ফাল্গুন ১৪।
শীতল ষষ্ঠী মাঘ ২২।
শীতলাষ্টমী চৈত্র ৮।
শ্যামাপূজা কার্ত্তিক ১৫।
শ্রীপঞ্চমী মাঘ ২০।
শ্রীকৃষ্ণার্চ্চন মাঘ ২০।২১।
ষষ্ঠ্যাদিকল্পারম্ভ বৈশাখ ২। আশ্বিন ২২। ২৩। চৈত্র ২২।
ষষ্ঠীর বোধন আশ্বিন ২২।
ষট্ পঞ্চমী ব্রত বৈশাখ ১।৩০। জ্যৈষ্ঠ ২৮। আষাঢ় ২৭। শ্রাবণ ২৪। ভাদ্র ২৩। আশ্বিন ২১। কার্ত্তিক ২১। অগ্রহায়ণ ২১। পৌষ ২১। মাঘ ২০। ফাল্গুন ২১। চৈত্র ২১।
ষট্তিলাচার মাঘ ২৭।
ষোড়শপিণ্ডদান আশ্বিন ১৬।
সপ্তম্যাদিকল্পারম্ভ আশ্বিন ২৪।
সম্বৎ আরম্ভ চৈত্র ১৬।
সর্ব্বজয়াব্রত কার্ত্তিক ৩০।
সরস্বতী পূজা মাঘ ২০।
সাবিত্রী ব্রত ২৩ জ্যৈষ্ঠ।
সত্যযুগাদ্যা বৈশাখ ২৮।
সীতা নবমী জ্যৈষ্ঠ ৩।
সূর্য্যগ্রহণ বৈশাখ ২৬।
সূর্য্যপূজা আষাঢ় ২৯। অগ্রহায়ণ ২৩।
সৌভাগ্য চতুর্থী ভাদ্র ২২।
স্কন্দষষ্ঠী চৈত্র ৬।
হরিতালিকা ভাদ্র ২১।২২।
হরির উত্থান কার্ত্তিক ২৯।
হরির শয়ন শ্রাবণ ১।
হোড়া পঞ্চমী আষাঢ় ২৭।
হিমালয় পূজা বৈশাখ ২৮।
হিন্দলোৎসব শ্রাবণ ৩০।
হস্তাযুক্তাদশমী আষাঢ় ২।
একাদশীর উপবাস—বৈশাখ ৬।২২। জ্যৈষ্ঠ ৫।২১। আষাঢ় ৩।১৯। শ্রাবণ ১।১৬।৩১ ভাদ্র ১৫।১৯ আশ্বিন ১৩।২৮। কার্ত্তিক ১২।২৮। অগ্রহায়ণ ১২।২৭। পৌষ ১১।২৭। মাঘ ১১।২৭। ফাল্গুন ১২।২৭। চৈত্র ১১।২৬।

সমালোচনা।

R. G. CHANDRA Esq. M. B. A. A

Member of the A. A. V. S. O.,
at the Harvard Observatory, U. S. A.,
the B. A. A. London & the A. F. O. E. V. France.

ইনি যশোহর নিবাসী একজন বিখ্যাত গ্রহ, নক্ষত্র পর্য্যবেক্ষণকারী। ইনি গ্রহ, নক্ষত্র, গ্রহণ প্রভৃতি যন্ত্র সাহায্যে পর্য্যবেক্ষণ করিয়া আমেরিকা, ফ্রান্স, লণ্ডন প্রভৃতি প্রসিদ্ধ স্থানের বিশিষ্ট মানমন্দিরে রিপোর্ট পাঠাইয়া থাকেন। বঙ্গদেশে প্রচলিত পঞ্জিকা সম্বন্ধে ইঁহার মতামত এবং পর্য্যবেক্ষণ ফল গত ১৩৩৫ সালের কার্ত্তিক মাসের

"মাসিক বসুমতী" পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। তাঁহার অনুমত্যনুসারে নিম্নে প্রবন্ধটি দেওয়া গেল।

"বাঙ্গালীর পঞ্জিকা।"

বঙ্গদেশে প্রচলিত পঞ্জিকা সমূহের গণনা ভ্রমসঙ্কুল, ঐ গণনার সহিত আকাশের পরিদৃশ্যমান সূর্য্য চন্দ্র ও অন্যান্য গ্রহগণের অবস্থান দৃশ্যত মেলে না, এ কথা ইদানীং প্রায় সকলেই জানেন। আর যাঁহারা প্রত্যক্ষদর্শী জ্যোতিষ্কতত্ত্ববিদ্, তাঁহারা বাঙ্গালীর পঞ্জিকার পঞ্চাঙ্গের প্রধান অঙ্গদ্বয় তিথি ও নক্ষত্র এবং পঞ্চাঙ্গান্তর্গত ঔদয়িক গ্রহস্ফুট যাহা প্রতিদিনের তারিখের পার্শ্বে মুদ্রিত থাকে, তাহা নিয়ত পর্য্যবেক্ষণের দ্বারা বুঝিতে পারিয়াছেন যে, ঐ তিথি ও নক্ষত্র এবং গ্রহস্ফুট ভ্রমসঙ্কুল। কোন কোন পঞ্জিকাকার এ কথা স্পষ্টবাক্যে স্বীকারও করেন, অথচ বাঙ্গালীর পঞ্জিকার সংস্কার হয় না, ইহার কারণ কি? কারণ অনুসন্ধান করিয়া আমরা দেখিতে পাই যে, প্রচলিত পঞ্জিকা সমূহের প্রণয়ন-ভার কতকগুলি রক্ষণশীল ব্রাহ্মণ-পণ্ডিতের হস্তে ন্যস্ত আছে, জনসাধারণ সংস্কার-প্রয়াসী হইলেও তাঁহারা সংস্কারের পক্ষপাতী নহেন। হয়ত তাঁহাদের ধারণা যে, তাঁহারা সিদ্ধান্ত-শাস্ত্রানুসারে অর্থাৎ সূর্য্যসিদ্ধান্ত, সিদ্ধান্তরহস্য, দিনচন্দ্রিকা প্রভৃতি জ্যোতিষশাস্ত্রের পদ্ধতিক্রমে গণনা করিয়া থাকেন, এবং অঙ্ক শাস্ত্রানুবর্ত্তী গণনাতেও যখন কোন ভ্রম প্রমাদ পরিলক্ষিত হয় না, তখন তাঁহাদের গণিত পঞ্জিকা ভ্রম প্রমাদে পূর্ণ হইবে কেন? লোকেই বা সে আপত্তি উত্থাপন করে কেন? আমরা হিন্দু, যদি আমাদের শাস্ত্র মানিতে হয়, তবে সেই শাস্ত্রানুসারে গণিত পঞ্জিকাও মানিতে হইবে। রক্ষণশীল ব্যক্তিগণও জ্যোতিষ শাস্ত্রে অনভিজ্ঞতা প্রযুক্ত এবম্বিধ ধারণার বশবর্ত্তী হইয়া প্রচলিত পঞ্জিকা ব্যবহার করিয়া থাকেন। বোধ হয়, এই জন্যই আমাদের পণ্ডিতমণ্ডলী পঞ্জিকা-সংস্কারের পক্ষপাতী নহেন। পঞ্জিকায় প্রদর্শিত তিথি, নক্ষত্র ও গ্রহস্ফুটের সহিত গগনচারী গ্রহনক্ষত্রের অবস্থান মিলুক বা না মিলুক, তাহাতে তাঁহাদের কিছুই যায় আসে না; শাস্ত্রানুসারে গণিত পঞ্জিকাই তাঁহাদের একমাত্র অবলম্বনীয়। কিন্তু তাঁহারা ভুলিয়া যান যে, গ্রহ-গতি চিরদিন সমান থাকে না, সুতরাং জ্যোতিষের গণনা সংস্কারসাপেক্ষ। এক বৎসর গগনের যে পথে সূর্য্য, চন্দ্র ও অন্যান্য গ্রহগণ গমন করে, পরবর্ত্তী বৎসরে তাহাদের রথের চাকা পূর্ব্ববর্ত্তী বৎসরের চাকার ঠিক দাগে দাগে যায় না, প্রতিবৎসরেই ঈষৎ ব্যতিক্রম পরিলক্ষিত হইয়া থাকে। এই ব্যতিক্রমের ফলে দুই চারি বৎসরে বিশেষ কিছুই যায় আসে না; কিন্তু বহু বর্ষসঞ্জাত ব্যতিক্রমের ফলে গগনচারী সূর্য্য-চন্দ্রের অবস্থানের সহিত পঞ্জিকার গণনা মেলে না। কতিপয় বর্ষ পূর্ব্বে বঙ্গের প্রথিতযশা অধ্যাপক জ্যোতিষ্কতত্ত্ববিদ্ রায়সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয় এই কথাই বলিয়াছিলেন। তাঁহারই উদ্যোগে বৰ্দ্ধমানে বঙ্গীয় সাহিত্য সম্মিলনের অষ্টম অধিবেশনে পঞ্জিকা-সংস্কার ও বঙ্গে জ্যোতিষ-মান মন্দির স্থাপনার প্রস্তাব গৃহীত হইয়াছিল।

বহু দিন পূর্ব্বে একখানি ছিন্ন পঞ্জিকার ভূমিকায় দেখিয়াছিলাম যে, "গ্রহ দুই প্রকার;—দৃশ্য ও অদৃশ্য। গগনে যে গ্রহগণকে বিচরণ করিতে দেখা যায়, তাহারা দৃশ্য গ্রহ, আর পঞ্জিকায় যে গ্রহগণের স্ফুট বা অবস্থান দেওয়া থাকে তাহারা অদৃশ্য গ্রহ। সুতরাং পঞ্জিকার গ্রহগণের সহিত গগনচারী গ্রহগণের কোন সম্বন্ধ নাই।" এবম্বিধ প্রলাপোক্তি তমসাচ্ছন্ন যুগে হয় ত শোভা পাইত! পঞ্জিকাখানি ছিন্ন এবং মাত্র ভূমিকার কয়েকটি পাতা আমি দেখিয়াছিলাম, সুতরাং ঐ পঞ্জিকার পরিচালকগণকে জানিতে পারি নাই। জ্যোতিশাস্ত্রের বহু গ্রন্থের নাম-পরিচায়ক প্রথম পৃষ্ঠায় মুদ্রিত দেখিতে পাই যে, "বিফলান্যন্যশাস্ত্রাণি বিবাদস্তেষু কেবলম্। সফলং জ্যোতিষং শাস্ত্রং চন্দ্রার্কৌ যত্র সাক্ষিণৌ॥" ইহা কি লোক ভুলাইবার জন্য কথার কথা মাত্র?

সাক্ষ্য দিতে হইলে, গগনচারী পরিদৃশ্যমান চন্দ্র-সূর্য্যকেই সাক্ষ্য দিতে হইবে, তাঁহাদের সাক্ষ্যই একমাত্র প্রামাণ্য। পঞ্জিকায় গণিত অদৃশ্য অর্থাৎ অপরিচিত চন্দ্র সূর্য্যের সাক্ষ্য কে সত্য বলিয়া গ্রহণ করিবে? আর এক শ্রেণীর পঞ্জিকাকার বলেন যে, পিতৃ-পিতামহাদিক্রমে যে প্রথা প্রচলিত আছে, তাহাই গ্রহণীয়। সন ১৩১৮ সালের পি, এম, বাকচীর পঞ্জিকার ভূমিকায় শারদীয়া মহাপূজায় মহামায়ার সন্ধিপূজার সময় নির্দ্দেশে তাঁহাদের গণনার অভ্রান্ততা প্রতিপন্ন করিবার জন্য লিখিয়াছিলেন যে, "এ বৎসরেও সন্ধিপূজার যে সময় নিরূপিত হইল, তাহাতে গণনার কিছুমাত্র ভ্রম নাই। আমাদের পণ্ডিতমণ্ডলী কর্ত্তৃক যথাশাস্ত্র বিশুদ্ধ সময় নির্দ্ধারিত হইল। দৃগ্‌গণিতৈক্য-বাদী পাশ্চাত্য মতাবলম্বী শাস্ত্রবিরুদ্ধবাদী কতিপয় নব্যজনের যতই কেন আপত্তি উত্থাপিত হউক না, ধর্ম্মপ্রাণ হিন্দু সেই সকল আপত্তিতে কর্ণপাত না করিয়া নির্ব্বিবাদে নিঃশঙ্কচিত্তে আমাদের পঞ্জিকা-লিখিত সময়ে মহামায়ার সন্ধিপূজা সম্পন্ন করিবেন, তাহাতে ধর্ম্মের হানি বা কিছুমাত্র প্রত্যবায় ঘটিবে না। তথা চ—যেনৈব পিতরো যাতা যেন যাতা পিতামহাঃ। তেন যায়াৎ সতাং মার্গং তেন গচ্ছন্ন দূষ্যতি।" কিন্তু এত উপদেশ সত্ত্বেও সে বৎসর বঙ্গদেশের বহু স্থানে তাঁহাদের নির্দ্দিষ্ট সময়ে সন্ধিপূজা হয় নাই। তাঁহাদের ঐ অমূল্য উপদেশ পঞ্জিকা-তত্ত্বে অনভিজ্ঞ জনগণ কর্ত্তৃকই গ্রহণীয় হইয়া থাকে ও হইবে। যাঁহারা পঞ্জিকা-তত্ত্ব অবগত আছেন ও হিন্দু জ্যোতিষের ইতিহাস আলোচনা করিয়া থাকেন, তাঁহারা কখনই এবম্বিধ উপদেশে সন্তোষ লাভ করিতে পারেন না।

ভূগোল চিত্র, হিন্দু পপুলার য়্যাষ্ট্রনমি, তারা প্রভৃতি গ্রন্থ প্রণেতা তারাদর্শক স্বর্গীয় কালীনাথ মুখোপাধ্যায় মহাশয় হিন্দু জ্যোতিষের ইতিহাস আলোচনা করিয়া তাঁহার তারা গ্রন্থের ভূমিকায় লিখিয়াছিলেন, "রাশি-বিদ্যা ও নক্ষত্র-বিদ্যা ঋষিগণের গৌরবের ধন ছিল, তমসাবৃত ভারতে সেই সব শাস্ত্রের গ্রন্থ মাত্রই বিলুপ্ত হইয়াছে। তারা হারা হইয়া জ্যোতির্ব্বিদগণ পর্য্যবেক্ষণ দ্বারা গ্রহগণের বর্ত্তমান গতি ও স্থিতি নিরূপণ বিষয়ে অপটু হইয়াছেন। প্রাচীন বচনোক্ত গ্রহগতির ও গ্রহস্থিতির বীজ (পার্থক্য) সংশোধন করিবার উপায় রহিত হইয়াছে। অগত্যা পঞ্জিকাকারগণ প্রাচীন বচনসাহায্যে যাহা গণনা হইতে পারে, তাহাই গণনা করিতেছেন। রচনা সময়ে প্রাচীন বচন অব্যর্থ ছিল বটে। কিন্তু গ্রহগতি নিয়ত পরিবর্ত্তন শীল। যুগযুগান্ত পরে এক বচন খাটিতে পারে না। সুপ্রসিদ্ধ গণেশাচার্য্য বলিয়াছেন—ব্রহ্মসিদ্ধান্তে, বৃহস্পতিসিদ্ধান্তে, বশিষ্ঠসিদ্ধান্তে এবং কশ্যপসিদ্ধান্তে গ্রহগণের স্থিতি যথার্থতঃ নিরূপিত ছিল। কিন্তু কালবশে তাহার ব্যতিক্রম ঘটিলে কলির প্রারম্ভে পরাশরসিদ্ধান্ত (শঃ পূঃ ১৪৬৯) সত্য ফলপ্রদ ছিল। তৎপরে গ্রহগতির ব্যতিক্রম দৃষ্টে আর্য্যভট্ট (শঃ ৩৯৮) বীজ সংশোধনের পদ্ধতি স্থির করিয়া দেন। পুনরায় ব্যতিক্রম লক্ষিত হইলে দুর্গাসিংহ, মিহির (শঃ ৪২৩) প্রভৃতি বীজ সংশোধন করেন। তৎপরে জিষ্ণুপুত্র ব্রহ্মগুপ্ত (শঃ ৫২০) বীজ সংশোধন করেন। কেশবাচার্য্য (শঃ ১৩৭৮) গ্রহগণের স্থিতি নিরূপণ করেন। ৬৫ বৎসর অন্তে তৎপুত্র গণেশ বীজ সংশোধন করিলেন। তদবধি বীজসংশোধন সমাপ্ত হইল। এখন পঞ্জিকাভেদে আজ এ বাড়ী কাল ও বাড়ী দেবার্চ্চনা ও একাদশী পালন হইতেছে। প্রাচীন বচনের শাসনে পূর্ণ অম্বুবাচীদিন অবহেলা করিয়া অদিনে অম্বুবাচী পালিত হইতেছে। মহাবিষুব সংক্রান্তিদিন ও জল-বিষুবসংক্রান্তিদিন পালনের ত কথাই নাই। গ্রহণাদির লগ্নের বিশেষ তারতম্য ঘটিয়াছে। কবিকল্পনা অসীম উন্নত উপমাক্ষেত্রে বিচরণে বিরত হইয়াছে। যে ধ্রুবতারা দর্শনে ঋষিগণ প্রতি সন্ধ্যায় দেহ পবিত্র করিতেন, সেই ধ্রুবতারা পর্য্যন্ত এখন হিন্দু জাতির অপরিচিত হইয়াছে। সমাবর্ত্তনে ও বিবাহ-সংস্কারে—ভবদেব

ভট্ট-ধৃত গোভিলবচনোক্ত--ধ্রুব ও অরুন্ধতী দর্শন রহিত করিতে হইয়াছে। অগস্ত্য অর্ঘদান পুরাবৃত্তের কথা হইয়া দাঁড়াইয়াছে। তামসী নিশায় দিগ্বিদিক্ নির্ণয় ও রাত্রি-লগ্ন নিরূপণ করিবার ক্ষমতা ভারতে বিলুপ্ত হইয়াছে, কৃষ্ণা রজনীতে বিলে পড়িলে বঙ্গনাবিক নৌ-নিগড়ের আশ্রয় গ্রহণ করেন। দেখিয়া শুনিয়া সুদূরদর্শী পুরাণকার সমুদ্রযাত্রা নিষেধ করিলেন। কালের বিচিত্র গতি! পাশ্চাত্য শিক্ষাগুণে সুশিক্ষিত সম্প্রদায় জাতীয় রীতি-নীতির সংস্করণের কল্পনা করিতেছেন। এমন কি, পারাবারে তরী ভাসাইবার কথাও উঠিতেছে। ‘তারা’ প্রচারের সময় আগতপ্রায় বোধ হইতেছে।”

সন ১৩১২ সালে ‘তারা’ প্রকাশিত হয়, তখনও তারা দর্শনে লোকের চিত্ত বেশী আকৃষ্ট হয় নাই; তজ্জন্য ‘তারা’র প্রচার আশানুরূপ হয় নাই, তথাপি তারা দর্শক কালীনাথ মুখোপাধ্যায় মহাশয় গুরু পরিশ্রম সহকারে জ্যোতিষ ও অন্যান্য শাস্ত্রীয় গ্রন্থের আলোচনা করিয়া বীজ-সংস্কারের যে ধারাবাহিক ইতিহাস সঙ্কলন করিয়াছেন, তাহার মূল্য নিতান্ত কম নহে। পূর্ব্বোক্ত ইতিহাস হইতে আমরা জানিতে পারি যে, ৪ শত ৭ বৎসর পূর্ব্বে যে বীজ-সংশোধন হইয়াছিল তদনুসারেই বর্ত্তমান কালের পঞ্জিকাকারগণ গণনা করিয়া থাকেন। যদিও তাঁহাদের গণনা সম্পূর্ণ সিদ্ধান্ত-শাস্ত্রানুমোদিত এবং গণিতশাস্ত্রের পদ্ধতি অনুযায়ী, তথাপি উপযুক্ত বীজ সংশোধনের অভাবে এই সুদীর্ঘ কালে গ্রহস্ফুটে যে ৫।৭ দিনের এবং তিথি ও নক্ষত্রের স্থিতি মানে ৫।৭ ঘণ্টার তফাৎ হইবে, ইহাতে আর বিচিত্র কি?

সন ১৩২৩ সালের বঙ্গবাসী পঞ্জিকার ভূমিকায় লিখিত আছে যে, “এবারে যেমন উদ্বেগ বহন করিতে হইয়াছে, পঞ্জিকার ব্যবস্থাদান কার্য্যে প্রবৃত্ত হইয়া অবধি এমন আর কখনও হয় নাই। উদ্বেগের কারণ কি, তাহা বলিতেছি; গত বর্ষের (১৩২২ সালের) দেবী-বোধন ও দেবী-বিসর্জ্জন ব্যবস্থার মীমাংসার জন্য কলিকাতায় ‘বঙ্গীয়-ব্রাহ্মণ-সভা’ গৃহে যে সভা হইয়াছিল, তাহাতে সমবেত পঞ্জিকা-গণকগণের বাদানুবাদে বুঝিলাম,—কলিকাতার গণিত পঞ্জিকা সমূহের তিথ্যাদিমান কলিকাতা অঞ্চলের নহে,—উজ্জয়িনী হইতে ২ শত যোজন পূর্ব্বপ্রান্তে অবস্থিত কুমিল্লা অঞ্চলের। সুতরাং প্রচলিত পঞ্জিকা দেখিয়া কলিকাতা অঞ্চলের লোক ক্রিয়া-কলাপ করিলে অনেক স্থলেই তাহা পণ্ড হয়। আরও শুনিলাম যে, প্রচলিত পঞ্জিকা সমূহে যে গ্রহণ গণনা হয়, তাহা ইংরাজী নাবিক পঞ্জিকার নকল—আমাদের গণনায় তাহা মিলে না। আরও শুনিলাম যে, এই মিল করিবার জন্য পূর্ব্ব পূর্ব্ব জ্যোতিষিগণ যে যত্ন করিয়াছেন, বহুকাল সে যত্ন হয় নাই। সেই কারণে নিয়ত গতিশীল গ্রহগণের অন্তর হয়;—তাহাতেই এই অমিল, অতএব এখন পুনর্ব্বার যত্ন করা উচিত। যন্ত্রে দেখিয়া যাহাতে তাহার সহিত মিল হয়, এইরূপে সংস্কার করা কর্ত্তব্য। রাঘবানন্দ প্রভৃতিও এই মিল করিবার জন্য বীজ-সংস্কার দিয়াছেন। এখন রাঘবানন্দ প্রভৃতির মতেই গণনা হয়,—বীজ-সংস্কারও আছে। কিন্তু মিলে না, সুতরাং পুনর্ব্বার সংস্কার প্রয়োজন। যন্ত্র দর্শনের সহিত যে গণনার মিল, তাহা ‘দৃগ্‌গণিতৈক্য সংস্কার দ্বারা দৃগ্‌গণিতৈক্য’ সাধন কর্ত্তব্য। ইহাই অনেকের মত। কেহ কেহ বলেন, ‘দৃগ্‌গণিতৈক্য’ আমাদের শাস্ত্রীয় মতে কখনও হইত না। কাছাকাছি হইত, তবে এখন তাহাও হয় না, তাহাতেও ভুল আছে। সেই ভুল সংশোধনের জন্য সংস্কার প্রয়োজন। যাহা হউক, প্রচলিত পঞ্জিকা যে অভ্রান্ত নহে, তাহা সর্ব্ববাদি-সম্মত, অতএব সংস্কারের জন্য হিন্দুমাত্রেরই উদ্যোগী হওয়া উচিত। ব্রাহ্মণ-সভা সে বিষয়ে অগ্রণী হইয়াছেন; কিন্তু সে সংস্কার হইতে অন্ততঃ এক বৎসর লাগিবে।”

বৎসর উল্লেখোপযোগী কোন কার্য্যই ব্রাহ্মণসভা করিলেন না। অবশেষে মহামহোপাধ্যায় গুরুচরণ তর্ক-দর্শন-তীর্থ মহাশয়ের উদ্যোগে মাননীয় মহারাজা সার মণীন্দ্রচন্দ্র নন্দী কে, সি, এস, আই, মহাশয়ের বিপুল অর্থসাহায্যে হাইকোর্টের মাননীয় জজ সার আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে ১৩২৭ সালের আশ্বিন মাসে বঙ্গের সর্ব্ব বিভাগ হইতে আহূত পণ্ডিতমণ্ডলীর এক সভা হইল। সভায় নিরূপিত হইল যে, পঞ্জিকা-সংস্কারার্থ উপযুক্ত সারণী প্রস্তুত হইবে এবং উপনীত ব্যক্তিগণের নির্ব্বাচনে সারণী সংগঠকগণের নাম লিপিবদ্ধ করা হইল। তদবধি এ পর্য্যন্ত বিষয়টি আর অগ্রসর হয় নাই।" কেন হয় নাই, তাহা জনসাধারণ জানিতে পারে নাই। বীজ-সংশোধন পদ্ধতির উপযুক্ত গ্রন্থাবলীর বিলোপ-সাধন অথবা অপ্রাচুর্য্যই কি ইহার কারণ? কে জানে? কিন্তু বঙ্গবাসী পঞ্জিকার পরিচালকবর্গ প্রচলিত পঞ্জিকা অভ্রান্ত নহে, জানিয়াও বার বৎসরেরও অধিককাল সেই ভ্রান্ত মতের সমর্থন করিয়া তাঁহাদের পঞ্জিকা প্রকাশ করিতেছেন, তজ্জন্য তাঁহাদিগকে কি কর্ত্তব্যভ্রষ্ট হইতে হয় নাই এবং হিন্দু জনসাধারণকে দৈব ও পৈত্র্য কার্য্যে ভ্রান্ত মতে পরিচালিত করিয়া প্রত্যবায়ভাগী হইতেছেন না?

বেলুড় মঠস্থ শ্রীবিজ্ঞানানন্দ স্বামীর বঙ্গানুবাদ ও টীকা সমেত শ্রীসূর্য্যসিদ্ধান্ত সন ১৩১৬ সালে কলিকাতা হইতে প্রকাশিত হয়। উক্ত গ্রন্থের ভূমিকায় স্বামীজী লিখিয়াছেন :—

"* * হিন্দু জ্যোতিষের মূলতত্ত্বগুলিও পূর্ব্বে যথাসাধ্য মধ্যে মধ্যে শোধিত হইত। এখন তাহা করা হয় না। এগুলি যাহাতে পুনরায় পাশ্চাত্য দূরবীক্ষণ যন্ত্রের সাহায্যে মধ্যে মধ্যে শোধিত হয় তাহা একান্ত প্রয়োজনীয় হইয়া দাঁড়াইয়াছে। যাহাতে আধুনিক পাশ্চাত্য জ্যোতিষও আমরা আয়ত্ত করিতে পারি, তজ্জন্য ভারতবর্ষের স্থানে স্থানে ইংরাজী বেধালয় নির্ম্মিত হওয়া একান্ত আবশ্যক। * * সূর্য্যসিদ্ধান্তের গণনা-প্রণালী পাশ্চত্যগণনার সহিত মিল খাইবে না, তবে ইংরাজী রেধালয় হইতে দর্শনাদির দ্বারা সূর্য্যসিদ্ধান্তের বীজগুলি শোধিত হইতে পারে।" স্বামীজীর কৃত সূর্য্যসিদ্ধান্তের প্রচার কিরূপ হইয়াছিল বলিতে পারি না; ফিন্তু তাঁহার উক্তি এই সুদীর্ঘকালের মধ্যেও কলপ্রসূ হয় নাই।

পূর্ব্বে বাজারে প্রচলিত পঞ্জিকা সমূহের মধ্যে গণনায় পরস্পর মিল ছিল না। ৪০।৪২ বৎসর পূর্ব্বের কয়েকখানি পঞ্জিকা যথা দে ব্রাদার্সের হিন্দুপ্রেস পঞ্জিকা, এন, এল, শীলের ডাইরেক্টরী পঞ্জিকা, শ্রীরামপুর হইতে প্রকাশিত কালাচাঁদের ফুল পঞ্জিকা ও গুপ্তপ্রেস পঞ্জিকা মিলাইয়া দেখিলেই এ কথার সত্যাসত্য জানিতে পারা যায়। তখন পি, এম, বাক্‌চীর ও বঙ্গবাসী পঞ্জিকার জন্ম হয় নাই; পরে একখানি ক্ষুদ্র পঞ্জিকা বঙ্গবাসী কার্য্যালয় হইতে প্রকাশিত হইত, তাহাই পরবর্ত্তী কালে বঙ্গবাসী পঞ্জিকার আকার গ্রহণ করে। বর্ত্তমানকালে নানা কারণে কয়েকখানি পঞ্জিকার মধ্যে বেশ একটু মিল দেখিতে পাওয়া যায়; তাহাদের পরিচালকবর্গ যেন একটা যুক্তি করিয়াই গণনায় কতকটা ঐক্য-সাধন করিয়াছেন, নতুবা ব্যবসায় চালান দায়। কেন না ২।৩ খানি পঞ্জিকা যদি এক প্রকার হয়, তাহা হইলে সে গণনা ভ্রান্তিপূর্ণ হইলেও লোকের মনে কোন সন্দেহের উদ্রেক করে না। বরং তাহাদের সহিত অমিল অথচ নির্ভুল পঞ্জিকার প্রতিই লোকের সন্দেহ হয়। ইহাদের কেহ কেহ লোক ঠকাইবার আর এক অভিনব উপায় আবিষ্কার করিয়াছেন। তাঁহারা মধ্যে মধ্যে পঞ্জিকায় ধূমকেতুর আবির্ভাবের উল্লেখ করিয়া থাকেন, কোন ধূমকেতু চাক্ষুষ বা দূরবীক্ষণ যোগে দৃষ্টিগোচর হইলেই তাঁহারা তাঁহাদের পঞ্জিকার গণনার বিশুদ্ধির কথা ভেরীনিনাদে

দুই চারিটি পরিচিত বা অপরিচিত, চাক্ষুষ বা দূরবীক্ষণিক ধূমকেতু আমাদের আকাশে আবির্ভূত হইয়া থাকে, তাহাদের বিবরণ পাশ্চাত্য বৈজ্ঞানিক পত্রিকায় বাহির হইয়া থাকে। আমরা জিজ্ঞাসা করিতে পারি কি, হিন্দু-জ্যোতিষের কোন্ গ্রন্থের কোন্ স্থানে ধূমকেতুর কক্ষাসাধন ও তাহার স্পষ্ট আনয়নের গণনা-পদ্ধতি লিপিবদ্ধ আছে? ঐ সকল পঞ্জিকার পরিচালকবর্গ এ কথার উত্তর দিবেন কি? আমরা জানি, ধূমকেতুর কক্ষাসাধন ও তাহার স্পষ্ট আনয়ন করিতে হইলে একমাত্র পাশ্চাত্য জ্যোতিষ ভিন্ন অন্য উপায় নাই। কেহ কেহ পঞ্জিকায় ভূমিকম্পের কথাও সন্নিবিষ্ট করিতে লজ্জা বোধ করেন না। হায় বাঙ্গালীর পঞ্জিকা!

গ্রহগতির বীজ পরিশোধিত বিশুদ্ধ সারণীর অভাবে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার পরিচালকবর্গ, পাশ্চাত্য নাবিক পঞ্জিকা হইতে দৃকসিদ্ধ গ্রহস্ফুট গ্রহণ করিয়া সূর্য্যসিদ্ধান্ত প্রভৃতি সিদ্ধান্তশাস্ত্রানুমোদিত প্রথায়—যে প্রথায় বাঙ্গালার সমস্ত পঞ্জিকা গণিত হইয়া থাকে—গণনা করিয়া থাকেন। তথাপি বহু রুচিবাগীশ 'পাশ্চাত্য-সংশ্রব কলুষিত' বলিয়া বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা ব্যবহারে বিরত আছেন। তাঁহারা অসত্যপ্রচার ব্রতে ব্রতী সাধারণ পঞ্জিকা ব্যবহার করিয়া ধর্ম্ম ও পৈত্র্য কার্য্য লোপজনিত পাতক সঞ্চয় করিবেন, তথাপি সত্য-ফলপ্রদ পরিদৃশ্যমান চন্দ্রসূর্য্যের সাক্ষ্য গ্রহণ করিবেন না। সন ১৩০১ ও ১৩০২ সালের গুপ্তপ্রেশ পঞ্জিকার দীর্ঘ ভূমিকায় নাবিক পঞ্জিকা হইতে গ্রহস্ফুট গ্রহণ করিয়া পঞ্জিকা গণনা করার বিরুদ্ধে ও বাঙ্গালার ইংরাজী শিক্ষিত সম্প্রদায়কে লক্ষ্য করিয়া যে সকল কথা বলিয়াছেন, স্থানাভাব বশতঃ এখানে তাহা উদ্ধৃত করা সম্ভব হইল না, সুধী ও কৌতুহলী পাঠকবৃন্দ উক্ত পঞ্জিকা সংগ্রহ করিয়া পাঠ করিলেই তাহা বুঝিতে পারিবেন। সে আজ ৩৩।৩৪ বৎসর পূর্ব্বের কথা, কিন্তু এক্ষণে আমরা দেখিতেছি যে, ইংরাজী শিক্ষিত ব্যক্তিগণই দেশের সর্ব্ব বিভাগে, সর্ব্ব বিষয়ে উন্নতির চেষ্টায় নিযুক্ত আছেন। ইংরাজী শিক্ষিত ব্রাহ্মণ-পণ্ডিত, ইংরাজী শিক্ষিত দার্শনিক ও জ্যোতিষিগণ, এমন কি, ইংরাজী শিক্ষিত গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায় নিজ নিজ বিভাগের উন্নতির জন্য বদ্ধপরিকর হইয়াছেন। মধ্যযুগের অশিক্ষিত পটু, রক্ষণশীল, সংস্কার-জ্ঞানপরিবর্জ্জনকারী জগতের সহিত সম্বন্ধ-পরিশূন্য প্রাচীনপন্থী ব্যক্তিগণের আলস্য-বিজড়িত ঔদাসীন্যের ফলেই ভারতের অবনতির সূচনা হইয়াছিল। তাঁহাদেরই কৃত কর্ম্মের ফলে হিন্দু জ্যোতিষের গণনা দৃক্‌সিদ্ধ করিবার বেধালয়—ভারতের মান-মন্দিরগুলি পরিত্যক্ত হওয়ায়. আর্যঋষিগণের গৌরবের ধন রাশি-বিদ্যা ও নক্ষত্র-বিদ্যা দারুণ দুর্দ্দশাগ্রস্ত হইয়াছে। আজ জ্ঞান-বিজ্ঞানের উন্নতির যুগ-প্রভাতে যখন উষার কনককিরণ দিকে দিকে প্রসারিত হইয়া সর্ব্ব-বিভাগের সংস্কারের পরিকল্পনাকে সাফল্য-মণ্ডিত করিতেছে, তখন প্রাচীন ভারতের ঋষিগণের গৌরবের ধন জ্যোতিষশাস্ত্রের, তথা হিন্দুর নিত্য ব্যবহার্য্য দৈব ও পৈত্র্য কার্য্যের একমাত্র সহায় পঞ্জিকার সংস্কার কেন সাফল্যমণ্ডিত হইবে না? আমাদের বুধমণ্ডলীর মনোযোগ কি এ দিকে আকৃষ্ট হইবে না?

আমরা এই স্থানে কয়েকটি অসামঞ্জস্যের উল্লেখ করিয়া বর্ত্তমান প্রবন্ধের উপসংহার করিব। সন ১৩৩৪ সালের গুপ্তপ্রেশ পঞ্জিকার গ্রহস্ফুটে দেখা যায় যে, ১৯শে কার্ত্তিক ৫ই নভেম্বর রবি ৬।১৮।২৬।২৭ বুধ ৬।১৯।২১।৪৮ অর্থাৎ বুধ সূর্য্য হইতে ০।০।৫৫।২১ পূর্ব্বদিকে। ২০শে কার্ত্তিক ৬ই নভেম্বর রবি ৬।১৯।২৬।৪৮ বুধ ৬।১৮।৩২।৫৭ অর্থাৎ বুধ সূর্য্য হইতে ০।০।৫৩।৫১ পশ্চিম দিকে। অতএব দেখা যাইতেছে যে, ১৯শে কার্ত্তিক সূর্য্যোদয়ের পর হইতে ২০শে কার্ত্তিক সূর্য্যোদয়ের পূর্ব্বে যে কোনও সময়ে বুধ সূর্য্যকে অতিক্রম করিয়া পূর্ব্বদিক হইতে পশ্চিমে আসিয়াছে। বলা বাহুল্য যে বুধ ঐ সময়ে বক্রগতি ক্রমে পূর্ব্বদিক হইতে পশ্চিমে গমন করিতেছিল। ঐ প্রকার গমনকালে যদি

সম্ভব হইত, তবে ঐ দিন বুধকে সূর্যমণ্ডলের উপরিভাগে দেখিতে পাওয়া যাইত। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায় দেখা যায় যে, ২৪শে কার্ত্তিক ১০ই নভেম্বর রবি স্ফুট ৬।২৩।৫২।৩৯ বুধ স্ফুট ৬।২৪।২৩।৫৮ অর্থাৎ বুধ সূর্য্য হইতে ০।০।৩১।১৯ পূর্ব্বদিকে। ২৫শে কার্ত্তিক ১১ই নভেম্বর রবি স্ফুট ৬।২৪।৫২।৫৮ বুধ স্ফুট ৬।২৩।৪।৩১ অর্থাৎ বুধ সূর্য্য হইতে ০।১।৪৮।২৭ পশ্চিমে। অতএব ২৪শে কার্ত্তিক সূর্য্যোদয়ের পরে বুধ সূর্য্যকে অতিক্রম করিয়া পশ্চিমে আসিয়াছে। যদি সম্ভব হয়, তবে ঐ সময়ে বুধকে সূর্য্যমণ্ডলের উপরিভাগে দেখিতে পাইবার কথা। যশোহর হইতে আমরা এবং হুগলী ঘুটিয়া-বাজার হইতে দূরবীক্ষণ-নির্ম্মাতা ধর ব্রাদার্সের কারখানার প্রতিষ্ঠাতা অবসরপ্রাপ্ত সবজজ রায় বাহাদুর শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ধর এম-এ বি-এল মহাশয় দূরবীক্ষণ যোগে বুধকে ঐদিন সূর্য্যমণ্ডলের উপর দিয়া গমন করিতে দেখিয়াছিলাম। প্রাতে ঘ ৮।৫৮।১ সময়ে কৃষ্ণবর্ণ গোলাকৃতি বুধ সূর্য্যমণ্ডলে প্রবেশ করিয়াছিল এবং সূর্য্যমণ্ডলের উপর দিয়া গমন করিয়া অপরাহ্ণ ঘ° ২।২০।৫৮ সময়ে সূর্য্যমণ্ডল হইতে অপসৃত হইয়াছিল। এখানে রবি ও বুধের প্রকৃত স্ফুটে প্রচলিত পঞ্জিকার স্ফুটের সহিত পাঁচ দিনের তফাৎ।

সন ১৩৩৫ সালের বঙ্গবাসী পঞ্জিকার গ্রহস্ফুটে দেখা যায় যে, ২৬শে আষাঢ় মঙ্গল ০।১৪।১৪।২ বৃহস্পতি ০।১৪।৩৯।১৫ অর্থাৎ মঙ্গল বৃহস্পতি হইতে ০।০।২৫।১৩ পশ্চিমে এবং ২৭ আষাঢ় মঙ্গল ০।১৪।৫৫।২৯ ও বৃহস্পতি ০।১৪।৪৮।২২ অর্থাৎ মঙ্গল বৃহস্পতিকে অতিক্রম করিয়া ০।০।৭।৭ পূর্ব্বদিকে গমন করিয়াছে। আর বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকায় দেখা যায় যে, ২০শে আষাঢ় মঙ্গল ০।১২।৪২।২৩ ও বৃহস্পতি ০।১২।৪৪।৫৪ অর্থাৎ মঙ্গল বৃহস্পতি হইতে ০।০।২।৩১ পশ্চিমে এবং ২১শে আষাঢ় মঙ্গল ০।১৩।২৪।৫৭ ও বৃহস্পতি ০।১২।৫৪।১৭ অর্থাৎ মঙ্গল বৃহস্পতিকে অতিক্রম করিয়া ০।০।৩০।৪০ পূর্ব্বদিকে গমন করিয়াছে। এখানে মঙ্গল ও বৃহস্পতির প্রকৃত স্ফুটের সহিত প্রচলিত পঞ্জিকায় প্রদর্শিত স্ফুটে ছয় দিনের তফাৎ। মঙ্গল ও বৃহস্পতি গ্রহদ্বয়ের যুতি বা একই বিষুবাংশে অবস্থান একটি প্রত্যক্ষদৃষ্ট চাক্ষুষ ঘটনা। ২০শে ও ২১শে আষাঢ় শেষ রাত্রিতে আমরা অনেকেই উহা দেখিয়াছিলাম। ২৬শে ও ২৭শে আষাঢ় মঙ্গল বৃহস্পতি হইতে বহুদূরে পূর্ব্বদিকে গমন করিয়াছিল। বৃষরাশিস্থ অত্যুজ্জ্বল রক্তবর্ণ "হলদ্দীবরণ" নামক তারাটী রোহিণী নক্ষত্রের যোগতারা। ঐ তারাটি চন্দ্রের গমনপথের প্রায় উপরে অবস্থিত; এবং সময়ে সময়ে চন্দ্র কর্ত্তৃক ঐ তারাটি আবরিত হইয়া থাকে, চন্দ্রের সহিত রোহিণীর সম্বন্ধসূচক বহু আখ্যায়িকা বঙ্গদেশে প্রচলিত আছে। সুতরাং ঐ তারাটি বাঙ্গালার বহু নর-নারীর নিকট সুপরিচিত, আমরা চন্দ্র কর্ত্তৃক ঐ তারাটি আবৃত হওয়া—ইহা একটি চাক্ষুষ পরিদৃশ্যমান ঘটনা, ইহা দেখিতে দূরবীক্ষণের আবশ্যক হয় না—পরীক্ষা করিয়া দেখিয়াছি যে, প্রচলিত পঞ্জিকায় প্রদত্ত চন্দ্রের স্ফুট ভ্রমসঙ্কুল। যদি প্রচলিত পঞ্জিকায় প্রদত্ত সূর্য্যের ও চন্দ্রের স্ফুট ঠিক না হয়, তাহা হইলে সূর্য্য ও চন্দ্রের স্ফুটের অন্তর—তিথি—এবং চন্দ্র গৃহ বা নক্ষত্র যাহা প্রচলিত পঞ্জিকায় প্রদর্শিত হইয়া থাকে, তাহার স্থিতিমান কখনও বিশুদ্ধ হইতে পারে না।

শ্রীরাধাগোবিন্দ চন্দ্র (এম, বি, এ, এ)।

বিবিধতত্ত্ব।

ওঁ নমঃ শ্রীসূর্য্যায় পরব্রহ্মণে। শুভ মস্ত শকাব্দাঃ ১৮৫১, সন ১৩৩৬, ইংরাজী ১৯২৯।৩০, সম্বৎ ১৯৮৬।৮৭, বঙ্গাব্দাঃ ১৩৩৬, হিজরী ১৩৪৭।৪৮, ফস্‌লী ১৩৩৬।৩৭, মগী ১২৯১।৯২, বগড়ী সন ১৩৩৭, ত্রিপুরাব্দাঃ ১৩৩৯, চৈতন্যাব্দাঃ ৪৪৩।৪৪, শ্রী৺শঙ্করাব্দাঃ ৪৮০।৮১. দানেশাব্দাঃ ১৭৮।৭৯, আমলী ১৩৩৬।৩৭।

অথ শ্বেতবরাহ কল্পাব্দাঃ ৪৩২০০০০০০০, অত্র ষন্মনবো গতাঃ প্রথমঃ সায়ম্ভুবো মনুঃ, দ্বিতীয়ঃ স্বারচিষো মনুঃ, তৃতীয়ঃ উত্তমজো মনুঃ, চতুর্থস্তামসো মনুঃ, পঞ্চমো রৈবতো মনুঃ, ষষ্ঠ শ্চাক্ষুষো মনুঃ, সপ্তমো বৈবস্বতো মনুঃ, সম্প্রতি তস্যৈবাধিকারঃ, তস্য সপ্তবিংশতি মহাযুগানি গতানি, অষ্টাবিংশ মহাযুগে কলিযুগঃ প্রারম্ভঃ, অত্র চতুর্যুগ পরিমাণং ৪৩২০০০০ বিংশতি সহস্রাধিক ত্রিচত্বারিংশল্লক্ষ পরিমিত বর্ষানি।

অথ শ্বেতবরাহকল্পাব্দাঃ ৪৩২০০০০০০০, তৎ কল্পাতীতাব্দাঃ ১৯৭২৯৪৯০৩০, তৎ কল্পস্য ভূসৃষ্টিতোঽতীতাব্দাঃ ১৯৫৫৮৮৫০৩০, কল্যব্দাঃ ৪৩২০০০, কলের্গতাব্দাঃ ৫০৩০, কলেঃস্থিতাব্দাঃ ৪২৬৯৭০, কল্যাদৌ সন্ধ্যা ৩৬০০০, কল্যন্তে সন্ধ্যাংশঃ ৩৬০০০, কলেঃ সন্ধিঃ ৭২০০০, মহাবিষুব সংক্রান্তি দিনে শনিবাসরে ভূসৃষ্ট্যাদেরহর্গণঃ ৭১৪৪০৪১৩৩৮৭৬, কল্যাদেরহর্গণঃ ১৮৩৭২৪৯, অয়নাংশাদি ২২°।৫১'।২২"।

অথ প্রভবাদি বার্হস্পত্য গতবর্ষাদি ১৪।১১।১৪।২৫।৪৮, তেন ব্রহ্ম বিংশতি গতবর্ষাদি ১৪।১১।১৪।২৫।৪৮, অস্য ভোগ্যবর্ষাদি ৫।০।১৫।৩৪।১২। এত্তেন সৌরবৈশাখস্য প্রথমদিনাত্তস্যৈব পঞ্চদশদিনং যাবৎ বলভূৎ যুগান্তর্গত বৃষ নামাবর্ষ স্তৎফলং কোদ্রবাঃ শালিমুগাশ্চ শক্তু মাষাস্তথৈব চ। মহার্ঘ্যং জায়তে সর্ব্বং বৃষে চ সুরবন্দিতে॥ ততো দহন যুগান্তর্গত শ্চিত্রভানু নামা বর্ষ স্তৎফলং চনকমুদ্গমাষাশ্চ অন্যচ্চ দ্বিদলং প্রিয়ে। মহার্ঘ্যং জায়তে সর্ব্বং চিত্রভানৌ বরাননে॥

অথ কার্ত্তিকাদি বর্ষজ্ঞানং।

অস্মিন্ বর্ষে সৌর জ্যৈষ্ঠস্য সপ্তদশ দিবসে কৃত্তিকা নক্ষত্রে গুরোরুদয় সম্বন্ধেন কার্ত্তিক নামায়ং বর্ষস্তৎ ফলং—শকটানলোপ জীবিকগোপীড়া ব্যাধি শোকশ্চ। বৃদ্ধিস্ত রক্ত পীতক কুসুমানাং কার্ত্তিকে বর্ষে।"

অথ সম্বৎ সরাদি বর্ষজ্ঞানং।

অস্মিন্ বর্ষে সৌর বৈশাখস্য প্রথম দিনাৎ সৌর চৈত্রান্তং যাবৎ সম্বৎসর নামা বর্ষ স্তৎ ফলং সম্বৎসরে তথা দানং তিলস্য তু মহাফলং।



সন ১৩৩৬ সাল। শকাব্দা ১৮৫১।

বুধ রাজা শনি মন্ত্রী।

অথ রাজাত্থানয়নং।

বুধো রাজা শনি মন্ত্রী জলানামধিপঃ কুজ। ভৃগুঃ শস্যাধিপঃ জ্ঞেয় সংবর্ত্তো মেঘ নায়কঃ॥ বিবহঃ পবনাধিশঃ কর্কটো নাগ নায়কঃ। অঞ্জনঃ কুঞ্জবাধিশা সার্পিবারিনির্ধের্জ্জলং॥ লোকালোকঃ পর্ব্বতেশঃ পুষ্করো দ্বিপ নায়কঃ। অগ্নিনাম ভবেরৌদ্রঃ কাশিরাজশ্চিকিৎসকঃ॥ হনুমানাঢ়কেশশ্চ কুবেরঃ কুড়বাধিপঃ। পর্ব্বতে গুটিকাপাতঃ ষন্নবতীং জলাঢ়কং॥ বুধো বর্ষাধিপো জ্ঞেয়ো মাসেশো রবিনন্দনঃ। সাবনাব্দপতিঃ শুক্রঃ কুজঃ সাবনমাসপঃ॥ চন্দ্রবাণ ধৃতি প্রমে শাকে রাজাদয়ো বুধৈঃ।

রাজ ফলং—কুর্য্যাৎ শস্যময়ীং পৃথ্বীং নৈরুজ্যং বৃষ্টিমুত্তমাং।
যস্মিনব্দে বুধোরাজা লেখকাস্ত্রবিদাং মুদং॥

মন্ত্রী ফলং—হাহাকরা ভবেৎ পৃথ্বী প্রজাপাড়া নিরন্তরং।
রোগশোকৌ ভয়োদ্বেগৌ যত্র মন্ত্রী শনৈশ্চরঃ॥

জলাধিপ ফলং—দেশধ্বংসঃ প্রজাপীড়া পরচক্রভয়ং মহৎ।
জগন্তবতি দুঃখার্ত্তং যত্র তোয়পতিঃ কুজঃ॥

শস্যাধিপ ফলং—সর্ব্বত্র সুলভা বৃষ্টিঃ প্রজাবৃদ্ধিঃ প্রজায়তে।
জায়ন্তে বহুশস্যানি যত্র শস্যাধিপঃ সিতঃ॥

মেঘনায়ক ফলং—সর্ব্বত্র সুলভা বৃষ্টি র্বহুশস্যা বসুন্ধরা।
সুভিক্ষং ক্ষেমমারোগ্যং সম্বর্ত্তে জলদাধিপে॥

বায়ু ফলং—নির্ব্বহা নিস্ফলা পৃথ্বী মন্দাগ্নিশ্চ সদা ভবেৎ।
কফপিত্তাদি পীড়া স্যাৎ বিবহে বায়ুরাজকে॥
নাগ ফলং—অনেক ধন মন্নংবা নন্দন্তি নরপালকাঃ।
শস্যবৃদ্ধি র্ভবেত্তত্র বর্ত্তে পন্নগেশ্বরে॥
গজ ফলং—অঞ্জনে নীচলোকানাং হানিঃ স্যান্মুদিতা দ্বিজাঃ।
ক্ষত্রিয়ানাং সদা নাশো যুদ্ধেতু নাত্র সংশয়ঃ॥
সমুদ্র ফলং—সর্পিঃ পয়োনিধের্ব্বারিঃ কফধাতুর্ব্বলী ভবেৎ।
বহুতোয় যুতা মেঘাঃ শস্যপূর্ণা বসুন্ধরা॥
পর্ব্বত ফলং—লোকালোকো যত্র বর্ষে নাগানামধিপো ভবেৎ
বজ্রেণ পীড়িতা বৃক্ষা যুদ্ধঞ্চ পৃথিবী তলে॥
দ্বীপ ফলং—শস্য বৃদ্ধিঃ প্রজাবৃদ্ধি ধনবৃদ্ধি বিশেষতঃ।
নৃপণামুৎসবশ্চৈব পুষ্করে দ্বীপ নায়কে॥
রৌদ্র ফলং—অগ্নিনামাভবেরৌদ্র উত্তাপো দুঃখদঃ সদা।
শস্যহানিধ্রুবং নিত্যং নানাপীড়া করঃ সদা॥
বৈদ্য ফলং—কাশীরাজো যদা বৈদ্যঃ সর্ব্বব্যাধি বিনাশনঃ।
দর্শনে ব্যাধিনাশঃ স্যাৎ স্পর্শনেনাস্যকিং ততঃ॥
আঢ়কেশ ফলং—হনুমানাঢ়ক ধারী চাতি বৃষ্টির্ধরাতলে।
হাহাকারাঃ প্রজাঃ সর্ব্বাঃ তৃণশস্য মহার্ঘ্যতাঃ॥
কুড়বেশ ফলং—কুড়বেশঃ কুবেরে চ ন শস্য বহুলং ভবেৎ।
অল্প বৃষ্টি যুতা মেঘাস্তৃণ শস্য মহার্ঘ্যতাঃ।
গুটীকাপাত ফলং—পর্ব্বতে গুটিকাপাতে শিলাবৃষ্টির্ভবেৎ সদা।
শস্যবৃদ্ধিকরশ্চৈব ধ্রুবং সর্ব্বত্র মঙ্গলং।

অস্মিন্ বর্ষে জলাঢ়কা ৯৬ সমুদ্রে ৪৮ পর্ব্বতে ২৮৮ পৃথিব্যাং ১৯।০

অথ বিশ্বাঃ বর্ষা ৯, ধান্য ১৫, তৃণ ৭, শীত ১৩, ঘর্ম্ম ১৯, সমীরণ ১১, প্রজাবৃদ্ধি ১৭, প্রজাক্ষয় ১১, রাজবিগ্রহ ১৭। রোগ ৮, আরোগ্য ১৪, ধনবৃদ্ধি ৬, ধনক্ষয় ১২, রৌদ্র ১৮, বজ্র ১০, সুধা ১৬, সর্প ১০, কৃমি ১৬। ধর্ম্ম ৭, অধর্ম্ম ১৩, দর্প ৫, মৎস্য ১১, কূর্ম্ম ১৭, শিলা ৯, জলশোষ ১৫, পক্ষি ৯, আপ্লব ১৫।

বর্ষচক্র গণনা।

পর্ব্বতে ৩।৪।৫ ফলং ধনাগমঃ।	স্বর্গে ২৭।১।২ ফলং সুখং।	গগনে ২১।২২।২৩ ফলং মানভঞ্জনং।
চক্রে ৬।৭।৮ ফলং দরিদ্রতা।	ক্রোড়ে ২৪।২৫।২৬ ফলং সর্ব্ব সুখং।	শঙ্খে ১৮।১৯।২০ ফলং মহতী লক্ষ্মীঃ।
সমুদ্রে ৯।১০।১১ ফলং ভাসনং।	ধরণ্যাং ১২।১৩।১৪ ফলং পুত্রসম্পত্তিঃ।	রসাতলে ১৫।১৬।১৭ ফলং মরণং।

স্বর্গে চ সুখমাপ্নোতি পর্ব্বতে চ ধনাগমঃ। চক্রে দরিদ্রতা মেতি সমুদ্রে ভাসনং ফলং॥
ধরণ্যাং পুত্র সম্পত্তি মরণঞ্চ রসাতলে। শঙ্খে চ মহতী লক্ষ্মী গগনে মানভঞ্জনং॥

বর্ষদোষ শান্তি—চক্রে ছত্রং প্রদাতব্যং সমুদ্রে চ সুশস্যকং। রজতং হেমবস্ত্রঞ্চ [illegible] পূর্ণং কুম্ভং দদ্যাৎ রসাতলে।

মেষাদি দ্বাদশ রাশির আয়, ব্যয়, স্থিতি নির্ণয়।

রাশি	আয়	ব্যয়	স্থিতি	রাশি	আয়	ব্যয়	স্থিতি
মেষ	২	২	০	তুলা	১১	২	৯
বৃষ	১১	২	৯	বিছা	২	২	০
মিথুন	৫	২	৩	ধনুঃ	৮	২	৬
কর্ক্কট	১১	১	১০	মকর	২	৩	০
সিংহ	৮	১	৭	কুম্ভ	২	৩	০
কন্যা	৫	২	৩	মীন	৮	২	৬

মেষাদি দ্বাদশ রাশির দ্বাদশ মাসের ফল গণনা।

বৈশাখ মাসের ফল। মেষ ও কৃত্তিকাযুক্ত বৃষের ভ্রমণ। রোহিনীযুক্ত বৃষের, মিথুন, কর্কট ও মঘা পর্য্যন্ত সিংহের রাজসুখ। পূর্ব্বফল্গুনীযুক্ত সিংহ হইতে হস্তাপর্য্যন্ত কন্যার পটুতা। চিত্রাযুক্ত কন্যা হইতে তুলা ও বৃশ্চিকের ধনাধ্যক্ষতা। মূলাযুক্ত ধনু হইতে উত্তরাষাঢ়া পর্য্যন্ত মকরের অর্থপ্রাপ্তি। শ্রবণাযুক্ত মকর হইতে শতভিষাযুক্ত কুম্ভের মহদ্দুঃখ। পূর্ব্বভাদ্রযুক্ত কুম্ভ ও মীনের সুখ।

জ্যৈষ্ঠ মাসের ফল। মেষ ও রোহিনী যুক্ত বৃষের ঐশ্বর্য্য। মৃগশিরাযুক্ত বৃষ মিথুন ও আদ্রাযুক্ত মিথুনের রাজ পূজা। পুনর্ব্বসুযুক্ত মিথুন কর্কটের অপমৃত্যু। পুষ্যাযুক্ত কর্কটের রোগ। অশ্লেষাযুক্ত কর্কট সিংহ ও উত্তর ফল্গুনীযুক্ত কন্যার ভোগ। হস্তাযুক্ত কন্যা, তুলা ও বৃশ্চিকের মান। মূলাযুক্ত ধনু হইতে শ্রবণাযুক্ত মকরের বন্ধনভয়। ধনিষ্ঠাযুক্ত মকর কুম্ভ ও মীনের লাভ।

আষাঢ় মাসের ফল। অশ্বিনীভরণী যুক্ত মেষের বন্ধনভয়। কৃত্তিকাযুক্ত মেষ বৃষ ও আদ্রাপর্য্যন্ত মিথুনের সম্মান। পুনর্ব্বসুযুক্ত মিথুন ও কর্কটের অপমান মঘা ও পূর্ব্বফল্গুনীযুক্ত সিংহের মৃত্যুবৎ। উত্তরফল্গুনীযুক্ত সিংহ ও কন্যার দুঃখ। হস্তাযুক্ত কন্যা তুলা ও বিশাখা পর্য্যন্ত বৃশ্চিকের লাভ। অনুরাধাযুক্ত বৃশ্চিক পূর্ব্বাষাঢ়া পর্য্যন্ত ধনুর ভ্রমণ। উত্তরাষাঢ়াযুক্ত ধনু মকর কুম্ভ ও পূর্ব্বভাদ্রপদযুক্ত মীনের স্ত্রীলাভ। উত্তরভাদ্রপদ ও রেবতীযুক্ত মীনের বন্ধনভয়।

শ্রাবণ মাসের ফল। মেষ ও কৃত্তিকাযুক্ত বৃষের ভিক্ষালাভ। রোহিনীযুক্ত বৃষ মিথুন ও পুনর্ব্বসুযুক্ত কর্কটের প্রবাস। পুষ্যাযুক্ত কর্কট হইতে পূর্ব্বফল্গুনী পর্য্যন্ত সিংহের কিঞ্চিল্লাভ। উত্তরফল্গুনীযুক্ত সিংহ কন্যা ও স্বাতী পর্য্যন্ত তুলার নিষ্ফল। বিশাখাযুক্ত তুলা ও বৃশ্চিকের মান। ধনু ও উত্তরাষাঢ়াযুক্ত মকরের বিদ্যালাভ। শ্রবণাযুক্ত মকর কুম্ভ ও উত্তরভাদ্রপদ পর্য্যন্ত মীনের বিত্তসঞ্চয়। রেবতীযুক্ত মীনের ভিক্ষালাভ।

ভাদ্র মাসের ফল। মেষ ও কৃত্তিকাযুক্ত বৃষের মান। রোহিনীযুক্ত বৃষ, মিথুন ও পুনর্ব্বসুযুক্ত কর্কটের বন্ধনভয়। পুষ্যাযুক্ত কর্কট, সিংহ ও উত্তরফল্গুনীযুক্ত কন্যার লাভ। হস্তাযুক্ত কন্যা তুলা ও বিশাখাযুক্ত বৃশ্চিকের ঐশ্বর্য্য। অনুরাধা জ্যেষ্ঠাযুক্ত বৃশ্চিকের রাজপূজা। মূলাযুক্ত ধনুর অপমৃত্যু। পূর্ব্বাষাঢ়াযুক্ত ধনুর রোগ। উত্তরাষাঢ়াযুক্ত ধনু মকর ও শতভিষাযুক্ত কুম্ভের ভোগ। পূর্ব্বভাদ্রপদযুক্ত কুম্ভ ও মীনের মান॥

আশ্বিন মাসের ফল। মেষ ও রোহিনী পর্য্যন্ত বৃষের ভ্রমণ। মৃগশিরাযুক্ত বৃষ মিথুন ও কর্কটের স্ত্রীলাভ। সিংহ ও হস্তাপর্য্যন্ত কন্যার বন্ধনভয়। চিত্রাযুক্ত কন্যা তুলা ও অনুরাধাপর্য্যন্ত বৃশ্চিকের সম্মান। জ্যেষ্ঠাযুক্ত বৃশ্চিক ও মূলা পূর্ব্বাষাঢ়াযুক্ত ধনুর অপমান। উত্তরাষাঢ়াযুক্ত ধনু মকর ও শ্রবণাযুক্ত মকরের মৃত্যুবৎ। ধনিষ্ঠাযুক্ত মকর ও কুম্ভের দুঃখ। শতভিষাযুক্ত কুম্ভ ও মীনের মান।

কার্ত্তিক মাসের ফল। মেষ ও রোহিনী পর্য্যন্ত বৃষের মান। মৃগশিরাযুক্ত বৃষ মিথুন ও কর্কটের বৈরতা। সিংহ ও হস্তাপর্য্যন্ত কন্যার সুখ সম্ভব। চিত্রাযুক্ত কন্যা তুলা ও বিশাখাযুক্ত বৃশ্চিকের ভোগ। অনুরাধাযুক্ত বৃশ্চিক ও মূলা পর্য্যন্ত ধনুর ত্রাস। পূর্ব্বাষাঢ়াযুক্ত ধনু হইতে শ্রবণাপর্য্যন্ত মকরের ভোগ। ধনিষ্ঠাযুক্ত মকর কুম্ভ ও পূর্ব্বভাদ্রপদযুক্ত মীনের ভয়। উত্তরভাদ্রপদ ও রেবতীযুক্ত মীনের মান।

অগ্রহায়ণ মাসের ফল। অশ্বিনীযুক্ত মেষের রোগ। ভরণীযুক্ত মেষ বৃষ ও মৃগশিরা যুক্ত মিথুনের ভোগ। আর্দ্রাযুক্ত মিথুন, কর্কট ও পূর্ব্বফল্গুনীযুক্ত সিংহের মান। উত্তরফল্গুনীযুক্ত সিংহ কন্যা ও স্বাতী পর্য্যন্ত তুলার বন্ধনভয়। বিশাখাযুক্ত তুলা বৃশ্চিক ও পূর্ব্বাষাঢ়া পর্য্যন্ত ধনুর লাভ। উত্তরাষাঢ়াযুক্ত ধনু মকর ও শতভিষা পর্য্যন্ত কুম্ভের ঐশ্বর্য্য। পূর্ব্বভাদ্রপদযুক্ত কুম্ভ, মীন ও উত্তরভাদ্রপদযুক্ত মীনের রাজপূজা। রেবতীযুক্ত মীনের অপমৃত্যু ॥

পৌষ মাসের ফল। অশ্বিনীযুক্ত মেষের অপমান। ভরণীযুক্ত মেষ ও কৃত্তিকাযুক্ত মেষ বৃষের মৃত্যুবৎ। রোহিনীযুক্ত বৃষের দুঃখ। মৃগশিরাযুক্ত বৃষ মিথুন ও পুষ্যাযুক্ত কর্কটের লাভ। অশ্লেষাযুক্ত কর্কট সিংহ ও উত্তরফল্গুনীযুক্ত কন্যার ভ্রমণ। হস্তাযুক্ত কন্যা তুলা ও অনুরাধাযুক্ত বৃশ্চিকের স্ত্রীলাভ। জ্যেষ্ঠাযুক্ত বৃশ্চিক ধনু ও উত্তরাষাঢ়াযুক্ত মকরের বন্ধনভয়। শ্রবণাযুক্ত মকর কুম্ভ ও পূর্ব্বভাদ্রপদযুক্ত মীনের সম্মান উত্তরভাদ্রপদ ও রেবতীযুক্ত মীনের অপমান।

মাঘ মাসের ফল। অশ্বিনীভরনীযুক্ত মেষের সুখ। কৃত্তিকা মেষ বৃষ ও মৃগশিরা পর্য্যন্ত মিথুনের প্রবাস। আর্দ্রাযুক্ত মিথুন কর্কট ও মঘা পর্য্যন্ত সিংহের অর্থলাভ। পূর্ব্বফল্গুনীযুক্ত সিংহ হইতে হস্তাপর্য্যন্ত কন্যার বহুসুখ। চিত্রাযুক্ত কন্যা তুলা ও বিশাখাযুক্ত বৃশ্চিকের সুখ। অনুরাধাযুক্ত বৃশ্চিক হইতে মূলা পর্য্যন্ত ধনুর অর্থনাশ। পূর্ব্বাষাঢ়াযুক্ত ধনু, মকর ও শতভিষাযুক্ত কুম্ভের সুখ। পূর্ব্বভাদ্রপদযুক্ত কুম্ভ ও মীনের সুখ। উত্তরভাদ্রপদযুক্ত মীনের ভয় রেবতীযুক্ত মীনের সুখ।

ফাল্গুন মাসের ফল। মেষ ও রোহিনী পর্য্যন্ত বৃষের ঐশ্বর্য্য। মৃগশিরাযুক্ত বৃষ হইতে আর্দ্রাপর্য্যন্ত মিথুনের রাজপূজা। পুনর্ব্বসুযুক্ত মিথুন ও কর্কটের অপমৃত্যু। পুষ্যাযুক্ত কর্কটের রোগ। অশ্লেষাযুক্ত কর্কট সিংহ ও উত্তরফল্গুনীযুক্ত কন্যার ভোগ। হস্তাযুক্ত কন্যা তুলা ও বৃশ্চিকের মান। ধনু ও শ্রবণাযুক্ত মকরের বন্ধনভয়। ধনিষ্ঠাযুক্ত মকর কুম্ভ ও মীনের লাভ।

চৈত্র মাসের ফল। অশ্বিনীযুক্ত মেষের বন্ধনভয়। ভরণীযুক্ত মেষ বৃষ ও মৃগশিরা পর্য্যন্ত মিথুনের সম্মান। আর্দ্রাযুক্ত মিথুন ও পুষ্যাপর্য্যন্ত কর্কটের অপমান। অশ্লেষাযুক্ত কর্কটের মৃত্যুবৎ। মঘাযুক্ত সিংহের মৃত্যুবৎ। পূর্ব্বফল্গুনী যুক্ত সিংহের দুঃখ। উত্তরফল্গুনীযুক্ত সিংহ কন্যা ও স্বাতী পর্য্যন্ত তুলার লাভ। বিশাখাযুক্ত তুলা বৃশ্চিক ও মূলা পর্য্যন্ত ধনুর ভ্রমণ। পূর্ব্বষাঢ়াযুক্ত ধনু মকর ও শতভিষাপর্য্যন্ত কুম্ভের স্ত্রীলাভ। পূর্ব্বভাদ্রপদযুক্ত কুম্ভ এবং মীনরাশির বন্ধনভয়।

রাষ্ট্রগত বর্ষফল।

১। ভারতের সর্ব্ববিধ উন্নতিকামী যুবক সম্প্রদায়ের সহিত রাজশক্তির মধ্যে মধ্যে সংঘর্ষ ও তজ্জন্য কতিপয় যুবকের কারাবাসের সম্ভবনা থাকিলেও যুবকবৃন্দ অবিচলিত থাকিয়া ভারতের সৌভাগ্য বৃদ্ধির জন্য যথাসাধ্য চেষ্টা করিবেন এবং কিয়ৎ পরিমাণে অগ্রসরও হইতে পারিবেন। একদল ভারতীয় মহিলাও যুবকদিগের

সহায়তা করিবার জন্য রাজনীতি ক্ষেত্রে আবির্ভূতা হইবেন। দেশে শিল্পোন্নতি, সমাজ সংগঠন, শুদ্ধি প্রভৃতির কার্য্য উত্তরোত্তর বৃদ্ধি পাইবে এবং কুসংস্কার বহুপরিমাণে দূরীভূত হইবে।

২। ভিন্ন ভিন্ন স্থানের কতিপয় নেতার মতভেদ থাকিলেও মোটের উপর সকলেই প্রায় একমত হইয়া কার্য্য করিবেন। প্রসিদ্ধ নেতাদিগের মধ্যে দুইটীর এ বৎসর বিপদের সম্ভাবনা আছে। বৎসরের শেষভাগে মহাত্মার স্বাস্থ্যহানির সম্ভাবনা। ২।১ জন মুসলমান রাজসম্পর্কীয় ব্যক্তিরও উৎকট রোগের সম্ভাবনা আছে।

৩। ভারতের উত্তর পশ্চিম ভাগে রাজশক্তির সংঘর্ষের আশঙ্কা।

৪। ভারতে, চীনে, ও ইংলণ্ডে শ্রমিক সম্প্রদায়ের শক্তি বৃদ্ধি হেতু রাজশক্তিকে বিশেষ প্রয়াস পাইতে হইবে।

৫। এসিয়ার সর্ব্বত্রই এসিয়াবাসিদিগের স্বার্থরক্ষার জন্য নেতৃবৃন্দের পরস্পর সহানুভূতি বৃদ্ধি পাইবে।

৬। ইউরোপীয় রাজন্যবৃন্দের মধ্যে মনোমালিন্য বৃদ্ধি পাইলেও যুদ্ধ ঘটিবার সম্ভাবনা অল্প।

৭। বৈশাখ মাসে সূর্য্য গ্রহণ হেতু বায়ুর বিকৃতি জন্য বৎসরের প্রথমভাগে রোগের প্রাদুর্ভাব ও শস্যহানির সম্ভাবনা আছে। ভারতের কতিপয় স্থানে বন্যা ও দুর্ভিক্ষ হইবে। বৎসরের শেষার্দ্ধেও ধান্য, গম, কলাই প্রভৃতি শস্যহানি হইবে।

৮। আমেরিকার সহিত ইংলণ্ডের মনোমালিন্য ঘটিলেও শেষে রাজনৈতিকগণের চেষ্টায় মনোমালিন্যের প্রশমণ হইবে।

৯। এই বৎসর ইটালী, চীন, রুষ ও পারস্যের উন্নতি, স্পেনের, তুরস্ক ও আফগানিস্থানের প্রজাবিদ্রোহের আশঙ্কা থাকিলেও পরিশেষে রাজশক্তির প্রভাবে দেশে শান্তি প্রতিষ্ঠিত হইবে।

১০। ভারতের দক্ষিণ ভাগে, আমেরিকা ও ইউরোপের কিয়দংশে প্রবল ঝড়ের, আমেরিকা ও জাপানে ভূমিকম্পের আশঙ্কা।

ব্যক্তিগত বর্ষফল।

মেষ রাশির—বর্ষের প্রথম ভাগে অর্থ হানি, মানসিক অশান্তি, দুশ্চিন্তা প্রভৃতি অশুভ ফল সূচিত হইবে। তাহার পর হইতে আর্থিক সুবিধা ঘটিবে বটে, কিন্তু মধ্যে মধ্যে সামান্য সামান্য শারীরিক অসুস্থতার আশঙ্কা থাকিবে।

বৃষ রাশির—প্রথম ছয়মাস মানসিক অশান্তি, ব্যয় বাহুল্যাদি ঘটিবে বাধা বিঘ্ন প্রাপ্তি পূর্ব্বক কিঞ্চিৎ অর্থলাভও হইবে। কার্ত্তিক মাস হইতে শুভফল দৃষ্ট হইতে থাকিবে।

মিথুন রাশির—বৈশাখ মাস হইতে আষাঢ় মাস পর্য্যন্ত অর্থলাভ বন্ধু প্রীতি প্রভৃতি হইবে। শ্রাবণ মাস হইতে কার্ত্তিক মাস পর্য্যন্ত মধ্যম ফল, অবশিষ্ট কয়েক মাস শারীরিক ও মানসিক অশান্তি সূচিত হইবে। আত্মীয় বন্ধু বান্ধবের অসুস্থতা লক্ষিত হইবে। শত্রুভয় এবং তজ্জনিত কিঞ্চিৎ ক্ষতিও ঘটিতে পারে।

কর্কট রাশির—শুভফল। কার্য্যোন্নতি, অর্থলাভাদি শুভফল ঘটিবে। মধ্যে মধ্যে পারিবারিক অশান্তি উদ্বেগ থাকিলেও মোটের উপর শুভফলেরই আধিক্য।

সিংহ রাশির—বর্ষারম্ভ হইতেই কায়িক ক্লেশ, মানসিক অশান্তি, সন্তান পীড়াদি উদ্বেগ কিন্তু বর্ষের শেষার্দ্ধে সামান্য শুভফল ঘটিবার সম্ভাবনা।

কন্যা রাশির—অর্থব্যয়, শত্রুবৃদ্ধি বন্ধু বিচ্ছেদ প্রভৃতি অশুভফল। শেষভাগে অশুভফলের হ্রাস ও সামান্য সামান্য শুভফল।

তুলা রাশির—বর্ষের প্রথম ভাগে সম্মান লাভ, মানসিক সুখ, যশ প্রভৃতি শুভফল ঘটিলেও দৈহিক পীড়া সন্তান ও পত্নী পীড়া ব্যয়াধিক্য প্রভৃতি ফল ঘটিবার সম্ভাবনা। বর্ষের শেষার্দ্ধে মধ্যম ফল।

বৃশ্চিক রাশির—প্রথম ভাগে ভ্রমণ, কার্য্যে বাধা বিপত্তি, মানসিক পীড়া প্রভৃতি ফল, মধ্যভাগে অর্থলাভ, ধর্ম্মোন্নতি হইবে।

ধনু রাশির—রক্তদুষ্টি জনিত পীড়া, রক্তপাত, অর্থ ক্ষতি প্রভৃতি হইবার সম্ভাবনা থাকিলেও কার্য্যে ক্ষতি হইবে না। শেষার্দ্ধে সন্তান পীড়া, মানসিক অশান্তি ঘটিবে।

মকর রাশির—প্রথমার্দ্ধে অর্থক্ষয়, ব্যয়াধিক্য পীড়া, শত্রুবৃদ্ধি, প্রভৃতি অশুভফল কিন্তু শেষার্দ্ধে শুভফল ঘটিবে।

কুম্ভ রাশির—শারীরিক পীড়া, আত্মীয় বন্ধু বান্ধবের সহিত বিবাদ, মনোমালিন্য বন্ধু বিচ্ছেদ প্রভৃভি অশুভফল ঘটিবার সম্ভাবনা। মধ্য সময় হইতে কিছু কিছু শুভফল হইবে।

মীন রাশির—শুভবৎসর। কর্ম্মোন্নতি, সুখ, যশ, প্রভৃতি শুভফল। মধ্যে মধ্যে শারীরিক অসুস্থতা ব্যয় বাহুল্য ঘটিবে।

দ্রষ্টব্য—দশার ফলানুসারে এই ফলের কিঞ্চিৎ তারতম্য হইতে পারে।

ময়মনসিংহ টাঙ্গাইলান্তর্গত বড়বেলতা গ্রাম নিবাসি
শ্রীদিগিন্দ্র নাথ কাব্য-ব্যাকরণ-জ্যোতিস্তীর্থ
অধ্যাপক—বেদাঙ্গ চতুষ্পাঠি, ৯৭।৩ শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

বর্ষফল (রাষ্ট্রগত)

১। এ বৎসর বড় সুবৎসর মনে হয় না। লোকের অভাব অসুবিধা যাইবে না। বঙ্গং স্থানে স্থানে বিশেষ ভাবে অন্নকষ্ট দেখা যাইবে। বর্ষের প্রথমে কিছু ঝড় বৃষ্টি হইবে তাহার পর হইতেই জলাভাবে শষ্য নষ্ট হইবে। অনাবৃষ্টির জন্য বিশেষ ক্ষতি হইবে। বর্ষের মধ্য ভাগের পর শষ্য জন্মিলেও দৈব দুর্ব্বিপাকে তৈয়ারী শষ্য নষ্ট হইবে। ভূমি সম্পর্কিত বিবাদ হেতু বহুলোক ব্যস্ত হইবে এবং প্রচুর অর্থনাশ হইবে।

২। এ বৎসর পুরুষ অপেক্ষা স্ত্রীলোকের মৃত্যুর হার অধিক হইবে। স্ত্রীরোগ অত্যন্ত বৃদ্ধি পাইবে। বর্ষের শেষ ভাগে এই সকল কুফল কম দেখা যাইবে।

৩। চাউলের দর বর্ষের খুব প্রথমে তত বৃদ্ধি না পাইলেও ক্রমশঃ বাড়িতে থাকিবে। মধ্যভাগে অপেক্ষাকৃত মুল্য হ্রাস হইলেও বর্ষের শেষ ভাগে পুনরায় অন্নাভাব বৃদ্ধি পাইবে।

৪। বৈশাখের পর হইতে কিছু দিন লবণ ও চিনীর দর বাড়িবে।

৫। বর্ষের মধ্য ভাগ হইতে যব, মুগ প্রভৃতি দাল এবং বস্ত্র ইত্যাদির মূল্য বাড়িবে। ঘৃতের মূল্যও এই সময়ে বাড়িবে।

৬। আগামী ইংরাজি বর্ষে (১৯৩০) রাজ্য বিগ্রহ ও অন্ন কষ্ট হইতে পারে।

৭। কোনও ব্যক্তির সহসা মহা উচ্চপদে অপ্রত্যাশিত ভাবে উন্নতি হইবে।

৮। এ বৎসর শিক্ষা বিভাগে বহু গোলযোগ ও অশান্তির আশঙ্কা দেখা যায়।

৯। মসুরিকায় (pox) মারীভয় হইবার আশঙ্কা আছে।

১০। গবাদি পশু খাদ্যাভাবে কষ্ট পাইবে ও দুগ্ধাদি কম হইবে।

বর্ষফল (লগ্ন বা রাশিগত)

শকাব্দা ১৮৫১।

মেষ—বর্ষের প্রথম ভাগে ধর্ম্ম কার্য্যাদিতে বাধা পাইলেও বর্ষের শেষ ভাগে অর্থলাভ ভাল হইবে। সন্তান প্রাপ্তির যোগ আছে। সহোদরাদির স্বাস্থ্য হানি হইতে পারে, নিজের স্বাস্থ্যও বর্ষের শেষ ভাগে ভাল না থাকিতে পারে। সাহস প্রতাপ বৃদ্ধি হইলেও কর্ম্মস্থলে গোলযোগ ও কলত্র পীড়া হইবে।

বৃষ—স্বাস্থ্য বিশেষ ভাল না থাকিলেও কঠিন পীড়ার আশঙ্কা কম। ভূ-সম্পর্কিত ব্যাপারে অর্থব্যয় হইলেও অর্থ নষ্ট হইবার আশঙ্কা কম। সন্তান লাভ যোগ আছে। ভূ-সম্পত্তির উন্নতি ও অর্থলাভ খুব বেশী হইলেও বহুব্যয় হইবে।

মিথুন—নিজের দেহ কষ্ট, কলত্র পীড়া, অর্থব্যয় বাদ বিসংবাদ যেহেতু মানসিক অশান্তি প্রভৃতি নানা অসুবিধা জন্য সর্ব্বপ্রকারে অশুভ ফলের আধিক্য দেখা যায়। বর্ষের মধ্য ভাগের ফল খুব মন্দ নহে।

কর্কট—শরীর সম্বন্ধে ফল ভালই। ধর্ম্ম ও অর্থোন্নতি, সম্মান লাভ এবং শত্রু দমন প্রভৃতি বহু শুভ যোগ আছে। সন্তান পীড়া কিছু থাকিবে। কর্ম্মস্থলে উন্নতি ও রাজ সম্মান লাভ যোগ আছে।

সিংহ—দেহ সুখ সম্বন্ধে ফল ভাল। কর্ম্মস্থলে কিছু গোলযোগ হইতে পারে কিন্তু পরিনামে ভালই হইবে। বর্ষের প্রথম ভাগে অর্থাদি সম্বন্ধে ফল ভাল। এই বৎসর বহু ব্যয় হইবে, বর্ষের শেষ ভাগের ফল তেমন সুবিধার নহে। এ সময়ে সহোদর পীড়া হইতেও পারে॥

কন্যা—শারিরীক উন্নতি ও ধর্ম্মোন্নতি প্রভৃতি শুভফল থাকিলেও গুরুজনের পীড়া জন্য অশান্তি থাকিবে। ধনাগম তেমন সুবিধা জনক না হইবার কথা। বরং ঋণ হইতে পারে। ভূ সম্পর্কে ব্যয় হইবে। এ বৎসরে মোটের উপর আয় অপেক্ষা ব্যয় অধিক হইবে মনে হয়॥

তুলা—স্বাস্থ্য মধ্যে মধ্যে খারাপ যাইবে। ব্রণ পীড়াদি হইতে পারে। বাণিজ্য ব্যবসায় হইতে অর্থাগম হইলেও বহু অর্থব্যয় হইবে। নানারূপ বাধা বিপত্তি সত্বেও রাজ সম্মান লাভ হওয়াই সম্ভব। সহোদর পীড়াদি অশান্তি ভোগ হইবে। সন্তান লাভ যোগ আছে কিন্তু পরে কলত্র পীড়া হইতে পারে। বর্ষের প্রথম ভাগ অপেক্ষা শেষ ভাগের ফল সাধারণতঃ ভাল। বিদেশে বিপন্ন হইবার যোগ দেখা যায়।

বৃশ্চিক—নিজের ও কলত্র পীড়ার জন্য বহুব্যয় হইবে। অর্থ সম্বন্ধে ফল ভাল নহে। ঋণ হইতে পারে। ধর্ম্ম কার্য্য ও সৎকার্য্যের চেষ্টা সফল হইবে এবং যাহা কিছু কল্যাণকর তাহা সেই দিক দিয়াই হইতে পারিবে অন্যান্য কার্য্যে নিজের চেষ্টা নিস্ফল হইয়া যাইবে। যশ বা সুবিধা পাইয়াও পাইবেক না। বর্ষের শেষ ভাগে সন্তান সম্ভাবনা ও বাণিজ্য ব্যবসায়ে কিছু সুবিধা হইতে পারে। পতন হেতু আঘাত প্রাপ্তির যোগ দেখা যায়।

ধনু—পুত্র কলত্র ওনিজের স্বাস্থ্য ভাল থাকিবে না। বর্ষের প্রথম ভাগের ফল সর্ব্ব প্রকারে মন্দ না হইলেও বর্ষের শেষ ভাগে নানা প্রকারে গোলযোগ ও অশান্তি ঘটিবে মনে হয়।

মকর—বর্ষের প্রথম ভাগে শরীর ভালই থাকিবে। শেষ ভাগে স্বাস্থ্যহানি হইতে পারে। বৃথা বহুব্যয় হইলেও অর্থাগম ভাল হইবে। পত্নীর স্বাস্থ্য ভাল থাকিবে। বর্ষের শেষ ভাগে সন্তান লাভ যোগ আছে। ভূ-সম্পর্কিত কিছু গোলযোগ হেতু মানসিক অশান্তি ঘটিতে পারে। পিতা মাতা প্রভৃতি গুরুজনের স্বাস্থ্যহানি হইতে পারে।

জ্যোতিষ বচনার্থ।

বারপ্রকরণ। রবি সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি।

শুভাশুভ বারকথন—সোম বুধ বৃহস্পতি শুক্র এই চারি বার প্রায় সকল কর্ম্মে শুভ। রবি মঙ্গল শনি এই তিন বার কোন কোন শুভকর্ম্মে প্রশস্ত।

বারবেলাকালবেলা-কথন—দিনমানকে আট ভাগ করিলে ঐ এক এক ভাগকে যামার্দ্ধ কহে। রবিবারে চতুর্থ ও পঞ্চম, সোমবারে সপ্তম ও দ্বিতীয়, মঙ্গলবারে দ্বিতীয় ও ষষ্ঠ, বুধবারে পঞ্চম, ও তৃতীয়, বৃহস্পতিবারে সপ্তম ও অষ্টম, শুক্রবারে তৃতীয় ও চতুর্থ, শনিবারে ষষ্ঠ ও আদ্যন্ত্য যামার্দ্ধকে যথাক্রমে বারবেলা ও কালবেলা কহে। ঐ বারবেলা ও কালবেলা পরিত্যাগ করিয়া শুভকর্ম্মাদি ও যাত্রাদি করিবে।

কালরাত্রি কথন—রাত্রিমানের আটভাগের এক ভাগকে যামার্দ্ধ কহে। রবিবারে ষষ্ঠ, সোমবারে চতুর্থ, মঙ্গলবারে দ্বিতীয়, বুধবারে সপ্তম, বৃহস্পতিবারে পঞ্চম, শুক্রবারে তৃতীয়, শনিবারে প্রথম ও অষ্টম যামার্দ্ধ কালরাত্রি; ইহা পরিত্যাগ করিয়া সকল কার্য্য করিবে।

কালবেলাকালরাত্রি—ফলকথন—কালবেলাদিতে যাত্রায় মৃত্যু, বিবাহে কন্যা বিধবা, ও উপনয়নে ব্রহ্মবধের পাপ হয়। অতএব ইহা পরিত্যাগ করিয়া সকল কার্য্য করিবে।

কুলিকমুহূর্ত্তকথন—দিনমান বা রাত্রিমানকে ১৫ ভাগে ভাগ করিলে তাহার এক ভাগের নাম মুহূর্ত্ত, রবিবারে চতুর্দ্দশ, সোমবারে দ্বাদশ, মঙ্গলবারে দশম, বুধবারে অষ্টম, বৃহস্পতিবারে ষষ্ঠ, শুক্রবারে চতুর্থ, শনিবারে দ্বিতীয় মুহূর্ত্ত কুলিকবেলা নামে অভিহিত হইয়াছে; রাত্রিতে ঐ সকল মুহূর্ত্তের এক মুহূর্ত্ত ন্যূন কুলিকরাত্রি নামে কথিত হইয়াছে। কুলিকবেলা অথবা কুলিকরাত্রিতে মঙ্গল কার্য্য নিষিদ্ধ। সর্ব্বদেশে ইহা ত্যজ্য নহে।

শুক্লতিথিকথন।—১ প্রতিপদ ২ দ্বিতীয়া ৩ তৃতীয়া ৪ চতুর্থী ৫ পঞ্চমী ৬ ষষ্ঠী ৭ সপ্তমী ৮ অষ্টমী ৯ নবমী ১০ দশমী ১১ একাদশী ১২ দ্বাদশী ১৩ ত্রয়োদশী ১৪ চতুর্দ্দশী ১৫ পূর্ণিমা।

কৃষ্ণতিথিপ্রকরণ।—১৬ প্রতিপদ ১৭ দ্বিতীয়া ১৮ তৃতীয়া ১৯ চতুর্থী ২০ পঞ্চমী ২১ ষষ্ঠী ২২ সপ্তমী ২৩ অষ্টমী ২৪ নবমী ২৫ দশমী ২৬ একাদশী ২৭ দ্বাদশী ২৮ ত্রয়োদশী ২৯ চতুর্দ্দশী ৩০ অমাবস্যা।

নন্দাদিতিথিকথন।—প্রতিপদ ষষ্ঠী একাদশী এই তিন তিথিকে নন্দা; দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী এই তিন তিথিকে ভদ্রা; তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী এই তিন তিথিকে জয়া; চতুর্থী নবমী চতুর্দ্দশী এই তিন তিথিকে রিক্তা; পঞ্চমী দশমী অমাবস্যা ও পূর্ণিমা এই চারিটিকে পূর্ণা কহে।

সিদ্ধিযোগ কথন—শুক্রবারে নন্দা, বুধবারে ভদ্রা, শনিবারে রিক্তা, মঙ্গলবারে জয়া, বৃহস্পতিবারে পূর্ণা তিথি হইলে সিদ্ধিযোগ হয়।

তিথ্যমৃতযোগকথন—রবি এবং সোমবোরে পূর্ণা, মঙ্গলবারে ভদ্রা, বৃহস্পতিবারে জয়া, শুক্রবারে রিক্তা, বুধ ও শনিবারে নন্দা, তিথি হইলে তিথ্যমৃতযোগ হয়।

পাপযোগ কথন।—রবি ও মঙ্গলবারে নন্দা, সোম ও শুক্রবারে ভদ্রা, বুধবারে জয়া, বৃহস্পতিবারে রিক্তা, শনিবারে পূর্ণা তিথি হইলে পাপযোগ কহে।

ত্র্যহস্পর্শ।—একদিনে তিন তিথি মিলিত হইলে তাহাকে ত্র্যহস্পর্শ কহে, ইহাতে কোন শুভকার্য্য করিতে নাই। যেদিন দুই তিথির অন্ত হয় তাহাকে অবম কহে। কেহ কেহ এক তিথি তিন দিন স্পর্শ করিলে তাহাকে ত্র্যহস্পর্শ বলিয়া

থাকেন, কিন্তু এরূপ গণনা আচার বিরুদ্ধ ও জ্যোতিস্তত্ত্ব-দীপিকা রাজমার্তণ্ডাদি প্রামাণিক গ্রন্থানুমোদিত নহে।

নক্ষত্র প্রকরণ।—১ অশ্বিনী ২ ভরণী ৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃগশিরা ৬ আর্দ্রা ৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা ৯ অশ্লেষা ১০ মঘা ১১ পুর্ব্বফল্গুনী ১২ উত্তরফল্গুনী ১৩ হস্তা ১৪ চিত্রা ১৫ স্বাতী ১৬ বিশাখা ১৭ অনুরাধা ১৮ জ্যৈষ্ঠা ১৯ মুলা ২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাড়া ২২ শ্রবণা ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্বভাদ্রপদ ২৬ উত্তরভাদ্রপদ ২৭ রেবতী।

নক্ষত্রাধিপকথন। অশ্বিনী নক্ষত্রের অশ্ব, ভরণীর যম, কৃত্তিকার অগ্নি মৃগশিরার চন্দ্র, আদ্রার শিব, পুনর্ব্বসুর অদিতি, পুষ্যার বৃহস্পতি, অশ্লেষার সর্প, মঘার পিতৃগণ পুর্ব্বফল্গুনীর যোনি, উত্তরফল্গুনীর অর্য্যমা হস্তার দিবাকর, চিত্রার বিশ্বকর্ম্মা, স্বাতীর পবন, বিশাখার শক্রাগ্নি, অনুরাধার মিত্র, জ্যেষ্ঠার ইন্দ্র, মুলার নিঋর্তি, পুর্ব্বষাঢ়ার জল, উত্তরাষাঢ়ার বিশ্ব, অভিজিতের বিরিঞ্চি, শ্রবণার হরি, ধনিষ্ঠার বসু, শতভিষার বরুণ, পুর্ব্বভাদ্রপদের অজপাদ, উত্তরভাদ্রপদের অহিব্রধ্ন, রেবতীর পুষা অধিপতি।

উগ্রাদিগণকথন।—পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ মঘা ও ভরণী উগ্রগণ; উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ও রোহিণী ধ্রুবগণ; স্বাতী পুনর্ব্বসু শ্রবণা ধনিষ্ঠা ও শতভিষা চরগণ; পুষ্যা অশ্বিনী ও হস্তা ক্ষিপ্রগণ; চিত্রা অনুরাধা মৃগশিরা ও রেবতী মৃদুগণ; অশ্লেষা, আদ্রা, জ্যেষ্ঠা ও মুলা তীক্ষ্ণগণ; কৃত্তিকা ও বিশাখা মিশ্রগণ। এই সমস্ত নক্ষত্র স্বীয় স্বীয় গণবিহিতকর্ম্মে শুভ হয়।

ঊর্দ্ধমুখনক্ষত্রকথন।—রোহিণী, আদ্রা, পুষ্যা, মুলা, ধনিষ্ঠা, শ্রবণা উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ এই নয়টী ঊর্দ্ধমুখ নক্ষত্র। সেই সকল নক্ষত্রে চিত্রকর্ম্মাদি কার্য্য শুভকর।

পার্শ্বমুখনক্ষত্র।—অনুরাধা জ্যেষ্ঠা মৃগশিরা হস্তা অশ্বিনী চিত্রা স্বাতী রেবতী পুনর্ব্বসু এই নয়টি নক্ষত্র পার্শ্বমুখনামে অভিহিত। ইহাতে মন্ত্র রথনৌকাদি ও গৃহপ্রবেশাদি কার্য্য শুভকর।

অধোমুখনক্ষত্র।—অশ্লেষা কৃত্তিকা ভরণী মঘা বিশাখা পুর্ব্বফল্গুনী পুর্ব্বভাদ্রপদ ও শতভিষা এই নয়টী নক্ষত্র অধোমুখ, ইহাতে বিদ্যারম্ভাদি শুভকর।

পুংনক্ষত্রকথন।—হস্তা মুলা শ্রবণা পুনর্ব্বসু মৃগশিরা ও পুষ্যা এই কয়েকটী পুংনক্ষত্র; পুংসবনাদি কার্য্যে শুভকর। কিন্তু মুলা পুং নক্ষত্র হইলেও ইহাতে গর্ভাধান নিষিদ্ধ।

নক্ষত্রামৃতযোগ। রবিবারে উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ রোহিণী পুষ্যা হস্তা মুলা রেবতী; সোমবারে শ্রবণা ধনিষ্ঠা রোহিণী মৃগশিরা পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী পূর্ব্বভাদ্রপদ উত্তরভাদ্রপদ হস্তা অশ্বিনী; মঙ্গলবারে পুষ্যা অশ্লেষা কৃত্তিকা স্বাতী উত্তরভাদ্রপদ রেবতী; বুধবারে কৃত্তিকা রোহিণী শতভিষা অনুরাধা; বৃহস্পতিবারে স্বাতী পুনর্ব্বসু পুষ্যা অনুরাধা; শুক্রবারে পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী পূর্ব্বভাদ্রপদ উত্তরভাদ্রপদ অশ্বিনী শ্রবণা অনুরাধা ও শনিবারে স্বাতী রোহিণী নক্ষত্র হইলে নক্ষত্রামৃতযোগ হয়।

দিনদগ্ধাকথন। রবিবার দ্বাদশী, সোমবার একাদশী, মঙ্গলবার দশমী, বুধবার তৃতীয়া, বৃহস্পতিবার ষষ্ঠী, শুক্রবার দ্বিতীয়া ও শনিবার সপ্তমী হইলে তাহাকে দিনদগ্ধা কহে।

মহাদগ্ধাকথন।—রবিবারে দ্বাদশী ও মঘা, সোমবারে একাদশী ও কৃত্তিকা, মঙ্গলবারে দশমী ও আদ্রা, বুধবারে তৃতীয়া ও মুলা, বৃহস্পতিবারে ষষ্ঠী ও ভরণী, শুক্রবারে দ্বিতীয়া ও অশ্বিনী এবং শনিবারে সপ্তমী ও অশ্লেষা হইলে মহাদগ্ধা হয়।

বিষ্টিভদ্রাকথন।—কৃষ্ণপক্ষে তৃতীয়া ও দশমীর শেষার্দ্ধ, সপ্তমী ও চতুর্দশীর পূর্ব্বার্দ্ধ

এবং শুক্লপক্ষের চতুর্থী ও একাদশীর শেষার্দ্ধ, অষ্টমী ও পূর্ণিমার পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা। অতএব ইহা পরিত্যাগ পূর্ব্বক যাত্রা ও শুভকর্ম্মাদি করিবে বিষ্টিভদ্রার শেষ তিন দণ্ড পুচ্ছ উহাতে যাত্রাদি করিলে জয়লাভ হয়।

বিষ্টিভদ্রাস্থিতিবিবরণ।—কর্কট, সিংহ, কুম্ভ, মীনরাশিতে বিষ্টিভদ্রা হইলে ঐ বিষ্টি পৃথিবীতে বাস করে। মেষ, বৃষ, মিথুন, বৃশ্চিকরাশিতে বিষ্টিভদ্রা হইলে ঐ বিষ্টি স্বর্গলোকে বাস করে। কন্যা, ধনুঃ, তুলা, মকর রাশিতে বিষ্টিভদ্রা হইলে ঐ বিষ্টি পাতালে বাস করে। যেখানে যখন থাকিবে তখন সেই স্থানে তদনুরূপ ফল দিবে।

বিষ্টিভদ্রাবিশেষফল।—বিষ্টিভদ্রা স্বর্গে বাস করিলে সকল কার্য্যসিদ্ধি, পাতালে থাকিলে ধনাগম ও মর্ত্ত্যলোকে থাকিলে সকল কার্য্য নাশ করে।

মাসদগ্ধা।—সৌর বৈশাখ মাসের শুক্লা ষষ্ঠী, জ্যৈষ্ঠমাসের কৃষ্ণা চতুর্থী, আষাঢ় মাসের শুক্লাষ্টমী, শ্রাবণ মাসের কৃষ্ণা ষষ্ঠী, ভাদ্র মাসের শুক্লা দশমী, আশ্বিন মাসের কৃষ্ণাষ্টমী, কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশী, অগ্রহায়ণ মাসের কৃষ্ণা দশমী, পৌষ মাসের শুক্লা দ্বিতীয়া, মাঘ মাসের কৃষ্ণা দ্বাদশী, ফাল্গুন মাসের শুক্লা চতুর্থী, এবং চৈত্র মাসের কৃষ্ণা দ্বিতীয়া, এই সকল তিথি মাসদগ্ধা।

চন্দ্রদগ্ধা।—শুক্লপক্ষে দ্বিতীয়া তিথিতে চন্দ্র ধনুরাশিস্থ, চতুর্থীতে কুম্ভরাশিস্থ, ষষ্ঠীতে মেষরাশিস্থ, অষ্টমীতে মিথুনরাশিস্থ, দশমীতে সিংহরাশিস্থ, দ্বাদশীতে তুলারাশিস্থ, এবং কৃষ্ণপক্ষে দ্বিতীয়াতে মীনরাশিস্থ, চতুর্থীতে বৃষরাশিস্থ ষষ্ঠীতে কর্কটরাশিস্থ, অষ্টমীতে কন্যারাশিস্থ, দশমীতে বৃশ্চিকরাশিস্থ ও দ্বাদশীতে মকররাশিস্থ হইলে চন্দ্রদগ্ধা হয়।

মাসদগ্ধা ও চন্দ্রদগ্ধার ফল।—মাসদগ্ধা বা চন্দ্রদগ্ধাতে জন্ম হইলে অল্পায়ুঃ, বিবাহে কন্যা বিধবা, যাত্রা করিলে মরণ, কৃষিকার্য্য ও বাণিজ্য নিষ্ফল, বিদ্যারম্ভে মূর্খতা, নূতন গৃহ প্রবেশে অশুভ, চূড়াকরণে মরণ, ঋণদান উপনয়ন ও দান করিলে তাহা নিষ্ফল হয়। অতএব ইহাতে কোন শুভ কার্য্য করিবে না।

অমৃতযোগ। রবি ও মঙ্গলবারে নন্দা ও স্বাতী শতভিষা আর্দ্রা রেবতী, চিত্রা, অশ্লেষা, মূলা কৃত্তিকা। শুক্র ও সোমবারে ভদ্রা পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী পূর্ব্বভাদ্রপদ উত্তরভাদ্রপদ; বুধবারে জয়া মৃগশিরা শ্রবণা পুষ্যা জ্যেষ্ঠা ভরণী অভিজিৎ অশ্বিনী; বৃহস্পতিবারে রিক্তা উত্তরাষাঢ়া বিশাখা অনুরাধা মঘা পুনর্ব্বসু পূর্ব্বাষাঢ়া ও শনিবারে পূর্ণা রোহিণী হস্তা ধনিষ্ঠা হইলে অমৃতযোগ হয়। এই যোগ যাত্রাদিতে শ্রেষ্ঠ ও অভিমত ফল প্রদান করে।

অমৃতযোগফল। বিষ্টিভদ্রা, ব্যতীপতি ও পাপযোগ ইত্যাদি অশুভযোগ সকলকে অমৃতযোগ সূর্য্য কর্ত্তৃক অন্ধকারনাশের ন্যায় বিনাশ করে।

বিষযোগ।—নক্ষত্রামৃত ও সিদ্ধিযোগ যদি এক দিবসে মিলিত হয়, তাহা হইলে বিষযোগ হয়, যেমন মধু ও ঘৃত একত্রে বিষ হয় সেইরূপ দুষ্ট হয়। সুতরাং সে দিন যাত্রা করিবে না।

বারনক্ষত্রযোগে মৃত্যুযোগ। রবিবারে অনুরাধা সোমবারে উত্তরাষাঢ়া, মঙ্গলবারে শতভিষা, বুধবারে অশ্বিনী, বৃহস্পতিবারে মৃগশিরা, শুক্রবারে অশ্লেষা ও শনিবারে হস্তা হইলে মৃত্যুযোগ হয়। ইহাতে যাত্রা করিলে মৃত্যু হয়।

তিথি নক্ষত্রযোগে মৃত্যুযোগ। প্রতিপদ তিথিতে উত্তরাষাঢ়া, নবমীতে কৃত্তিকা, অষ্টমীতে পূর্ব্বভাদ্রপদ একাদশীতে রোহিণী দ্বাদশীতে অশ্লেষা এবং ত্রয়োদশীতে মঘা নক্ষত্র হইলে মৃত্যুযোগ হয়। ইহাতে যাত্রা করিবে না, করিলে ইন্দ্রতুল্য ব্যক্তি ও বিনাশ প্রাপ্ত হয়।

যাত্রায় উত্তমনক্ষত্র কথন। অশ্বিনী অনুরাধা রেবতী মৃগশিরা মূলা পুনর্ব্বসু পুষ্যা হস্তা ও জ্যেষ্ঠা এই নয়টি নক্ষত্র যাত্রায় উত্তম বলিয়া কথিত আছে।

যাত্রায় মধ্যমনক্ষত্র কথন। রোহিণী পূর্ব্বফল্গুনা পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ চিত্রা স্বাতী শতভিষা শ্রবণা ও ধনিষ্ঠা এই সকল নক্ষত্র মধ্যম বলিয়া কথিত হইয়াছে।

যাত্রায় অধমনক্ষত্র কথন।—উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ বিশাখা মঘা আর্দ্রা ভরণী অশ্লেষা ও কৃত্তিকা এই নয় নক্ষত্রে যাত্রা করিলে মৃত্যুতুল্য ফল হয়।

করণপ্রকরণ। ১ বব ২ বালব ৩ কৌলব ৪ তৈতিল ৫ গর ৬ বনিজ ৭ বিষ্টি ৮ শকুনি ৯ চতুষ্পাদ ১০ নাগ ১১ কিস্তুঘ্ন।

যোগ। ১ বিষ্কুম্ভ ২ প্রীতি ৩ আয়ুষ্মান্ ৪ সৌভাগ্য ৫ শোভন ৬ অতিগণ্ড ৭ সুকর্ম্ম ৮ ধৃতি ৯ শূল ১০ গণ্ড ১১ বৃদ্ধি ১২ ধ্রুব ১৩ ব্যাঘাত ১৪ হর্ষণ ১৫ বজ্র ১৬ অসৃক ১৭ ব্যতীপাত ১৮ বরীয়ান ১৯ পরিঘ ২০ শিব ২১ সিদ্ধ ২২ সাধ্য ২৩ শুভ ২৪ শুক্র ২৫ ব্রহ্ম ২৬ ইন্দ্র ২৭ বৈধৃতি।

যোগবর্জ্জ্যদণ্ডকথন। পরিঘযোগের প্রথমার্দ্ধ, বিষ্কুম্ভযোগের প্রথম ৫ দণ্ড, এইরূপ শূলের ৭ দণ্ড ও ব্যাঘাতযোগের ৬ দণ্ড, হর্ষণ ও বজ্রযোগের ৯ দণ্ড বৈধৃতি ও ব্যতীপাত যোগের সমস্ত পরিত্যাগ করিয়া শুভকার্য্য করিবে। অপর যোগের নামরূপ ফল জানিবে।

মেষাদি দ্বাদশ রাশির নাম।—১ মেষ ২ বৃষ ৩ মিথুন ৪ কর্কট ৫ সিংহ ৬ কন্যা ৭ তুলা ৮ বৃশ্চিক ৯ ধনুঃ ১০ মকর ১১ কুম্ভ ১২ মীন।

মেষাদি দ্বাদশ রাশি বৈশাখাদি দ্বাদশ মাসে যথাক্রমে সূর্য্য ভোগ করিয়া থাকেন।

রাশিজ্ঞান—মেষরাশি অশ্বিনী ভরণী ও কৃত্তিকার ১ পাদ; বৃষ—কৃত্তিকার শেষ ৩ পাদ রোহিণী ও মৃগশিরার ২ পাদ; মিথুন—মৃগশিরার শেষ ২ পাদ, আর্দ্রা ও পুনর্ব্বসুর ৩ পাদ; কর্কট—পুনর্ব্বসুর শেষ ১ পাদ, পুষ্যা এবং অশ্লেষা; সিংহ—মঘা পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনী ১ পাদ; কন্যা—উত্তরফল্গুনীর শেষ ৩ পাদ হস্তা ও চিত্রার ২ পাদ; তুলা—চিত্রার শেষ ২ পাদ স্বাতী এবং বিশাখার ৩ পাদ; বৃশ্চিক—বিশাখার শেষ ১ পাদ অনুরাধা এবং জ্যেষ্ঠা; ধনু—মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ার ১ পাদ; মকর—উত্তরাষাঢ়ার শেষ ৩ পাদ শ্রবণা ও ধনিষ্ঠার ২ পাদ; কুম্ভ—ধনিষ্ঠার শেষ ২ পাদ শতভিষা এবং পূর্ব্বভাদ্রপদের ৩ পাদ; মীন—পূর্ব্বভাদ্রপদের শেষ ১ পাদ উত্তরভাদ্রপদ ও রেবতী।

নবগ্রহ। সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু এই নবগ্রহ।

শুভাশুভ গ্রহকথন। কৃষ্ণাষ্টমী অবধি শুক্লাষ্টমী পর্য্যন্ত চন্দ্র, রবি, মঙ্গল, শনি, পাপযুক্ত বুধ ও কেতু পাপগ্রহ তদ্ভিন্ন শুভগ্রহ।

গ্রহগণের স্ত্রী পুরুষাদি। সূর্য্য, মঙ্গল ও বৃহস্পতি পুরুষ, চন্দ্র ও শুক্র স্ত্রী, বুধ ও শনি ক্লীব গ্রহ।

গ্রহগণের মিত্রশত্রুসমগ্রহ কথন।—রবির শত্রু শুক্র ও শনি, বুধ সম, অবশিষ্ট গ্রহগণ মিত্র। চন্দ্রের মিত্র রবি বুধ অবশিষ্ট গ্রহ সম ইহার শত্রু নাই, মঙ্গলের মিত্র রবি চন্দ্র ও বৃহস্পতি, বুধ শত্রু অবশিষ্ট সমগ্রহ। বুধের মিত্র রবি ও শুক্র, চন্দ্র শত্রু অবশিষ্ট সমগ্রহ। বৃহস্পতির শত্রু বুধ ও শুক্র, শনি সম, অবশিষ্ট গ্রহ মিত্র। শুক্রের মিত্র বুধ ও শনি, মঙ্গল বৃহস্পতি সম, অবশিষ্ট গ্রহ শত্রু। শনির মিত্র বুধ ও শুক্র, বৃহস্পতি সম, অবশিষ্ট গ্রহ শত্রু।

গ্রহগণের জাত্যধিপতিকথন।—বৃহস্পতি ও শুক্র ব্রাহ্মণ, মঙ্গল ও সূর্য্য ক্ষত্রিয়, চন্দ্র বৈশ্য, বুধ শূদ্র এবং শনি অন্ত্যজ জাতির অধিপতি।

গ্রহগণের বেদাধিপতিকথন।—ঋগ্বেদের অধিপতি বৃহস্পতি, যজুর্ব্বেদের অধিপতি শুক্র, সামবেদের অধিপতি মঙ্গল ও অথর্ব্ববেদের অধিপতি বুধ।

রাশিগণের অধিপতি। মেষ ও বৃশ্চিকের অধিপতি মঙ্গল, বৃষ ও তুলার শুক্র,

মিথুন ও কন্যার বুধ, কর্কটের চন্দ্র, সিংহের রবি, ধনুঃ ও মীনের বৃহস্পতি, মকর ও কুম্ভের শনি।

গ্রহগণের উচ্চ ও নীচস্থান। প্রত্যেকরাশি ত্রিশ অংশে বিভক্ত। মেষের ১০ অংশ রবি, বৃষের ৩ অংশ চন্দ্র, মকরের ২৮ অংশ মঙ্গল, কন্যার ১৫ অংশ বুধ কর্কটের ৫ অংশ বৃহস্পতি, মীনের ২৭ অংশ শুক্র ও তুলার ২০ অংশ পর্য্যন্ত শনি উচ্চ। এই সকল অংশের অন্ত্য অংশ অর্থাৎ রবির দশম, চন্দ্রের তৃতীয় ইত্যাদি অংশ সেই সেই গ্রহের সুচ্চস্থান জানিবে। যে যে গ্রহের যে যে রাশির যে যে অংশ উচ্চ ও সুচ্চস্থান বলা হইল সেই সেই গ্রহের সেই সেই রাশির ৭ম রাশির সেই সেই অংশ নীচ ও সুনীচ স্থান জানিবে।

রাহুর, মিথুন রাশির ২০ অংশ উচ্চ কুম্ভ মুল ত্রিকোণ, কন্যারাশি স্বগৃহ, শুক্র ও শনি মিত্র, সূর্য্য মঙ্গল শত্রু ও অবশিষ্ট গ্রহ সম।

গ্রহগণের মুলত্রিকোণস্থান।—সিংহরাশির ২০ অংশ পর্য্যন্ত রবির, বৃষের ৩ অংশের পর ৩০ অংশ পর্য্যন্ত চন্দ্রের, মেষের ১২ অংশ পর্য্যন্ত মঙ্গলের, কন্যার ১৫ অংশের পর ২৫ অংশ পর্য্যন্ত বুধের, ধনুর ১০ অংশ পর্য্যন্ত বৃহস্পতির, তুলার ১৫ অংশ পর্য্যন্ত শুক্রের কুম্ভের ২০ অংশ পর্য্যন্ত শনির মুল মুলত্রিকোণস্থান।

গ্রহগণের দৃষ্টিকথন। তৃতীয় ও দশম স্থানে গ্রহগণের পাদদৃষ্টি নবম ও পঞ্চম স্থানে দ্বিপাদদৃষ্টি, চতুর্থ ও অষ্টম স্থানে ত্রিপাদদৃষ্টি, সপ্তম স্থানে পুর্ণদৃষ্টি, থাকে এবং তৃতীয় ও দশম স্থানে শনি, পঞ্চম ও নবম স্থানে বৃহস্পতি, চতুর্থ ও অষ্টম স্থানে মঙ্গল, পূর্ণদৃষ্টি করিয়া সম্পুর্ণ ফল প্রদান করে। গ্রহগণ স্থিতিস্থান, দ্বিতীয়, ষষ্ঠ একাদশ ও দ্বাদশ স্থানে দৃষ্টি করেন না।

রাহুরদৃষ্টিকথন। পঞ্চম সপ্তম নবম ও দ্বাদশ স্থানে রাহুর পুর্ণদৃষ্টি, দ্বিতীয় দশম স্থানে ত্রিপাদদৃষ্টি, তৃতীয় চতুর্থ ষষ্ঠ ও অষ্টম স্থানে অর্দ্ধদৃষ্টি করেন, স্বস্থানে ও একাদশ গৃহে দৃষ্টি করেন না।

গ্রগহণের বলাবলনির্ণয়। স্বোচ্চগৃহস্থ গ্রহ শ্রেষ্ঠবল, মুল ত্রিকোণ ও স্বগৃহস্থ মধ্যবল মিত্রগৃহস্থ অথবা শুভ দৃষ্ট অল্প বল।

রবিশুদ্ধ। রবি জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশ স্থানগত হইলে শুভ হয় এবং মাসের ১৩ দিন পরে দ্বিতীয়, পঞ্চম নবম স্থানগত রবি শুদ্ধ হয়।

চন্দ্রশুদ্ধি। রবি জন্মরাশি হইতে কর্ম্ম দিবসের রাশি যদি প্রথম তৃতীয় ষষ্ঠ সপ্তম দশম কিম্বা একাদশ হয় তাহা হইলে চন্দ্রশুদ্ধ আর শুক্লপক্ষে দ্বিতীয় পঞ্চম নবম হইলেও চন্দ্রশুদ্ধ হয়। যাত্রাদি সকল কার্য্যে চন্দ্রশুদ্ধি আবশ্যক। যদি পূর্ব্বোক্ত প্রকারে চন্দ্রশুদ্ধ না হয় তবে যাত্রাদি সমুদয় কার্য্য কর্ম্মকর্ত্তার জন্মরাশি হইতে দ্বাদশ চতুর্থ ও নবম চন্দ্র, শুক্র, শনি, মঙ্গল, বৃহস্পতি কিংবা রবির সপ্তম রাশিস্থ হইলে শুভদাতা হন, এবং জন্মকর্ত্তার জন্মরাশি হইতে অষ্টম পঞ্চম ও দ্বিতীয় চন্দ্র যথাক্রমে শুক্রাদির দশম, পঞ্চম ও অষ্টম হইলে শুভদাতা হন।

শুক্লপক্ষে চন্দ্র বলবান ও কৃষ্ণপক্ষে তারা বলবতী, অতএব শুক্ল ও কৃষ্ণপক্ষে যথাক্রমে চন্দ্র ও তারাশুদ্ধির প্রয়োজন।

ঘাতচন্দ্রকথন। মেষ রাশির প্রথম, বৃষের পঞ্চম, মিথুনের নবম কর্কটের দ্বিতীয় সিংহের ষষ্ঠ, কন্যার দশম, তুলার তৃতীয়, বৃশ্চিকের সপ্তম, ধনুর চতুর্থ, মকরের অষ্টম, কুম্ভের একাদশ, মীনের দ্বাদশ চন্দ্র ঘাতচন্দ্র হয়।

স্ত্রীজাতির ঘাতচন্দ্র।

মেষের প্রথম, বৃষের অষ্টম, মিথুনের সপ্তম, কর্কটের নবম, সিংহের ষষ্ঠ, কন্যার

তৃতীয়, তুলার চতুর্থ, বৃশ্চিকের দ্বিতীয়, ধনুর দশম মকরের একাদশ, কুম্ভের পঞ্চম, মীনের দ্বাদশচন্দ্রঘাত হয়, ইহা মুহূর্ত্ত গণপতি গ্রন্থে উক্ত আছে।

ঘাতচন্দ্রফল—গর্গাচার্য্য কহেন ঘাতচন্দ্রে যাত্রা ও বিবাহাদি কার্য্য ক্লেশ ও মরণের নিমিত্ত হয়।

নক্ষত্র জন্মাদি। পুরুষের জন্ম নক্ষত্র হইতে নয়টি করিয়া তারা জন্ম সম্পৎ বিপৎ ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র ও পরমমিত্র নামে অভিহিত হয়। ইহাদের মধ্যে বিপৎ প্রত্যরি ও বধ এই তিন তারা অশুভ। ইহা ভিন্ন তারা শুভ ; শুভ তারাতে সকল শুভ কার্য্য হইয়া থাকে। কিন্তু বিবাহ, শ্রাদ্ধ, ভৈষজ্য যাত্রা এবং ক্ষৌর কর্ম্মে তিন জন্মতারা পরিত্যাগ করিবে।

প্রত্যরি নক্ষত্র জন্ম নক্ষত্র হইতে পঞ্চম চতুর্দ্দশ ও ত্রয়োবিংশ নক্ষত্রকে যথাক্রমে প্রথম দ্বিতীয় তৃতীয় প্রত্যরি কহে। প্রথম প্রত্যরিতে যাত্রাদি শুভকার্য্য করিলে কার্য্যসিদ্ধি হয়, দ্বিতীয় প্রত্যরি সকল কার্য্যে শুভ ও তৃতীয় প্রত্যরিতারাতে যাত্রাদি করিলে বিনাশ হয়।

তারাপ্রতিকার। বিপত্তারায়, গুড়, জন্মতারায় শাক, প্রত্যরিতারায় লবণ এবং বধতারায় তিল ও স্বর্ণদান করিয়া যাত্রাদি করিলে অশুভ নাশ হয়।

গ্রহগণের রাশিসঞ্চারফল।

রবির গোচরফল। রবি জন্মরাশিতে থাকিলে স্থান নাশ হয়, দ্বিতীয়া ভয় তৃতীয়ে ঐশ্বর্য্য চতুর্থে মানহানি, পঞ্চমে দীনতা, ষষ্ঠে শত্রুহানি, সপ্তমে অর্থহানি, অষ্টমে পীড়া, নবমে কান্তিক্ষয়, দশমে কর্ম্মলাভ, একাদশে ধনলাভ ও দ্বাদশে থাকিলে বিত্তনাশ ও মহাবিপদ উপস্থিত হয়।

চন্দ্রের গোচরফল। চন্দ্র জন্মরাশিতে থাকিলে অর্থলাভ দ্বিতীয়ে বিত্তনাশ তৃতীয়ে দ্রব্যলাভ, চতুর্থে চক্ষুঃপীড়া, পঞ্চমে কার্য্যহানি, ষষ্ঠে বিত্তলাভ, সপ্তমে বিত্ত সহিত স্ত্রীলাভ, অষ্টমে মৃত্যু, নবমে রাজভয়, দশমে মহাসুখ, একাদশে ধনবৃদ্ধি দ্বাদশে থাকিলে ধননাশ ও রোগ হয়।

কুজের গোচরফল। মঙ্গল জন্মরাশিস্থ হইলে শত্রুভয়, দ্বিতীয়ে ধননাশ, তৃতীয়ে অর্থলাভ, চতুর্থে শত্রুভয়, পঞ্চমে প্রাণনাশ, ষষ্ঠে বিত্তলাভ, সপ্তমে শোক, অষ্টমে অস্ত্রাঘাত, নবমে কার্য্যহানি, দশমে শুভ, একাদশে ভূমিলাভ ও দ্বাদশস্থ হইলে রোগ ও অর্থনাশ হইয়া থাকে।

বুধের গোচরফল। বুধ জন্মরাশিস্থ হইলে বন্ধন, দ্বিতীয়ে ধনলাভ, তৃতীয়ে বধ ও শত্রুভয় চতুর্থে অর্থলাভ, পঞ্চমে অসুখ, ষষ্ঠে স্থানলাভ, সপ্তমে বহু প্রকার শরীর পীড়া অষ্টমে ধনলাভ, নবমে মহাপীড়া, দশমে শুভ, একাদশে অর্থলাভ ও দ্বাদশে বিত্তনাশ হয়।

বৃহস্পতির গোচরফল। বৃহস্পতি জন্মরাশিস্থ হইলে ভয়, দ্বিতীয়ে অর্থলাভ, তৃতীয়ে শারীরিক ক্লেশ, চতুর্থে অর্থনাশ, পঞ্চমে শুভ, ষষ্ঠে অশুভ, সপ্তমে রাজপূজা অষ্টমে ধননাশ, নবমে ধনবৃদ্ধি দশমে প্রণয়ভঙ্গ, একাদশে স্থান ও ধনলাভ এবং দ্বাদশে শারীরিক ও মানসিক পীড়া হয়।

শুক্রের গোচরফল। শুক্র জন্মরাশিতে থাকিলে শত্রুনাশ, দ্বিতীয়ে অর্থলাভ, তৃতীয়ে শুভকর, চতুর্থে ধনলাভ, পঞ্চমে পুত্রলাভ, ষষ্ঠে শত্রুবৃদ্ধি, সপ্তমে শোক, অষ্টমে অর্থলাভ, নবমে বিবিধ বস্ত্রলাভ, দশমে অশুভকর, একাদশে বহুপ্রকার ধনলাভ ও দ্বাদশে থাকিলে ধনাগম হইয়া মনুষ্য সুখী হয়।

শনির গোচর ফল। শনি জন্মরাশিস্থ হইলে বিত্তনাশ ও সন্তাপ, দ্বিতীয়ে চিত্তক্লেশ তৃতীয়ে শত্রুনাশ ও বিত্তলাভ, চতুর্থে শত্রুবৃদ্ধি, পঞ্চমে পুত্র, ভৃত্য ও অর্থনাশ, ষষ্ঠে

অর্থলাভ, সপ্তমে অনিষ্টপাত, অষ্টমে দেহপীড়া নবমে ধনক্ষয়, দশমে মানসিক উদ্বেগ, একাদশে বিত্তলাভ, দ্বাদশে অনর্থ হয়।

রাহুর গোচরফল।—রাহু, জন্ম, দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, অষ্টম, নবম বা দ্বাদশ রাশিতে থাকিলে অর্থক্ষয়, শত্রুভয় বহু প্রকার কার্য্যহানি, রোগ, প্রবাস, অগ্নিভয় ও মৃত্যু হয় এতদ্ভিন্ন স্থানে থাকিলে শুভফল প্রদান করেন।

কেতুর গোচরফল।—কেতু জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম কিম্বা একাদশ রাশিতে থাকিলে মনুষ্যের সম্মান, ভোগ, রাজপূজা, সুখ ও অর্থলাভ হয়, এবং আজ্ঞাকারী পুরুষ ও স্ত্রী হইতে সুখসম্ভোগ ও পুণ্যসঞ্চয় এবং অপর স্থানে থাকিলে অশুভ হয়।

গোচরফলকাল।—রবি ও মঙ্গলগ্রহ রাশি প্রবেশকালে, বৃহস্পতি ও শুক্র মধ্য সময়ে, শনি ও চন্দ্রবিনির্গমনকালে এবং বুধগ্রহ সকল সময়ে গোচরফল প্রদান করেন।

গ্রহসংক্রমণকালে চন্দ্রশুদ্ধিফল।—মানবগণের শুভচন্দ্রে গ্রহসঞ্চার হইলে গোচরে অশুভ হইলেও শুভ দেন। আর অশুভচন্দ্রে গ্রহ সঞ্চার হইলে গোচরে শুভ হইলেও অশুভ ফল দেন।

বিবাহ ব্যবস্থা।—যুগ্মবর্ষে বিবাহে কন্যা বিধবা ও অযুগ্মে দুর্ভাগ্য হয় অতএব গর্ভ হইতে গণনা করিয়া যুগ্মবর্ষ বিবাহ দিলে কন্যা পতিব্রতা হয়। জন্ম মাসাবধি অযুগ্ম বর্ষে তিন মাসের উর্দ্ধ নয় মাস পর্য্যন্ত যুগ্ম ও অযুগ্মবর্ষে তিন মাস পর্য্যন্ত যুগ্ম। এই সময়ে বিবাহে দিলে কন্যা সাধ্বী ও পুত্রবতী হয়।

বিবাহবার কথন।—সোম, বুধ বৃহস্পতি ও শুক্র এই চারি বারে বিবাহ হইলে সৌভাগ্যশালিনী হয় এবং রবি, মঙ্গল ও শনিবারে বিবাহ হইলে কন্যা কুলটা হয়। কিন্তু (গর্গমতে) রাত্রিতে বারদোষ হয় না, বিশেষতঃ রবি, মঙ্গল ও শনিবারে রাত্রিতে বারদোষ থাকে না।

বিবাহ তিথি কথন।—অমাবস্যা, বিষ্টিভদ্রা ও রিক্তা তিথিতে বিবাহ হইলে শীঘ্র যমালয় প্রাপ্ত হয়। কিন্তু শনিবারে রিক্তা হইলে কন্যা পতিপুত্রবর্দ্ধিনী হয়।

বিবাহ নক্ষত্র কথন। রেবতী উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, মৃগশিরা, মূলা, অনুরাধা, মঘা, হস্তা ও স্বাতী এই সকল নক্ষত্রে, এবং মিথুন কন্যা, তুলা লগ্নে বিবাহ সুপ্রশস্ত। চিত্রা, শ্রবণা, ধনিষ্ঠা ও অশ্বিনীনক্ষত্র আপদ্বিষয়ে ও যজুর্ব্বেদিবিবাহে প্রশস্ত।

মঘা মূলা ও রেবতীনক্ষত্রে বিবাহ নিষেধ।—মঘা ও মূলা নক্ষত্রের আদ্যপাদ এবং রেবতীনক্ষত্রের চতুর্থপাদ পরিত্যাগ করিয়া বিবাহ দিবে। কারণ ইহাতে বিবাহ হইলে প্রাণনাশ হয়।

বিবাহ যোগনিষেধ কথন।—ব্যতীপাতযোগে বিবাহ হইলে কুলচ্ছেদ, পরিঘযোগে কন্যা স্বামীঘাতিনী, বৈধৃতিযোগে বিধবা অতিগণ্ডযোগে বিষদগ্ধা; ব্যাঘাতযোগে ব্যাধি হর্ষণযোগে শোকার্ত্তা, শূলযোগে শূলরোগ ও ব্রণ, গণ্ডযোগে রোগভয়, বিষ্কুম্ভযোগে সর্প দংশন এবং বজ্রযোগে মরণ হয়। অতএব এই সকল যোগ ভিন্ন অন্য যোগে বিবাহ প্রশস্ত। যে যে যোগের যতক্ষণ পর্য্যন্ত শুভকার্য্য সকল ত্যাগ করিতে হইবে বলিয়া পূর্ব্বে কথিত হইয়াছে সেইক্ষণের মধ্যে এই সকল ফল জানিবে।

বিবাহ মাস নিষেধ কথন।—আষাঢ় মাসে বিবাহ হইলে কন্যা ধনধান্যভোগরহিতা শ্রাবণে মৃতবৎসা, ভাদ্রে বেশ্যা, আশ্বিনে মৃতা, কার্ত্তিক মাসে রোগযুক্তা, পৌষে আচারভ্রষ্টা, ও স্বামিবিয়োগিনী চৈত্রে কন্যা মদনোন্মত্তা হয়। তদ্ভিন্ন মাসে বিবাহ হইলে

কন্যা পতিব্রতা ঐশ্বর্য্যযুক্তা হয়। কিন্তু যে সকল মাসে বিবাহে দোষ কথিত হইয়াছে তারা কন্যার দশবর্ষের মধ্যে জানিবে।

বর্ণ কথন।—মীন কর্কট বিছা বিপ্রবর্ণ, মেষ সিংহ ধনুঃ ক্ষত্রিয়বর্ণ, বৃষ কন্যা মকর বৈশ্যবর্ণ, মিথুন তুলা কুম্ভ শূদ্রবর্ণ মতান্তরে মীন কর্কট বৃশ্চিক বিপ্রবর্ণ, সিংহ তুলা ধনুঃ ক্ষত্রিয়বর্ণ, কুম্ভ মিথুন মেষ বৈশ্যবর্ণ, মকর বৃষকন্যা শূদ্রবর্ণ। শ্রেষ্ঠবর্ণা কন্যার সহিত হীনবর্ণ পুরুষের বিবাহ হইলে মৃত্যু হয়। জন্মনক্ষত্র স্থির না থাকিলে নামের আগ্যক্ষর লইয়া গণনা করিয়া উভয়ের নক্ষত্রে বেধ হইলে বিবাহ অকর্ত্তব্য। দেবগণ ও রাক্ষসগণে বিবাহ হইলে কলহ হয়, রাক্ষস ও নরগণে বিবাহ হইলে মৃত্যু হয়।

গণ কথন।—হস্তা, স্বাতী, মৃগশিরা, অশ্বিনী, শ্রবণা, পুষ্যা, রেবতী, অনুরাধা ও পুনর্ব্বসুনক্ষত্রে জন্ম হইলে দেবগণ। আর্দ্রা; রোহিণী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, ভরণী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে নরগণ। জ্যেষ্ঠা, অশ্লেষা, বিশাখা শতভিষা ধনিষ্ঠা কৃত্তিকা চিত্রা ও মঘানক্ষত্রে রাক্ষসগণ হয়।

গণ মিলন কথন।—স্ব স্ব জাতিতে বিবাহ হইলে শ্রেষ্ঠ, দেবগণে ও নরগণে মধ্যম দেবগণে ও রাক্ষসগণে বিরোধ, নরগণে রাক্ষসগণে মৃত্যু হয়।

রাজযোটক কথন।—বরকন্যার এক রাশি বা সমসপ্তক (অর্থাৎ বৃষ ও বৃশ্চিক কর্কট ও মকর কন্যা ও মীন বর ও কন্যার পরস্পর রাশি হইলে তাহাকে সমসপ্তক কহে) ও চতুর্থ দশম কিম্বা তৃতীয় একাদশ হইলে রাজযোটক হয় ইহাতে বিবাহ দিলে শুভ হয়।

বিষম সপ্তক কথন।—বর ও কন্যার মেষ ও তুলা, মিথুন ও ধনুঃ, সিংহ ও কুম্ভ পরস্পর রাশি হইলে বিষমসপ্তক যোটক হয়; ইহাতে বিবাহ দিলে বরকন্যার মৃত্যু তুল্য ফল হয়।

দ্বিদ্বাদশ নবপঞ্চম কথন।—বরের রাশি হইতে কন্যার রাশি দ্বিতীয় হইলে কন্যা বিত্তনাশিনী, দ্বাদশ হইলে ধনবিশিষ্টা এবং পতিপ্রিয়া, পঞ্চম হইলে পুত্রনাশিনী ও নবম হইলে পতিপ্রিয়া এবং পুত্রবতী হয়।

মিত্রষড়ষ্টক—মকর ও মিথুন, কন্যা ও কুম্ভ, সিংহ ও মীন, বৃষ ও তুলা, বৃশ্চিক ও মেষ কর্কট ও ধনুঃ, কন্যা ও বরের রাশি হইলে মিত্রষড়ষ্টক হয়।

অরিষড়ষ্টক—মকর ও সিংহ, কন্যা ও মেষ; মীন ও তুলা কর্কট ও কুম্ভ, বৃষ ও ধনুঃ বৃশ্চিক ও মিথুন, কন্যা বরের রাশি হইলে অরিষড়ষ্টক হয়।

বিবাহে বিপদাদিনক্ষত্র বর্জ্জন করিবে। মিত্রাদিযোগ হইলেও ষড়ষ্টকাদি স্থলে পুরুষের নক্ষত্র হইতে গণনায় কন্যার বিপৎ প্রত্যরি ও নিধন নক্ষত্র ত্যজ্য। বরের ও কন্যার নক্ষত্র এক হইলে কন্যা পতিপরায়ণা হয় কিন্তু যদি নক্ষত্র এক হইয়া ভিন্ন রাশি হয়, তবে দম্পতি দুঃখ পায়, যদি এক নক্ষত্র এক রাশি হয় অথবা ভিন্ন নক্ষত্র হইয়া এক রাশি হয় তবে কন্যাধনপুত্রবতী সাধ্বী ও পতিপ্রিয়া হয়।

যোটক দোষনাশক যোগ।—বর ও কন্যার রাশ্যধিপতি যদি মিত্র বা এক হয় কিম্বা তারাশুদ্ধি বা বশ্যরাশি হয় তবে বর ও কন্যার নাড়ীবেধাদি দোষ থাকিলেও বিবাহ মঙ্গলদায়ক হয়। রাজযোটক প্রশংসা।—ভৃগু প্রভৃতি মুনিগণ বলেন রাজযোগে গ্রহবৈরতা, তারাশুদ্ধি গণবর্ণ ও নাড়ীদোষ প্রভৃতি কোন দোষ হয় না।

অতিরিক্ত বিবাহযোটক বিচার।—নাড়ী তিনটী—প্রাগুনাড়ী, মধ্যনাড়ী ও পৃষ্ঠনাড়ী। অশ্বিনী, আর্দ্রা, পুনর্ব্বসু, উত্তরফল্গুনী, হস্তা, জ্যেষ্ঠা, মূলা, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদ এই সকল নক্ষত্র প্রাগুনাড়ীতে অবস্থিত। ভরণী, মৃগশিরা, পুষ্যা, পূর্ব্বফল্গুনী, চিত্রা, অনুরাধা, পূর্ব্বাষাঢ়া, ধনিষ্ঠা ও উত্তরভাদ্রপদ এই সকল নক্ষত্র

মধ্যনাড়ীতে অবস্থিত। কৃত্তিকা, রোহিণী, অশ্লেষা, মঘা, স্বাতী, বিশাখা, উত্তরাষাঢ়া, শ্রবণা ও রেবতী এই সকল নক্ষত্র পৃষ্ঠনাড়ীতে অবস্থিত।

বর কন্যার জন্মনক্ষত্র যদি এক নাড়ীতে অবস্থিত হয়, তাহা হইলে নাড়ীবেধ দোষ হয়।

অথ নাড়ীবেধ ফল—ঐ নাড়ীবেধ প্রাঙনাড়ীগত হইলে কন্যা বিধবা হয়, পৃষ্ঠনাড়ীগত হইলে কন্যার মৃত্যু হয় এবং মধ্যনাড়ীগত হইলে উভয়েরই মৃত্যু হয়।

নক্ষত্রশুদ্ধি কথন।—কন্যার নক্ষত্র হইতে বরের নক্ষত্র এবং বরের নক্ষত্র হইতে কন্যার নক্ষত্র গণনা করিয়া নয় সংখ্যার অধিক হইলে তাহা ত্যাগ করিয়া যদি তিন পাঁচ বা সাত অবশিষ্ট থাকে, তবে নক্ষত্র শুদ্ধ হয় না (কিন্তু রাজযোটকাদি হইলে নাড়ীবেধ, তারা অশুদ্ধি ইত্যাদি জন্য দোষ হয় না।)

বৈধব্যাদিজ্ঞান।—কন্যার সপ্তমে বহুপাপ গ্রহ থাকিলে বিধবা হয় এবং শুভাশুভ-মিশ্র বহু গ্রহ থাকিলে পুনর্ভূ (দ্বিরূঢ়া) হয়।

অষ্টমে পাপগ্রহ থাকিলে বিধবা হয়; কিন্তু যদি দ্বিতীয়ে বহু শুভগ্রহ থাকে তাহা হইলে উক্ত অষ্টমে পাপগ্রহ জন্য বিধবা না হইয়া কন্যারই মৃত্যু হইয়া থাকে।

কন্যার যুগ্মাযুগ্মরাশিগত লগ্ন চন্দ্রফল।—কন্যার লগ্ন ও চন্দ্র বিষমরাশি (অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনুঃ, কুম্ভ) গত হইলে কন্যা দুঃশীলা হয় এবং যুগ্ম (অর্থাৎ বৃষ, কর্কট বৃশ্চিক, মকর, মীন) রাশিগত হইলে কন্যা সুশীলা থাকে। যদি লগ্ন ও চন্দ্রের অন্যতর একটী বিষমে এবং অপরটী যুগ্মে থাকে তাহা হইলে মধ্যমা হয়।

স্ত্রী ও স্বামীর জন্মকালীন মঙ্গলগ্রহাবস্থান ফল।—লগ্ন দ্বাদশ, চতুর্থ, সপ্তম, অষ্টম ইহাদের অন্যতম ভাগে মঙ্গল গ্রহ থাকিলে স্ত্রীর স্বামী নাশ ও স্বামীর স্ত্রীনাশ।

স্ত্রীর সপ্তম স্থানের ফল।—কন্যার সপ্তমে মঙ্গল থাকিলে বাল্যে বৈধব্য, রবি থাকিলে পরিত্যক্তা ও বহু পাপদৃষ্ট শনিগ্রহ থাকিল কন্যা অনূঢ়া হয়।

প্রতি প্রসব।—কন্যার জন্মরাশি বা লগ্নের সপ্তম স্থানে যদি কোনও শুভগ্রহ বা সপ্তমাধিপ অবস্থান করেন তাহা হইলে কন্যার অনপত্যদোষ এবং বিষাঙ্গনা জন্য বৈধব্য দোষ হয় না।

অপর।—যে কন্যার লগ্ন, চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম, দশম ইহাদের অন্যতম ভাবে বৃহস্পতি গ্রহ অবস্থিত, সপ্তমাষ্টমে পাপগ্রহ থাকিলেও সেই কন্যা গুণবতী, পূর্ণবিভূতিযুক্তা, সাধ্বী সুসন্তানপ্রসবিনী ও সুখিনী হয়।

যামিত্রযুতবেধ।—চন্দ্র পাপগ্রহের সপ্তমরাশিগত হইলে যামিত্রবেধ ও পাপযুক্ত হইলে যুতবেধ হয়। ইহাকে যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে। ইহাতে যাত্রা করিলে বিপদ, গৃহারম্ভ ও প্রবেশে পুত্রহানি, ক্ষৌরকর্ম্মে রোগ, বিবাহে বৈধব্য, উপনয়নে মরণ, পুংসবনে শূলরোগ হয়।

যামিত্রবেধ।—কর্ম্মকালীন রাশির সপ্তমে যদি রবি, শনি ও মঙ্গল থাকেন তাহা হইলে যামিত্রবেধ হয়। তাহাতে বিবাহ, যাত্রা, চূড়াকরণ, গৃহারম্ভ, ও গৃহপ্রবেশ করিবে না।

যামিত্রবেধ প্রতি প্রসব।—চন্দ্র যদি বৃষে থাকেন, নিজগৃহে কিম্বা পূর্ণ হন, অথবা মিত্রগৃহ ও শুভগ্রহের গৃহে থাকেন অথবা মিত্র কি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন তবে চন্দ্র যামিত্র বেধ দোষ বিনাশ করিয়া সুখদায়ক হন।

সপ্তশলাকা। উত্তর দক্ষিণে সাত রেখা ও পূর্ব্ব পশ্চিমে সাত রেখা দিবে। পরে উত্তর দিকের প্রথম রেখা অবধি কৃত্তিকাদি করিয়া অভিজিত সহ অষ্টাবিংশতি নক্ষত্র

বসাইবে। যে নক্ষত্রে বিবাহ হইবে তাহাতে কিম্বা তদ্রেখার সম্মুখবর্ত্তী নক্ষত্রে চন্দ্র ভিন্ন কোন গ্রহ যদি থাকেন তবে সপ্তশলাকা বেধ হয়। তাহাতে বিবাহ নিষেধ। উত্তরাষার শেষ পঞ্চদশ দণ্ড শ্রবণার প্রথম চারি দণ্ড অভিজিত হয়, তাহার সহিত রোহিণীর বেধ। বেধের নিয়ম যথা—কৃত্তিকার সহিত শ্রবণার রোহিণীর সহিত অভিজিতের এবং মৃগশিরার সহিত উত্তরাষাঢ় বেধ ইত্যাদি। ঐরূপ মঘার সহিত ভরণীর, পূর্ব্বফল্গুনীর সহিত অশ্বিনীর বেধ। অর্থাৎ কৃত্তিকা বা শ্রবণায় গ্রহ থাকিলে ঐ নক্ষত্রদ্বয়ে বিবাহ হইবে না।



সপ্তশলাকাবিদ্ধদোষকথন।—যে স্ত্রীর বিবাহে চন্দ্রসপ্তশলাকাচক্রে শুভ বা অশুভ গ্রহ দ্বারা বিদ্ধ হয় সেই স্ত্রী বিবাহে রক্তবস্ত্র পরিধান করিয়া রোরুদ্যমানা হইয়া স্বামীর শ্মশান ভূমি প্রয়াণ করে।

দশযোগভঙ্গ কথন। কর্ম্মকালে সূর্য্যযুক্ত নক্ষত্রও কর্ম্মযোগ্য নক্ষত্র একত্র করিয়া যদি ২৭এর অধিক হয় তবে সাতাশ ত্যাগ করিয়া অবশিষ্ট যাহা থাকে তাহাতে যদি পনর, ছয়, চারি, এক, দশ, উনিশ, সাতাশ, এগার, আঠার বা কুড়ি সংখ্যা হয় তাহা হইলে দশযোগভঙ্গ হয়, ইহাতে বিবাহাদি কার্য্য অশুভ।

বিদ্ধনক্ষত্র প্রতিপ্রসব।—সূর্য্য নক্ষত্রের প্রথমপাদে থাকিলে কর্ম্মকালীন নক্ষত্রের চতুর্থপাদ, দ্বিতীয় পাদে থাকিলে তৃতীয় পাদ, তৃতীয় পাদে থাকিলে দ্বিতীয় পাদ ও চতুর্থপাদে থাকিলে প্রথমপাদ দুষ্ট হয়।

বিবাহলগ্ননিরূপণ। কন্যা, তুলা, মিথুন ও ধনুর পূর্ব্বার্দ্ধকাল বিবাহ প্রশস্ত এক নিন্দ্যলগ্নের দ্বিপদাংশ অর্থাৎ কন্যা তুলা ও মিথুনের নবাংশ ইষ্ট হয়। যদি লগ্নের সপ্তম অষ্টম ও দ্বাদশ স্থানে শুভ গ্রহ না থাকে দ্বিতীয় তৃতীয় একাদশ স্থানে চন্দ্র থাকেন এবং তৃতীয় একাদশ ষষ্ঠ ও অষ্টম স্থানে পাপগ্রহ থাকেন, শুক্র ষষ্ঠে ও মঙ্গল অষ্টমে না থাকেন, তাহা হইলে সেই লগ্ন প্রশস্ত। এবং চন্দ্র পাপমধ্যগত রবি, মঙ্গল, শনি, শুক্রযুক্ত হইলে তাহাকে ত্যাগ করিবে। বর ও কন্যার দ্বিতীয় অষ্টম ও নবম ভিন্ন রাশিতে ও রবিশুদ্ধিতে বিবাহ প্রশস্ত।

সুতহিবুকযোগ। বিবাহ সময়ে লগ্ন, চতুর্থ, পঞ্চম, নবম ও দশমে বৃহস্পতি কিম্বা শুক্র থাকিলে সুতহিবুক যোগ হয়। ইহাতে লগ্নের সমস্ত দোষ নাশ ও সুখবৃদ্ধি করে।

গোধূলিব্যবস্থা। যে সময়ে পশ্চিমদিকে ঈষৎ রক্তবর্ণ হয় এবং গো পদোত্থিত ধূলিতে আচ্ছন্ন আকাশে দুই একটী তারকা দৃষ্ট হয়, ভৃগুনন্দন কহেন সেই সময়ের নাম গোধূলি। মুনিগণ বিবাহাদি কার্য্যে গোধূলি তিন প্রকার :—হেমন্ত ও শিশিরকালে সূর্য্য বিনষ্ট কিরণ জাল হইয়া গোলাকৃতি ও চক্ষুগোচর হইলে, বসন্ত সময়ে সূর্য্য অদৃশ্য হইলে পর ও গ্রীষ্মকালে অর্দ্ধস্তিমিত হইলে এবং বর্ষা ও শরৎকালে সূর্য্য অস্তাচলে গমন করিয়া অদৃশ্য হইলে গোধূলি হয়। যে সময়ে বিশুদ্ধ লগ্ন না পাওয়া যায় সেই সময়ে গোধূলি শুভফল দেয়, অন্যথা অশুভ। গোধূলিতে গ্রহ, নক্ষত্র, বার, তিথি, বিষ্টিভদ্রা ইত্যাদি সকলে কদাপি, বিঘ্ন করেন না ; আর বিবাহাদি কার্য্যে নিরন্তর অব্যাহত হইয়া শুভ প্রদান করে ; ইহা ভৃগুনন্দন কহিয়াছেন।

গোধূলিনিষিদ্ধমাসাদি কথন। অগ্রহায়ণ ও মাঘমাসে গোধূলিতে বিবাহ হইলে কন্যা বিধবা হয় ফাল্গুনমাসে পুত্র আয়ুঃ ধনাদিবৃদ্ধি হয়, বৈশাখ মাসে পতির সুখবর্দ্ধিনী ও ধনবতী, জ্যৈষ্ঠ মাসে পতির মানদাত্রী, আষাঢ় মাসে ধনধান্যযুক্তা ও বহুপুত্রিনী হয়। শনিবারে এবং বৃহস্পতিবারের [illegible] গোধূলি নিষিদ্ধ।

দিবাবিবাহ নিষেধ।—দিবাভাগে বিবাহ হইলে কন্যা পুত্রবর্জিতা ও বিবাহানলদগ্ধা এবং স্বামীঘাতিনী হয়।

দ্বিরাগমন।—বিবাহের পর দ্বিতীয়বার স্বামীগৃহে গমন করার নাম দ্বিরাগমন তাহা যদি প্রথমে বিবাহ মাসের মধ্যে না হয় তবে যুগ্ম বৎসরাদি জন্য দোষ বিচার্য্য। অযুগ্মবর্ষে বৈশাখ, অগ্রহায়ণ ও ফাল্গুনমাসে, রবি গুরু চন্দ্র শুদ্ধিতে শুদ্ধকালে কন্যা, মিথুন তুলা, মীন, বৃষলগ্নে শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে সোম, বুধ, বৃহস্পতি শুক্রবারে শুক্লপক্ষে মূলা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্ব্বসু শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতী নক্ষত্রে যাত্রা কালোক্ত তিথিতে দ্বিরাগমন প্রশস্ত। কিন্তু অস্তগত ও সম্মুখস্থ শুক্র হইলে কদাপি হইবে না। অষ্টমবর্ষে দ্বিরাগমনে শ্বশ্রূর, দশমবর্ষে শ্বশুরের ও দ্বাদশবর্ষে পতির মৃত্যু হয়। এক গ্রামে কিম্বা একগৃহে অথবা দুর্ভিক্ষ কিম্বা রাজবিপ্লবাদি হইলে স্বামীর সঙ্গে আসিলে সম্মুখ শুক্র দোষ হয় না।

যাত্রাকালে ভোজন নিষেধ।—দ্বিরাগমনকালে স্ত্রী পিতৃগৃহে ভোজন করিয়া যদি পতিগৃহে ভোজন করে তাহার দুর্ভাগ্য হয় ও কুলাঙ্গনা সকলে তাহাকে শাপ দেয়।

আদ্য ঋতুর বারফল।—রবিবারে আদ্যঋতু হইলে বিধবা, সোমবারে পতিব্রতা মঙ্গলবারে বেশ্যা, বুধবারে সৌভাগ্যবতী, বৃহস্পতিবারে পতি লক্ষ্মীযুক্ত শুক্রবারে সন্তানযুক্তা ও শনিবারে বন্ধ্যা হয়।

আদ্যঋতুর মাসফল।—জ্যৈষ্ঠ মাসে আদ্যঋতু হইলে বিধবা এবং আষাঢ় মাসে ধনশালিনী, শ্রাবণমাসে মৃতবৎসা, ভাদ্রমাসে রোগিণী, আশ্বিনমাসে মৃতবৎসা, কার্ত্তিকমাসে কুলনাশিনী, অগ্রহায়ণমাসে ধর্ম্মশীলা পৌষমাসে রতিবিহ্বলা, মাঘমাসে পতিব্রতা, ফাল্গুনমাসে বহুপুত্রা, চৈত্রমাসে মদনোন্মাদিনী ও বৈশাখমাসে, প্রিয়বাদিনী হয়।

আদ্যঋতুর তিথিফল।—প্রতিপদে আদ্যঋতু হইলে স্ত্রী সৌভাগ্যশালিনী হয় এবং দ্বিতীয়াতে পতিব্রতা, তৃতীয়াতে শুভ ও আরোগ্যযুক্তা, চতুর্থীতে বাতুলপ্রিয়া, পঞ্চমীতে সৌভাগ্যবতী, ষষ্ঠীতে পরগামিনী, সপ্তমীতে লক্ষ্মীযুক্তা, অষ্টমীতে রোগিনী, নবমীতে বিধবা, দশমীতে সুপুত্রা, একাদশীতে মৃতবৎসা, দ্বাদশীতে পরগামিনী, ত্রয়োদশীতে সুপুত্রা, চতুর্দ্দশীতে চঞ্চলা, অমাবস্যাতে মৃত্যু ও পৌর্ণমাসীতে সম্পৎশালিনী হয়।

আদ্যঋতুর নক্ষত্রফল।—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ভরণী, অশ্লেষা ও আর্দ্রানক্ষত্রে আদ্যঋতু হইলে বিধবা হয় এবং মঘা নক্ষত্রে শোকবিশিষ্টা, পুনর্ব্বসুতে কুলটা, কৃত্তিকা ও জ্যেষ্ঠাতে দরিদ্রা হয়।

আদ্যঋতুর যোগফল। বিষ্কুম্ভ যোগে প্রথম ঋতু হইলে স্ত্রীর দুর্ভাগ্য হয়, এবং অতিগণ্ডযোগে স্ত্রী বন্ধ্যা, শূলে শূলরোগগ্রস্ত, গণ্ডযোগে পর পুরুষগামিনী, ব্যাঘাতযোগে আত্মঘাতিনী, বজ্রযোগে স্বৈরিণী, ব্যতীপাতযোগে পতিঘাতিনী, পরিঘযোগে মৃতবৎসা ও বৈধৃতিযোগে পতিঘাতিনী হয়। এতদ্ভিন্ন যোগে নামানুরূপ ফল হয়।

আদ্য ঋতুর করণফল।

আদ্য ঋতু দর্শনকালে ববকরণে বন্ধ্যা, বালবে পুত্রলাভ, কৌলবে সুশীলা, তৈতিলে মধুরভাষিণী, গরে সর্ব্বগুণান্বিতা, বণিজে পুত্রহীনা, বিষ্টিতে মৃতবৎসা, শকুনিতে কামপীড়িতা, চতুষ্পদে অশুভ, নাগে কামাতুরা, কিন্তুঘ্নে ব্যভিচারিণী হয়। কশ্যপ তন্ত্রে ইহা উক্ত আছে।

আদ্য ঋতুর লগ্নফল।

মেষ লগ্নে আদ্যঋতু হইলে কুলটা, বৃষে পরভোগিনী, মিথুনে ধনবতী, কর্কটে ব্যভিচারিণী, সিংহে পুত্রবতী, কন্যাতে সম্পৎশালিনী, তুলাতে নিষ্করুণা বৃশ্চিকে

পতিব্রতা, ধনুর পূর্ব্বার্দ্ধে দুশ্চরিত্রা, এবং পরার্দ্ধে পতিব্রতা, মকরে মানহীনা, কুম্ভে ধনহীনা, এবং মীনলগ্নে ঋতু হইলে বিলক্ষণা হয়, দৈবজ্ঞ মনোহরে বলিয়াছেন।

আদ্য ঋতুর চক্রফল।

কৃর্ত্তিকা হইতে অভিজিৎ সহ অষ্টাবিংশতি নক্ষত্র আট দিকে লিখিবে। পূর্ব্বাদি চতুর্দ্দিকের প্রত্যেক দিকে চারিটী এবং প্রত্যেক কোণে তিনটী নক্ষত্র স্থাপন করতঃ তাহা দ্বারা ক্রমশঃ শুভাশুভ ফল নির্ণয় করিবে। সম্পৎ (শ্রী), বন্ধ্যা, সুভগা, পুত্রহীনা, পুত্রবতী, বিধবা, সর্ব্বসম্পনা ও বেশ্যা, এই আটফল আটদিকে নির্ণয় করিবে। জ্যোতিষতত্ত্বে উক্ত আছে। সাধারণের সুবিধার জন্য নিম্নে একটী চক্র অঙ্কিত হইল।

ঋতুচক্র।

৯।৮।৭ (বন্ধ্যা) পুনর্ব্বসু, পুষ্যা, অশ্লেষা	৬।৫।৪।৩ (সম্পৎশ্রী) কৃর্ত্তিকা, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা	২।১।২৭ (বেশ্যা) রেবতী, অশ্বিনী, ভরণী
১০।১১।১২।১৩ (সুভগা) মঘা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, হস্তা		২৩।২৪।২৫।২৬ (সর্ব্বসম্পন্না) ধনিষ্ঠা, শতভিষা পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ
১৪।১৫।১৬ (বিপুত্রা) চিত্রা, স্বাতী, বিশাখা	১৭।১৮।১৯।২০ (পুত্রিণী) অনুরাধা, জ্যেষ্ঠা মূলা পূর্ব্বাষাঢ়া	২১।২২।০ (বিধবা) উত্তরাষাঢ়া, শ্রবণা, অভিজিৎ

সন্ধ্যাদির ফল।—প্রাতঃসন্ধ্যায় ও সায়ং সন্ধ্যায়, রাত্রিতে, পিত্রালয়ে, পরগৃহে, বিষ্টিভদ্রায়, সংক্রান্তিতে, চন্দ্র-সূর্য্যগ্রহণে ও কৃষ্ণপক্ষে স্ত্রী প্রথম রজস্বলা হইলে অশুভ হয়। কিন্তু রাত্রির পূর্ব্বভাগে হইলে শুভ হয়। আর মধ্যাহ্নে মধ্যম ফল ও অপরাহ্নে হইলে বৈধব্য হয়।

ঋতুচক্র দোষের শান্তি।

বন্ধ্যাতে গোদান, বিপুত্রাতে ঘৃতপূর্ণ তাম্রপাত্র দান, বিধবাতে চন্দন স্বর্ণদান, বেশ্যাতে ভূমি ও প্রবাল দান করিবে। জ্যোতিষতত্ত্বে মতান্তরে বিধি আছে।

এই সকল দোষের শান্তি।—এই সকল দোষ শান্তির জন্য গায়ত্রী পাঠ করিয়া ঘৃত দূর্ব্বা, তিল ও অক্ষতের (আতপচাউল) প্রত্যেক দ্রব্য দ্বারা ১০৮ একশত আট বার করিয়া আহুতি দিতে হইবে।

গ্রন্থান্তরে দেখা যায়।—দুষ্টমাসে স্ত্রী প্রথম রজস্বলা হইলে গুড় ও তৈল দান করিবে, বারদোষে আতপচাউল, নক্ষত্রদোষে মণি, যোগদোষে তিল ও স্বর্ণ, তিথিদোষে গাভী, করণদোষে স্বর্ণ এবং লগ্নদোষে বৃষ দান করিবে। দানদ্রব্য গ্রহবিপ্রকে দিবে অন্যথা নিষ্ফল।

পর্ব্বকথন।—চতুর্দ্দশী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি অষ্টমী।

গর্ভাধান।—লগ্ন সূর্য্যচন্দ্র পাপযুক্ত বা মধ্যগত না হইলেও ইহাদের সপ্তম স্থানে অশুভ গ্রহ না থাকিলেও লগ্নের অষ্টমে মঙ্গল ও চতুর্থ স্থানে পাপগ্রহ না থাকিলে এবং নবম ও [illegible] একাদশ

স্থান পাপযুক্ত হইলে গণ্ড সময় ত্যাগ করিয়া যুগ্ম রাত্রিতে পুরুষের চন্দ্রাদি শুভ হইলে গর্ভাধান করিবে। প্রথম দ্বিতীয় চতুর্থ একাদশ ও ত্রয়োদশ নিশা ত্যাগ করিয়া যুগ্ম নিশায় গর্ভাধান প্রশস্ত। মূলা মঘা অশ্বিনীনক্ষত্রের আদ্য পাদ গণ্ড এবং জ্যেষ্ঠা রেবতী ও অশ্লেষার শেষপাদ গণ্ড ইহা ত্যাগ করিবে অশক্তের পক্ষে মঘা জ্যেষ্ঠা, রেবতীর অন্ত, অশ্বিনী, মঘা, মূলার আদ্য তিন দণ্ড ত্যাগ করিবে।

পঞ্চামৃত।—রবি, বৃহস্পতি, শুক্রবারে শুক্লপক্ষে রিক্তা ভিন্ন তিথিতে, ১।৭।৮।১০।১২।১৩।১৭।১৯।২৭ নক্ষত্রে, শুভযোগ করণ ও শুভ লগ্নে, চন্দ্র ও তারাশুদ্ধি হইলে পঞ্চম মাসে পঞ্চামৃত প্রশস্ত। পঞ্চামৃত—দধি দুগ্ধ ঘৃত মধু শর্করা।

সাধভক্ষণ।— শনি মঙ্গল ভিন্ন বারে শুক্লপক্ষে রিক্তা ভিন্ন তিথিতে ১।৩।৪।৫।৭।৮।১২।১৩।১৪।১৫।১৭।১৮।১৯।২১।২২।২৩।২৪।২৬।২৭ নক্ষত্রে শুভ।

সীমন্তোন্নয়ন।—মাসাধিপতি বলবান্ হইলে চন্দ্র শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে, ষষ্ঠ ও অষ্টম মাসে, রবি মঙ্গল ও বৃহস্পতিবারে শুক্লপক্ষে রিক্তা ভিন্ন তিথিতে ১।৫।৬।৭।৮।১০।১১।১২।১৩।১৪।১৭।১৯।২০।২১।২২।২৫।২৬।২৭ নক্ষত্রে, মকর, মেষ, ভিন্ন লগ্নে মিথুন তুলা কুম্ভ কন্যারাশির নবাংশে সীমন্তোন্নয়ন করিবে।

পুংসবন।— শুক্লপক্ষে ১।২।৬।৭।১১।১২ তিথিতে ৫।৬।৭।৮।১৫।১৯।২০।২১।২১।২৫।২৬ নক্ষত্রে রবি মঙ্গল বৃহস্পতিবারে শুভ। (পাপযুক্ত নক্ষত্রে ও যুতবামিত্র ও দশযোগ ভঙ্গ দোষে পুংসবন নিষিদ্ধ)।

সুখপ্রসব মন্ত্র।

অস্তি গোদাবরী তীরে জম্ভলা নাম রাক্ষসী।
তস্যাঃ স্মরণ মাত্রেণ বিশল্যা গর্ভিণী ভবেৎ॥

৩২	৩২	৩২	৩২	৩২	৩২
৩২	১	৮	৯	১৪	৩২
৩২	১১	১২	৩	৬	৩২
৩২	৭	২	১৫	৮	৩২
৩২	১৩	১০	৫	৪	৩২
৩২	৩২	৩২	৩২	৩২	৩২

এই মন্ত্র অশ্বত্থপত্রে লিখিয়া প্রসূতির কেশে বাঁধিয়া দিলে প্রসবে কোন কষ্ট হয় না।

বত্রিশের ঘর পূরণ।

চন্দ্র নেত্র সমুদ্র বাণ, পৃষ্ঠে নব করি বুঝহ
সন্ধান যাহা কর অঙ্ক তাহা কর আধা, কুড়
পদে পদে ভাগ সমাধা।

লগ্ন পরীক্ষা।

উদয়াবধি কিম্বা অস্তাবধি যত দণ্ডে জন্ম হইবে, তাহার অর্দ্ধেক সংখ্যা লইবে। সূর্য্য যে নক্ষত্রে থাকিবেন, তাহার সহিত ঐ সংখ্যা যোগ করিলে যে সংখ্যা হইবে, সেই সংখ্যক নক্ষত্রে যে রাশি পাওয়া যায়, তাহাই লগ্ন। আর চন্দ্র ও রাশ্যধিপ গ্রহ যে স্থানে থাকিবে, তাহা অথবা তাহার পঞ্চম নবম কিংবা তাহার সপ্তমের ত্রিকোণ স্থান লগ্ন হইবে।

প্রসবগৃহদ্বার নিরূপণ।

মেষ কর্কট বৃশ্চিক কুম্ভলগ্নে জন্ম হইলে পূর্ব্বদিকে, মিথুন তুলা ধনুঃ মীনলগ্নে উত্তরদিকে, কন্যা বৃষলগ্নে পশ্চিমদিকে, মকর ও সিংহলগ্নে দক্ষিণদিকে প্রসবগৃহের দ্বার হইবে।

জাতবালকের শিরোজ্ঞান।

মেষ সিংহ ধনুঃ লগ্নে জন্ম হইলে বালকের মস্তক পূর্ব্বদিকে, বৃষ কন্যা মকর লগ্নে দক্ষিণদিকে, কর্কট মীন বৃশ্চিক লগ্নে উত্তরদিকে, কুম্ভ তুলা মিথুন পশ্চিমদিকে হইয়া থাকে।

দন্তোদ্গম ফল। বালকের দন্ত সহিত জন্ম হইলে তাহার পিতা মাতার মৃত্যু হয়। প্রথম মাসে দন্ত হইলে পিতার, দ্বিতীয় মাসে মাতার ও তৃতীয় মাসে ভ্রাতার মৃত্যু হয়, চতুর্থ মাসে শুভ, পঞ্চম মাসে মিষ্টান্নভোজী, ষষ্ঠ মাসে সুখী ও পণ্ডিত, সপ্তম মাসে বলবান ও গুণবান, অষ্টমমাসে ধনহীন ও সুখহীন, নবম মাসে প্রতাপশালী দশম মাসে গাতায়ুঃ, একাদশ ও দ্বাদশ মাসে দন্ত হইলে বালক সুশীল ও সুভোগী হয়।

গণ্ডরিষ্টি কথন।—অশ্বিনী মঘা ও মূলানক্ষত্রের প্রথম তিন দণ্ড ও রেবতী অশ্লেষা জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পাঁচদণ্ড গণ্ড। মূলার আদি ৩ দণ্ড জ্যেষ্ঠের শেষ ৫ দণ্ডের নাম দিবাগণ্ড। মঘার আদি তিন দণ্ড ও অশ্লেষার শেষ ৫ দণ্ডর নাম রাত্রিগণ্ড। অশ্বিনীর আদি ৩ দণ্ড রেবতীর শেষ ৫ দণ্ডের নাম সন্ধ্যাগণ্ড। সন্ধ্যাগণ্ডে জন্ম হইলে শিশুর মৃত্যু হয়; রাত্রিগণ্ডে মাতার ও দিবাগণ্ডে পিতার মৃত্যু হয়। কিন্তু দিবাগণ্ডে জাতকন্যার ও রাত্রিগণ্ডে জাতপুত্রের গণ্ডদোষ হয় না অথবা দিবাগণ্ড নক্ষত্রে যদি রাত্রিতে কিম্বা রাত্রিগণ্ডে নক্ষত্রে দিবাতে জন্ম হয়, তাহা হইলেও গণ্ডদোষ হয় না। গণ্ডকালে জাত সন্তানকে ত্যাগ করিবে কিম্বা ছয় মাস পিতা সন্তানকে দেখিবে না! কুঙ্কুম, চন্দন, কুড়, গোরচনা এবং ঘৃতযুক্তজল চারিটী কলসে করিয়া সহস্রাক্ষ মন্ত্র পাঠ করতঃ দিবাগণ্ডজাত সন্তানকে পিতার সহিত রাত্রিগণ্ডে জাত শিশুকে মাতার সহিত সন্ধ্যাগণ্ডে জাত সন্তানকে পিতা ও মাতার সহিত স্নান করাইবে ও ঘৃতপূর্ণ কাংস্যপাত্র ধেনু ও স্বর্ণদান এবং গ্রহ সকলকে পূজা করিবে, তাহা হইলে গণ্ডদোষ শান্তি হইবে। গ্রহবিপ্র অর্থাৎ আচার্য্য ব্রাহ্মণ দ্বারা পূজা করিবে।

পতাকিচক্র।—পতাকি চক্রে ঊর্দ্ধ ও বক্রভাবে তিনটী করিয়া রেখা দিবে এবং বক্রভাবে সকলের সঙ্গে বেধ করিবে। তাহাতে পাঁচ আট দুই কুড়ি ছয় দশ চৌদ্দ তিন চারি অঙ্ক সকল কর্কট অবধি মীন পর্য্যন্ত প্রদান করিবে। লগ্ন হইতে শুভদণ্ডে বেধ হইলে বালকের শুভ ও পাপদণ্ডে বেধ হইলে অশুভ হইবে। বেধের নিয়ম যথা—মিথুন, মীন ধনুর সহিত কর্কটের বেধ, বৃষ বৃশ্চিক ও কুম্ভের সহিত সিংহের বেধ এইরূপে সকলের বেধ হইবে। যে রাশির সহিত যাহার বেধ তাহাতে যত অঙ্ক থাকিবে তাহা একত্র করিলে যত অঙ্ক হইবে ততদিন কিম্বা মাস কিম্বা বৎসর পতাকীর রিষ্টিকাল জানিবে। যেমন সিংহরাশির বৃশ্চিক ও কুম্ভের সহিত বেধ হওয়াতে বৃশ্চিকের অঙ্ক ৬ এবং সিংহের অঙ্ক ৮ কুম্ভের অঙ্ক ৩ এই তিনটী অঙ্ক একত্র করায় ১৭ হইল, ইহাতে জানা গেল যে ১৭ দিন কি ১৭ মাস কি ১৭ বর্ষ সময়ে বালকের পতাকিরিষ্টি হইবে ইত্যাদি।



যামার্দ্ধাধিপ কথন।

দিনমানকে আটভাগ করিলে তাহার এক একটী ভাগের নাম যামার্দ্ধ। যে বারে জন্ম হইবে, সেই গ্রহ প্রথম যামার্দ্ধের অধিপতি। তাহার পর ছয় ছয় অন্তর দ্বিতীয়াদি যামার্দ্ধের অধিপতি হইবে এবং রাত্রিমানকে আটভাগ করিলে যাহা হইবে, তাহা রাত্রির যামার্দ্ধ; তাহাতে যে বারে জন্ম হইবে, রাত্রিতে সেই গ্রহ প্রথম যামার্দ্ধাধিপ হইবে। তৎপরে পাঁচ পাঁচ অন্তর যে যে গ্রহ হইবে, সেই সেই গ্রহ তৎপরবর্ত্তী যামার্দ্ধাধিপ হইবে। যথা—রবিবারে প্রথম যামার্দ্ধের অধিপতি রবি, দ্বিতীয় যামার্দ্ধাধিপতি শুক্র, তৃতীয় যামার্দ্ধাধিপতি বুধ ও চতুর্থ যামার্দ্ধাধিপতি চন্দ্র ইত্যাদি। রবিবারে রাত্রিতে প্রথম যামার্দ্ধাধিপতি রবি, দ্বিতীয় বৃহস্পতি, তৃতীয় চন্দ্র চতুর্থ শুক্র ইত্যাদি; কিন্তু রাহু ও কেতুকে গণনা করিবে না।

দিবাদণ্ডাধিপ।—যামার্দ্ধকে চারি ভাগ করিলে প্রত্যেক ভাগের নাম দণ্ড। যে গ্রহের যামার্দ্ধ, সেই গ্রহই তাহার প্রথম দণ্ডের অধিপতি হইবেন এবং প্রথম দণ্ডাধিপতির সংখ্যার অর্দ্ধেক সংখ্যায় যে গ্রহ হইবেন, সেই গ্রহ দ্বিতীয়দণ্ডাধিপতি এবং তাহার অর্দ্ধেক সংখ্যার তৃতীয় দণ্ডাধিপতি হইবেন এবং তৃতীয়দণ্ডাধিপতির অর্দ্ধেক সংখ্যায় যে গ্রহ, সেই গ্রহ চতুর্থ দণ্ডের অধিপতি হইবেন। অর্দ্ধ সংখ্যায় ভগ্নাঙ্ক থাকিলে, ঐ ভগ্নাঙ্ক পরিত্যাগ করিয়া কেবল সংখ্যা গ্রহণ করিতে হইবে। যেমন মঙ্গল দণ্ডাধিপতি হইলে তাহার সংখ্যা ৩, তাহার অর্দ্ধ ১॥০, এস্থলে ভগ্নাঙ্ক ॥০, পরিত্যাগ করিয়া কেবল ১ সংখ্যা গ্রহণ করিতে হইবে এবং উক্ত এক সংখ্যায় রবি দণ্ডাধিপতি হইবেন। ভগ্নাঙ্ক পরিত্যাগ করিয়া অঙ্কের অভাব হইলে সেই স্থলে ৮ সংখ্যা লইতে হইবে এবং ঐ সংখ্যার দণ্ডাধিপতি রাহু হইবেন। যথা—রবি দণ্ডাধিপতি হইলে তাহার সংখ্যা ১ উহার অর্দ্ধেক ॥০ ভগ্নাঙ্ক, উহা পরিত্যাগ করিলে সংখ্যায় ০, এস্থলে ৮ সংখ্যা গ্রহণ করিতে হইবে এবং উক্ত ৮ সংখ্যায় রাহুদণ্ডাধিপতি হইবেন।

রাত্রিদণ্ডাধিপ।—যে গ্রহের যামার্দ্ধ হইবে প্রথম দণ্ডের সেই গ্রহই অধিপতি হইবেন এবং তাহা হইতে ছয় ছয় ত্যাগ করিয়া শেষ তিন দণ্ডের অধিপতি জানিবেন। যথা—রবিবারে প্রথম যামার্দ্ধের প্রথম দণ্ডের অধিপতি রবি, দ্বিতীয় দণ্ডাধিপতি শুক্র, তৃতীয় দণ্ডের বুধ এবং চতুর্থ দণ্ডের চন্দ্র; এই নিয়মানুসারে অন্য যামার্দ্ধের ও বারের দণ্ডাধিপতি স্থির করিতে হয়।

পিতৃরিষ্টি।

বালকের জন্মলগ্নের দশম স্থানে শনি, ষষ্ঠে চন্দ্র, সপ্তমে মঙ্গল থাকিলে এবং সূর্য্য যদি শুভগ্রহযুক্ত কিংবা শুভগ্রহ দৃষ্ট না হন ও তিনটী পাপগ্রহ দৃষ্ট হন তবে বালকের পিতার মৃত্যু হয়।

মাতৃরিষ্টি।

জন্মলগ্নের চতুর্থ স্থানে বলবান্ পাপগ্রহ থাকিলে, ঐ পাপগ্রহের কেন্দ্রস্থানে পাপগ্রহ থাকিলে এবং জন্মলগ্নের চতুর্থ সপ্তম,দশম পঞ্চম ও নবম স্থানে পাপগ্রহ থাকিলে ৭ দিনের মধ্যে এবং পাপযুক্ত শুক্রের চতুর্থ স্থানে পাপগ্রহ থাকিলে কিংবা তিনটী পাপগ্রহ দৃষ্ট চন্দ্রের ষষ্ঠ স্থানে পাপগ্রহ থাকিলে তবে জাতবালকের মাতার মৃত্যু হয়।

অষ্টোত্তরীমতে নক্ষত্রের দ্বারা দশাধিপতি

গ্রহকথন।

কৃত্তিকা রোহিণী মৃগশিরা নক্ষত্রে জন্ম হইলে রবির দশা, আর্দ্রা পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা নক্ষত্রে চন্দ্রের দশা, মঘা পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী, নক্ষত্রে মঙ্গলের দশা, হস্তা চিত্রা স্বাতী বিশাখা নক্ষত্রে বুধের দশা, অনুরাধা জ্যেষ্ঠা মূলা নক্ষত্রে শনির দশা, অভিজিৎ পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া শ্রবণা নক্ষত্রে বৃহস্পতির দশা, ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে রাহুর দশা এবং উত্তরভাদ্রপদ রেবতী অশ্বিনী ভরণী নক্ষত্রে শুক্রের দশা হয়।

অষ্টোত্তরী গ্রহগণের দশাভোগকাল।

অষ্টোত্তরী মতে রবির ৬, চন্দ্রের ১৫, মঙ্গলের ৮, বুধের ১৭, শনির ১০, বৃহস্পতির ১৯, রাহুর ১২ ও শুক্রের ২১ বৎসর পর্য্যায়ক্রমে দশাভোগকাল।

অন্তর্দ্দশাকাল নিরূপণ।

যে গ্রহের দশাতে যে গ্রহের অন্তর্দ্দশা গণনা করিতে হইবে, উভয়ের স্থূলদশা পরস্পর পূরণ করিয়া ৯ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক মাস হইবে। অবশিষ্ট অঙ্ককে ৩০ দ্বারা পূরণ করিয়া ৯ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক দিন হইবে, পরে অবশিষ্ট অঙ্ককে ৬০ দ্বারা গুণ করিয়া ৯ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দণ্ডাদি হইবে।

অষ্টোত্তরী দশা ও তাহার অন্তর্দ্দশা ।

রবিরদশা ৬ বর্ষ ।
রবির দশায় অন্তর্দ্দশা
বিভাগ ।

র র ০।৪।০ ।
র চং ০।১০।০ ।
র মং ০।৫।১০ ।
র বু ০।১১।১০ ।
র শ ০।৬।২০ ।
র বৃ ১।০।২০ ।
র রা ০।৮।০ ।
র শু ১ ২।০ ।

চন্দ্রেরদশা ১৫ বর্ষ ।
চন্দ্রের দশায়
অন্তর্দ্দশা বিভাগ ।

চং চং ২।১।০ ।
চং মং ১।১।১০ ।
চং বু ২।৪।১০ ।
চং শ ১।৪।২০ ।
চং বৃ ২।৭।২০ ।
চং রা ১।৮।০ ।
চং শু ২।১১।০ ।
চং র ০।১০।০ ।

মঙ্গলেরদশা ৮ বর্ষ ।
মঙ্গলের দশায় অন্তর্দ্দশা
বিভাগ ।

মং মং ০।৭।৩।২০ ।
মং বু ১।৩।৩।২০ ।
মং শ ০।৮।২৬।৪০ ।
মং বৃ ১।৪।২৬।৪০ ।
মং রা ০।১০।২০ ।
মং শু ১।৬।২০ ।
মং র ০।৫।১০ ।
মং চং ১।১।১০ ।

বুধেরদশা ১৭ বর্ষ
বুধের দশায় অন্তর্দ্দশা
বিভাগ ।

বু বু ২।৮।৭।২০ ।
বু শ ১।৬।২৬।৪০
বু বৃ ২।১১।২৬।৪০ ।
বু রা ১।১০।২০ ।
বু শু ৩।৩।২০ ।
বু র ০।১১।১০ ।
বু চং ২।৪।১০ ।
বু মং ১।৩।৩।২০ ।

শনিরদশা ১০ বর্ষ ।
শনির দশায়
অন্তর্দ্দশা বিভাগ ।

শ শ ০।১১।৩।২০ ।
শ বৃ ১।৯।৩।২০ ।
শ রা ১।১।১০ ।
শ শু ১।১১।১০ ।
শ র ০।৬।২০ ।
শ চং ১।৪।২০ ।
শ মং ০।৮।২৬।৪০ ।
শ বু ১।৬।২৬।৪০ ।

বৃহস্পতিরদশা ১৯ বর্ষ ।
বৃহস্পতির দশায় অন্তর্দ্দশা
বিভাগ ।

বৃ বৃ ৩।৪।৩।২০ ।
বৃ রা ২।১।১০ ।
বৃ শু ৩।৮।১০ ।
বৃ র ১।০।২০ ।
বৃ চং ২।৭।২০ ।
বৃ মং ১।৪।২৬।৪০ ।
বৃ বু ২।১১।২৬।৪০ ।
বৃ শ ১।৯।৩।২০ ।

রাহুরদশা ১২ বর্ষ ।
রাহুর দশায় অন্তর্দ্দশা
বিভাগ ।

রা রা ১।৪।০ ।
রা শু ২।৪।০ ।
রা র ০।৮।০ ।
রা চং ১।৮।০ ।
রা মং ০।১০।২০ ।
রা বু ১।১০।২০ ।
রা বৃ ১।১।১০ ।
রা শ ২।১।১০ ।

শুক্রেরদশা ২১ বর্ষ ।
শুক্রের দশায় অন্তর্দ্দশা
বিভাগ ।

শু শু ৪।১।০
শু র ১।২।০ ।
শু চং ২।১১।০ ।
শু মং ১।৬।২০ ।
শু বু ৩।৩।২০ ।
শু শ ১।১১।১০ ।
শু বৃ ৩।৮।১০ ।
শু রা ২।৪।০ ।

বিংশোত্তরীমতে নক্ষত্রের দ্বারা দশা নিরূপণ ।

কৃত্তিকা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া নক্ষত্রে জন্ম হইলে রবির, রোহিণী, হস্তা, শ্রবণা চন্দ্রের ; মৃগশিরা; চিত্রা, ধনিষ্ঠা মঙ্গলের , আর্দ্রা, স্বাতী, শতভিষা রাহুর ; পুনর্ব্বসু, বিশাখা, পূর্ব্বভাদ্রপদ বৃহস্পতির , পুষ্যা, অনুরাধা, উত্তরভাদ্রপদ শনির ; অশ্লেষা, জ্যেষ্ঠা, রেবতী বুধের ; মঘা, মূলা, অশ্বিনী কেতুর ; এবং পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া ভরণী নক্ষত্রে জন্ম হইলে শুক্রের দশা হয় ।

বিংশোত্তরী গ্রহগণের দশাভোগকাল।

বিংশোত্তরীমতে রবির ৬, চন্দ্রের ১০, মঙ্গলের ৭, রাহুর ১৮, বৃহস্পতির ১৬, শনির ১৯, বুধের ১৭, কেতুর ৭ ও শুক্রের ২০ বর্ষ পর্য্যায়ক্রমে দশাভোগকাল।

অন্তর্দ্দশাকাল।

যে গ্রহের দশায় যে গ্রহের অন্তর্দ্দশা জানিতে হইবে, উভয়ের স্থূলদশা পরস্পর গুণ করিয়া ১০ দ্বারা ভাগ করিলে যাহা ভাগলব্ধাঙ্ক তাহা মাস জানিবে, এবং ভাগশেষকে ৩ দ্বারা গুণ করিলে যত হইবে, তত সংখ্যক দিন জানিবে।

বিংশোত্তরী দশা ও তাহার অন্তর্দ্দশা।

[৩।১২।২১ নক্ষত্র
রবিরদশা ৬ বর্ষ]
র র ০।৩।১৮।
র চং ০।৬।০।
র মং ০।৪।৬
র রা ০।১০।২৪।
র বৃ ০।৯।১৮।
র শ ০।১১।১২।
র বু ০।১০।৬।
র কে ০।৪।৬।
র শু ১।০।০

[৪।১৩।২২ নক্ষত্র
চন্দ্রেরদশা ১০ বর্ষ]
চং চং ০।১০।০।
চং মং ০।৭।০।
চং রা ১।৬।০।
চং বৃ ১।৪।০।
চং শ ১।৭।০।
চং বু ১।৫।০।
চং কে ০।৭।০।
চং শু ১।৮।০।
চং র ০।৬।০।

[৫।১৪।২৩ নক্ষত্র
মঙ্গলেরদশা ৭ বর্ষ]
মং মং ০।৪।২৭।
মং রা ১।০।১৮।
মং বৃ ০।১১।৬।
মং শ ১।১।৯।
মং বু ০।১১।২৭।
মং কে ০।৪।২৭।
মং শু ১।২।০।
মং র ০।৪।৬।
মং চং ০।৭।০।

[৬।১৫।২৪ নক্ষত্র
রাহুরদশা ১৮ বর্ষ]
রা রা ২।৮।১২।
রা বৃ ২।৪।২৪।
রা শ ২।১০।৬।
রা বু ২।৬।১৮।
রা কে ১।০।১৮।
রা শু ৩।০।০।
রা র ০।১০।২৪।
রা চং ১।৬।০।
রা মং ১।০।১৮।

[৭।১৬।২৫ নক্ষত্র
বৃহস্পতির দশা ১৬ বর্ষ]
বৃ বৃ ২।১।১৮।
বৃ শ ২।৬।১২।
বৃ বু ২।৩।৬।
বৃ কে ০।১১।৬।
বৃ শু ২।৮।০।
বৃ র ০।৯।১৮।
বৃ চং ১।৪।০।
বৃ মং ০।১১।৬।
বৃ রা ২।৪।২৪।

[৮।১৭।২৬ নক্ষত্র
শনিরদশা ১৯ বর্ষ।
শ শ ৩।০।৩।
শ বু ২।৮।৯।
শ কে ১।১।৯।
শ শু ৩।২।০।
শ র ০।১১।১২।
শ চং ১।৭।০।
শ মং ১।১।৯।
শ রা ২।১০।৬।
শ বৃ ২।৬।১২।

[৯।১৮।২৭ নক্ষত্র
বুধেরদশা ১৭ বর্ষ]
বু বু ২।৪।২৭।।
বু কে ০।১১।২৭।
বু শু ২।১০।০।
বু র ০।১০।৬।
বু চং ১।৫।০।
বু মং ০।১১।২৭।
বু রা ২।৬।১৮।
বু বৃ ২।৩।৬।
বু শ ২।৮।৯।

[১০।১৯।১ নক্ষত্র
কেতুরদশা ৭ বর্ষ]
কে কে ০।৪।২৭।
কে শু ১।২।০।
কে র ০।৪।৬
কে চং ০।৭।০।
কে মং ০।৪।২৭।
কে রা ১।০।১৮।
কে বৃ ০।১১।৬।
কে শ ১।১।৯।
কে বু ০।১১।২৭।

[১১।২০।২ নক্ষত্র
শুক্রেরদশা ২০ বর্ষ।
শু শু ৩।৪।০।
শু র ১।০।০।
শু চং ১।৮।০।
শু মং ১।২।০।
শু রা ৩।০।০।
শু বৃ ২।৮।০।
শু শ ৩।২।০।
শু বু ২।১০।০
শু কে ১।২।০।

রাশি অনুসারে নামের আদ্যক্ষর নির্ণয়।

অ ল মেষ।
উ র বৃষ।
ক ছ মিথুন।
ড হ কর্কট।
ই এ ও বৃষ।
ফ ঢ় ধনু।

ম ট সিংহ।
প ঠ কন্যা।
র ত তুলা।
ন য বৃশ্চিক।
ঘ ঙ মিথুন।
স কুম্ভ।

ধ ভ ধনু।
খ জ মকর।
গ শ কুম্ভ।
দ চ মীন।
ষ ণ কন্যা।
থ ঞ ঝ মীন।

শতপদচক্র।

শতপদ চক্রানুসারে নক্ষত্রের প্রতিপাদের আদ্যক্ষরানুসারে জাতকের নামের আদ্যক্ষর হইয়া থাকে। যথা—অশ্বিনী নক্ষত্রের ১ম পাদে জন্ম হইলে চুকার আদি, ২য় পাদে চেকার আদি, ৩য় পাদে চোকার আদি, ৪র্থ পাদে লকার আদি নাম রাখিবে।

চু চে চো ল ১, লি লু লে লো ২, অ মেষ।
ই উ এ ৩, ও ব বি বু ৪, বে বো বৃষ।
ক কি ৫, কু ঘ ঙ ছ ৬, কে কো হ মিথুন।
হি ৭, হু হে হো ড ৮, ডি ডু ডে ডো ৯, কর্কট।
ম মি মু মে ১০ মো ট টি টু ১১ টে সিংহ।
টো প পি ১২, পু ষ ণ ঠ ১৩, পে পো কন্যা।
র রি ১৪, রু রে রো ত ১৫, তি তু তে তুলা।
তো ১৬, ন নি নু নে ১৭, নো য যি যু ১৮, বৃশ্চিক।
যে যো ভ ভি ১৯, ভু ধ ফ ঢ় ২০ ভে ধনু।
ভো জ জি ২১, জু জে জো খ ০ (অভিজিৎ)
খি খু খে খো ২২, গ গি মকর।
গু গে ২৩, গো শ শি শু ২৪, শে দ শো কুম্ভ।
দি ২৫ দু থ ঝ ঞ ২৬, দে দো চ চি ২৭, মীন।

নামকরণ।

উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিণী চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতী স্বাতী পুনর্ব্বসু শ্রবণা ধনিষ্ঠা শতভিষা অশ্বিনী ও হস্তানক্ষত্রে এবং জ্যোতিস্তত্ত্বোক্ত পুষ্যানক্ষত্রে ও এই সকল নক্ষত্রের মুহূর্ত্তলগ্নে ও কেন্দ্রস্থানে শুভগ্রহ থাকিলে এবং জন্ম দিবসাবধি দশম দ্বাদশ কিম্বা শত দিবসে অথবা কুলাচারমতে শুভদিনে শুভতিথিতে ও শুভযোগ করণে বালকের নামকরণ প্রশস্ত।

নিষ্ক্রামণ।

শনি মঙ্গল ভিন্ন বারে, শুক্লপক্ষে, রিক্তা ভিন্ন তিথিতে, উৎপাত পাপগ্রহযোগ রহিত নক্ষত্রে ও আর্দ্রা অশ্লেষা কৃত্তিকা ভরণী মঘা বিশাখা পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ ও শতভিষা ভিন্ন নক্ষত্রে, শুভগ্রহদৃষ্ট কুম্ভ তুলা কন্যা ও সিংহলগ্নে বলযুক্তে চন্দ্রে ও চন্দ্রের গোচর শুদ্ধ হইলে তৃতীয় কিম্বা চতুর্থ মাসে বালকের নিষ্ক্রামণ করিবে।

অন্নপ্রাশন।

সাবন হিসাবে পুত্রের ষষ্ঠ বা অষ্টম মাসে এবং কন্যার পঞ্চম বা সপ্তম মাসে শুভকরচন্দ্রে, শনি, মঙ্গল ভিন্ন বারে, শুক্লপক্ষে, রোহিণী মৃগশিরা পুনর্ব্বসু পুষ্যা রেবতী অশ্বিনী শ্রবণা ধনিষ্ঠা হস্তা চিত্রা স্বাতী বিশাখা অনুরাধা জ্যেষ্ঠা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ কৃত্তিকা শতভিষা ও মঘা নক্ষত্রে, দশযোগভঙ্গ রহিতে বৃষ মিথুন ধনুঃ মীন ও কন্যালগ্নে, দ্বিতীয়া তৃতীয়া পঞ্চমী দশমী ও ত্রয়োদশী তিথিতে অন্নপ্রাশন শুভ।

কর্ণবেধ ।

জন্মরাশি, জন্মনক্ষত্র, জন্মমাস রবি শনি মঙ্গলবার ও হরিশয়ন পরিত্যাগ করিয়া, শুদ্ধকালে, চৈত্র ভিন্ন উত্তরায়ণে, অযুগ্মবর্ষে, গোচরশুদ্ধ রবিতে, পুষ্যা অশ্বিনী হস্তা শ্রবণা ধনিষ্ঠা চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতী স্বাতী উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ও পুনর্ব্বসু নক্ষত্রে, বৃষ তুলা ধনুঃ ও মীনলগ্নে তৃতীয় একাদশ পঞ্চম নবম ও কেন্দ্রস্থানে শুভগ্রহ থাকিলে, তৃতীয় ষষ্ঠ ও একাদশে পাপগ্রহ স্থিত হইলে কর্ণবেধ প্রশস্ত ।

যদি অকৃতকর্ণবেধ দুই সন্তান থাকে ও অপর সন্তানের জন্ম হয়, তবে তাহাকে ষট্‌কর্ণ কহে ; তাহাতে তিন সন্তানের অমঙ্গল হইতে পারে। অতএব সন্তান জাতমাত্র তাহাকে মাতৃক্রোড়ে স্থাপন করিয়া দ্বিগুণ সূত্রবিশিষ্ট সূচী দ্বারা কর্ণবেধ করাইবে ।

চূড়াকরণ ।

অযুগ্ম বর্ষে ও মাসে কিংবা কুলরীত্যনুসারে, রবি সোম বুধ বৃহস্পতি ও শুক্রবারে, রিক্তা ষষ্ঠী অষ্টমী পূর্ণিমা ও প্রতিপদ ভিন্ন তিথিতে, জ্যেষ্ঠা মৃগশিরা চিত্রা রেবতী স্বাতী পুনর্ব্বসু শ্রবণা ধনিষ্ঠা শতভিষা পুষ্যা অশ্বিনী হস্তা ও মূলা নক্ষত্রে, যুতযামিত্রবেধ ও দশযোগ ভঙ্গ রহিতে, কন্যা মিথুন বৃষ ধনুঃ মকর কুম্ভ ও মীনলগ্নে, শুক্লপক্ষে, চৈত্র ভিন্ন উত্তরায়ণে, রবি চন্দ্র ও তারাশুদ্ধ হইলে, জন্মরাশি জন্মনক্ষত্র, জন্মমাস এবং হরিশয়ন ত্যাগ করিয়া চূড়াকার্য্য করিবে। রবিবারে অগ্নিসন্নিধানে চৈত্রমাসেও চূড়াকরণ হইতে পারে ।

বিদ্যারম্ভ ।

পুষ্যা অশ্বিনী হস্তা স্বাতী পুনর্ব্বসু শ্রবণা ধনিষ্ঠা শতভিষা আর্দ্রা মূলা অশ্লেষা কৃত্তিকা ভরণী মঘা বিশাখা পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ চিত্রা রেবতী ও মৃগশিরা নক্ষত্রে, হরিশয়ন ভিন্ন উত্তরায়ণে, শুক্র বৃহস্পতি ও রবিবারে, কালশুদ্ধিতে, লগ্নের কেন্দ্র, পঞ্চম, নবম শুভগ্রহযুক্ত হইলে, অনধ্যায় ভিন্ন দিনে পঞ্চম বর্ষে বিদ্যারম্ভ করাইবে। বৃহস্পতিবারে শ্রেষ্ঠ, শুক্র ও রবিবারে মধ্যম, শনি ও মঙ্গলবারে অল্পায়ুঃ, বুধ ও সোমবারে বিদ্যারম্ভ হইলে মূর্খ হয়। ষষ্ঠী প্রতিপদ অষ্টমী রিক্তা অমাবস্যা ও পূর্ণিমা ত্যাগ করিয়া স্বাধ্যায়ে গলগ্রহদোষরহিতে বিদ্যারম্ভ প্রশস্ত ।

অধ্যয়ন আরম্ভ করিলে যে তিথি পুনরারম্ভ কাল না পায়, গর্গাদিমুনি সকলে সে তিথিকে গলগ্রহ বলিয়াছেন। আর অষ্টমীর সহিত সপ্তমীর যোগ থাকিলে, ত্রয়োদশীর সহিত চতুর্দ্দশী আর প্রতিপদের যোগ থাকিলে সেই তিথিকে গলগ্রহ বলিয়াছেন ।

অনধ্যায় ।

পৌষ, মাঘ, ফাল্গুন ও আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী চতুষ্টয় অষ্টকা বলিয়া প্রসিদ্ধ ; আর অষ্টকা তিথির সমীপবর্ত্তী সপ্তমী ও নবমী অনধ্যায় বলিয়া কথিত ।

আর প্রতিপদ্বিদ্ধা দ্বিতীয়া, ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের দ্বিতীয়া এবং আশ্বিন কার্ত্তিক ও চৈত্র মাসের পূর্ণিমার পর যে যে দ্বিতীয়া, তাহা পুরাণশাস্ত্রে অনধ্যায় বলিয়াছেন ।

চন্দ্রসূর্য্য গ্রহণে এবং পর্ব্বতিথিতে অর্থাৎ চতুর্দ্দশী অষ্টমী অমাবস্যা পূর্ণিমাতে এবং ভূকম্পনাদি হইলে, আর গলগ্রহ তিথিতে অনধ্যায় কর্ত্তব্য ।

আর অষ্টমী অধ্যাপককে হনন করে, চতুর্দ্দশী শিষ্যকে হনন করে, অমাবস্যা পূর্ণিমা অধ্যাপক শিষ্য উভয়কে হনন করে, অতএব সেই সকল তিথি এবং প্রতিপদ অনধ্যায় জানিবে ।

আর সন্ধ্যাগর্জ্জন হইলে অর্থাৎ মেঘ ডাকিলে শাস্ত্রচিন্তা মাত্র করিলেও আয়ুর্ব্বিদ্যাযশ এবং বল নষ্ট হয় ।

উপনয়ন।

বৃহস্পতি রবি চন্দ্র ও তারাশুদ্ধিতে, হরিশয়ন ভিন্ন উত্তরায়ণে, গলগ্রহাদি দোষ-

রহিত হইলে, শুক্লপক্ষে, বেদ ও বর্ণের অধিপতিগ্রহ শুদ্ধ হইলে, দশযোগভঙ্গ ও যুতযামিত্রবেধ রহিতে, রবি বৃহস্পতি ও শুক্রবারে, দ্বিতীয়া তৃতীয়া পঞ্চমী দশমী একাদশী দ্বাদশী তিথিতে, পুষ্যা হস্তা অশ্বিনী উত্তরফল্গুনী উত্তরভাদ্রপদ স্বাতী শ্রবণা ধনিষ্ঠা শতভিষা চিত্রা অনুরাধা জ্যেষ্ঠা মৃগশিরা রেবতী পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদ মতান্তরে রোহিণী নক্ষত্রে উপনয়ন প্রশস্ত।

যদি উপনয়ন দিনের পূর্ব্বসন্ধ্যাতে মেঘগর্জ্জন হয়, তবে সেই দিন পরিত্যাগ করিবে। সাবন গণনায় গর্ভের নয় মাস ধরিয়া অষ্টম বর্ষে কিংবা জন্মাবধি অষ্টম বর্ষে ব্রাহ্মণের, একাদশ বর্ষে ক্ষত্রিয়ের, দ্বাদশ বর্ষে বৈশ্যের উপনয়ন প্রশস্ত।

গর্ভাবধি ষোড়শ বর্ষের পর ব্রাহ্মণের, দ্বাবিংশ বর্ষের পর ক্ষত্রিয়ের, চতুর্ব্বিংশ বর্ষের পর বৈশ্যের সাবিত্রীপতন হইবে। অর্থাৎ ব্রাহ্মণের জন্মাবধি ১৫ বৎসর ৩ মাস পর্য্যন্ত, ক্ষত্রিয়ের ২১ বৎসর ৩ মাস, বৈশ্যের ২৩ বৎসর ৩ মাস পর্য্যন্ত উপনয়নের চরম কাল। অতঃপর ব্রাত্য দোষ উৎপন্ন হইবে।

দীক্ষাগ্রহণ।

উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিণী চিত্রা মৃগশিরা অনুরাধা রেবতী নক্ষত্রে, রবি ও শুভবারে, দ্বিতীয়া তৃতীয়া পঞ্চমী সপ্তমী দশমী একাদশী দ্বাদশী ও ও পূর্ণিমা তিথিতে, বৃষ সিংহ বৃশ্চিক ও কুম্ভলগ্নে শুভচন্দ্রে, শুভগ্রহ কেন্দ্র ও ত্রিকোণ-গত হইলে, বৃহস্পতি নবমে থাকিলে শুদ্ধকালে দীক্ষা গ্রহণ করিবে।

গৃহারম্ভ।

ভাদ্র আশ্বিন কার্ত্তিক মাসে নাগ পূর্ব্বশিরা, অগ্রহায়ণ পৌষ মাঘ মাসে দক্ষিণশিরা-ফাল্গুন চৈত্র বৈশাখ মাসে পশ্চিমশিরা, জ্যৈষ্ঠ আষাঢ় শ্রাবণ মাসে, উত্তরশিরা, হইয়া বাম ভাগে শয়ন করেন। তাহার উদরে গৃহ করণ শুভ। অর্থাৎ ভাদ্র আশ্বিন ও কার্ত্তিক মাসে বাস্তুর দক্ষিণ ভাগে উত্তরমুখ, অগ্রহায়ণ পৌষ ও মাঘ মাসে বাস্তুর পশ্চিমভাগে পূর্ব্বমুখ, ফাল্গুন চৈত্র ও বৈশাখ মাসে বাস্তুর উত্তরভাগে দক্ষিণমুখ, জ্যৈষ্ঠ আষাঢ় ও শ্রাবণ মাসে বাস্তুর পূর্ব্বভাগে পশ্চিমমুখ গৃহকরণ শুভ। সোম বুধ বৃহস্পতি শুক্র ও শনিবারে শুদ্ধকালে শুক্লপক্ষে যুতযামিত্রবেধরহিতে উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিণী পুষ্যা আর্দ্রা অনুরাধা হস্তা চিত্রা স্বাতী ধনিষ্ঠা শতভিষা মূলা অশ্বিনী রেবতী মৃগশিরা ও শ্রবণানক্ষত্রে শুভ তিথি যোগকরণে গৃহারম্ভ প্রশস্ত।

গৃহপ্রবেশ।

জ্যৈষ্ঠা পুনর্ব্বসু পুষ্যা শতভিষা চিত্রা অনুরাধা অশ্বিনী আর্দ্রা স্বাতী রোহিণী রেবতী উত্তরাষাঢ়া উত্তরফল্গুনী উত্তরভাদ্রপদ শ্রবণা মৃগশিরা মূলা ধনিষ্ঠা ও হস্তা নক্ষত্রে কন্যা কুম্ভ বৃষ বৃশ্চিক সিংহ ও মিথুন লগ্নে চন্দ্রতারা শুদ্ধিতে সোম বুধ গুরু শুক্র ও শনিবারে শুদ্ধকালে শুক্লপক্ষে যুতযামিত্র বেধ রহিতে গৃহারম্ভোক্ত তিথ্যাদিতে গৃহ প্রবেশ প্রশস্ত।

দেবতা গঠন।

উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিনী অনুরাধা মৃগশিরা রেবতী পুষ্যা অশ্বিনী হস্তা শতভিষা শ্রবণা স্বাতী পুনর্ব্বসু ও ধনিষ্ঠা নক্ষত্রে সোম বুধ গুরু শুক্রবারে চন্দ্র তারাশুদ্ধিতে দেবতাগঠন প্রশস্ত।

দেবতা প্রতিষ্ঠা।

কালশুদ্ধিতে উত্তরায়ণে শুক্লপক্ষে শুভযোগ করণে শুভবারে প্রতিপদ দ্বিতীয়া তৃতীয়া পঞ্চমী সপ্তমী অষ্টমী দশমী ত্রয়োদশী ও পূর্ণিমা তিথিতে ধনিষ্ঠা শতভিষা

অশ্লেষা মঘা পুনর্ব্বসু অশ্বিনী ভরণী কৃত্তিকা বিশাখা ভিন্ন নক্ষত্রে দেবতা প্রতিষ্ঠা প্রশস্ত।

বিষ্ণুপ্রতিষ্ঠা।

কালশুদ্ধিতে, উত্তরায়ণে শুভযোগ করণে সোম বুধ গুরু শুক্রবারে শুক্লপক্ষে পঞ্চমী অষ্টমী একাদশী দ্বাদশী পূর্ণিমা তিথিতে এবং কৃষ্ণপক্ষের পঞ্চমী ও অষ্টমী তিথিতে রোহিনী ধনিষ্ঠা হস্তা পুনর্ব্বসু অশ্বিনী রেবতী পুষ্যা মৃগশিরা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ নক্ষত্রে শুভচন্দ্রে বৃহস্পতি কেন্দ্রগত হইলে বিষ্ণুপ্রতিষ্ঠা প্রশস্ত।

শিবপ্রতিষ্ঠা।

শুদ্ধকালে উত্তরায়ণে শুভযোগকরণে শুভবারে শুক্লপক্ষে সাধারণ দেবপ্রতিষ্ঠোক্ত তিথিতে পুষ্যা অশ্বিনী জ্যেষ্ঠা পূর্ব্বফল্গুনী ধনিষ্ঠা মৃগশিরা স্বাতী আর্দ্রা মঘা রোহিনী মূলা হস্তা রেবতী অনুরাধা শ্রবণা ও পুনর্ব্বসু নক্ষত্রে রাজ্যাভিষেক বৃক্ষপ্রতিষ্ঠা ও শিবপ্রতিষ্ঠা প্রশস্ত।

পুষ্করিণ্যারম্ভ।

পুষ্যা অনুরাধা হস্তা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ধনিষ্ঠা শতভিষা রোহিনী পূর্ব্বাষাঢ়া মঘা ও মৃগশিরানক্ষত্রে গোচরশুদ্ধরবিতে শুভবার যোগ শুভ তিথিতে পাপগ্রহ সকল দুর্ব্বল থাকিলে শুক্র দশমস্থ হইলে শুভগ্রহের নবাংশে বৃহস্পতি চন্দ্র শুক্র লগ্নগত হইলে জলাশয়ারম্ভ প্রশস্ত।

জলাশয় প্রতিষ্ঠা।

শুদ্ধকালে উত্তরায়ণে শুক্লপক্ষে শুভ তিথি যোগকরণে সোম বুধ গুরু শুক্রবারে চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতী পুষ্যা অশ্বিনী হস্তা স্বাতী পুনর্ব্বসু শ্রবণা ধনিষ্ঠা শতভিষা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ও রোহিনী নক্ষত্রে জলাশয় প্রতিষ্ঠা করিবে।

হলপ্রবাহ।

পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ কৃত্তিকা ভরণী অশ্লেষা চিত্রা ও আর্দ্রা ভিন্ন নক্ষত্রে রিক্তা ষষ্ঠী দ্বাদশী পূর্ণিমা অমাবস্যা ও প্রতিপদ ভিন্ন তিথিতে মিথুন কন্যা ধনুঃ মীন বৃশ্চিক ও বৃষ লগ্নে শনি মঙ্গল ভিন্ন বারে শুভ যোগকরণে চন্দ্রশুদ্ধ হইলে হলপ্রবাহ করিবে।

বীজবপন।

পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ কৃত্তিকা ভরণী অশ্লেষা ও আর্দ্রা ভিন্ন নক্ষত্রে রিক্তা ষষ্ঠী দ্বাদশী পূর্ণিমা অমাবস্যা ও প্রতিপদ ভিন্ন তিথিতে শুভগ্রহ কেন্দ্রস্থ হইলে স্থিরলগ্নে স্বজন্মলগ্নে ও মিথুন তুলা কন্যা কুম্ভলগ্নে ও ধনুলগ্নের পূর্ব্বভাগে বীজবপন করিবে।

ধান্যরোপন।

রবি ও শুভবারে শুভতিথি যোগকরণে আষাঢ় শ্রাবণ ভাদ্রমাসে শতভিষা মূলা বিশাখা উত্তর ফল্গুনী রোহিনী নক্ষত্রে ধান্যরোপন প্রশস্ত।

বৃক্ষাদিরোপন।

শুভবারে শুভ তিথি যোগকরণে শতভিষা মূলা বিশাখা মৃগশিরা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিনী হস্তা পুষ্যা ও রেবতীনক্ষত্রে বৃক্ষ গুল্মলতাদির রোপন প্রশস্ত।

ধান্যচ্ছেদন।

ভরণী পূর্ব্বভাদ্রপদ অশ্লেষা ধনিষ্ঠা কৃত্তিকা পূর্ব্বাষাঢ়া জ্যেষ্ঠা চিত্রা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদনক্ষত্রে শনি ও মঙ্গল ভিন্নবারে রিক্তা ভিন্ন তিথিতে চন্দ্রশুদ্ধ

হইলে শুভযোগকরণে বৃষ সিংহ বৃশ্চিক কুম্ভ মিথুন কন্যা তুলা ধনুর পূর্ব্বার্দ্ধে মকর ও স্বজন্মলগ্নে ধান্যচ্ছেদন প্রশস্ত।

ধান্যাদিস্থাপন।

শুভবার তিথিযোগকরণে ভরণী কৃত্তিকা আর্দ্রা অশ্লেষা বিশাখা পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ জ্যেষ্ঠা মঘা ভিন্ন নক্ষত্রে মকর স্থির দ্ব্যাত্মকলগ্নে ধান্যাদি স্থাপন প্রশস্ত।

ধান্যাদিবৃদ্ধিদান।

শ্রবণা ধনিষ্ঠা শতভিষা বিশাখা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিনী রেবতী পুনর্ব্বসু পুষ্যা অশ্বিনী ও জ্যেষ্ঠা নক্ষত্রে ধান্য বৃদ্ধিদান (ধান্যবাড়ি দেওয়া) প্রশস্ত।

পুণ্যারম্ভ।

অশ্লেষা আর্দ্রা জ্যেষ্ঠা মূলা পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ মঘা ভরণী ও কৃত্তিকা ভিন্ন নক্ষত্রে শনি মঙ্গল ভিন্ন বারে শীর্ষোদয়লগ্নে শুভ যোগতিথিতে পুণ্যারম্ভ প্রশস্ত।

নবান্ন।

সূর্য্য বিশাখা নক্ষত্রে গত হইলে ত্রয়োদশী নন্দা রিক্তা তিথিতে ত্রিজন্ম ত্রিপাপ তারাতে শনি মঙ্গল ও শুক্রবারে চৈত্র পৌষ ও কার্ত্তিক মাসে হরিশয়নে ও কৃষ্ণপক্ষে মৃগনেত্রাতে অষ্টমচন্দ্রে জন্ম চন্দ্র ও জন্ম তিথিতে পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদ মঘা ভরণী অশ্লেষা ও আর্দ্রা নক্ষত্রে নবান্ন শ্রাদ্ধ ও নবান্ন ভক্ষণে পুত্র ও অর্থনাশ হয়। এতদ্ভিন্ন বার তিথি নক্ষত্রাদিতে প্রশস্ত। জ্যেষ্ঠা নক্ষত্রের শেষার্দ্ধে সূর্য্যের স্থিতির নাম মৃগনেত্রা কৃত্তিকা জ্যেষ্ঠা মূলা নক্ষত্রে শ্রাদ্ধকর্ত্তা ভিন্ন নবান্ন ভক্ষণ করিবে না। দধিসংযুক্ত নবোদন ব্রাহ্মণ দ্বারা অভিমন্ত্রিত করিয়া ভক্ষণ করিবে।

নববস্ত্রপরিধান।

রোহিনী অনুরাধা ধনিষ্ঠা পুষ্যা বিশাখা হস্তা চিত্রা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ অশ্বিনী স্বাতী পুনর্ব্বসু ও রেবতী নক্ষত্রে বুধ বৃহস্পতি ও শুক্রবারে অন্য নক্ষত্রে ও উৎসব দিনে ঈশ্বর ও ব্রাহ্মণের তুষ্টি করিয়া নববস্ত্র পরিধান করিবে।

শঙ্খরত্নাদিধারণ।

পুষ্যা হস্তা পুনর্ব্বসু মঘা অনুরাধা মৃগশিরা ধনিষ্ঠা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিনী ও চিত্রা নক্ষত্রে হরিশয়নরহিতে শুদ্ধকালে শুভতিথি যোগকরণে রত্নাদিধারণ প্রশস্ত। এতন্মধ্যে উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিনী পুষ্যা পুনর্ব্বসু ত্যাগ করিয়া স্বামীর হিতার্থে অঙ্গনা শঙ্খরত্নাদি ধারণ করিবে।

নাট্যারম্ভ।

শুভবার তিথিযোগ করণে অনুরাধা ধনিষ্ঠা পুষ্যা হস্তা চিত্রা স্বাতী জ্যেষ্ঠা শতভিষা ও রেবতী নক্ষত্রে নাট্যারম্ভ প্রশস্ত।

রাজদর্শন।

উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ রোহিনী চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতী পুষ্যা অশ্বিনী হস্তা জ্যেষ্ঠা ও শ্রবণা নক্ষত্রে শনি মঙ্গল ভিন্ন বারে দ্ব্যাত্মক বৃষ ও সিংহ লগ্নে কেন্দ্র ও কোণে শুভগ্রহ থাকিলে শুভচন্দ্রে শুভতিথি যোগকরণে রাজদর্শন করিবে।

বাণিজ্যকরণ।

ভরণী অশ্লেষা বিশাখা কৃত্তিকা, পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে বিক্রয় প্রশস্ত, ক্রয় নিষিদ্ধ, রেবতী অশ্বিনী চিত্রা শতভিষা শ্রবণা ও স্বাতী নক্ষত্রে ক্রয় প্রশস্ত বিক্রয় নিষিদ্ধ।

ঋণদানাদি নিষেধ।

পূর্ব্বভাদ্রপদ ভরণী কৃত্তিকা অশ্লেষা মঘা পূর্ব্বফল্গুনী জ্যেষ্ঠা মূলা পূর্ব্বাষাঢ়া স্বাতী বিশাখা ও আর্দ্রা নক্ষত্রে ঋণদান ও ঋণগ্রহণ করিবে না। চিত্রা অনুরাধা মৃগশিরা ও রেবতী নক্ষত্রে ঋণগ্রহণ করিবে। কিন্তু ঋণদান করিবে না।

নৌকাগঠন।

মিথুন কন্যা সিংহ ও কুম্ভ লগ্নে জ্যেষ্ঠা মূলা বিশাখা আর্দ্রা রোহিনী ভরণী কৃত্তিকা অশ্লেষা ভিন্ন নক্ষত্রে শুভতিথি যোগ করণে রবি শুক্র ও বৃহস্পতি বারে চন্দ্র তারা শুদ্ধ হইলে নৌকাগঠন শুভ।

গঠনস্থান হইতে নৌকাচালন।

শুভবারে শ্রবণা ধনিষ্ঠা মৃগশিরা পূর্ব্বফল্গুনী অনুরাধা অশ্বিনী ও হস্তা নক্ষত্রে শুভতিথি যোগে ও চন্দ্র শুদ্ধ হইলে নৌকাচালন করিবে।

নৌকাযাত্রা!

অশ্বিনী হস্তা পুষ্যা মৃগশিরা পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ অনুরাধা ধনিষ্ঠা ও শ্রবণা নক্ষত্রে শুভলগ্নে শুভতারাচন্দ্রে ও শুভ তিথিযোগ বারে নৌকা যাত্রা প্রশস্ত।

ঔষধকরণ ও সেবন।

দ্ব্যাত্মক লগ্নে চন্দ্র বুধ বৃহস্পতি কিম্বা শুক্র থাকিলে শনি মঙ্গল ভিন্ন বারে শুভচন্দ্র শুভতিথি ও যোগে পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ মঘা ভরণী অশ্লেষা বিশাখা ও আর্দ্রা, ভিন্ন নক্ষত্রে জন্ম নক্ষত্র ও বিষ্টিভদ্রাদি রহিত দিনে ঔষধকরণ প্রশস্ত। কৃত্তিকা মৃগশিরা ধনিষ্ঠা রেবতী স্বাতী পুষ্যা শ্রবণা পুনর্ব্বসু চিত্রা মূলা জ্যেষ্ঠা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ হস্তা অনুরাধা ও অশ্বিনী নক্ষত্রে শুভবারে ঔষধ সেবন প্রশস্ত।

জন্মতিথি প্রকরণ।

যাহার জন্মমাসে জন্মনক্ষত্রযুক্ত জন্মতিথি হয়, তাহার সেই বৎসরে আরোগ্য, সম্মান ও সুখ হয়।

যে বৎসর জন্মতিথি শনি মঙ্গলবারে হইয়া জন্মনক্ষত্র না পায়, তাহার সেই বৎসর পদে পদে বিঘ্ন হয়। ইহার শান্তিকরণার্থ সর্ব্বৌষধি জলে স্নান গ্রহবিপ্র ও দেবপূজা কর্ত্তব্য। শনি মঙ্গলবারে ঐ তিথির সহিত জন্মনক্ষত্র যোগ হইলে মুক্তাদান নক্ষত্রযোগ না হইলে স্বর্ণদান করিবে।

সর্ব্বৌষধি যথা—মুরা, জটামাংসী, বচ, কুড়, শৈলজ, হরিদ্রা, দারুহরিদ্রা, শঠী, চম্পক ও মূথা এই সকল সর্ব্বৌষধি।

জন্মতিথি পূজাব্যবস্থা।

দুই দিবস পূর্ব্বাহ্নে জন্মতিথি প্রাপ্ত হইলে জন্মনক্ষত্রযুক্ত দিনে জন্মনক্ষত্র যোগ না হইলে পরদিন পূজা করিবে।

প্রতিপ্রসব (ক্ষৌরাদি কার্য্যে)।

বশিষ্ঠ বলেন—জন্মদিনে, গর্গ জন্মমাসের প্রথম ৮ দিন, যবন ১০ দিন, ভাগুরি বলেন, জন্মমাসেই যাত্রা চূড়া, বিবাহ, ক্ষৌর ও কর্ণবেধ করিবে না।

জন্মনক্ষত্রাদিতে যাত্রা নিষেধ।

জন্মনক্ষত্র, জন্মমাস, ও অষ্টমচন্দ্রে যাত্রা করিলে আয়ুঃক্ষয় ব্যাধি, বধ ও বন্ধন হয়।

জ্বরোৎপত্তির সাংঘাতিক দোষ।

অশ্লেষা, শতভিষা, আর্দ্রা, স্বাতী, মূলা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র শনি, মঙ্গল ও রবিবার; ষষ্ঠী নবমী ও চতুর্দ্দশী তিথি,—এই সকল নক্ষত্র, বার ও তিথির সংযোগে জ্বরাভিভূত হইলে তারাচন্দ্র শুদ্ধ না থাকিলে মৃত্যু হয়।

বারানুসারে রোগের ভোগকাল।

রবিবারে ব্যাধি হইলে ৭ দিন ভোগ, সোমবারে ৯ দিন, মঙ্গলবারে ১০ দিন বুধবারে ৩ দিন, বৃহস্পতিবারে ১২ দিন, শুক্রবারে তিন কিংবা ৭ দিন এবং শনিবারে ১৪ দিন ভোগ।

নক্ষত্রানুসারে রোগের ভোগকাল।

অশ্বিনী নক্ষত্রে ব্যাধি হইলে ১ দিন ভোগ, ভরণী আর্দ্রা মূলা পুর্ব্বভাদ্রপদ নক্ষত্রে মরণ, কৃত্তিকাতে ৯ দিন, রোহিণীতে ৩ দিন, মৃগশিরাতে ৫ দিন, পুনর্ব্বসু ও পুষ্যাতে ৭ দিন অশ্লেষাতে ৯ দিন মঘাতে ১ মাস, পুর্ব্বফল্গুনী স্বাতী ও শ্রবণাতে ২ মাস, চিত্রা ও উত্তরফল্গুনীতে ১৫ দিন হস্তায় ৭ দিন, বিশাখা রেবতী ও উত্তরাষাঢ়াতে ২০ দিন, অনুরাধা ও শতভিষাতে ১০ দিন, জ্যেষ্ঠা ও ধনিষ্ঠাতে অর্দ্ধমাস, পুর্ব্বাষাঢ়া ও উত্তরভাদ্রপদে ১ পক্ষ ভোগকাল।

ত্রিপুষ্করযোগ।

রবি, শনি বা মঙ্গলবার, ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী তিথি এবং বিষমচরণধিষ্ণ্য অর্থাৎ কৃত্তিকা পুনর্ব্বসু, উত্তরফল্গুনী, বিশাখা, উত্তরাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র এই তিনের সম্মিলনকে মুনিগণ "ত্রিপুষ্কর" যোগ নামে অভিহিত করেন। এই ত্রিপুষ্কর যোগে বৃদ্ধিতে তিনগুণ বৃদ্ধি, ধনাদির লাভ ঘটিলে তিনগুণ লাভ, ধনাদির নাশ হইলে তিনগুণ নাশ, চুরি হইলে তিনগুণ চুরি, এবং একজনের মৃত্যু হইলে উপর্য্যুপরি তিনজনের মৃত্যু হয়। মরণে উক্তবারি ও তিথির একটী পাইলে এক পাদ, দুইটী পাইলে দুই পাদ, আর নক্ষত্রমাত্র পাইলে দুই পাদ, সুতরাং তিনটী পাইলে চারি পাদ (ত্রিপুষ্কর) দোষ হয়। বারদোষে শস্য ও পুত্রনাশ তিথিদোষে গোধননাশ এবং নক্ষত্রদোষে গোত্রনাশ অর্থাৎ বংশনাশ হয়। কিন্তু পূর্ব্বোক্ত বারে দিবাভাগে পূর্ব্বোক্ত তিথির প্রথম দণ্ডে, যমদণ্ডে (রবিবারে ৩য়, ৭ম, ১১শ, ১৫শ, শনি ও মঙ্গলবারে ১ম, ৫ম, ৯ম, ১৩শ ইত্যাদি দণ্ডে) পূর্ব্বোক্ত নক্ষত্রের শেষ দণ্ডে এবং সূর্য্য যদি ভগ্নপাদ হইয়া সেই নক্ষত্রে বাস করেন, তাহা হইলে সেই সময়ে পুরুষ মারা গেলে সেই গ্রামের বাস্তবৃক্ষ পর্য্যন্ত রক্ষা পায় না।

হাঁচিটিকটিকীর ফল।

উর্দ্ধদিকে খঞ্জন দর্শন হইলে বিত্তলাভ। পূর্ব্বদিকে অসীম কার্য্যসিদ্ধি, অগ্নিকোণে ভয়, দক্ষিণে অগ্নিভয়, নৈঋতে কলহ, পশ্চিমে লাভ, বায়ুকোণে, শ্রেষ্ঠবস্ত্র ও গন্ধজল, উত্তরে দিব্যাঙ্গনা লাভ, এবং ঈশানে মৃত্যু হয়। টিকটিকীর শব্দে এবং হাঁচিতে ও এইরূপ ফল জানিবে।

স্থানবিশেষে জ্যেষ্ঠিপতন ফল।

টিকটিকী শরীরের দক্ষিণভাগে পতিত হইলে স্বজন ও ধনহানি, বামভাগে লাভ, বক্ষে মস্তকে পৃষ্ঠে ও কণ্ঠে রাজ্যলাভ, হস্ত চরণ ও হৃদয়ে পতিত হইলে সুখ হয়।

যাত্রা বিবরণ।

যে দিকে গমন করিবে, সেই দিক্‌পতিকে মনে মনে চিন্তা করিবে; সমীরণ দেহাভ্যন্তরে প্রবেশ করিলে "স্বস্তি" এই শব্দ উচ্চারণ করিয়া ভূমিতে দক্ষিণ পাদ নামাইবে।

মাঙ্গল্য পুষ্পরত্নাদি দ্বারা পূজ্য ব্যক্তিদিগকে পূজা কিংবা অভিবাদন না করিয়া প্রাজ্ঞ গৃহ হইতে কদাচ বহির্গত হইবেন না।

নৃপতি-যাত্রা বিবরণ।

রাজা গমন সময়ে অগ্রে দক্ষিণ পাদ বাড়াইয়া দ্বাত্রিংশৎ পাদ পরিমিত ভূমি গমন

করতঃ দিগুক্ত যান আরোহণ করিবেন। আরোহণকালে তিল, ঘৃত ও স্বর্ণ সহিত তাম্রপাত্র অগ্রে গ্রহবিপ্রকে দান করিয়া গমন করিবেন। গর্গ বলেন, যদি যাত্রা করিয়া গৃহান্তর হয়; ভৃগু বলেন, যদি সীমান্তর হয়; ভরদ্বাজ বলেন, শরক্ষেপ-পথ অতিক্রান্ত হয়, এবং বশিষ্ঠ বলেন, নগরান্তর হইয়া থাকিলে পূর্ব্বোক্ত বিধি অনুসারে যাত্রা সিদ্ধ হয়।

দিক্পতি নির্ণয়।

সূর্য্য, শুক্র; মঙ্গল, রাহু, শনি চন্দ্র, বুধ বৃহস্পতি পূর্ব্বাদিক্রমে দিক্পতি। বুধ ভিন্ন দিক্পতি দিনে যাত্রা শুভ, পৃষ্ঠাহে যাত্রা করিলে মরণ হয়।

দিক্‌শূল।

রবি ও শুক্রবারে পশ্চিমে, মঙ্গল ও বুধবারে উত্তরে, সোম ও শনিবারে পূর্ব্বে, এবং বৃহস্পতিবারে দক্ষিণে দিক্‌শূল হয়। ইহাতে যাত্রা করিলে ইন্দ্রতুল্য হইলেও বিনষ্ট হয়।

নক্ষত্রশূল।

শ্রবণা ও জ্যেষ্ঠাতে পূর্ব্বে, পূর্ব্বভাদ্রপদ ও অশ্বিনীতে দক্ষিণে, পুষ্যা ও রোহিণীতে পশ্চিমে, হস্তা ও উত্তরফল্গুনীতে উত্তরে গমন করিলে মৃত্যু হয়।

যাত্রার তিথ্যাদি নির্ণয়।

ষষ্ঠী, অষ্টমী দ্বাদশী পূর্ণিমা অমাবস্যা শুক্লপ্রতিপদ ও রিক্তাতিথিতে অবম্ এবং ত্র্যহস্পর্শ দিনে যাত্রা করিবে না। কৃষ্ণপ্রতিপদে যাত্রা শুভ; দ্বিতীয়াতে যাত্রা করিলে শুভপথ, তৃতীয়াতে জয়, চতুর্থীতে বধবন্ধন ও ক্লেশ, পঞ্চমীতে অভীষ্টসিদ্ধি, ষষ্ঠীতে ব্যাধি, সপ্তমীতে অর্থলাভ, অষ্টমীতে মনঃপীড়া, নবমীতে মৃত্যু, দশমীতে, ভূমিলাভ, একাদশীতে আরোগ্য দ্বাদশীতে যাত্রা করিবে না, ত্রয়োদশী সর্ব্বশুভ, চতুর্দ্দশীতে যাত্রা নিষিদ্ধ। যমদ্বিতীয়া অর্থাৎ ভ্রাতৃদ্বিতীয়াতে যাত্রা করিলে মৃত্যু হয়।

যাত্রার নক্ষত্র নির্ণয়।

অশ্বিনী অনুরাধা রেবতী মৃগশিরা মূলা পুনর্ব্বসু পুষ্যা হস্তা ও জ্যেষ্ঠানক্ষত্র যাত্রার উত্তম; রোহিণী পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ চিত্রা স্বাতী শতভিষা শ্রবণা ও ধনিষ্ঠা যাত্রাতে মধ্যম, এবং উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ বিশাখা মঘা আর্দ্রা ভরণী অশ্লেষা ও কৃত্তিকা নক্ষত্রে যাত্রা করিলে মৃত্যুতুল্য ফল হয়।

যাত্রার লগ্ননিরূপণ।

মেষ, ধনু, তুলা লগ্নে যাত্রা করিলে বিলম্বে কার্য্যসিদ্ধি; মকর, কর্কট, বৃশ্চিক লগ্নে যাত্রায় মরণ; সিংহ, বৃষ, কুম্ভ লগ্নে যাত্রায় সর্ব্বার্থসিদ্ধি; কন্যা, মিথুন ও মীন লগ্নে অভিমত ফললাভ হয়।

যাত্রায় বিজয়যোগ।

যাত্রাকালে লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম, নবম ও পঞ্চম স্থানে শুভগ্রহ এবং তৃতীয় ষষ্ঠ, একাদশ স্থানে পাপগ্রহ থাকিলে অভীষ্টসিদ্ধি হয়, ইহাকে বিজয়যোগ কহে।

হোমাদি শান্তি।

সোম বুধ বৃহস্পতি শুক্র ও রবিবারে, শুক্লপক্ষে, শুভলগ্নে, শুভরাশিতে, শুভতিথি, যোগ করণে, চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতী পুষ্যা অশ্বিনী হস্তা উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ও রোহিনী নক্ষত্রে হোমাদি স্বস্ত্যয়ন প্রশস্ত।

গ্রহদিগের দানদ্রব্যাদি।

যে সকল গ্রহ গোচরে, অষ্টবর্গে, দশাতে বা অন্যত্র অশুভ হয়, তাহারা দানাদি দ্বারা শুভফল প্রদান করে।

রবির দান—মাণিক্য (অভাবে যথাসাধ্য মূল্য), গোধূম, সবৎসধেনু, কুসুম্ভরঞ্জিত বস্ত্র, গুড়, স্বর্ণ, তাম্র, রক্তচন্দন, রক্তপদ্ম ও আতপতণ্ডুল, সবস্ত্র দক্ষিণার সহিত উৎসর্গ করতঃ দান করিবে।

চন্দ্রের দান—রজতপাত্রে তণ্ডুল, কর্পূর, মুক্তা শুক্লবস্ত্র, রৌপ্য, যুগোপযুক্ত বৃষ (অভাবে মূল্য ৫ কাহন কড়ি), ঘৃতপূর্ণ কুম্ভ, বস্ত্র ও দক্ষিণার সহিত দান করিবে।

মঙ্গলের দান—প্রবাল, গোধূম, মসূরকলাই, অরুণবর্ণ বৃষ (অভাবে মূল্য ৫ কাহন কড়ি,) গুড়, স্বর্ণ, রক্তবস্ত্র, করবীর পুষ্প ও তাম্র, বস্ত্র ও দক্ষিণার সহিত দান করিবে।

বুধের দান—নীলবস্ত্র, স্বর্ণ, কাঁসা, মুগকলাই, ঘৃত, পীতবর্ণ পুষ্প, দ্রাক্ষা ও হস্তিদন্ত, সবস্ত্র দক্ষিণার সহিত দান করিবে।

বৃহস্পতির দান—চিনি, দারুহরিদ্রা, ঘোড়া (অভাবে মূল্য ২৫ কাহন কড়ি), পীতধান্য, পীতবস্ত্র, পুষ্পরাগমণি, লবণ, স্বর্ণ, সবস্ত্র দক্ষিণার সহিত দান করিবে।

শুক্রের দান—বিচিত্র বস্ত্র, শ্বেতাশ্ব (অভাবে মূল্য ২৫ কাহন কড়ি), ধেনু হীরক, রৌপ্য, স্বর্ণ সুগন্ধ তণ্ডুল, সবস্ত্র দক্ষিণার সহিত দান করিবে।

শনির দান—মাষকলাই, তৈল, পান্না, কৃষ্ণতিল, কুলথকলাই, মহিষ (অভাবে ৮ কাহন মূল্য), লৌহ, সবস্ত্র দক্ষিণার সহিত দান করিবে।

রাহুর দান—গোমেদরত্ন, ঘোড়া; নীলবস্ত্র, কম্বল, কৃষ্ণতিল, লৌহপাত্রে কৃষ্ণতিল তৈল, সবস্ত্র দক্ষিণার সহিত দনে করিবে।

কেতুর দান—বৈদুর্য্যমণি, মৃগমদ; তিল, তিল-তৈল, কম্বল খড়্গ, সবস্ত্র দক্ষিণার সহিত দান করিবে।

সকল দানই স্ব স্ব মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বস্ত্র সহিত উৎসর্গ করিয়া দান করিবে। দানদ্রব্যাদি ও দক্ষিণা গ্রহবিপ্রকে (আচার্য্য ব্রাহ্মণকে) দান করিবে, অন্যথা নিস্ফল হইবে।

গ্রহরত্ন।

সূর্য্যাদি গ্রহগণ বিরুদ্ধ হইলে নিম্নলিখিত রত্ন সকল ব্রাহ্মণ দ্বারা শোধন করাইয়া ধারণ করিলে গ্রহগণ কোপ পরিত্যাগ করিয়া প্রসন্ন হন। সূর্য্যের বৈদুর্য্যমণি, চন্দ্রের নীলকান্ত, মঙ্গলের প্রবাল, বুধের পদ্মরাগ, বৃহস্পতির মুক্তা, শুক্রের হীরক, শনির ইন্দ্রনীল, রাহুর গোমেদ এবং কেতুর মরকতমণি (পান্না)। মানবদেহে এই সকল রত্নের রাসায়নিক ক্রিয়া দ্বারা দেহের অনেক ব্যাধি নষ্ট করে।

গ্রহদিগের ধাতু।

সূর্য্যের তাম্র, চন্দ্রের শঙ্খ, মঙ্গলের প্রবাল, বুধের স্বর্ণ, বৃহস্পতির মুক্তা, শুক্রের মণি (হীরক), শনির সীসক, রাহুর লৌহ, কেতুর রজপট (রাম্নিয়াটী)।

গ্রহদিগের মূল।

সূর্য্য বিরুদ্ধ হইলে বিল্বমূল, চন্দ্রে—ক্ষীরাইমূল, মঙ্গলে—অনন্তমূল, বুধে—বৃদ্ধদারকের মূল, বৃহস্পতিতে—ব্রহ্মযষ্টির মূল, শুক্রে—সিংহপুচ্ছের (রামবাসকের) মূল, শনিতে—বেড়েলা মূল, রাহুতে -চন্দন, কেতুতে—অশ্বগন্ধামূল ধারণীয়।

নবগ্রহস্তোত্রং।

(১) রবেঃ—জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং॥
(২) চন্দ্রস্য—দিব্যশঙ্খতুষারাভং ক্ষীরোদার্ণবসম্ভবং।
নমামি শশিনং ভক্ত্যা শম্ভোর্মুকুটভূষণং॥
(৩) মঙ্গলস্য—ধরণীগর্ভসম্ভূতং বিদ্যুৎপুঞ্জসমপ্রভং।
কুমারং শক্তিহস্তঞ্চ লোহিতাঙ্গং নমাম্যহং॥
(৪) বুধস্য—প্রিয়ঙ্গুকলিকাশ্যামং রূপেণাপ্রতিমং বুধং।
সৌম্যং সর্ব্বগুণোপেতং নমামি শশিনঃ সুতং॥
(৫) বৃহস্পতেঃ- দেবতানামৃষীণাঞ্চ গুরুং কনকসন্নিভং।
বন্দ্যভূতং ত্রিলোকেশং তং নমামি বৃহস্পতিং॥
(৬) শুক্রস্য—হিমকুন্দমৃণালাভং দৈত্যানাং পরমং গুরুং।
সর্ব্বশাস্ত্রপ্রবক্তারং ভার্গবং প্রণমাম্যহং॥
(৭) শনেঃ—নীলাঞ্জনচয়প্রখ্যং রবিসূনুং মহাগ্রহং।
ছায়ায়া গর্ভসম্ভূতং বন্দে ভক্ত্যা শনৈশ্চরং॥
(৮) রাহোঃ—অর্দ্ধকায়ং মহাঘোরং চন্দ্রাদিত্যবিমর্দ্দকং।
সিংহিকায়াঃ সুতং রৌদ্রং তং রাহুং প্রণমাম্যহং॥
(৯) কেতোঃ—পলালধূমসঙ্কাশং তারাগ্রহবিমর্দ্দকং।
রৌদ্রং রুদ্রাত্মকং ক্রূরং তং কেতুং প্রণমাম্যহং॥
ফলং—ব্যাসেনোক্তমিদং স্তোত্রং যঃ পঠেৎ প্রণতঃ শুচিঃ।
দিবা বা যদি বা রাত্রৌ শান্তিস্তস্য ন সংশয়ঃ॥
ঐশ্বর্য্যমতুলঞ্চাপি আরোগ্যং পুষ্টিবর্দ্ধনং।
নরনারীপ্রিয়ত্বঞ্চ নিত্যং তস্যোপজায়তে॥
তক্ষকোঽগ্নিযমো বায়ুর্যেচান্যে গ্রহপীড়কাঃ।
তে সর্ব্বে প্রশমং যান্তি ব্যাসোব্রুয়ান্ন সংশয়ঃ॥
ইতি ব্যাসভাষিতং নবগ্রহস্তোত্রং সম্পূর্ণং।

সূর্য্যার্ঘ্য দানং।

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে;
ইদমর্ঘ্যং ওঁ নমঃ শ্রীসূর্য্যায় নমঃ।
(যজুর্ব্বেদী তু এষোঽর্ঘ্য ওঁ নমঃ শ্রীসূর্য্যায় নমঃ)।

সূর্য্যস্তবঃ।

বশিষ্ঠ উবাচ। স্তবংস্তত্র ততঃ শাম্বঃ কৃশো ধমনিসন্ততঃ।
রাজন্নামসহস্রেণ সহস্রাংশুং দিবাকরম॥

বিদ্যমানস্তু তং দৃষ্ট্বা সূর্য্যঃ কৃষ্ণাত্মজং তদা।
স্বপ্নে তু দর্শনং দত্বা পুনর্ব্বচনমব্রবীৎ॥
সূর্য্য উবাচ। শাম্ব শাম্ব মহাবাহো শৃণু জাম্ববতীসুত
অলং নামসহস্রেণ পঠস্বেমং স্তবং শুভম্॥
যানি নামানি গুহ্যানি পবিত্রাণি শুভানি চ।
তানি তে কীর্ত্তয়িষ্যামি শ্রুত্বা বৎসাবধারয়॥
বিকর্ত্তনো বিবস্বাংশ্চ মার্ত্তণ্ডো ভাস্করো রবিঃ।
লোকপ্রকাশকঃ শ্রীমাল্লোঁকচক্ষুর্গ্রহেশ্বরঃ॥
লোকসাক্ষী ত্রিলোকেশঃ কর্ত্তা হর্ত্তা তমিস্রহা।
তপনস্তাপনশ্চৈব শুচিঃ সপ্তাশ্ববাহনঃ॥
গভস্তিহস্তো ব্রহ্মা চ সর্ব্বদেবনমস্কৃতঃ।
একবিংশতিরিত্যেষঃ স্তব ইষ্টঃ সদা মম॥
স্তবরাজ ইতি খ্যাতস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ॥
য এতেন মহাবাহো দ্বে সন্ধ্যেঽস্তমনোদয়ে।
স্তৌতি মাং প্রণতো ভূত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
কায়িকং বাচিকঞ্চৈব মানসং যচ্চ দুষ্কৃতম্।
একজপ্যেন তৎ সর্ব্বং প্রণশ্যতি মমাগ্রতঃ॥
এক জপ্যশ্চ হোমশ্চ সন্ধ্যোপাসনমেব চ।
বলিমন্ত্রোঽর্ঘ্যমন্ত্রশ্চ ধূপমন্ত্রস্তথৈব চ॥
অন্ন-প্রদানে স্নানে চ প্রণিপাতে প্রদক্ষিণে।
পূজিতোঽয়ং মহামন্ত্রঃ সর্ব্বব্যাধিহরঃ শুভঃ॥
এবমুক্ত্বা তু ভগবান্ ভাস্করো জগদীশ্বরঃ।
আমন্ত্র্য কৃষ্ণতনয়ং তত্রৈবান্তরধীয়ত॥
শাম্বোঽপি স্তবরাজেন স্তুত্বা সপ্তাশ্ববাহনম্।
পূতাত্মা নীরুজঃ শ্রীমাংস্তস্মাদ্রোগাদ্বিমুক্তবান্!
ইতি শ্রীশাম্বপুরাণে রোগাপনয়নে শ্রীসূর্য্যবক্ত্র বিনির্গতঃ শ্রীসূর্য্যস্তবরাজঃ সমাপ্তঃ।

সূর্য্য-কবচং।

শিব উবাচ। সূর্য্যস্য কবচং দেবি শ্রূয়তাং প্রাণবল্লভে।
রোগমাত্র ক্ষয়ং যস্মাৎ কবচাৎ সিদ্ধিরীশ্বরঃ॥

ওঁ অস্য শ্রীসূর্য্যকবচস্য ব্রহ্মঋষিস্ত্রিষ্টুপছন্দো দিনেশো দেবতা দিনেশকবচপাঠে বিনিয়োগঃ।

মন্ত্রস্তু। ওঁ আদিত্যো মে মুখং পাতু শিরঃ পাতু দিবাকরঃ। বাহূ পাতু তমোহন্তা হৃদয়ং পাতু ভাস্করঃ॥ পাদৌ পাতু মহাবীজং লিঙ্গং পাতু বধূর্ম্মম। উদরং পাতু হ্রীঁ বীজং মায়াশক্তি স্তথাক্ষিণী॥ ঘৃণিং সূর্য্যো হি মন্ত্রো মে রক্ষাং কুর্য্যাচ্চ সর্ব্বতঃ। চণ্ডবীজং প্রচণ্ডঞ্চ নমোঽস্তং পাতু মে যশঃ॥ ইন্দ্রবীজং ধরাবীজং বীজং বারুণমেব চ। জলে স্থলে চান্তরীক্ষে রক্ষাং কুর্য্যাত্তু সর্ব্বতঃ॥ কামবাণীরমাশ্যামা নমোঽস্তঃ সূর্য্য এব চ। রক্ষাং করোতু মে দেবঃ সর্ব্বতস্তিমিরাপহঃ॥

ফলং। ইত্যেতৎ কবচং দেবি সূর্য্যস্য প্রিয়কারকং। সর্ব্ব রক্ষাকরং সাক্ষাৎ সর্ব্বরোগ প্রণাশনং। রবিবারে শতাবৃত্তিং (১০০) সক্রান্ত্যাং সপ্তমীতিথৌ। জবাপুষ্পৈঃ সমভ্যর্চ্চ্য সদ্যো রোগাৎ প্রমুচ্যতে। ধারয়েদ্দক্ষিণে হস্তে তস্য রোগো ন জায়তে। ইতি শাম্ভবতন্ত্রে দেবেশ্বরীসংবাদে শ্রীসূর্য্যকবচং সমাপ্তং।

নিত্যকর্ম্ম।

যে কর্ম্ম না করিলে পাপজন্মে, তাহাকে নিত্যকর্ম্ম বলে। যথা—প্রাতঃকৃত্য, সন্ধ্যা, প্রাতঃস্নান, পিতৃশ্রাদ্ধ, পিতৃতর্পণ প্রভৃতি। ব্রাহ্মণাদি চারিবর্ণই ব্রাহ্ম মুহূর্ত্তে (রাত্রিশেষ ৪॥০ হইতে ৬টা) নিদ্রাত্যাগ করিয়া শয্যার উপর পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া বামপদ দক্ষিণ উরুতে ও দক্ষিণপদ বাম উরুতে স্থাপন করতঃ উপবেশন করিয়া নিম্নস্থ শ্লোকগুলি পাঠ করিবেন।

ব্রহ্মা মুরারি স্ত্রিপুরান্তকারী, ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ গুরুশ্চ শুক্রঃ শনিরাহু কেতুঃ, কুর্ব্বন্তু সর্ব্বে মম সুপ্রভাতম্ ॥১॥ কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী। ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা। বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা। এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতা ॥২॥ প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গা দুর্গাক্ষরদ্বয়ং। আপদস্তস্য নশ্যন্তি তমঃ সূর্য্যোদয়ে যথা ॥৩॥ অহল্যা দ্রৌপদী কুন্তী তারা মন্দোদরী তথা। পঞ্চ কন্যাঃ স্মরেন্নিত্যং মহাপাতকনাশনং ॥৪॥ পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকঃ যুধিষ্ঠিরঃ, পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ। কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ। ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনং॥ কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্রভৃৎ। যোহস্য সংকীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ। ন তস্য বিত্তনাশঃ স্যান্নষ্টঞ্চ লভতে পুনঃ ॥৫॥

তৎপরে গুরুপ্রণাম করিতে হয় যথা,—অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্। তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরুবে নমঃ॥ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নম॥ নমোহস্তু গুরবে তস্মৈ ইষ্টদেবস্বরূপিণে যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসার সংজ্ঞিতং॥

তৎপরে দিবাভাগে কি কি কার্য্য করিতে হইবে, ধর্ম্মের অবিরোধী কি কি অর্থসাধন করিতে হইবে। আর ধর্ম্মার্থের অবিরোধী কি কি কাম সাধন করিবে, তাহা চিন্তা করিয়া পৃথিবীকে নমস্কার করিবে, যথা—"সমুদ্রমেখলে দেবি পর্ব্বতস্তনমণ্ডলে। বিষ্ণুপত্নি নমস্তুভ্যং পাদস্পর্শং ক্ষমস্ব মে॥" এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক পুরুষ দক্ষিণপদ এবং স্ত্রী বামপদ নিক্ষেপ করতঃ "ওঁ প্রিয়দত্তায়ৈ ভূম্যৈ নমঃ" বলিয়া পৃথিবীকে নমস্কার করিবে। গৃহ হইতে বহির্গত হইয়া সর্ব্বপ্রথমে অগ্নি বেদবিদ্ দ্বিজাতি, গো, যাজ্ঞিক ও ভাগ্যবতী স্ত্রী দর্শন করিয়া পরে অপরের মুখ দেখিবে। প্রভাতে উঠিয়া পাপাত্মা, ভাগ্যহীনা স্ত্রী, ছিন্ননাসিক, নগ্নব্যক্তি এবং মদ্য দর্শন করিতে নাই। অনন্তর যথাবিধি মলমূত্রাদি ত্যাগান্তে স্নান করিয়া শিখাবন্ধন ও তিলক ধারণ পূর্ব্বক স্ব স্ব বেদোক্ত সন্ধ্যা, তর্পণাদি করিবে।

মৃত্তিকানির্ম্মিত শিবপূজা।

অঙ্গুষ্ঠ পরিমিত সবজ্র শিবলিঙ্গ (শিবচিহ্ন) নির্ম্মাণ করিয়া উত্তর দিকে পিনাক স্থাপন ও বিল্বপত্র দ্বারা তদ্গাত্র মার্জ্জনপূর্ব্বক ঐ পত্রের মধ্যদলের সোজা পৃষ্ঠের উপরি বসাইবে (তাম্র, কাংস্য,, স্বর্ণ বা রৌপ্য পাত্রে শিবপূজা প্রশস্ত) ও স্বয়ং উত্তরাস্য হইয়া বসিবে। ভস্ম বা মৃত্তিকা দ্বারা কপালে ত্রিপুণ্ডক (অর্দ্ধচন্দ্রাকৃতি) এবং রুদ্রাক্ষমালা ধারণ করিয়া শিবপূজা কর্ত্তব্য। "হরায় নমঃ" বলিয়া শিবের মস্তকে কিঞ্চিৎ জল দিয়া বজ্র নামাইয়া পিনাকের উপর রাখিবে। "মহেশ্বরায় নমঃ" বলিয়া মস্তকে একটু টিপিয়া গঠন করিবে। "শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতো ভব" বলিয়া লিঙ্গের উপর অক্ষত অর্থাৎ আতপ চাউল দিয়া প্রতিষ্ঠিত করিবে।

শিবের ধ্যান।

ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং।
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নং।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্ব্যাঘ্রকৃত্তিং বসানং।
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম।

এইরূপমূর্ত্তি ধ্যান করিয়া আবাহণাদিপঞ্চমুদ্রা * দ্বারা আবাহন করিবে :— পিনাকধৃক্ ইহাগচ্ছ ইহাগচ্ছ ; ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ; ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি ; ইহ সন্নিরুধ্যস্ব ; ইহ সন্নিরুধ্যস্ব ; অত্রাধিষ্ঠানং কুরু ; (করযোড়ে) স্বাং স্বীং স্থিরো ভব, মম পূজাং গৃহাণ্। অনন্তর "ইদং স্নানীয়োদকং পশুপতয়ে নমঃ" এই মন্ত্রে কেবল জল দ্বারা শিবকে তিনবার স্নান করাইবে।

পরে পাদ্যাদি দ্বারা পূজা করিবে। "এতৎ পাদ্যং নমঃ শিবায় নমঃ ইদমর্ঘ্যং নমঃ শিবায় নমঃ। ইদমাচমনীয়ং নমঃ শিবায় নমঃ। ইদং স্নানীয়ং জলং নমঃ শিবায় নমঃ। এষ গন্ধঃ নমঃ শিবায় নমঃ। এতৎ পুষ্পং নমঃ শিবায় নমঃ। এতৎ সচন্দন বিল্বপত্রং নমঃ শিবায় নমঃ। এষ ধূপঃ নমঃ শিবায় নমঃ। এষ দীপঃ নমঃ শিবায় নমঃ। এতৎ সোপকরণনৈবেদ্যং নমঃ শিবায় নমঃ ইদমাচমনীয়ং নমঃ শিবায় নমঃ।"

পরে গৌরীপীঠে (পিনাকের মূলে) "গৌর্য্যৈ নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে গৌরীর পূজা করিবে। অনন্তর অষ্টমূর্ত্তি পূজা করিবে।

সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নম (পূর্ব্বে) ভবায় জলমূর্ত্তয়ে নমঃ (ঈশানকোণে) রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ (উত্তরে) উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ (বায়ুকোণে ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ (পশ্চিমে) নমঃ পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ (নৈঋতে) মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ (দক্ষিণে) ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ (অগ্নিকোণে)।

সর্ব্বত্র "এতেগন্ধপুষ্পে" উল্লেখ করিবে। পুষ্পাভাবে, "এতে "গন্ধাক্ষতে" বা এতদুদকং। তৎপরে "ব্রাহ্ম্যাদ্যষ্টমাতৃকাভ্যাং নমঃ" বৃষভায় নমঃ এবং ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ মন্ত্রে পূজা করিয়া—"নমঃ শিবায় (দ্বিজাতিরা সর্ব্বত্র পূর্ব্বে ওঁ যুক্ত) এই মন্ত্র ১০ বা ১০৮ বার জপ করিবে।

তৎপরে "গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং। সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদান্মহেশ্বর॥" এই মন্ত্রে জল গণ্ডুষ শিবের দক্ষিণ হস্তের উদ্দেশে দিয়া জপসমর্পণ করিবে।

শিবের নমস্কার।

নমস্তভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে। নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ। নমস্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে। নম-স্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ॥ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর।

তৎপরে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা দক্ষিণগণ্ডে আঘাত করিয়া "বম্ বম্" শব্দে মুখবাদ্য করিবে। তৎপরে নিম্নোক্ত মন্ত্রে ক্ষমা প্রার্থনা করিবে ;—

আবাহনং ন জানামি নৈব জানামি পূজনং।
বিসর্জ্জনং ন জনামি ক্ষমস্ব পরমেশ্বর॥

---

* পঞ্চমুদ্রা যথা—(১) চিৎভাবে অঞ্জলি করিয়া উভয় অঙ্গুষ্ঠ উভয় অনামিকার মুখে যোগ করিবে। (২) ঐরূপ অঞ্জলিকে অধোমুখ করিবে। (৩) অঙ্গুষ্ঠদ্বয় উচ্চ উভয়মুষ্টি মুখামুখী করিয়া যোগ করিবে। (৪) ঐরূপ মুষ্টিদ্বয়ের মধ্যে অঙ্গুষ্ঠদ্বয়কে প্রবেশ করাইবে। (৫) ঐরূপ মুষ্টিদ্বয়কে চিৎ করিয়া ধরিবে।

পরে সংহার মুদ্রা দ্বারা একটি নির্ম্মাল্য লইয়া ঘ্রাণান্তে "মহাদেব! ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন পূর্ব্বক শিবের মাথায় জল দিয়া শিবকে কাৎ করিয়া রাখিবে। ঈশানকোণে ত্রিকোণ মণ্ডল করিয়া সংহারমুদ্রা দ্বারা পূজাধার হইতে একটি নির্ম্মাল্য লইয়া, ঘ্রাণান্তে তেজোময় দেবতাকে শ্বাসপথ দ্বারা হৃৎপদ্মে পুনঃস্থাপন করিলাম, এইরূপ চিন্তা করতঃ পূর্ব্বকৃত মণ্ডলে রাখিয়া "চণ্ডেশ্বরায় নমঃ" বলিয়া নির্ম্মাল্য দ্বারা পূজা করিবে। পূজান্তে দেবতাকে নির্ম্মাল্যে রাখিতে নাই, কি দিবা কি রাত্রি সকল সময়েই উত্তরমুখে শিবপূজা কর্ত্তব্য।

গণেশপূজা।

যথাশক্তি দশ বা পঞ্চ উপাচারে অভাবে গন্ধপুষ্প দ্বারা পূজা করিতে হয়। শূদ্র ও স্ত্রীলোকেরা কেবলমাত্র জলে পূজা করিবে। প্রথমতঃ "গাং গীং গূং গৌং গঃ এই মন্ত্রে করাঙ্গন্যাস করিয়া কুর্ম্মমুদ্রাযোগে একটি পুষ্প লইয়া ধ্যান করিবে।

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপ ব্যালোলগণ্ডস্থলং।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদং॥

এইরূপে ধ্যান করিয়া নিজ মস্তকে পুষ্পটী দিয়া মানসপূজা সম্পাদন পূর্ব্বক করাঙ্গন্যাস ও ধ্যানান্তে শিলাদির উপর পুষ্প দিবে ও নিম্নমত পূজা করিবে। যথা— এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ গণেশায় নমঃ, এষ ধূপঃ ওঁ গণেশায় নমঃ, এষ দীপঃ ওঁ গণেশায় নমঃ এতন্নৈবেদ্যং ওঁ গণেশায় নম। পরে ওঁ গণেশায় নমঃ এই মন্ত্র দশ বা অষ্টোত্তরশতবার জপ করিয়া "গুহ্যাতিগুহ" ইত্যাদি মন্ত্র দ্বারা জপ সমর্পন করিয়া প্রণাম করিবে।

ওঁ দেবেন্দ্রমৌলি-মন্দার-মকরন্দ-কণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্বচরণাম্বুজরেণবঃ।

পরে ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিবে।

সূর্য্যপূজা।

গণেশপূজার নিয়মে ওঁ শ্রীসূর্য্যায় নমঃ মন্ত্রে পূজা করিতে হয়। কেবল ধ্যান ও প্রণাম মন্ত্র পৃথক্।

ধ্যানং যথা—

রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান দধতং করাব্জৈর্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রং॥

পূজান্তে "ওঁ এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে। অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর।" মন্ত্রে অর্ঘ্যদান করিবে। পরে "জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥" মন্ত্রে প্রণাম করিবে।

লক্ষ্মীপূজা।

(লক্ষ্মীপূজায় ঘণ্টাবাদ্য নিষিদ্ধ)।

পবিত্রচিত্তে আসনে উপবেশনপূর্ব্বক আচমন করিয়া স্বস্তিবাচন করিবে, যথা— ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীলক্ষ্মীপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি পাঠ করিয়া স্বস্তি সূক্ত পাঠ করিবে।

পরে সংকল্প করিবে,—বিষ্ণুরোং তৎসদদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীলক্ষ্মীপ্রীতিকামো লক্ষ্মীপূজামহং করিষ্যে (পরার্থে করিষ্যামি)। পরে সংকল্পসূক্ত পাঠ করিয়া সামান্যার্ঘ্য স্থাপনাদি করিয়া গণেশাদি দেবতার পূজাপূর্ব্বক যথাশক্তি লক্ষ্মীনারায়ণ ও কুবেরের পূজা করিতে হয়।

লক্ষ্মীর ধ্যান।

ওঁ পাশাক্ষমালিকাম্ভোজসৃণিভির্যাম্যসৌম্যয়োঃ।
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরং॥
গৌরবর্ণাং স্বরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাং।
রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণে তু॥

"এতৎ পাদ্যং ওঁ লক্ষ্ম্যৈ নম" এইরূপে ষোড়শোপচারে বা দশোপচারে পূজা করিবে।

পুষ্পাঞ্জলি—ওঁ নমস্তে সর্ব্বদেবানাং বরদাসি হরিপ্রিয়ে।
যা গতিস্ত্বংপ্রপন্নানাং সা মে ভূয়াত্বদর্চ্চনাৎ॥

প্রণামমন্ত্র—ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোহস্তুতে॥

গায়ত্রী—ওঁ মহালক্ষ্ম্যৈ বিদ্মহে মহাশ্রিয়ৈ ধীমহি তন্নঃ শ্রীঃ প্রচোদয়াৎ ওঁ।

কুবেরের ধ্যান—কুবেরং ধনদং খর্ব্বং দ্বিভুজং পীতবাসসং।
প্রসন্নবদনং দেবং যক্ষগুহ্যকসেবিতং॥

প্রণামমন্ত্র—ধনদায় নমস্তুভ্যং নিধিপদ্মাধিপায় চ।
ভবন্তু ত্বৎপ্রসাদান্মে ধনধান্যাদিসম্পদঃ॥

মঙ্গলচণ্ডির ধ্যান।

বৈষা ললিত কান্তাখ্যা দেবী মঙ্গল চণ্ডিকা।
বরদাভয়হস্তা চ দ্বিভুজা গৌরদেহিকা।
রক্তপদ্মাসনস্থা চ মুকুটোজ্জ্বল মণ্ডিতা।
নবযৌবন সম্পন্না চার্ব্বঙ্গী ললিত প্রভা॥

পূজা মন্ত্র—হ্রীং মঙ্গলচণ্ডিকায়ৈ নমঃ।
প্রণাম মন্ত্র—সর্ব্ব মঙ্গল মঙ্গল্যে ইত্যাদি।

ষষ্ঠীর ধ্যান।

দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কার ভূষিতাং
বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্র—নিভাননাং।
পট্টবস্ত্র পরীধানাং পীনোন্নত পয়োধরাং।
অঙ্কার্পিতসুতাং ষষ্ঠী মম্বুজস্থাং বিচিন্তয়ে॥

পূজা মন্ত্র—ওঁ ষষ্ঠী দেব্যৈ নমঃ। বাহন—মার্জ্জারায় নমঃ)।

প্রণাম মন্ত্র—জয় দেবি জগন্মাতর্জগদানন্দকারিণি। প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠি দেবিকে। বটবৃক্ষ মূলে ষষ্ঠী পূজা প্রশস্ত।

মনসার ধ্যান।

দেবীমম্বা-মহীনাং শশধরবদনাং চারুকান্তিং বদনাং হংসারূঢ়া-মুদারাং সুললিত বসনাং সেবিতাং সিদ্ধিকামৈঃ। স্মেরাস্যাং মণ্ডিতাঙ্গীং কণকমণিগণৈর্নাগরত্নৈরনেকৈ র্ব্বন্দেহহং সাষ্টনাগা মুরু কুচযুগলাং ভোগিনীং কামরূপাং॥

পূজামন্ত্র—ওঁ মনসাদেব্যৈ নমঃ। প্রণাম মন্ত্র—আস্তিকস্য মুনের্মাতা ভগিনী বাসুকেস্তথা। জরৎকারুমুনেঃ পত্নী মনসা দেবী নমোঽস্তুতে॥ পূজার পর অষ্ট নাগের পূজা করিতে হয়। যথা—অনন্তায় নমঃ, বাসুকয়ে নমঃ, পদ্মায় নমঃ, মহাপদ্মায় নমঃ, তক্ষকায় নমঃ, কুলীরায় নমঃ, কর্কটায় নমঃ এবং শঙ্খায় নমঃ। সুহিবৃক্ষে মনসা দেবীর পূজা করিতে হয় বলিয়া উহাকে "মনসা-গাছ" বলে।

সরস্বতী পূজা।

শ্রীপঞ্চমীতে সরস্বতী পূজার সময়। লক্ষ্মী নারায়ণ, দোয়াত, কলম ও পুস্তক পূজা করিয়া পুষ্পাঞ্জলি দিবে। মন্ত্র—ওঁ লক্ষ্ম্যৈ নমঃ। ওঁ নারায়ণায় নমঃ। মস্যাধারেভ্যো নমঃ। ওঁ লেখনীভ্যো নমঃ। ওঁ পুস্তকেভ্যো নমঃ।

প্রথমে আসনে উপবেশন করিয়া আচমন, বিষ্ণু স্মরণ, সামান্যার্ঘ্য, আসন শুদ্ধি, প্রভৃতি করিয়া স্বস্তিবাচন করত সংকল্প করিবে। পরে সূক্ত পাঠ করিয়া ন্যাসাদি করিয়া সরস্বতীর ধ্যানমন্ত্র পাঠ করিবে। পরে মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপনানন্তর গণেশাদি দেবতা পূজা করিয়া পুনর্ব্বার ধ্যানান্তে আবাহন এবং ওঁ সরস্বত্যৈ নমঃ—মন্ত্রে ষোড়শোপচারে পূজা করিবে।

ধ্যান—ওঁ তরুণশকলমিন্দোর্ব্বিভ্রতীশুভ্রকান্তিঃ, কুচভরণমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে। নিজকরকমলোদ্যল্লেখনী পুস্তক শ্রীঃ, সকলবিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্ দেবতা নঃ।

পুষ্পাঞ্জলি মন্ত্র—ওঁ ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ। বেদবেদান্ত বেদাঙ্গবিদ্যাস্থানেভ্য এব চ স্বাহা।

প্রার্থনা মন্ত্র—ওঁ যথা ন দেবো ভগবান ব্রহ্মা লোকপিতামহঃ। ত্বাং পরিত্যজ্য সংতিষ্ঠেত্তথা ভব বরপ্রদা। বেদাঃ সর্ব্বাণি শাস্ত্রাণি নৃত্যগীতাদিকঞ্চ যৎ। ন বিহীনং ত্বয়া দেবি তথা মে সন্তু সিদ্ধয়ঃ। লক্ষ্মীর্মেধা ধরাপুষ্টি গৌরী তুষ্টিঃ প্রভা ধৃতিঃ। এতাভিঃ পাহি তনুভিরষ্টাভির্ম্মাং সরস্বতি।

সরস্বতীর নমস্কার—জয় জয় দেবি চরাচর সারে, কুচযুগশোভিত মুক্তাহারে। বীণা পুস্তকরঞ্জিত হস্তে, ভগবতি ভারতি দেবি নমস্তে॥ ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে। বিদ্যারূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তুতে॥

গায়ত্রী—ওঁ বাগ্দেব্যৈ বিদ্মহে কামরাজায় ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ॥

তর্পণবিধি।

অনুপনীত দ্বিজাতি, অসংস্কৃত শূদ্র, জীবৎপিতৃক ও স্ত্রীলোকের তর্পণে অধিকার নাই। কেবল প্রেততর্পণে অধিকার আছে। কিন্তু বিধবারা পুত্র পৌত্রের অভাবে স্বামী, শ্বশুর ও শ্বশুরের পিতা এই তিন পুরুষের মাত্র তর্পণ করিতে পারেন। জলে আর্দ্র ও স্থলে শুষ্ক বাস পরিধান করিয়া তর্পণ করিবে, শুষ্কবাসে তীরে বসিয়া এক পাদ জলে ও অপর পাদ স্থলে রাখা কর্ত্তব্য। স্বর্ণ রজত বা কুশনির্ম্মিত অঙ্গুরী দক্ষিণ হস্তের অনামিকাতে ধারণ করিয়া তর্পণ করিবে। একহস্তে তর্পণ করিতে নাই। যব ও ত্রিপত্র দ্বারা দেবতর্পণ এবং তিল ও কুশমোটকদ্বারা পিতৃতর্পণ করিবে। যব অনেকে ব্যবহার করেন না, যবশূন্য জলই দেন। রবি ও শুক্রবারে, সপ্তমী, দ্বাদশী ও সংক্রান্তিতে এবং অমাবস্যা নিমিত্তক শ্রাদ্ধ ভিন্ন অপর শ্রাদ্ধ দিনে ও জন্মদিনে তিল শূন্য জল দ্বারা তর্পণ করিবে। কিন্তু গঙ্গাদি তীর্থস্থানে প্রেতপক্ষে ও যুগাদ্যাদি তিথি

বিশেষে নিষিদ্ধ দিনে ও তিলতর্পণ করা চলে। তর্পণ প্রণালী—স্নানান্তে আচমন তিলকধারণ শিখাবন্ধনাদি করিয়া প্রথমে প্রাচীনাবীতি (১) ও দক্ষিণাস্থ হইয়া করযোড়ে তীর্থ আবাহন করিবে—যথা ওঁ কুরুক্ষেত্রং গয়া গঙ্গা প্রভাসপুষ্করাণি চ। পুণ্যান্যেতানি তীর্থানি তর্পণকালে ভবন্তিহ, ইহাই তীর্থ আবাহন। গঙ্গাদি তীর্থে ইহা করিতে হয় না এবং অনেকে গঙ্গাভিন্ন স্থলেও ইহা করেন না, তাঁহারা আচমনাদি করিয়াই নিম্নলিখিত দেবতর্পণ করেন। পরে উপবীতী (২) হইয়া নিম্নলিখিত মন্ত্রে প্রত্যেককে এক এক অঞ্জলী জল দিবে- ওঁ (শূদ্রেরা ওঁ স্থলে নমঃ বলিবেন) ব্রহ্মা তৃপ্যতাং। ওঁ বিষ্ণুস্তৃপ্যতাং। ওঁ রুদ্রস্তৃপ্যতাং। ওঁ প্রজাপতিস্তৃপ্যতাং। (ঋগ্বেদী ব্রাহ্মণেরা "তৃপ্যতাং" স্থলে "তৃপ্যন্তু" বলিবেন)—ইহাই দেবতর্পণ। পরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া দেবতীর্থদ্বারা (৩) এক অঞ্জলি জল দিবে যথা—'(ওঁ) দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ। ক্রূরাঃসর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ। বিদ্যাধরা জলাধরাস্তথৈবাকাশগামিনঃ। নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া।" তদন্তর—

(মনুষ্যতর্পণ) করিবে। উত্তরমুখ (সামবেদী ব্রাহ্মণেরা পশ্চিমমুখ) ও নিবীত (৪) হইয়া—

(ওঁ) সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা। সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥ এই মন্ত্র দুইবার পাঠ করিয়া কায়তীর্থদ্বারা (কনিষ্ঠাঙ্গুলীর মূলপ্রদেশদ্বারা) ক্রোড়াভিমুখে দুই অঞ্জলি জল দিবে।

ঋষিতর্পণ।

পুনর্ব্বার পূর্ব্বমুখ ও উপবীতি হইয়া দেবতীর্থদ্বারা নিম্নলিখিত এক একটী মন্ত্র পাঠ করতঃ প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে।

১। (ওঁ) মরীচিস্তৃপ্যতাং। ২। (ওঁ) অত্রিস্তৃপ্যতাং।
৩। (ওঁ) অঙ্গিরাস্তৃপ্যতাং। ৪। (ওঁ) পুলস্ত্যস্তৃপ্যতাং।
৫। (ওঁ) পুলহস্তৃপ্যতাং। ৬। (ওঁ) ক্রতুস্তৃপ্যতাং।
৭। (ওঁ) প্রচেতাস্তৃপ্যতাং। ৮। (ওঁ) বশিষ্টস্তৃপ্যতাং।
৯। (ওঁ) ভৃগুস্তৃপ্যতাং। ১০। (ওঁ) নারদস্তৃপ্যতাং।

(ঋগ্বেদী ব্রাহ্মণেরা "তৃপ্যতাং" স্থলে "তৃপ্যন্তু" বলিবেন)। পরে

(দিব্যপিতৃতর্পণ)

দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী হইয়া পিতৃতীর্থদ্বারা (৫) প্রত্যেককে (সাতমন্ত্রে সাতবার) এক এক অঞ্জলি জল দিবে—

(ওঁ) অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা ॥ ১ ॥
(ওঁ) সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ + + + ।২।
(ওঁ) হরিষ্মন্তঃ + + + + + ॥৩।

---

(১) যজ্ঞোপবীত দক্ষিণ স্কন্ধে স্থাপন করিলে প্রাচীনা বীতি হয়।

(২) যজ্ঞোপবীত বাম স্কন্ধে স্থাপন করিলে উপবীতী হয়।

(৩) দেবতীর্থ—অঙ্গুলীর অগ্রভাগ।

(৪) নিবীতী—মাল্যবৎ গলদেশে যজ্ঞসূত্র ধারণ।

(৫) পিতৃতীর্থ—অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মূলদেশ।

(৬) কোন কোন শূদ্র সামবেদীর পিতৃ আবাহন মন্ত্র পাঠ করেন।

(ওঁ) উষ্মপাঃ + + + ॥ ৪ ।
(ওঁ) স্বকালিনঃ + + + ॥ ৫ ।
(ওঁ) বর্হিষদঃ + + + ॥ ৬ ।
(ওঁ) আজ্যপাঃ + + + ॥ ৭ ।

শূদ্রেরা শেষস্থ "স্বধা" স্থলে "নমঃ" বলিবেন এবং প্রথম "ওঁ" স্থলে "নমঃ" বলিবেন আর ঋগ্বেদী ব্রাহ্মণেরা তৃপ্যন্তামেতৎ স্থলে "তৃপ্যন্তেমেতৎ" বলিবেন।

যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ। ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠীনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥ এই মন্ত্র তিনবার পড়িয়া তিন অঞ্জলি জল দান করিবে, পরে ভীষ্মতর্পণ (ভীষ্মতর্পণ প্রত্যহ না করিলেও চলে তবে ভীষ্মাষ্টমীতে অবশ্য কর্ত্তব্য) করিবে ব্রাহ্মণগণ এই স্থলে না করিয়া বক্ষ্যমাণ পিতৃ তর্পনের পর ভীষ্ম তর্পণ করিবেন। ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতি প্রবরায় চ। অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥ এই মন্ত্র তিনবার পড়িয়া তিন অঞ্জলি জল দিবে। পরে ভীষ্মনমস্কার করিবে—(ওঁ) ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ। আভিরদ্ভিরবাপ্নোতু পুত্র পৌত্রোচিতাং ক্রিয়াং।

অনন্তর পিতৃলোকের আবাহন করিবে যথা—(ওঁ) আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্ণন্ত্বপোঽঞ্জলিম্ এই মন্ত্রে আবাহন করতঃ পিতৃতর্পণ করিবে—

পিতৃতর্পণ।

গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ পূর্ব্বক মন্ত্র পাঠ করিয়া পিতা পিতামহ প্রপিতামহ মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধ প্রমাতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী এই নয়জনের প্রত্যেককে যথাক্রমে তিন তিন অঞ্জলি জল দিবে এবং মন্ত্রও তিনবার পাঠ করিবে। মাতামহী প্রমাতামহী ও বৃদ্ধ প্রমাতামহী এই তিনজনকে এক একবার মন্ত্র পাঠ করিয়া এক এক অঞ্জলি জল দিবে। (পিতামহ হইতে বৃদ্ধ প্রপিতামহী পর্য্যন্ত একাদশ পুরুষের মধ্যে কেহ জীবিত থাকিলে তাঁহাকে ত্যাগ করিয়া তাহার উপরিতম পুরুষ ধরিয়া একাদশ সংখ্যা পুরণ করিয়া লইতে হইবে)। প্রণালী যথা—

(ওঁ) অমুক গোত্রঃ পিতরমুক দেবশর্ম্মন্ তৃপ্যস্বৈতত্তে সতিলোদকং স্বধা। (৩ বার)
(ওঁ) অমুক গোত্রঃ পিতামহ অমুক দেবশর্ম্মন্ + + + + স্বধা (৩ বার)॥
(ওঁ) অমুক গোত্রঃ প্রপিতামহ + + স্বধা (৩ বার)
(ওঁ) অমুক গোত্রঃ মাতামহ + — স্বধা (৩ বার)॥
,, অমুক গোত্রঃ প্রমাতামহ — — স্বধা (৩ বার)॥
,, ,, বৃদ্ধ প্রমাতামহ — — স্বধা (৩ বার)॥
,, অমুক গোত্রে মাতরমুকি দেবি — — স্বধা (৩ বার)॥
,, ,, পিতামহি — — স্বধা (৩ বার)॥
,, ,, প্রপিতামহি — — স্বধা (৩ বার)॥
(ওঁ) অমুক গোত্রে মাতামহী অমুকি দেবী তৃপ্যস্বৈতত্তে সতিলোদকং স্বধা (১ বার)॥
(ওঁ) অমুক গোত্রে প্রমাতামহি ,, ,, — স্বধা (১ বার)
(ওঁ) ,, বৃদ্ধ প্রমাতামহি ,, ,, — স্বধা (১ বার)

ঋগ্বেদী ব্রাহ্মণগণ—অমুকগোত্রং পিতরং অমুক দেব শর্ম্মাণং এতৎ সতিলোদকং তর্পয়ামি স্বধা নমঃ (কেহ বা স্বধা নমস্তর্পয়ামি বলেন)।

সামবেদী ব্রাহ্মণগণ—অমুকগোত্রঃ পিতা অমুক দেবশর্ম্মা তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা (৩ বার)॥

শূদ্রেরা—দেবশর্ম্মন্ স্থানে দাস এবং দেবী স্থানে দাসি বলিবেন। ক্ষত্রিয়েরা দেব বর্ম্মন্ ও দেবী এবং বৈশ্যেরা গুপ্ত ও দেবী বলিবেন এবং শেষোক্ত স্বধা স্থলে নমঃ বলিবেন।

ঐরূপ বাক্যে পিতামহাদি পুরুষগণকে তর্পণ করিয়া অমুক গোত্রা মাতা অমুকী দেবী তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা এই বাক্যে মাতা আদি স্ত্রীলোকগণকে তর্পণ করিবেন।

এইরূপ বাক্যে পিতামহাদি পুরুষগণকে তর্পণ করিয়া অমুকগোত্রাং মাতরং অমুকীদেবীং এতৎ সতিলোদকং তর্পয়ামি. স্বধা নমঃ এই বাক্যে মাত্রাদি স্ত্রীগণকে তর্পণ করিবেন। সমর্থ হইলে পিতৃব্য ভ্রাতা মাতুল বিমাতা ভগিনী পিতৃস্বসা মাতৃস্বসা ও সপিণ্ড প্রভৃতিকে এক এক অঞ্জলি জলদ্বারা তর্পণ করিবে। পরে ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু। এই মন্ত্রে তিন অঞ্জলি জল দিবে। তৎপরে (ওঁ) আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষি পিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতা মহাদয়ঃ। অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং। ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ং। এই মন্ত্র তিনবার পাঠ করিয়া তিন অঞ্জলি জল দিবে। পরে ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্খিণঃ—এই বলিয়া এক অঞ্জলি জল দিবে। তৎপরে অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিং—বলিয়া ভূমিতে জল নিক্ষেপ করিবে। পরে (ওঁ) যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাঃ। তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকং—এই মন্ত্রে স্থলে উঠিয়া বস্ত্র নিষ্পীড়ন জল একবার ভূমিতে নিক্ষেপ করিবে। পরে পিতৃস্তুতি (ওঁ) পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতাহি পরমন্তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ। এই স্তুতি পাঠ করিয়া পিতৃনমস্তে দিবি যে চ মূর্ত্তাঃ স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ। প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু। এই মন্ত্র পাঠ করিয়া নমস্কার করিবে।

কেহ কেহ পিতৃতর্পণের পরে অগ্নিদগ্ধা ইত্যাদি ও যে বান্ধবা ইত্যাদি মন্ত্রদ্বয় পাঠ করিয়া ৩ অঞ্জলি জলদ্বারা তর্পণ তৎপরে আব্রহ্মভুবনাল্লোকা ইত্যাদি মন্ত্র দ্বারা তর্পণ তদনন্তর লক্ষ্মণ তর্পণ অর্থাৎ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং ইত্যাদি মন্ত্র দ্বারা তর্পণ করিয়া বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ করেন।

সামবেদীয়—

দশবিধ সংস্কারের দ্রব্য।

অগ্রে ষষ্ঠী মার্কণ্ডেয়াদি পূজা—সিদ্ধি. সিন্দুর, তিল, যব, শ্বেতসর্ষপ, হরীতকী, ধুপ, দীপ ধুনা, গুগ্গুল, বটের ডাল ২টা, ঘট ১টা, পলব ১দফা, ফল ১দফা, তৈল, হরিদ্রা, তাম্বুল, সুপারি, কদলী, শ্রীষষ্ঠীর শাটী ১ জোড, মার্কণ্ডের ধুতি ১ জোড়, আসনাঙ্গরীয়ক ২ প্রস্তুত মধুপর্কের কাসার বাটি ২টা, দধি, মধু, গব্যঘৃত, চিনি, পুষ্প, চন্দন, দুর্ব্বা, বিল্বপত্র, তুলসী প্রভৃতি ১ দফা সগণাধিপ গৌর্য্যাদিষোড়শমাতৃকার সাটি ১৭ খানা, আসনাঙ্গরীয়ক ১৭ মধুপর্কের কাঁসার বাটি ১৭টা (অশক্তপক্ষে এক দফা) ষোড়শোপচারে পূজা এক দফা (অশক্ত পক্ষে দশোপচারে)—নৈবেদ্য ১৬ খানা, তাম্বুল ১৭টা ফলমুলাদি মিষ্টদ্রব্য, শ্রীশ্রীষষ্ঠীমার্কণ্ডের নৈবেদ্য ১ খানা ঐ কুচা ১ খানা।

বসুধারার্থ—গব্যঘৃত /৷৴০. সিন্দুর. কজ্জল, তৈল, হরিদ্রা, চন্দনাদি, চেদিরাজবসুর ষোড়শোপচারে পূজা, বস্ত্র, (ধুতি) যোড় আসনঙ্গরীয়ক ১ প্রস্থ, মধুপর্কের বাটি ১টা, দধি, ঘৃতাদি নৈবেদ্য, ১ খানা (অশক্ত পক্ষে দশোপচারে পূজা)।

অধিবাস দ্রব্য—তৈল, হরিদ্রা, মহী, (মৃত্তিকা), গন্ধ, (চন্দন) শিলা (নুড়ী) ধান্য, দূর্ব্বা পুষ্প, ফল, [১ ছড়া অখণ্ড কদলী], দধি গব্যঘৃত, স্বস্তিক [পিটুলির নির্ম্মিত] সিন্দুর শঙ্খ, দেশীয় সূত্র কজ্জল, রোচনা, গোরোচনা, সিদ্ধার্থ শ্বেত সর্ষপ কাঞ্চন রৌপ্য তাম্র দীর্ঘ প্রদীপ দর্পন (আর্শি) ব্যজন চামর।

নান্দীমুখ শ্রাদ্ধ দ্রব্য—যজ্ঞেশ্বরের ধুতি ১ যোড়া, দৈবপক্ষের প্রশস্ত পক্ষে ধুতি ২ যোড়া, মাঝারি ৪ যোড়া পিতৃ পক্ষের ধুতি ২ প্রস্তত ও মাঝারি ১ঐ মাতামহ পক্ষের ঐ ২ যোড়া মাঝারি ১ ঐ অতি অশক্তপক্ষে গামছা ৯ খানা), আতপতণ্ডুল ।০ দশসের, কুশ কিম্বা কেশে নির্ম্মিত ব্রাহ্মণ ৬ টা, ঐ নির্ম্মিত ত্রিপত্র ২২ দফা, কুশাঙ্গুরীয়ক ২ জোড়, সাগ্র কুশপবিত্রার্থ ১৬ গাছা, আস্তরণার্থ কুশ, ভোজ্য ৫ টা, তাহাতে গামছা ঐ মত, অন্নপাত্র, দেবপক্ষে অন্নপাত্র, ২ দফা, পিতৃপক্ষে ঐ ২ দফা, মাতামহ পক্ষে ঐ ২ দফা, গব্যঘৃত /০ এক ছটাক, মধু অর্দ্ধপোয়া. দধি, কদলী, ফলমূলাদি, মিষ্টদ্রব্য, কলার খোলা অভাবে ঐ গত্র পিণ্ড ৭ টা, পান, সুপারি, ধূপ, দীপ, গঙ্গামৃত্তিকা, যব, জল, শুক্লপুষ্পাদি, তুলসী, শুক্ল-চন্দনাদি, পিণ্ডার্থ উপকরণ, ফলমূলাদি, বিল্ব, বদরী, আম্রকাদি, পিণ্ডার্থ সূত্র ৬ দফা পৈত্র মাতামহ পক্ষের দক্ষিণা ৩, ব্রাহ্মণের হইলে যজ্ঞোপবীতার্থ সূত্র ১০টা।।

শুভবিবাহের দ্রব্য—সম্প্রদানের দ্রব্য—বরপক্ষের, বরের পট্টবস্ত্র ১ যোড়, টোপর ১টা, বরাঙ্গুরীয়ক ১ দফা ফুলের মালা, বাঁতি, জুতা ১ যোড়া বরাভরণ ১ দফা কন্যাপক্ষের পূর্ব্ব ২ জামাতা বরণ বস্ত্রাদি পুষ্পমাল্যাদি বরের পট্টবস্ত্র ১ যোড়া, সুবর্ণাঙ্গুরীয়ক ১ দফা; টোপর ১টা, যথাশক্তিদানীয় দ্রব্য ১দফা জুতা, কন্যার পট্টবস্ত্রশাটী ১ খানা, আচ্ছাদন বস্ত্র ১ দফা, কোশাকুশি ১টা প্রস্তুত, কাজললত ১ খানা, ফুলের মালা বড় ২ ছড়া; দকে ঐ মালা ৪ ছড়া পাঁচফল যথা—বয়ড়া হরিতকী সুপারি জায়ফল আমলকি হরিদ্রাবর্ণের ঐ পঞ্চফলের বন্ধনার্থ গামছা ১ খানা কুশনির্ম্মিত বিষ্টর ২ দফা মধুপর্কের কাঁসার বাটী ১টা দধি মধু চিনি বা অর্ঘ্যাদির পুষ্পাদি-১ দফা বরদক্ষিণা ১ দফা ও পুরোহিত দক্ষিণা ১ ঐ।

স্ত্রী আচার—সকল বেদীয় বিবাহের সম্প্রদাতারা বরের বরণের পর স্ত্রী আচার করিয়া থাকেন; তাহার দ্রব্যাদি :—মালা ২ ছড়া ছাউনি নাড়ার পুষ্পাদি হাই আমলা সোনামুখি ধুস্তুর বরণডালা চণ্ডীপুঁথি আচ্ছাদনার্থ বস্ত্র মাকু দেশীয় সূত্র শঙ্খধ্বনি উলুধ্বনি প্রভৃতি।

কুশণ্ডিকা—বটের শাখা ১ সপল্লব ঘট ১ ষষ্ঠী ও মার্কণ্ডেয় পূজা ষোড়শোপচারে নৈবেদ্য ২ খানা ক্ষুদ্র নৈবেদ্য ১ ঐ গব্যঘৃত /।০ অগ্নি আনিবার কাংস্যপাত্র অভাবে মৃন্ময়পাত্র ১ কাঠ, বালি দ্বাদশাঙ্গুলি পরিমিত ঔড়ুম্বর সমিধ ২৮ হস্ত পরিমিত খদির পলাশ কিম্বা যজ্ঞীয়োড়ম্বরের বিংশতিকাষ্ঠিয়া ২০ কুশময়ব্রাহ্মণ ১ দশাঙ্গুলকুশ, ১ একবিংশত্যঙ্গুল কুশ ১ সপ্তাঙ্গুলকুশ ৩ সাগ্রকুশ পত্রদ্বয় ১ বিতস্তিপরিমিত ঐ ৩ দফে আস্তরনাদির জন্য কুশ ১ দফা শিল নোড়া ১ দফা লাজ (খই) শমীপত্র (শাইপাতা) বীরণপত্র (বেনারপাতা) দানার্থ সিন্দুর ঐ প্রদানার্থ বেত্রনির্ম্মিত পাত্র ১ বরকন্যার বস্ত্র যোড় ধুতি উড়ানি ১ দফা ও শাটী ১খানা আম্রপল্লব ১দফা, জলপূর্ণ কুম্ভ ১টা কুলা ১ খানা ব্রহ্ম দক্ষিণা পূর্ণপাত্র ব্রাহ্মণা দক্ষিণা স্রুক্ স্রুবাদি, পূর্ণ হোমের কদলীদ্বয় ও তাম্বুল পুষ্প দূর্ব্বাদি দধি বিচিত্র পীঠক ২ খান।

ষোড়শোপচার দ্রব্য—রজতাসন (চারিদিকে অষ্টাঙ্গুল পরিমিত অশক্তপক্ষে চতুরঙ্গুলি পরিমিত) স্বাগতপ্রশ্ন ১ পাদ্য ১ অর্ঘ (অষ্টাঙ্গ গন্ধ পুষ্প আতপতণ্ডুল যব কুশাগ্র তিল, শ্বেতসর্ষপ দূর্ব্বা এই মত অর্ঘ ১১ (আচমনীয়) (জায়ফল লবঙ্গ কটফল চূর্ণ) মধুপর্ক ১ (গব্যঘৃত ১ তোলা দধি ৩ তোলা মধু ১।০ তোলা কিঞ্চিৎ জল ও শর্করা) কাংস্যের বাটি ও আচ্ছাদন কাংস্যের আচমনীয় ১ স্নানীয় (কর্পূরাদি গন্ধদ্রব্য বাসিত জল অনুমান /২।০) প্রমাণ বস্ত্র ১ আভরণ (রজতাঙ্গরীয়ক) ১ গন্ধ চন্দনাদি ১ সগন্ধ পুষ্প ১ ধূপ ১ দীপ ১ নৈবেদ্য ১ বন্দনা ১তাম্বুল তুলসী বিল্বপত্রাদি ১ দফা এইরূপ ষোড়শোপচার।

গর্ভাধানে—ষোড়শোপচারে ষষ্ঠিমার্কণ্ডেয় পূজা বটশাখা ১ সফল পল্লব বট ১ সিন্দুর। পঞ্চশস্য—ধান্য মুগ তিল যব মাষকলাই। পঞ্চগব্য—দধি দুগ্ধ গব্যঘৃত গোময় গোমুত্র। সূর্য্যার্ঘ্য—রক্তপুষ্প ঐ চন্দনাদি ধূপ দীপ কুচা নৈবেদ্য ১ পিঠুলির পুত্তলিকা নৈবদ্য ২ খানা বরকন্যার বস্ত্র শাটী ধুতি ও উড়ানী ১ অঙ্গুরীয়ক ১ দফা খাট কদলী মিষ্টদ্রব্যাদি দক্ষিণা।

পুংসবন সীমন্তোন্নয়ন—বৃদ্ধিশ্রাদ্ধ পূর্ব্ববৎ ১ ষষ্ঠি ও মার্কণ্ডের পূজা পূর্ব্ববৎ ১ গৌর্য্যাদি ষোড়শমাতৃকাপূজা পূর্ব্ববৎ ১ বসুধারা পূর্ব্ববৎ ১ যজ্ঞীয়োড়ম্বর স্তবক ২ফা বিচিত্রপীঠক ২ দফা শ্বেতসর্ষপ বিল্বপত্রাদি কর্ম্মদক্ষিণা।

জাতকর্ম্ম—ষষ্ঠীমার্কণ্ডেয়াদি পূজা গৌর্য্যাদিষোড়শমাতৃকা পূজা বসুধারা বৃদ্ধিশ্রাদ্ধাদি পূর্ব্ববৎ ব্রীহিযবচূর্ণ গব্যঘৃত সুবর্ণপাত্রদ্বারা ঘৃত বালকের বদনে অর্পন।

নিষ্ক্রামণ—শ্রীবালকের চারমাস বয়স চন্দ্রোদ্দেশে দর্শন।

পৌষ্টিক কর্ম্ম কুশণ্ডিকা পূর্ব্ববৎ।

নামকরণ—বৃদ্ধিশ্রাদ্ধাদি পূর্ব্ববৎ হোমিয়দ্রব্যাদি পূর্ব্ববৎ, পৌষ্টিক কর্ম্ম কুশণ্ডিকা পূর্ব্ববৎ।

অন্নপ্রাশনের দ্রব্য—ষষ্ঠিপূজায় শাটী ১, মার্কণ্ডের পূজার ধুতি ১ মধুপর্কের কাংস্ত বাটী ৩, রজতাসন ও অঙ্গুরীয় ২ যোড়া, প্রধান নৈবেদ্য ২, ক্ষুদ্র নৈবেদ্য ১, বটবৃক্ষের শাখা ১, ঘট ১, ফল, সিন্দুর তিল ও হরিতকী, অধিবাসের দ্রব্য পূর্ব্ববৎ, নান্দীমুখের শ্রাদ্ধের বস্ত্র পূর্ব্ববৎ কুশময় ব্রাহ্মণ ৬ ত্রিপত্র ২২, কুশাঙ্গুরীয়ক ৫, আস্তরণ কুশ, পান ও সুপারি তৈল, হরিদ্রা ও বস্ত্র প্রভৃতি, উপকরণ আতপতণ্ডুল /।০, গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজার বস্ত্র ১, মধুপর্কের কাংস্তবাটী ১৪ আসনাঙ্গুরীয়ক ১৭ যোড়, বালকের পরিধেয় পটবস্ত্র ১ যোড় আভরণ, টোপব হোমের গব্য ঘৃত, বালি ও কাষ্ঠ, কুশ, বিংশতি কাষ্ঠিকা, ২০, ঔড়ম্বর সমিধ ১০, পূর্ণপাত্র, দধি, মধু পূর্ণাহুতির কদলী ২, পান দক্ষিণা বালকের নানাবিধ ব্যঞ্জনাদির সহিত অন্নপাত্র ১ দফা, প্রজ্জলিত প্রদীপ ৬টা, বিচিত্রিত পীঠক ১ দফা বাদ্যার্থ শঙ্খ ১টা।

চূড়ার দ্রব্য—ষষ্ঠীমার্কণ্ডেয় পূজা পূর্ব্ববৎ, নান্দীমুখ শ্রাদ্ধের বস্ত্রাদি পূর্ব্ববৎ, চূড়ার বস্ত্র ১ কাংস্তবাটী ১, একবিংশতি দর্ভপিঙ্গলি ৩, উষ্ণোদক, তাম্রনির্ম্মিত ক্ষুর অভাবে কুশি তদভাবে দর্পণ, লৌহক্ষুর ১, বৃষগোময়, তিল ও তণ্ডুল, মাষকলাই ব্রীহিযব, তিলপুরিত পাত্রত্রয় ও তিল মাষপুরিত পাত্র ত্রয় হোমের গব্যঘৃতাদি পূর্ব্ববৎ, কর্ণবেধের শুজি ২, নাপিত।

উপনয়নের দ্রব্য—ষষ্ঠীমার্কণ্ডেয় পূজা পূর্ব্ববৎ, অধিবাসের দ্রব্য পূর্ব্ববৎ, ষোড়শমাতৃকা পূজার বস্ত্রাদিপূর্ব্ববৎ, নান্দীমুখ শ্রাদ্ধের বস্ত্রাদি পূর্ব্ববৎ উপনয়নের রক্তবস্ত্র ১ যোড়, কৃষ্ণসারচর্ম্ম, সরের পাত যজ্ঞোপবীত ১ সূত্রনির্ম্মিত যজ্ঞোপবীত ৩টা, বিষদণ্ড ১, ভিক্ষার ঝুলি ১, হোমের গব্যঘৃতাদি পূর্ব্ববৎ দক্ষিণা।

সাবিত্রীচরুহোমের দ্রব্য—আতপতণ্ডুল /৷০, চরুস্থালী ১, ধূচনী, ১, কশ 'গব্যঘৃত, বালি হোমের কাষ্ঠাদি, পূর্ণপাত্র দক্ষিণা।

সমাবর্ত্তনের দ্রব্য—পটবস্ত্র ১ যোড় তিল ব্রিহিযব, মাষকলাই মুগ বৈশবদণ্ড ১ যজ্ঞাপল্লব ১ দফা টোপর ১ অলঙ্কারাদি ১ ছত্র, জুতা ১ যোড়া নান্দীমুখ শ্রাদ্ধের দ্রব্যাদি পূর্ব্ববৎ বস্ত্রাদি পূর্ব্ববৎ যজ্ঞোপবীত ৩ মাল্য ও টোপর হোমের গব্যঘৃতাদি পূর্ব্ববৎ দক্ষিণা পূর্ণপাত্র ১। চূড়াকরণ দিনে যদি উপনয়ন হয় তবে বৃদ্ধিশ্রাদ্ধাদি একবার করিলে হয়, নতুবা সকল কর্ম্মের বৃদ্ধিশ্রাদ্ধাদি পৃথক করিতে হইবে।

যজুর্ব্বেদীয় দশবিধ সংস্কারের দ্রব্য।

ষষ্ঠী ও মার্কণ্ডেয় পূজাদি—শ্রীষষ্ঠী ও মার্কণ্ডেয় পূজা, ষোড়শোপচার দ্রব্য সামবেদীয় বৎ ঘট, ফল, পল্লব, সিন্দুর, পঞ্চশস্য অধিবাসের দ্রব্য সামবেদীয়বৎ সগণেশ গৌর্য্যাদিষোড়শোমাতৃকা পূজা সামবেদীয়বৎ বসুধারা সামবেদীয়বৎ।

বৃদ্ধি শ্রাদ্ধ—কুশময় ব্রাহ্মণ ৮টা ২২ দফা সাগ্রকুশ, দর্ভনির্ম্মিত ত্রিপত্র ২৫টা, আস্তরণ কুশ কতক গুলি খোলা অভাবে কদলী পত্র, গঙ্গামৃত্তিকা, তিল, যব, হরিতকী, শ্বেতসর্ষপ, দধি, মধু, চিনি, বস্ত্রেরজায়—(যজ্ঞেশ্বরের ধুতি ১ যোড়া, দৈব ঐ ১ যোড়া, মাতৃপক্ষে ঐ ১; পিতৃপক্ষে ঐ ১, মাতামহ পক্ষে ঐ ১, অশক্ত পক্ষে গামছা ১০ খানা) আতপ তণ্ডুল ।৫ পোনোর সের পান, সুপারি, ফলমূলাদি উপকরণ কদলী, মিষ্ট দ্রব্যাদি, ভোজ্য ৫টা, অন্নপাত্র ৮টা, পিণ্ড ১০টা ব্রাহ্মণপক্ষে পৈতা ১৫টা শুক্লপুষ্প ও চন্দন ও তুলসী প্রভৃতি দক্ষিণা।

বিবাহের দ্রব্যাদি—সামবেদীয়বৎ।

কুশণ্ডিকা—ষষ্ঠীমার্কণ্ডেয় পূজা পূর্ব্ববৎ ষষ্ঠী ১ বটের ডাল ১ গব্যঘৃত /৷০ আজ্যস্থালী (তাম্রপাত্র) অভাবে মৃন্ময়পাত্র ১ ত্রিপত্র হস্তকুশ ২ দফা উপযমন কুশ ৫ দফা সম্মার্জ্জনীয় কুশ ১৩, পবিত্রার্থ সাগ্রকুশ ৬ দফা আস্তরণকুশ, যজ্ঞোয়ৌড়ম্বর সমিধ ৩, স্রুকদ্রব্যাদি প্রণীতাপাত্র ১, প্রোক্ষণীপাত্র ১ থৈ, শাইপাতা বেনারপাতা কুলা সিন্দুর ১ বাণ্ডিল সিন্দুরদানার্থ পাত্র ১, হোমের কাষ্ঠ, বালি, গোময়, কুশময় ব্রাহ্মণ ১, পূর্ণপাত্র ১ দফা দক্ষিণা দধি প্রভৃতি।

গর্ভাধান—ষষ্ঠীর মার্কণ্ডেয়পূজা এবং নান্দীমুখ শ্রাদ্ধ যজুর্ব্বেদীয় বিবাহবৎ সূর্য্যার্ঘ্য সামবেদীয়বৎ।

পুংসবন সীমন্তোন্নয়ন—বৃদ্ধিশ্রাদ্ধ বিবাহবৎ অন্যান্য দ্রব্য সামবেদীয়বৎ।

জাতকর্ম—গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজা বসুধারা বৃদ্ধিশ্রাদ্ধ পূর্ব্ববৎ। সুবর্ণদ্বারা বালকের বদনে ঘৃতমধুদান কুশণ্ডিকা ভিন্ন অগ্নির উপর তণ্ডুলকণা মিশ্রিত সর্ষপ দ্বারা হোম ব্রাহ্মণ দক্ষিণা।

নামকরণ—ষষ্ঠী মার্কণ্ডেয়পূজা অধিবাস দ্রব্য ও গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজা ও বৃদ্ধিশ্রাদ্ধ পূর্ব্ববৎ ভোজ্যত্রয় উৎসর্গ বটবৃক্ষের শাখা ঘটাদি পূর্ব্ববৎ ঘৃত প্রদীপ ও শিলা অর্থাৎ শেলেট ও ঘড়ি।

অন্নপ্রাশন—ষষ্ঠী মার্কণ্ডেয় ও ষোড়শমাতৃকা পূজা পূর্ব্ববৎ হোমের দ্রব্যাদি পূর্ব্ববৎ তাম্রপাত্র ১ চরুস্থালী পিতলের হাড়ি ১ আতপচাল দধি ও দুগ্ধ কুলা ধুচানী যজ্ঞীয়কাষ্ঠ স্রুকস্রুবাদি হোমের ঘৃত সমিধ পূর্ব্ববৎ বালকের পরিধেয় পট্টবস্ত্র ১ যোড় পুষ্পমাল্য টোপর ১ আলপনা দেওয়া পীড়া অন্নভোজনের থাল ১ গেলাস প্রভৃতি স্বর্ণালঙ্কার অন্নব্যঞ্জনাদি তৈলপ্রদীপ আশীর্ব্বাদ ধান্যাদি খৈ প্রভৃতি ব্রাহ্মণ দক্ষিণা।

চূড়াকরণ দ্রব্যাদি—ষষ্ঠী মার্কণ্ডেয় ও গৌর্য্যাদি ষোড়শমাতৃকাপূজা বসুধারাদি পূর্ব্ববৎ শ্রাদ্ধ পূর্ব্ববৎ ভোজ্যত্রয়োৎসর্গ উষ্ণ জল শীতল জল ত্রিশ্বেতশল্লকীকণ্টক ১ অর্থাৎ সজারুর কাটা ১। নবনীত—কুশত্রয়নির্ম্মিত ত্রিপত্র ৯টা ; নূতন সরা বৃষগোময় লৌহক্ষুর কাংস্য বাটী ১৭ হোমদ্রব্য পূর্ব্ববৎ কর্ণবেধের গুজি নাপিত ব্রাহ্মণ দক্ষিণা।

উপনয়নের দ্রব্য—ষষ্ঠী মার্কণ্ডের পূজা গৌর্য্যাদি ষোড়শমাতৃকা পূজা পূর্ব্ববৎ বসুধারা অধিবাস দ্রব্যাদি পূর্ব্ববৎ হোমের দ্রব্য পূর্ব্ববৎ বালকের রক্তবস্ত্র ১ যোড় ভিক্ষার ঝুলি ১ পুষ্পমাল্য ১ বিল্বদণ্ড ১ কৃষ্ণসার চর্ম্ম মুঞ্জমেখলা অর্থাৎ শরপত্রনির্ম্মিত যজ্ঞোপবীত ১ সূত্রনির্ম্মিত যজ্ঞোপবীত ২ পূর্ণপাত্র ব্রাহ্মণ দক্ষিণা।

বেদারম্ভ—ষষ্ঠী মার্কণ্ডেয় পূজা ও গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজা পূর্ব্ববৎ হোমের দ্রব্য পূর্ব্ববৎ বসুধারাদি পূর্ব্ববৎ।

ঋগ্বেদীয় দশবিধ সংস্কারের দ্রব্য।

শুভবিবাহ—ষষ্ঠী মার্কণ্ডের পূজা সামবেদীয় অধিবাস দ্রব্য সামবেদীয়বৎ গৌর্য্যাদিষোড়শমাতৃক পূজা সামবেদীয়বৎ বসুধারা ঐ মত বৃদ্ধিশ্রাদ্ধ দ্রব্য যজুর্ব্বেদীয় নান্দীমুখশ্রাদ্ধবৎ বিবাহে সম্প্রদান যজুর্ব্বেদীয়বৎ।

কুশণ্ডিকা দ্রব্য—বালি হোমীয়কাষ্ঠ গোময় যজ্ঞীয়কাষ্ঠ উদুখল মুষল স্রুক স্রুব দুর্ব্বা মেক্ষণ মেক্ষণ প্রভৃতি কুশ অগ্নি আনিবার কাংসপাত্র অভাবে মৃন্ময় পাত্র ব্রহ্মার কমণ্ডলু ছত্র, পঞ্চদশসংখ্যক অরত্নিপ্রমাণ যজ্ঞীয়োড়ম্বর সমিধ ১৫ দফা ঐ বন্ধনার্থ সপ্তগ্রন্থিযুক্ত কুশময় রজ্জু ১ ঐ আজ্যস্থালী (তাম্র কুণ্ড) অভাবে মৃন্ময় সরা চরুস্থালী (পিতলের বগুনা অভাবে মালসা ১) আজ্যাধার রক্ষণার্থ সপ্তগ্রন্থিযুক্ত কুশময় রজ্জু ১ কৃষ্ণাজিন (কৃষ্ণসার মৃগচর্ম্ম) যব তিল দ্বাদশাঙ্গুলিপরিমিত সমিধ যজ্ঞীয়োড়ম্বর ১০ গব্যঘৃত /৫০ কুলা ধুচনি দুগ্ধ চরুর আতপচাল চিনি প্রণীতাপাত্র (পিতলের বাটী অভাবে মৃন্ময় প্রোক্ষণীপাত্র (ঐ বাটী) অভাবে সরা ব্রাহ্মণদক্ষিণা পূর্ণপাত্র তণ্ডুল কদলী দধি উষ্ণীষ বাধিবার গামছা ১ প্রস্থ লাজ (খৈ) সিন্দুর সিন্দুরদানার্থ বেত্রনির্ম্মিত পাত্র শাইপাত সূর্প (কুলা)।

বিবাহের দ্রব্যাদি—সামবেদীয়বৎ।

গর্ভাধান—কুশণ্ডিকা দ্রব্য চরুপাকের দ্রব্য ষষ্ঠীমার্কণ্ডেয় ষোড়শোপচারে পূজার দ্রব্য—বটশাখা সিন্দুর সপল্লব ঘট, তৈল হরিদ্রা গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজার দ্রব্য ষোড়শোপচারে (অশক্ত হইলে দশোপচারে অপরাহ্নে সূর্য্যার্ঘরক্তপুষ্প ও রক্তচন্দনাদি আচারাৎ পিষ্টক পুত্তলিকা লাজ তণ্ডুল মিষ্টদ্রব্যাদি পঞ্চগব্য ১ দফা ফল সরা নারিকেল রক্তসূত্র পত্নীর ঘ্রাণার্থ যবচুর্ণ ও শিমের রস ১।

পুংসবন দ্রব্য—(তৃতীয় মাসে উক্ত) ষষ্ঠী মার্কণ্ডেয়াদি পুজার দ্রব্য চরুপাকোক্ত দ্রব্য, বৃদ্ধি শ্রাদ্ধাদির দ্রব্য কুশণ্ডিকোক্ত দ্রব্য।

(চতুর্থ মাসে) নয়লোভন সংস্কার ষষ্ঠীমার্কণ্ডেয় পূজার দ্রব্যাদি মাতৃকা পূজাদি বসুধারা বৃদ্ধি শ্রাদ্ধাদি কুশণ্ডিকোক্ত দ্রব্য।

সীমন্তোন্নয়ন—ষষ্ঠীমার্কণ্ডেয় পূজায় দ্রব্য সগণাধিপগৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজার দ্রব্যাদি বৃদ্ধি শ্রাদ্ধাদির দ্রব্য কুশণ্ডিকোক্ত দ্রব্য চরুপাকের দ্রব্য পক্কউড়ম্বর ফলস্তবক যুগ্ম ১ তিন স্থানে শুক্লশজারুর কোটা। রক্তসূত্র।

জাতকর্ম্ম—ষষ্ঠী মার্কণ্ডেয় পূজার দ্রব্যাদি গৌর্য্যাদি ষোড়শমাতৃকা পূজার দ্রব্যাদি বসুধারার দ্রব্যাদি বৃদ্ধিশ্রাদ্ধের দ্রব্যাদি কুশণ্ডিকোক্ত দ্রব্যাদি নাড়ীচ্ছেদনার্থ অস্ত্র ধুপ দীপ ঘৃত মধু সুবর্ণ কাংস্যপাত্র।

নামকরণ—ষষ্ঠী মার্কণ্ডেয়াদির পূজাদির বৃদ্ধি ও শ্রাদ্ধ এবং কুশণ্ডিকার দ্রব্যাদি।

নিষ্ক্রামন—ষষ্ঠী মার্কণ্ডেয় পূজা বসুধারা গৌর্য্যাদি ষোড়শ মাতৃকা পূজা কুশণ্ডিকাদির দ্রব্য।

অন্নপ্রাশন—ষষ্ঠী মার্কণ্ডেয় সগণাধিপ গৌর্য্যাদিষোড়শমাতৃকা পূজা বসুধারাদি ও বৃদ্ধিশ্রাদ্ধাদির দ্রব্য কুশণ্ডিকোক্ত দ্রব্য দধি মধু ঘৃত পিষ্টক পায়স প্রভৃতি নানাবিধ উপকরণযুক্ত অন্ন।

চূড়াকরণ দ্রব্য—ষষ্ঠী মার্কণ্ডেয়াদি ষোড়শমাতৃকা পূজা, বসুধারাদি ও বৃদ্ধিশ্রাদ্ধাদির দ্রব্য কুশণ্ডিকোক্ত দ্রব্য ধান্য যব মাসকলাই, তিল বৃষগোময় শীতলজল উষ্ণোদক নবনীত শমীপত্র ২১ গাছা কুশনির্ম্মিত ত্রিপত্র, তাম্রক্ষুর অভাবে কুশি লৌহক্ষুর তিন স্থলে সাদা শজারুর কাঁটা ১ কর্ণবেধের গুঁজি ২টা ঐ বস্ত্র।

উপনয়ন দ্রব্য—ষষ্ঠী মার্কণ্ডেয় পূজা ষোড়শমাতৃকা পূজা বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদির দ্রব্য কুশণ্ডিকোক্ত দ্রব্য চরুপাকের জিনিষ রক্ত বস্ত্র ২ যোড় ঝুলির গামছা ১ বিল্বদণ্ড (বেলের ডাল) কৃষ্ণাজিন (কৃষ্ণসার মৃগের চর্ম্ম) শরপত্রনির্ম্মিত গ্রন্থি ২ দফা যজ্ঞমেথলা যজ্ঞোপবীতার্থ গ্রন্থি ২টা।

সমাবর্ত্তনের দ্রব্য—পট্টবস্ত্র স্বর্ণকুণ্ডলাদি টোপর বৈণবদণ্ড (বেউড়বাঁশের মানব পরিমিত কঞ্চি) সর্ব্বৌষধি গন্ধানুলেপন মাল্য ছত্র পাদুকাযুগল কতকগুলি দ্বাদশাঙ্গুল পরিমিত যৌজ্ঞীয়োড়ম্বর সমিধ কজ্জল কুশপিঞ্জলি ২১ গাছা কুশের ত্রিপত্র লৌহক্ষুর তাম্রক্ষুর তদভাবে দর্পণ সর্ব্বৌষধিযুক্ত স্নানীয় জল যজ্ঞোপবীতের গ্রন্থিদ্বয় আচার্য্যের ভোজনার্থ ভক্ষ্যদ্রব্য ও শ্বেতচন্দন।

সাধভক্ষণ—আচারবশতঃ সকল বেদীয়েরই—অখণ্ড বস্ত্র লালপাড় শাটী ১ এবং নানাবিধ ব্যঞ্জনাদি সমেত অন্ন পায়স প্রভৃতি।

জাতকর্ম্মাদি নববিধ সংস্কার যদি একদিনে হয় তাহা হইলে বৃদ্ধিশ্রাদ্ধ ও বহ্নিস্থাপনাদি সাধারণ কুশণ্ডিকা একেই সিদ্ধ হইবে আর স্বতন্ত্র করিতে হইবে না। যতগুলি সংস্কারকর্ম্ম এক দিবসে হইবে ততগুলি সংস্কারকর্ম্মের বৃদ্ধিশ্রাদ্ধাদি ও সাধারণ কুশণ্ডিকাদি ভিন্ন ভিন্ন করিতে হইবে না।

এই সকল ফর্দ্দ যাহা লেখা হইল দেশভেদে ও কুলাচারভেদে কিছু তারতম্য হইয়া থাকে। কুলাচার-নির্দ্দিষ্ট দ্রব্যাদির দ্বারা কার্য্য করিবে কারণ কুলাচারাদি ধর্ম্ম শাস্ত্রসঙ্গত যেহেতু শাস্ত্র অনন্ত; অতএব সেই সেই আচার ত্যাগ করিবেনা।

সমর্থ হইয়াও অসমর্থের ন্যায় দ্রব্যাদি দ্বারা যদি সংস্কার করা হয় তাহা হইলে কর্ম্ম সিদ্ধ হয় না।

বাস্তুযাগ এবং জলাশয় ও রথ প্রতিষ্ঠার দ্রব্য।

বাস্তুযাগের দ্রব্য—বরণ বস্ত্র ৫ যোড় পূজার ধুতি ৫ পূজার শাটী ২ গামছা ১২ খানা আসন ৫ অঙ্গুরীয় ৫ পৈতা ৫ আসনাঙ্গুরীয় ৭ যোড়া, মধুপর্ক ৭ শুক্লবর্ণ গুড়ি ২ দফা পঞ্চরত্ন ১ দফা পঞ্চগব্য ১ দফা পঞ্চপল্লব ১ দফা নৈবেদ্য ১৬ খানা ছোট নৈবেদ্য ১০০ খানা কুম্ভ ১, সরা নারিকেল ১০ গাড়ু ১ স্বর্ণপদ্ম ১ স্বর্ণশলাকা ১ রক্তসূত্র ১ বেত ৫ খদির কাষ্ঠের দ্বাদশ অঙ্গুলি প্রমাণ খোটা ৪ সিন্দুর ১ দফা যজ্ঞ কাষ্ঠ ১ দফা হরিতকী ৬ বালি কুশ হোমকাষ্ঠ মুগ গম যব ধান্য মাসকলাই ইট দুগ্ধ /১ সের সমিধ ৭০০ তাম্রঘট ১ তাম্রটাট ১ কাংস রেকাবি ১ পায়স পাত্র ১ কূলা ও ধুচানী ১ দফা হোমের ঘৃত /৪ পূর্ণপাত্র মূল্য দক্ষিণা ১ দফা আভ্যুদয়িক দ্রব্য।

জলাশয় প্রতিষ্ঠার দ্রব্য—গুরুবরণ বস্ত্র ১ যোড়া বরণ বস্ত্র ৪ যোড় বরণাঙ্গুরীয়ক ৫ প্রস্তুত বরণাসন ৫ প্রস্তুত যজ্ঞোপবীত ১৬টা নবগ্রহ পূজার ধুতি ৯ খানা বিষ্ণু ও বরুণ পূজার যোড় ২ লক্ষ্মীর শাটী ১ মোটা থান ১টা গামছা ১৫ আসনাঙ্গুরীয় ১২ প্রস্তুত মধুপর্ক ১২ প্রস্তুত কুম্ভ ৪ পিতলের কুম্ভ ১ সরা ১৫ বড় নৈবেদ্য ছোট নৈবেদ্য ৫০, চতুরঙ্গুলি পরিমিত রৌপ্যনির্ম্মিত বরুণপ্রতিমা ১ সালঙ্কারা ধেনু ১ স্বর্ণশৃঙ্গ ১ রৌপ্যক্ষুর তাম্রপৃষ্ঠ ১ কাংস্য ক্রোড় ১ লৌহ ত্রিশূল ১ চক্র ১ ঘণ্টা ১ চামর ১ সুবর্ণমকর ১ স্বর্ণকূর্ম্ম ১ রৌপ্য মৎস্য ১ রৌপ্য সর্প ১ তাম্র কাঁকড়া ১ তাম্রভেক ১ লৌহ শুশুক ১ সুবর্ণ নির্ম্মিত ক্ষুদ্র ১ ঘণ্টা ১ ব্যজন (পাখা) ১ শয্যা ২ ছত্র ১ যোড়া খড়ম ১ যোড়া দর্পণ ১ কোশাকুশী ১ ১ সর্ব্বৌষধি ১ পঞ্চরত্ন যথা স্বর্ণ রৌপ্য মণি মুক্তা প্রবাল) ২ প্রস্তুত চরুপাত্র ১ তাম্রপাত্র ১ তাম্রটাট তাম্রঘটী ১ কাংস্যরেকাবী ১ পিতলের ঘটী ৫ ধুপ দীপ পঞ্চবর্ণের গুড়া ১ প্রস্তুত যজ্ঞকাষ্ঠ পঞ্চপল্লব ৫১ বালি কুশ সিন্দুর দধি ঘৃত মধু খৈ ছাতু গুড় তিল হরীতকী ধান্য হরিদ্রা নারিকেল ২০ কূলা

ধুচানী ১ হোমের কাষ্ঠ পূর্ণপাত্র ১ ক্ষীর বৃক্ষনির্ম্মিত ৩ হস্ত পরিমিত অথবা যজমান প্রমাণ সর্পাকৃতি ধূপকাষ্ঠ দ্বাদশ পঞ্চদশ অথবা অরত্নিপ্রমাণ যষ্টি পতাকা চক্র দুগ্ধ দক্ষিণা ৫ দফা মূল দক্ষিণা ঘৃত /১৷০ সের আকন্দ পলাশ খদির আপাং অশ্বথ যজ্ঞডুমুর দূর্ব্বা শমী প্রত্যেকের ৮টি করিয়া সমিধ আভ্যুদয়িক দ্রব্য ব্রাহ্মণ ভোজন দ্বাদশ দান।

রথ প্রতিষ্ঠার দ্রব্য—বরণ বস্ত্র ৫ প্রস্তুত বরণাঙ্গুরীয়ক ৫ প্রস্তুত রজতাসন ৫ ঐ পৈতা ৫ গামছা ৮ লক্ষ্মীর শাটি ১ সুভদ্রার শাটি ১ ধ্বজার মোটা থান ১ আসানাঙ্গুরীয়ক মধুপর্ক ৬ প্রস্তুত ঘট; বা ঘটি ৫ শান্তিকুম্ভ ১ চরুর দুগ্ধ /৷৷০ চরুর পাত্র তাম্রকুণ্ড ১ হোমের ঘৃত /:০ সের বিষ্ণু নৃসিংহ বলরাম জগন্নাথ গরুড় চন্দ্র ও রথের পূজার ধুতি ৭ নারিকেল ৬ কুলা ১ ধুচানী যজ্ঞকাষ্ঠ হোমের কাষ্ঠ বালি কুশ তিল যব মাষকলাই শ্বেতসর্ষপ সমিধ সিন্দুর পঞ্চপল্লব পঞ্চবর্ণের গুড়া পঞ্চগব্য পঞ্চরত্ন পান সুপারি দধি উপকরণ বড় নৈবেদ্য ৩ কুচা নৈবেদ্য ৬০ পিষ্টক ১ প্রদীপ ১ শয্যা পাদুকা ছত্র পাথা ধ্বজা পতাকা চক্র গরুড় চামর ঘণ্টা পূর্ণপাত্র বরণদক্ষিণা ৬ মূল দক্ষিণা ১ রথদানের দক্ষিণা দ্বাদশ দানের দ্রব্য :—ভূমি আসন জল অন্ন বস্ত্র তাম্বুল ফল গন্ধ (চন্দন কাষ্ঠ) ছত্র পাদুকা শয্যা গো।

মঠ প্রতিষ্ঠার দ্রব্য—পুরুষে করিলে আভ্যুদয়িক করিতে হয় আভ্যুদয়িক দ্রব্য ১ প্রস্তুত মন্দির ১টি ব্রতী ৪ গুরুবরণ বস্ত্র ১ যোড় ব্রতিবরণ বস্ত্র ৪ যোড় বরণাসন ৫ প্রস্তুত বরণাঙ্গুরীয় ৪ শান্তিকুম্ভ ১টা প্রধান নৈবেদ্য ৩ খানা কুচা নৈবেদ্য ১ দফা পূজার বস্ত্র ১ যোড় শাটী প্রমাণ ২ খানা পট বস্ত্র ঐ ১ যোড় ঘটাচ্ছাদন বস্ত্র ১ খানা ধ্বজার বস্ত্র ১৬ হাতি ১ খানা গামছা ৫ খানা মহাকাল পূজার ধুতি ১ যোড় মধুপর্ক ৩ প্রস্ত আসন ৩ অঙ্গুরী ৩ কুলা ১টা ধুচানী ১টা আজ্যস্থালী ১টা যজ্ঞীয়কাষ্ঠ ৬ দফা গব্যঘৃত স্নানীয় উদক নারিকেল উদক পঞ্চগব্য পঞ্চামৃত তীর্থোদক ঘণ্টা ১টা চামর ১টা লৌহচক্র ১টা যষ্টি ১টা পতাকা ১ টা সিন্দুর ৯ বাণ্ডিল পঞ্চপল্লব পঞ্চশস্য উড়ম্বর সমিধ বিল্বপত্র ১০৮টি, স্বর্ণপাত্র ১টা সিংহ ১টা ব্রতিদক্ষিণা মূল্যদক্ষিণা সিংহ পূজার আসনাঙ্গুরীয়াদি।

ব্রতাদির দ্রব্য।

অক্ষয় তৃতীয়া ব্রত—সিন্দুর, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল, হরিতকী, ফুল, দূর্ব্বা, তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটী ২, দধি মধু চিনি ঘৃত, পূজার বস্ত্র ১, শাটী ১, নৈবেদ্য ১, কুঁচানৈবেদ্য, সভোজ্য জলপূর্ণ ঘট ১, বস্ত্র ১, পাথা ১, দক্ষিণা। এই ব্রত আট বৎসর করিয়া প্রতিষ্ঠা করিবে।

সাবিত্রী চতুর্দ্দশী ব্রত—সিন্দুর, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল, হরিতকী, ফুল দূর্ব্বা তুলসী, বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, বটের ডাল ১, আম্রশাখা ১, সাবিত্রীর শাটী ১, সত্যবানের বস্ত্র ১, বটবৃক্ষের বস্ত্র ১; নারায়নের বস্ত্র ১, যমের বস্ত্র ১, দ্যুমৎসেনের বস্ত্র ১, আসনাঙ্গুরী ৭, মধুপর্কবাটী ৭, দধি মধু চিনি, হোমের গব্যঘৃত /৷৷০, নৈবেদ্য ১৫, কুঁচানৈবেদ্য ১, সাজি ১, ১৪ ফল, ১৪ ফুল, পাথা ২, ডোর, ভোজ্য, বালি, কাষ্ঠ, খোড়কে, সমিধ ২৮, পূর্ণপাত্র ১, পূজার দক্ষিণা, সধবাভোজন ও ব্রাহ্মণ ভোজন দক্ষিণা। পরদিন লাঙ্গলের পূজা করিবে। এই ব্রত ১৪ বৎসর করিয়া প্রতিষ্ঠা করিবে।

জন্মাষ্টমী ব্রত—পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল, হরীতকী, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, আসনাঙ্গুরী ৪, মধুপর্কবাটী ৪, নৈবেদ্য ৬, কুঁচা ঐ ১, গুড়, ঘৃত, বালি, কাষ্ঠ, খোড়কে, ঘৃত /৷৷০, পূর্ণপাত্র ১, দধি মধু চিনি, তৈল হরিদ্রা দক্ষিণা।

চাতুর্ম্মাস্য ব্রত—তিল হরীতকি, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, নারায়নের বস্ত্র ১, আসনাঙ্গুরী, ১, মধুমপর্ক বাটী ১, দধি মধু চিনি, নৈবেদ্য ১, কুঁচানৈবেদ্য ১, বালি, কাষ্ঠ, খোড়কে, গব্যঘৃত /৷৷০, সমিধ ২৮, পূর্ণপাত্র ১, দক্ষিণা। সমাপনে পূজা ও হোম করিবে।

আষাঢ় শুক্লাদ্বাদশীতে বা পৌর্ণমাসীতে আরম্ভ করিয়া কার্ত্তিকের শুক্লাদ্বাদশী বা পৌর্ণমাসী পর্য্যন্ত এই ব্রত করিতে হয়। উপাস্য দেবতা। বিষ্ণু। এই চারিমাস গুড়,

স্ত্রী, তৈল, .অন্ন, মৎস্য, মাংস, পান, ফল ত্যাগ করিবে। এক দিবস অন্তর ভোজন, নখ ও লোম ধারণ, ভূমিতে শয়ন ও মৌন হইতে হয়। এই কয়েকটির মধ্যে ইচ্ছানুসারে এক একটি বা সমস্তই ত্যাগ করিতে পারেন।

অনন্তচতুর্দ্দশী ব্রত—পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল হরিতকী, পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, মধু দধি চিনি ঘৃত, আসনাঙ্গুরী ৪, মধুপর্কবাটি ৪, নৈবেদ্য ১৪, কুঁচানৈবেদ্য ১, সমুদ্রপূজার বস্ত্র ১, ঐরাবতের বস্ত্র ১, ইন্দ্রের বস্ত্র ১, অনন্তের বস্ত্র ১, ফুলমালা, ১৪ ফুল, ১৪ গ্রন্থিযুক্ত ডোর, গামছা, যজ্ঞোপবীত, ভোজ্য, পায়স, পিষ্টক, দুগ্ধ, বাটা হরিদ্রা, দক্ষিণা। এই ব্রত ১৪ বৎসর করিয়া প্রতিষ্ঠা করিবে।

দূর্ব্বাষ্টমী ব্রত—পঞ্চগুড়ি পঞ্চগব্য, তিল হরীতকী, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, পুজার বস্ত্র ২, শাটী ১, আসনাঙ্গুরীয়ক ৩, মধুপর্কবাটী ৩, দধি চিনি মধু ঘৃত, নৈবেদ্য ৩, কুঁচানৈবেদ্য ১, দূর্ব্বা এক মুষ্টি, গামছা, অষ্টগ্রন্থিযুক্ত ডোর, ভোজ্য ১, আট পুষ্প ও ফল, পিষ্টক, পায়স, দক্ষিণা।

তালনবমী ব্রত—পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল হরীতকী, পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, দধি মধু চিনি ঘৃত, নৈবেদ্য ৩, কুঁচা ১, তাল এক, গামছা ১, পূজার বস্ত্র ২, শাটী ১, আসনাঙ্গুরী ৩, মধুপর্কবাটী ৩, নয় ফল, ৯ফুল, ভোজ্য, ১, পায়স দক্ষিণা।

জীতাষ্টমী ব্রত—বাঁশপাতা, মন্থানদণ্ড, তিল হরীতকী, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ, কলাইভিজা, শঙ্খ নৈবেদ্য ১ পুষ্পমালা উপাস্য দেবতা জীমূতবাহন।

শিবরাত্রি ব্রত—সিদ্ধি, তিল হরিতকী, ফুল দূর্ব্বা, ধুতুরাফুল, বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, দধি দুধ মধু ঘৃত চিনি, শিবের ধুতি, দুর্গার শাটী, আসনাঙ্গুরী ২, মধুপর্কের বাটী ২, নৈবেদ্য ৮, কুঁচা ঐ ১, যথাসাধ্য পুরোহিতের দক্ষিণা। চারিপ্রহরে চারিবার পূজা করিবে।

শ্রীরামনবমী ব্রত—পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল হরীতকী, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, পুষ্পমাল্য, ধূপ দীপ ধুনা, দধি মধু চিনি ঘৃত, রামচন্দ্র পূজার ধুতি ১, সীতার শাটী ১, কৌশল্যার শাটী ১, আসনাঙ্গুরী ৩, নৈবেদ্য ৩, মধুপর্কবাটী ৩, কুঁচানৈবেদ্য ১,উপকরণাদি, ভোগের দ্রব্যাদি, পুরোহিত দক্ষিণা।

জলসংক্রান্তি ব্রত—সিন্দুর, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল, হরীতকী দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, নারায়নের বস্ত্র ১, লক্ষীর শাটী ১, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটি ২, নৈবেদ্য ২, কুঁচা ঐ ১, দধি মধু চিনি ঘৃত, সভোজ্য জলপূর্ণঘট ১, বস্ত্র বা গামছা ১, দক্ষিনা।

ফলসংক্রান্তি ব্রত—সিন্দুর, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, তিল, হরীতকী ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা, দধি মধু চিনি ঘৃত, পূজার ধুতি ১ শাটী ১, আসনাঙ্গুরীয়ক ২, মধুপর্কের বাটী ২, নৈবেদ্য ১, কুঁচা নৈবেদ্য ১, পুরোহিত দক্ষিণা।

বৈশাখের সংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে রেকাব বস্ত্র, যজ্ঞোপবীত সহ নারিকেল, জায়ফল, তাল, কয়েৎবেল, কামরাঙ্গা, সুপারি, হরিতকী, কক্কোল, বেল, নোড়, কদলী, আম্র এই দ্বাদশফল ক্রমান্বয়ে দিবে।

মন্ত্রগ্রহণ—গুরুবরণ ১, বরনাঙ্গুরীয়ক ১, বরণের আসন ১, সিন্দুর, ঘট ১, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চপল্লব, ডাব ১, তিল হরীতকী, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা, নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটী ২,

দধি, মধু, চিনি, পূজার বস্ত্র ও শাটী, ফুলের মালা, পান, সুপারি, থালা, জলপানীয় দ্রব্য, ভোগের দ্রব্য, মিষ্টান্ন, বালি, কাষ্ঠ, খোড়কে, গব্যঘৃত ৵৷৹ সের, বিল্বপত্র ১০৮, পূর্ণকুম্ভ ১, আম্রশাখা ১, মন্ত্রগ্রহণের ধুতি ১, প্রধান দক্ষিণা, গুরুদক্ষিণা।

পঞ্চগুঁড়ি—শ্বেতবর্ণ, রক্তবর্ণ, পীতবর্ণ, ধূম্রবর্ণ, কৃষ্ণবর্ণ।

পঞ্চশস্য—ধান্য, যব, শ্বেতসর্ষপ, তিল বা ব্রীহি, মুগ।

পঞ্চপল্লব—আম্রশাখা, অশ্বত্থ, বট, পাকুড়, উডুম্বর।

পঞ্চরত্ন—মণি, মুক্তা, প্রবাল, স্বর্ণ, রৌপ্য।

পঞ্চগব্য—গোমূত্র, গোময়, দধি, দুগ্ধ, ঘৃত।

পঞ্চামৃত—চিনি, মধু, দধি, দুগ্ধ, ঘৃত।

পঞ্চকষায়—জামছাল, সিমুলছাল, বেড়েলাছাল, বকুলছাল, কুলছাল।

পূজাদির দ্রব্য।

নূতনখাতা পূজা—নূতনখাতা, সিন্দুর, সিদ্ধি, মোহর করিবার টাকা ১, পুরোহিতবরণ ১, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চরত্ন, পঞ্চপল্লব, ঘট ১, ঘটাচ্ছাদন গামছা ১, সশিস ডাব ৪, একসরা আতপচাউল, নৈবেদ্য ২, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটী ২, দধি মধু, ঘৃত, চিনি, পূজার শাটী, ১, নারায়ণ পূজার ধুতি, ১, চাঁদমালা ২, তিল হরীতকী, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, শ্বেতচন্দন, ফলমূলাদি উপকরণদিগর, মিষ্টান্ন, বালি, কাষ্ঠ, খোড়কে, হোমের গব্যঘৃত ৵৹ পোয়া, পূর্ণপাত্র, কলা, পান, আরতি, দক্ষিণা।

গন্ধেশ্বরী পূজা—প্রতিমা, পুরোহিতবরণ ১, আচার্য্যবরণ ১, সিন্দুর, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চরত্ন, পঞ্চপল্লব, ঘট ১, কুণ্ডুহাঁড়ি ১, তেকাঠা ১, দর্পণ ১, অধিবাসের ডালা, তীর ৪, সশিস ডাব ১, একসরা আতপতণ্ডুল, তিল হরীতকী, ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধুপ দীপ ধুনা, ঘটাচ্ছদন গামছা ১, আসনাঙ্গুরী ৮, মধুপর্কবাটী ৮, দধি মধু চিনি, নৈবেদ্য ৮, কুচানৈবেদ্য ১, পুষ্পমালা, বিল্বপত্রমালা, গন্ধেশ্বরী পূজার শাটী ১, শিবের ধুতি ১, নারায়ণের ঐ ১, সিংহের ঐ ১, অসুরের ঐ ১, জয়ার শাটি ১' চণ্ডীর ঐ ১, বিজয়ার ঐ ১, লক্ষ্মীর ঐ ১, চাঁদমালা ১, উপকরণ, মিষ্টান্ন, রচনা ১, থালা ১, ঘটী ১, লোহা, শঙ্খ ১, নত ১, সিন্দুরচুবড়ি ১, ভোগের দ্রব্যাদি, বালি কাষ্ঠ খোড়কে, গব্যঘৃত ৵৷৹ সের, হোমের বিল্বপত্র ১০৮, পান, পানের মসলা, পূর্ণপাত্র ১, আরতি, দক্ষিণা।

উপরোক্ত দেবতাগণের ষোড়শোপচারে পূজা করিতে হয়, তাহাতে অশক্ত হইলে কেবলমাত্র গন্ধেশ্বরীর ষোড়শোপচারে এবং অন্যান্য দেবতা সকলের দশোপচারে পূজা করিবে।

বিশ্বকর্ম্মা পূজা—সিন্দুর, পুরোহিতবরণ ১, তিল হরীতকী, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, পঞ্চরত্ন, পঞ্চশস্য, পঞ্চপল্লব, ঘট ১, কুণ্ডুহাঁড়ি ১, তেকাঠা ১, দর্পণ ১, তীর ৪, ঘটাচ্ছাদন গামছা ১, বরণডালা, সশিসডাব ১, একসরা আতপতণ্ডুল, পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধুপ দীপ ধুনা, বিশ্বকর্ম্মার ধুতি ১, আসনাঙ্গুরী ১, মধুপর্কবাটী ১, দধি মধু ঘৃত চিনি, নৈবেদ্য ১, কুচানৈবেদ্য ১, চাঁদমালা ১, পুষ্পমালা ১, থালা ১, ঘটি ১, পান পানের মসলা বালি কাষ্ঠ খোড়কে গব্যঘৃত ৵৹ পোয়া পূর্ণপাত্র ১ আরতি দক্ষিণা।

মনসাপূজা—স্নুহীবৃক্ষ (মনসাগাছ) সিন্দুর, ঘট ১, তিল হরীতকী, ফুল, দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ, দীপ, অষ্টনাগের পূজা, নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, উচ্ছে কাঁচা দুগ্ধ উপকরণদিগর, ভোগের দ্রব্যাদি, দক্ষিণা।

ঘণ্টাকর্ণপূজা—পুরাতন মুড়ি ভাজিবার হাঁড়ী ১, সিন্দুর, ঘেঁটুফুল বা শ্বেত পুষ্প, দূর্ব্বা, নৈবেদ্য ১, ধুপ, গোময় কড়ি, হরিদ্রাবর্ণ রঞ্জিত বস্ত্র ১, ভাঙ্গিবার যষ্টি।

ইথু (মিত্র) পূজা—সিন্দুর, মালসা বা সরা ১, ধানগাছ ১, হলুদগাছ ১, কচুগাছ ১, মানগাছ ১, ছোটঘট ৫, মটর, সর্ষপ, সুষণি ও কলমীলতা, পুষ্প দূর্ব্বা বিল্বপত্র, তিল হরীতকী, ধুপ, নৈবেদ্য সেয়াকুল ফল।

সুবচনী পূজা—ঘট ১, সিন্দুর, তৈল, হরিদ্রা, তিল, হরীতকী, পুষ্প দূর্ব্বা, মধু চিনি ঘৃত, পূজার শাটি ১, আসনাঙ্গুরী ১, মধুপর্কবাটী ১, পান, সুপারি, অঙ্কিত হংস ও খোঁড়াহংস, দুগ্ধ ⁄।০ পোয়া; দক্ষিণা। স্ত্রীগণকে তৈল, সিন্দুর ও জলপানীয় দ্রব্য দিবে।

সুতিকাষষ্ঠী পূজা—সিন্দুর, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, আম্রশাখা ১, বটের ডাল, তিল হরীতকী, পুষ্প দূর্ব্বা তুলসী, বিল্বপত্র, ধুপ দীপ ধুনা, আসনাঙ্গুরী ১, মধুপর্কবাটী ১, দধি মধু চিনি, নৈবেদ্য, কুচানৈবেদ্য, ষষ্ঠীর শাটি ১, মার্কণ্ডেয়ের ধুতি ১, মন্থানদণ্ড ১, তীর ৪ ধনু ১. পিটুলি অঙ্কিত হাঁড়ী ১, পিটুলি পুত্তলিকা ২, শ্বেতসর্ষপ, মাষকলাই, বটের পাতা ২০, পাখা ১, গামছা, কাঁচাহলুদ ১, ঘৃত প্রদীপ ১, আতমড়া ফল ২, লোহা ২, ঘুন্সি, গোমুণ্ডের পূজা, ব্রাহ্মণগণের পদধুলি, মিষ্টান্ন, পুরোহিত দক্ষিণা।

ষষ্ঠী পূজা—সিন্দুর; ঘটী ১, বটের ডাল ১, তিল হরীতকী, পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধুনা আসনাঙ্গুরী, মধুপর্কবাটী দধি মধু চিনি, পুজার ধুতি ১, শাটি, ১, নৈবেদ্য ২, তিল হরিদ্রা দুগ্ধ, চুবড়ি ২১, খৈ মুড়কি, পান সুপারি, সন্দেশ, দক্ষিণা।

সত্যনারায়ণ পূজা—সিন্দুর, ঘট ১, পিড়ে ১, পাতনবস্ত্র ১, তীর ৪, পান ২৫, সুপারি ২৫, কলা ৩২, তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধুপ দীপ ধুনা নৈবেদ্য ১, কুচা নৈবেদ্য ১, পুজার বস্ত্র ১, আসনাঙ্গুরী ১, মধুপর্কবাটি ১, দধি মধু ঘৃত চিনি, কাঁচাসিন্নি, ময়দা শালিচূর্ণ ⁄১।০ বা ।⁄০, গুড় বা চিনি ⁄১।০ বা ।⁄০, দুগ্ধ ⁄১।০ বা ।⁄০, পাকাসিন্নি সন্দেশ ⁄১।০ বা ।⁄০ বাতাসা ⁄১।০ বা ।⁄০ ফুলের তোড়া ৫, ছুরি ১, দক্ষিণা।

সূর্য্যার্ঘ্য—তিল হরীতকী ৭২, রক্তচন্দন, জবাপুষ্প ৭২, ধুপ দীপ ধুনা, কাঁটালি কলা ৭২, সুপারি ৭২, বড়এলাচ ৭২ কুশ, কর্পূর কুঙ্কুম, যব, পুষ্প দূর্ব্বা, তুলসী বিল্বপত্র, রক্তবর্ণ ধুতি ২, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটী ২, দধি মধু, চিনি, গব্যঘৃত নৈবেদ্য জায়ফল, দক্ষিণা।

দুর্গোৎসবের দ্রব্য।

কল্পারম্ভ—সিন্দুর, পঞ্চগুড়ি পঞ্চপল্লব, পঞ্চগব্য, পঞ্চরত্ন, পঞ্চশস্য ঘট ১, কুণ্ডুহাঁড়ি ১, দর্পণ ১, তেকাটা ১, তীর ৪, একসরা আতপতণ্ডুল সশিসডাব ১, ঘটাচ্ছাদন গামছা ১, বিষ্ণুর ধুতি ১, কল্পারম্ভের শাটি ১, চণ্ডীর, ১, তিল, হরীতকী ফুল দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধুপ দীপ ধুনা, চন্দ্রমাল্য ১, দধি, মধু চিনি নৈবেদ্য ২ কুচা ঐ ১, আসনাঙ্গুরী ৩ মধুপর্কবাটী ৩ ভোগের দ্রব্যাদি আরতি।

নবপত্রিকার দ্রব্য—কলাগাছ ১, কচুগাছ ১, হরিদ্রাগাছ ১, জয়ন্তীগাছ ১,

বেলডাল ১, অশোকডাল ১, মানকচু গাছ ১, ধান্যগাছ ১, শ্বেত অপরাজিতার লতা রক্তসূত্র, আলতা, বন্ধন করিবার পেটোরজ্জু ৯ গাছি, কলাপেটো ২, যুগ্মবেল ২।

প্রতিপদ তিথি হইতে পঞ্চমী পর্য্যন্ত প্রত্যহ এই কয়টী দ্রব্য দিবে।

প্রতিপদে—মাথাঘষা, ফুলের তৈল, আতর, চিরুণী ১, গোলাপ জল। দ্বিতীয়াতে—মাথা বাঁধিবার পট্টডোর ১। তৃতীয়াতে—দর্পণ, সিন্দুর, অলক্তক, চতুর্থীতে—মধুপর্ক কাংস্যবাটি, তিলক অঞ্জন। পঞ্চমীতে—অঙ্গরাগ, পট্টবস্ত্র, যথাশক্তি অলঙ্কার।

বোধনের দ্রব্যাদি—ফলযুগ্ম সহিত বেলের ডাল ১, ঘট ১, একসরা আতপতণ্ডুল, ঘটাচ্ছাদন গামছা ১, সশিসডাব ১, তীর ৪, পঞ্চগুড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চপল্লব, বোধনের শাটি, বিষ্ণুপুজার ধুতি ১ আসনাঙ্গুরী ২ মধুপর্কবাটি ২ দধি মধু ঘৃত, চিনি, ফুল দুর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধূনা, তিল হরিতকী, নৈবেদ্য ২, কুচা ঐ ১, ছুরি ১, চন্দ্রমাল্য ১ ভোগের দ্রব্য, আরতি।

আমন্ত্রণের দ্রব্য—আমন্ত্রণের শাটি ১, আসনাঙ্গুরী ১, মধুপর্ক বাটা ১, দধি মধু চিনি ঘৃত, ফুল দুর্ব্বা বিল্বপত্র ধূপ, দীপ ধুনা, নৈবেদ্য ১, কুচানৈবেদ্য ১, তিল হরীতকী।

অধিবাস ডালা—মহী (গঙ্গামৃত্তিকা) গন্ধ, শিলা (নুড়ি), ধান্য, দুর্ব্বা, পুষ্প ফল (অখণ্ডকদলী) দধি ঘৃত, স্বস্তিক (পিটুলি নির্ম্মিত) সিন্দুর, শঙ্খ, কজ্জল, রোচনা (হরিদ্রা) সিদ্ধার্থ (শ্বেতসর্ষপ) কাঞ্চন (স্বর্ণ) রৌপ্য, তাম্র, দর্পণ, অলক্তক (আলতা), হরিদ্রাসূত্র, লৌহ, চামর, দীপ, তীর আরতি।

সপ্তমীপূজার দ্রব্য—নারায়ণ বরণ ১, গুরুরবরণ, পুরোহিত বরণ ১, পুজকবরণ ১, আচার্য্য বরণ ১, বরণাঙ্গুরী ৫, বরণের আসন ৫, যজ্ঞোপবীত ২০ তিল, হরীতকী ফুল দুর্ব্বা তুলসী ঘট ১, সশিসডাব ২, আতপতণ্ডুল বিল্বপত্র, কুণ্ডহাড়ি ১, ধূপ দীপ ধূনা ভেকাঠা ১, প্রধানদীপ ১ দর্পণ।

মহাস্নানের দ্রব্য—তৈল হরিদ্রা অষ্টকলস ৮, সহস্রধারা ১, পঞ্চগব্য, পঞ্চকষায়, শিশিরোদক, ইক্ষুরস, বেশ্যাদ্বার মৃত্তিকা, গজদন্ত মৃত্তিকা, বরাহদন্ত মৃত্তিকা চতুস্পথ মৃত্তিকা, রাজদ্বার, গঙ্গামৃত্তিকা, বল্মীক মৃত্তিকা উভয়কুল মৃত্তিকা পর্ব্বত মৃত্তিকা তিল তৈল, নারিকেলোদক, সর্ব্বৌষধি মহৌষধি, পঞ্চরত্ন মিশ্রিত জল, সাগরোদক, পদ্মরেণূদক, দুগ্ধ, মধু, কর্পূর অগুরুচন্দন, কুঙ্কুম, বৃষ্টিজল, ফলোদক, সরস্বতী জল, সপ্ত সমুদ্রের জল।

পঞ্চগুড়ি, পঞ্চরত্ন পঞ্চশস্য, পঞ্চপল্লব, সিন্দুর ঘটাচ্ছাদন গামছা ২, আরতির গামছা ১ শ্বেতসর্ষপ, মাসকলাই জবাপুষ্প কুচা নৈবেদ্য, আসনাঙ্গুরী ৩৭ বা ২০, মধুপর্কবাটী ৩৭ বা ২০ দধি মধু চিনি ৩৭ বা ২০, প্রধান নৈবেদ্য ২, নবপত্রিকার পরিধেয় শাটী ১, দুর্গার শাটী ১, লক্ষ্মীর শাটী ১, সরস্বতীর শাটী ১, চণ্ডীর শাটী, নবপত্রিকার শাটী ৯ বা ১, ধান্যলক্ষ্মীর শাটী ১ কার্ত্তিকের ধুতি ১, গণেশের ধুতি ১, বিষ্ণুর ঐ ১, নবগ্রহের ঐ ৯ বা ৫, ময়ূরের ঐ ১, মুষিকের ঐ ১, সিংহের ঐ ১, অসুরের ঐ ১, মহিষের ঐ ১, বৃষের ঐ ১ সর্পের ঐ ১ জয়ার শাটী ১, বিজয়ার ঐ ১, অর্ঘ্য চন্দ্রমাল্য থাল ১ ঘট বা ঘটি ১, লোহা, শঙ্খ ১, নত ১, সিন্দূর চুবড়ি ১, ফুলমালা বিল্বপত্রমালা রচনার দ্রব্যাদি, ফলমুলাদি ভোগের দ্রব্যাদি আরতি।

হোমের দ্রব্যাদি—বালি, কাষ্ঠ, ঘোড়কে, গোময়, কুশ, গব্যঘৃত ৷৷৹ সের হোমের বিল্বপত্র ১০৮, পুর্ণপাত্র ১।

কোন কোন স্থানে ৩ দিন হোমের প্রথা আছে। আর কোন স্থানে কেবল নবমীতে হোম হয়। যাঁহাদের যেরূপ আছে, তাঁহারা সেইরূপ করিবেন।

স্থান বিশেষে যাঁহাদের বলিদানের প্রথা আছে, তাহারা ছাগাদি বলিদান করিবে। আর যাহাদের ছাগ বলিদান নাই, তাহারা ছাগ না দিয়া প্রথানুসারে অন্যান্য বলিদান করিবেন।

অষ্টমীপূজা—(মহাস্নান দ্রব্য)—দন্তকাষ্ঠ ১, পুষ্প দুর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ ধূনা, বস্ত্র (সপ্তমীর ন্যায়) আসনাঙ্গুরী ৩৭ বা ২০, মধুপর্কবাটী ঐ, দধি মধু ঘৃত চিনি, নৈবেদ্য ৩৭ বা ২০ কুচা নৈবেদ্য ১ চন্দ্রমালা বিল্বপত্রমালা থালা ১ ঘড়া বা ঘটী ১, লোহা, শঙ্খ ১ নত ১, রচনা সিন্দূর চুবড়ি ১। নন্দীকেশ্বর মতে—নবঘট ৩, নব পতাকা ভোগের দ্রব্যাদি, আরতি।

সমর্থ হইলে সপ্তমী অষ্টমী নবমী তিন দিনই সপ্তমী পূজার ন্যায় সকলের ষোড়শোপচারে পূজা করিবে। অন্য সকলের অষ্টমী ও নবমীতে দশোপচারে পূজা করিবে। অসমর্থপক্ষে অষ্টমী ও নবমীতে দেবীর ষোড়শোপচারে পূজা বিধি।

সন্ধিপূজা—পুষ্প দুর্ব্বা বিল্বপত্র ধূপ দীপ ধূনা স্বর্ণাঙ্গুরী ১, মধুপর্ক কাংস্যবাটী ১, দধি চিনি ঘৃত চেলীর শাটী ১, প্রধান নৈবেদ্য ১, কুচা নৈবেদ্য ১, থাল ১, ঘড়া ১, লোহা, নত ১, পাটী ১, বালিস ১, চন্দ্রমালা ফুলমালা ১ হোমের বিল্বপত্র ১০৮, দীপ ভোগের দ্রব্যাদি, আরতি, কুমারী পূজা।

নবমীপূজা—(মহাস্নান দ্রব্য) দন্তকাষ্ঠ ১, পুষ্প, দুর্ব্বা, বিল্বপত্র ধূপ দীপ ধূনা বস্ত্র (সপ্তমীর ন্যায়) আসনাঙ্গুরী ৩৭ বা ২০ মধুপর্কবাটী ঐ দধি মধু চিনি নৈবেদ্য ৩৭ বা ২০ কুচা নৈবেদ্য ১ থাল ১ ঘটী ১ সিন্দুরচুবড়ি ২ লোহা শঙ্খ নত চন্দ্রমালা পুষ্পমালা বিল্বপত্রমাল্য রচনা পান পানের মসলা ভোগের দ্রব্যাদি হোম পূর্ণপাত্র আরতি দক্ষিণা।

দশমীপূজা—সকলের দশোপচারে পূজা গন্ধ পুষ্প তুলসী দুর্ব্বা বিল্বপত্র ধূপ নৈবেদ্য দধি মুড়কি মিষ্টান্ন সিদ্ধি আরতি।

দুর্গোৎসবের দ্রব্য সমাপ্ত।

লক্ষ্মী পূজা।

সিন্দুর পুজকের বরণ ১ আচার্য্য ঐ ১ বরণাঙ্গুরী ২ বরণের আসন ২ যজ্ঞোপবীত ৩ অধিবাস ডালা তিল হরীতকী ঘট একসরা আতপচাউল ঘটাচ্ছাদন গামছা ১ কুণ্ডহাড়ি ১ তেকাঠা ১ দর্পণ ১ পঞ্চগুড়ি পঞ্চগব্য পঞ্চশস্য পঞ্চরত্ন পঞ্চপল্লব সশিষ ডাব তীর আসনাঙ্গুরী ৩ মধুপর্কবাটী ৩ দধি মধু চিনি নৈবেদ্য ৩ কুচানৈবেদ্য ১ লক্ষ্মীর শাটী ১ নারায়ণের ধুতি ১ পেচকের ধুতি ১ ফুল তুলসী দূর্ব্বা বিল্বপত্র ধূপ দীপ ধুনা লোহা শঙ্খ নত সিন্দুরচুপড়ি ১ বালি কাষ্ঠ খোড়কে ঘৃত/১।০ হোমের বিল্বপত্র ১০ ভোগের দ্রব্যাদি কর্পূর চিপীটক নারিকেল পান পানের মসলা থাল ঘটী ২ রচনা ফুলমালা চন্দ্রমালা ১ পূর্ণপাত্র ১ দক্ষিণা।

শ্যামাপূজা।

